Here ends the Third Chapter concluding the early life of Sri Ramakrishna in Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha.

বঙ্গানুবাদ :—

এই ক্ষুদিরাম চট্টোপাধ্যায় মহাশয়ের পুত্র গদাধর সাক্ষাৎ নারায়ণ গদাধরের মত গুণবিশিষ্ট এই গদাধর ভবিষ্যতে সমগ্র জগদ্বাসি জন সমূহের গুরু হইবেন ইহা ধ্রুব নিশ্চিত ৷৮৫

তৎপরে রাজতুল্য ধনীগণ কর্তৃক স্বর্ণ রৌপ্য মুদ্রা ও নানাবিধ

দ্রব্যাদি দ্বারা পূজিত হইয়া যথাময় ব্রাহ্মণ পণ্ডিতগণ নিজ নিজ গৃহে আনন্দের সহিত প্রত্যাগমন করিয়াছিলেন ।৮৬

শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতের আদি লীলার তৃতীয় অধ্যায়ে ব্রাহ্মণ সিদ্ধান্ত পর্য্যন্ত আদিলীলা সমাপ্ত হইল। আঃ ৩য় অঃ।

মধ্যলীলায়াং প্রথমোঽধ্যায়ঃ ।

पितुर्मृत्योः परं रामकुमारेण विपश्चिता ।
नगर्याः कलिकाताया झामापुकुरके पदे ॥ १ ॥
चतुष्पाठी कृता नानाधार्म्मिकानां समीक्षया ।
तत्र स्वनाम प्रख्यातो राजा मित्रो दिगम्बरः ॥ २ ॥
स प्रातः स्मरणीयात्मा छात्राणां पोषणात्तथा ।
पण्डितानां पालनाच्च राजर्षि मिव तं विदुः ॥ ३ ॥
अध्यापकस्याध्यापनां श्रीरामकुमारस्य हि ।
अध्ययनञ्च छात्राणां दृष्ट्वा राजाति हर्षितः ॥ ४ ॥

After the death of his father, Pandit Ramakumar founded a Sanskrit Institution at Jhamapukur in Calcutta. At that time there was Raja Digamber Mitra who was famous for his charities to students as well as Pandits. He was very glad to see the teaching of Ramakumar and also the studies of his pupils.

বঙ্গানুবাদ :—

পণ্ডিত রামকুমার পিতার মৃত্যুর পর কলিকাতা নগরীর ঝামাপুকুর পল্লীতে কয়েকটি ধনী ও ধার্ম্মিকগণের সাহায্যে একটি চতুষ্পাঠী বা ধর্ম্মশাস্ত্র অধ্যাপনার বিদ্যালয় করিয়াছিলেন। সেই

ঝামাপুকুরে স্বনামধন্য প্রাতঃস্মরণীয় রাজা দিগম্বর মিত্র ছাত্রগণের পোষণ ও অধ্যাপকগণের পালন জন্য তাঁহাকে পণ্ডিতগণ রাজর্ষি বলিয়া অভিহিত করিতেন ।১।২।৩

অধ্যাপক রামকুমারের অধ্যাপনা এবং ছাত্র সকলের অধ্যয়ন জন্য রাজর্ষি দিগম্বর মিত্র অতিশয় আনন্দিত হইতেন ।৪

परीक्षान्ते छात्रवर्गे स्व स्वालयगते सति ।
विद्यातु गृहवार्ताश्च पण्डितोऽपि गृहं गतः ॥ ५ ॥
विद्याशिथिलतां दृष्ट्वा तत्र गदाधरस्य ताम् ।
क्षुब्धो रामकुमारस्तु दुःखाक्रान्तो ह्यभूत्तदा ॥ ६ ॥
परन्तु निर्ज्जनागार प्रान्तरोद्यान-वाटके ।
वयस्यै र्बन्धुभिः सार्द्धं गीताभिनयकारिणा ॥ ७ ॥
तं तं गृहं समागम्य स्त्रिय आहूय यत्नतः ।
पुराणादीनि शास्त्राणि गद्यपद्यादिकानि च ॥ ८ ॥

When the pupils went home after their examinations Ramakumar also came home. He *became very sorry* to find Gadadhar neglecting his studies. He would indulge in dramatic performances with his companions in a solitary place, field or garden, and some times call out the women folk of the village and recite songs and poems from Indian mythologies to them.

6 to 8

বঙ্গানুবাদ :—

পরীক্ষার পর ছাত্র সকল নিজ নিজ গৃহে গমন করিলে পণ্ডিত

মধ্যলীলায়াং ২মঃ অঃ।

রামকুমারও শুভাশুভ জানিবার জন্য নিজ গৃহে যাইয়াছিলেন।৫

এবং সেইখানে যাইয়া গদাধরের শিক্ষা শূন্যতা দেখিয়া অত্যন্ত দুঃখিত হইয়াছিলেন।৬

পরন্তু নির্জন গৃহে, খোলামাঠে, বাগান বাটীতে বহুসংখ্যক সমবয়স্ক বালকদিগের সহিত যাত্রাভিনয় করে। এবং বহু গৃহে যাইয়া যত্নপূর্বক স্ত্রীলোকগণকে ডাকিয়া গন্ত পদ্ম ও পুরাণাদিশাস্ত্র এবং নানাবিধ কাব্য দিবারাত্র শ্রবণ করাইয়া থাকে।৭।৮।৯

नाना विधानि काव्यानि श्रावितानि दिवानिशम्।
शिक्षा विघातकान्येवं करोति स गदाधरः ॥ ९ ॥
निशम्य सकलं रामकुमारो मातृसन्निधौ।
समालोच्य सुसिद्धान्त मिदं चक्रे महामतिः ॥ १० ॥
मदीय कलिकातास्थ विद्यालये गदाधरम्।
शिक्षयिष्यामि यत्नेन येन मातुपतां भजेत् ॥ ११ ॥
तस्य पण्डित वर्य्यस्य ज्येष्ठ भ्रातुः सुकल्पनम्।
एवं गदाधरेणापि तन्मतमुररीकृतम् ॥ १२ ॥

Ramkumar learnt all these disheartening news about Gadadhar's delinquency from his mother and at last made up his mind to take him to his Institution in Calcutta and teach him there. Gadadhar also agreed to this proposal ‖ 9 to 12 ‖

বঙ্গানুবাদ :—

এই সকল আচরণ বিদ্যাভ্যাসের বিঘ্ন ঘটায় এইরূপ মনে করিয়া মহামতি রামকুমার মাতার নিকটে এই সকল কথা শুনিয়া আলোচনা পূর্বক এইরূপ সিদ্ধান্ত করিয়াছিলেন।৯।১০

মধ্যলীলায়াং প্রথমোঽধ্যায়: । ২ অ:

যে আমার কলিকাতার চতুষ্পাঠীতে লইয়া যাইয়া গদাধরকে শিক্ষাদান করিব। তাহা হইলে গদাধর মানুষ হইবে।১১

পণ্ডিত প্রবর জ্যেষ্ঠ ভ্রাতা রামকুমারের তাদৃশ ব্যবস্থায় গদাধর স্বীকৃত হইয়াছিলেন অর্থাৎ আমি ও দাদার সঙ্গে কলিকাতায় যাইব বলিয়াছিলেন।১২

ততঃ শুভে দিনে শুভলগ্নে সর্বগ্রহে শুভে।
শুভে তথৌ তদা শুদ্ধ বস্ত্রোত্তরীয় সংযুতঃ॥ ১৩॥
সাষ্টাঙ্গং প্রণিপাতঞ্চ ভাবাবেশ পুরঃসরম্।
বিধায় রঘুবীরায় সংযাচ্য ভক্তিমুত্তমাম্॥ ১৪॥
তৎপাদযুগলে সর্বং সমর্প্য শ্রীগদাধরঃ।
ধন্যোঽহমিতিচাপ্যুক্ত্বা নন্দযুক্তঃ সমুত্থিতঃ॥ ১৫॥
ততঃ পাদযুগং মাতুর্ধৃত্বা স্বমস্তকোপরি।
বিধৌতমশ্রুভিঃ জাত্বা স ক্রন্দনস্বরেণ চ॥ ১৬॥

Then on an auspicious day with purified body and mind after due obeisance to Raghubir, Gadadhar bowed his head down to the feet of his mother and said with tearful eyes. ।13 to 16।

বঙ্গানুবাদ :—

তৎপরে শুভদিনে শুভক্ষণে অনুকূল গ্রহে শুভলগ্নে শুদ্ধ বস্ত্র ও উত্তরীয় বস্ত্র পরিধান পূর্ব্বক কুলদেবতা রঘুবীরকে ভাবাবেশে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া তাঁহার নিকটে উত্তমা ভক্তি প্রার্থনাপূর্ব্বক শ্রীমান্ গদাধর রঘুবীরের পাদপদ্মে দেহ গেহাদি সর্ব্বস্ব সমর্পণ

করিয়া আমি ধন্য হইলাম এইরূপ বলিয়া সানন্দে উত্থিত হইয়াছিলেন।১৩।১৪।১৫

পরে গর্ভধারিণী মাতার দুইটি পাদপদ্ম মস্তকে ধারণ পূর্ব্বক অশ্রুজলে সিক্ত করতঃ ক্রন্দন স্বরে বীরাসনে উপবেশনপূর্ব্বক করযোড়ে বলিয়াছিলেন।১৬

वीरासनेचोपविश्य कृत्वा चैवाञ्जलिं ततः।
उवाच देहि मे मातस्त्वत्पादकमले मतिम् ॥ १७ ॥
यस्यां समर्च्चितायां हि सर्व्वे देवार्च्चनं भवेत्।
सर्व्वदेवस्वरूपायै तस्यै मात्रे नमोनमः ॥ १८ ॥
या मत् पीड़ा प्रशान्त्यर्थं सिषेवे स्वयमौषधम्।
स्वानाशने परित्यज्य तस्यै मात्रे नमोनमः ॥ १९ ॥
एवमग्रजयोः पादधुलिं धृत्वा स्वमस्तके।
सहरामकुमारेण सुयात्रां कृतवान् सुधीः ॥ २० ॥

"Bless me with unflinching devotion to you, who are the very embodiment of all divine beings." Then he took the dust from the feet of Ramkumar and started on his journey. ॥17 to 20

বঙ্গানুবাদ :—

হে মাতঃ আপনার পাদপদ্মে আমার মতি দাও।১৭

যে মাতাকে পূজা করিলে সর্ব্বদেবতার পূজা করা হয় সর্ব্বদেব স্বরূপিণী আমার সেই গর্ভধারিণী মাতাকে পুনঃ পুনর্ব্বার নমস্কার করি।১৯

তৎপরে গদাধর রামকুমার ও রামেশ্বরের পদধুলি গ্রহণপূর্ব্বক

মধ্যলীলায়াং ৫মঃ অঃ।

(জ্যেষ্ঠভ্রাতা রামকুমারের সহিত যাত্রা করিয়া তাঁহার পশ্চাদনুগমন করিয়াছিলেন।২০

দিক্পতিং হৃদি সঞ্চিন্ত্য মন্ত্রপাঠপুরঃসরম্।
রঘুবীরস্য নির্মাল্যং ধৃত্বা শিরসি যত্নতঃ॥ ২১॥
গৃহাদ্বহির্গতযাত্রী গচ্ছন্ পথি গদাধরঃ।
স্বগ্রাম্য দেবতাঃ সর্বা নমস্কৃত্য যথাবিধি॥ ২২॥
ক্ষুদ্রবাটী পুরগ্রামান্ স্ফীতান্ জনপদান্ বহূন্।
অতীত্য বরদা গ্রামে সায়াহ্নে চণ্ডিকালয়ম্॥ ২৩॥
প্রাপ্য ব্যুষ্য তদা যামিং রাত্রিশেষে সমুত্থিতৌ।
ঘাটালস্য নগরীং প্রাপ্য তত্র পৌর্বাহ্নিকীং ক্রিয়াম্॥ ২৪॥

He came out of the house with the offered flowers of Raghubir on his head. He offered obeisance to the *gods of the village on his way.* After passing many villages and towns he reached the village of Baroda in the evening. He left the village before daybreak and reached Ghatal where he performed his morning rites. ॥22 to 28॥

বঙ্গানুবাদ :—

যাত্রাকালীন দিক্পতি দিনকরকে হৃদয়ে চিন্তা ও মন্ত্রপাঠ পুরঃসর রঘুবীরের নির্মাল্য ভক্তিপূর্ব্বক মস্তকে ধারণ করতঃ গৃহ হইতে বহির্গত হইয়া যাইতে যাইতে নিজ গ্রাম্য দেবতাসকলকে যথাবিধি নমস্কারপূর্ব্বক ক্ষুদ্র ক্ষুদ্র জনপদ সমৃদ্ধশালী গ্রাম নদী ও চত্বর অতিক্রম করিয়া সায়াহ্নে বরদা গ্রামে সুপ্রসিদ্ধ চণ্ডিকা দেবীর মন্দিরে রাত্রিকাল অতিবাহিত করিয়া রাত্রি শেষে দুই সহোদরে উঠিয়া ঘাঁটাল বন্দরে যাইয়া শিলাবতী নদীতে প্রাতঃকৃত্য ও স্নান আহ্নিক পূর্ব্বক।২১।২২।২৩।২৪

मध्यलीलाया १मः अः।

क्रत्वा शिलावती-नद्यां वाष्पीय-जलयानतः।
समारुह्य प्रातरेव गत्वा चाहर्निशं ततः॥ २५॥
परान्हे कलिकाताख्य गङ्गातीरेऽवतीर्य्य च।
प्रातः क्रत्यस्नान-संध्या जपपुजादिकानि च॥ २६॥
कृतानि तेन सर्वाणि साग्रजेन यथाविधि।
ततो गङ्गां नमस्कृत्य प्रार्थनां कृतवांश्च सः॥ २७॥
क्षमस्व लङ्घनं गङ्गे यास्यहं शान्ति हेतवे।
तत्तीरे सततं वासं देहि मातर्नमोऽस्तु ते॥ २८॥

Then after a day's journey in a steamer he reached Calcutta next day and got down on the bank of the Ganges. Gadadhar with his elder brother bathed in the holy river and performed his morning rites. He worshipped the Ganges and prayed, "Oh Goddess, forgive me that I have dared to cross Thee. I have done so to attain bliss. Be pleased to grant me the boon of my ever dwelling on Thy bank."   ॥25 to 28॥

বঙ্গানুবাদ :—

তোরশিলার কোম্পানীর জলযানে যথাবিধি আরোহণ করিয়া দিবা-রাত্রি গমন পূর্ব্বক পরদিনে গঙ্গার পশ্চিম তীরে অবতরণ করিয়া গঙ্গাস্নান পূজা জপাদি কৃত্যসকল জ্যেষ্ঠ ভ্রাতা রামকুমারের সহিত যথাবিধি সুসম্পন্ন করিয়া গদাধর গঙ্গাকে পুনঃ পুনর্ব্বার নমস্কার পূর্ব্বক প্রার্থনা করিয়াছিলেন ।২৫।২৬।২৭

হে মাতঃ গঙ্গে তোমার লঙ্ঘন জন্য আমাকে ক্ষমা করুন। আমি

मध्यलीलायां १मः अः ।

শান্তি কামনায় যাইতেছি আপনার তীরে আমার যেন সর্ব্বদা থাকা হয় এইরূপ আশীর্ব্বাদ করুন আপনার চরণে কোটি কোটি নমস্কার ।২৮

एवं पुनः पुनर्योक्त्वा प्रणम्य च पुनः पुनः ।
धन्योऽहमिति चाप्युक्त्वा ग्रजमन्व-गमत्तदा ॥ २९ ॥
चतुष्पाठीं समागम्य छात्राणां सहयोगतः ।
गदाधरो मुदं लेभे शास्त्र-चर्चा प्रसङ्गतः ॥ ३० ॥
गर्गाचार्यो ज्योतिः शास्त्रे स्मृतौ साक्षान्मनुः स्वयम् ।
कालिदासः कवित्वे च बुद्धौ साक्षाद् बृहस्पतिः ॥ ३१ ॥
विस्मृत्य स विश्व-वार्त्तामध्यापनमहर्निशम् ।
छात्रान्तेवासि पोषण व्ययभार प्रपीड़ितः ॥ ३२

He felt himself greatly blessed at the sight of the Ganges. Then he followed his elder brother and reached his Institution. He became very glad to join other students in their study. His elder brother, Ramkumar had versatile genius—as great as Gargacharyya in Astrology, Manu in Smriti as Kalidas in poetry, Vrihaspati in intelligence. Disinterested as he was in the affairs of the world, he dedicated himself to the study and teaching of Sashtras. To cope with the heavy burden of expenditure incurred for the maintenance of the inmates of the Institution he himself endeavoured to earn money by performing holy services.

॥ 29 to 32 ॥

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে পুনঃ পুনর্ব্বার প্রার্থনা করিয়া এবং পুনপুনর্ব্বার

মধ্যলীলায়াং ৭মঃ অঃ।

নমস্কারপূর্ব্বক আমি ধন্য হইলাম এই কথা বলিয়া জ্যেষ্ঠ ভ্রাতা রামকুমারের পশ্চাৎ পশ্চাৎ যাইয়াছিলেন।২৯

পরে চতুষ্পাঠীতে যাইয়া তথায় ছাত্রগণের সহিত মিলিত হইয়া পরমানন্দিত হইয়াছিলেন।৩০

পণ্ডিতাগ্রগণ্য মহাত্মা রামকুমার জ্যোতিষশাস্ত্রে গর্গাচার্য্য স্মৃতি শাস্ত্রে মনু কবিত্বে কালিদাস বুদ্ধিতে সাক্ষাৎ বৃহস্পতি ছিলেন।৩১

জাগতিক ভাব ভুলিয়া দিবারাত্র অধ্যাপনা করিয়া ছাত্রবর্গের আহারাদি ব্যয়ভার প্রপীড়িত হইয়া অর্থের জন্য স্বয়ং দেবতাদিগের নিত্য সেবা কার্য্যে ব্রতী হইয়াছিলেন।৩২।৩৩

দেবতানাং নিত্য সেবাং পণ্ডিতপ্রবরো মহান্।
শ্রীলরামকুমারস্তু বিত্তায় ব্রতবান্ স্বয়ং ॥ ৩৩ ॥
পত্নী রামকুমারস্য পুত্র-প্রসবতঃ পরম্।
স্বর্গতা শোকযুক্তস্য কেবলং শোকমুক্তয়ে ॥ ৩৪ ॥
গদাধরঃ সহায়োঽভূদগ্রজস্য শিশোরপি।
সেবাকার্য্যং দেবতানাং যজমান গৃহেষু চ ॥ ৩৫ ॥
গদাধরে সুবিন্যস্য ভারাণাং পাঠনে রতঃ।
যতশ্ছাত্রাধ্যাপনঞ্চ পণ্ডিতানাং তপঃস্মৃতম্॥ ৩৬ ॥

The wife of Ramkumar breathed her last after she had given birth to her son. There was none but Gadadhar to bring him comfort in his bereavement by performing holy services to various household gods and also by taking care of the child. Ramkumar devoted himself to advancement of knowledge and learning.

॥ 33 to 36 ॥

মধ্যলীলায়াং ২মঃ অঃ।

বঙ্গানুবাদ :—

রামকুমারের পত্নী একটিমাত্র পুত্র প্রসব করিয়া স্বর্গারোহণ করেন। শোকাতুর রামকুমারের শোকমুক্তির জন্য এবং শিশুপুত্রের পালনার্থে গদাধরই একমাত্র সহায় হইয়াছিলেন। যজমান সকলের দেবতাদিগের নিত্যসেবার ভার গদাধরে দিয়া রামকুমার অধ্যাপনায় রত থাকিতেন যেহেতু অধ্যাপনাই পণ্ডিতবর্গের তপস্যা।

৩৪।৩৫।৩৬

गदाधरो देवसेवां समाप्याग्रजसन्निधौ ।
पाठाभ्यास विधौ यत्नं कृतवान् सुमहानति ॥ ३७ ॥
कालेनाल्पीयसानैव सग्रामस्य प्रियोऽभवत् ।
कामारपुकुरे पूर्वमाबालवनितादिकं ॥ ३८ ॥
यथा सत्या मौक्तिकस्व गम्भिरत्वापि साभवत् ।
सुनिर्मल चरित्रेण वाक्यैश्च मिष्टभाषया ॥ ३९ ॥
सरल व्यवहारेण माधुर्य भाव निष्ठया ।
आदृतो यजमानाद्यैर्गदाधरःसमो सुधी ॥ ४० ॥

After performing his daily rounds of holy services. Gadadhar would take great pains to get on with his studies. Within a very short time he become an object of endearment of the people of the locality by virtue of his stainless character, simplicity, sweet words and pleasing behaviour, in the same way as he was in Kamarpukur.

॥ 37 to 40 ॥

অতি অল্প সময়ের মধ্যেই গদাধর যজমানগণের অতি প্রিয় হইয়াছিলেন। পূর্ব্বে কামারপুকুরে বালবনিতাদি সকলকে যে শক্তিতে বশীভূত করিয়াছিলেন সেই শক্তি এখানেও প্রকাশিত হইয়াছিল অর্থাৎ কপটতা শূন্য নির্ম্মল চরিত্র অত্যন্ত মধুরভাষী সারল্য ব্যবহার এবং মাধুর্য্যভাব নিষ্ঠায় ভগবতুল্য গদাধর যজমানাদি সকলের নিকটেই সমাদৃত হইয়াছিলেন।৩৮,৩৯।৪০।

सुमध्या शिक्षिता साध्वी कुमारी तरुणी तथा।
वृद्धा प्रौढा धनवतः पत्नी राजमहिष्यपि ॥ ४१
धनाढ्यो मध्यवित्तश्च गृहस्थो बालको युवा।
बधिरः खञ्ज-वृद्धौ च ये चान्ये पर्यपस्थिताः ॥ ४२
नवागत सुकुमार तरुण ब्राह्मणस्य च।
दर्शनार्थं जनाः सर्वे ह्यागमन् तृकथिता सदा ॥ ४३
सर्वेषां स्नेहकमलं हृत्सरोवर संस्थितम्।
आमोदित यथा नद्यां वर्षधारा प्रवाहने ॥ ४४

Everybody irrespective of the rich or poor, the young or old, the deaf or dumb, would be glad to meet him at any time. Just as showers of rain swell the heart of the river, so also he caused to grow the lotus-like affection in the heart of all.

॥ 41 to 44 ॥

বালক, যুবা, বধির, খঞ্জ, বৃদ্ধ এমন কি পশুপক্ষি পর্য্যন্ত নবাগত সুকুমার তরুণ উদার স্বভাব ব্রাহ্মণের দর্শন জন্য সকলেই সর্ব্বদা অতিশয় উৎকণ্ঠিত হইতেন।৪১।৪২।৪৩

পূর্ব্বোক্ত সকলের হৃদয় সরোবরে অবস্থিত স্নেহ কমল নদীতে বর্ষার ধারা পতনের মত উদ্বেলিত হইত।৪৪

ন বিশ্বাসো ন সন্দেহো ন সঙ্কোচো মনাগপি।
যদ্গুহ্যং পরমং যস্য নস্তস্মৈ বিনিবেদিতম্॥ ৪৫
যুবকেন যুবত্যা বা বালেনাপক্ব-বুদ্ধিনা।
বৃদ্ধেন বৃদ্ধয়া বাপি যথাদিষ্টস্তথা-করোত্॥ ৪৬
তথাকালেঽপ্যকালে বা যত্রতত্র যদা সদা।
মাধুর্য্যামৃতকণ্ঠস্য কীর্ত্তনং শুশ্রুবুর্জনাঃ॥ ৪৭
মাতৃপিতৃপুত্রপত্নী দেহগেহাদিকেষু চ।
ন তথা জায়তে প্রীতির্যথাপ্রীতির্গদাধরে॥ ৪৮

All would unhesitatingly confide their secrets to Gadadhar, who was obedient to all, young or old, men or women. Now and then, here and there he would often sing holy songs. The people liked Gadadhar more than their own kith and kin.

॥ 45 to 48 ॥

বঙ্গানুবাদ :—

গদাধরের প্রতি কোনও লোকের অবিশ্বাস, সন্দেহ বা সঙ্কোচ বুদ্ধি কিছু মাত্র ছিল না। যে ব্যক্তির যাহা অত্যন্ত গোপনীয় তাহা গদাধরকে জানাইয়া কৃতার্থ হইত।৪৫

मध्यलीलायां १मः अः ।

যুবক, যুবতী, অজ্ঞ, বালক, বৃদ্ধ বা বৃদ্ধা যাহা বলিতেন গদাধর তৎক্ষণাৎ তাহাই করিতেন ।৪৬

যখন তখন যেখানে সেখানে সময়ে অসময়ে অতি মধুর অমৃতময় কণ্ঠে গদাধরের কীর্তন জনগণ শুনিতেন ।৪৭

সেইস্থানের সকলের মাতা, পিতা, পত্নী, পুত্র, দেহ গেহাদিতে তাদৃশ ভালবাসা ছিল না। গদাধরের প্রতি যেরূপ ঐকান্তিক ভালবাসা হইয়াছিল ।৪৮

एवं दृष्ट्वा यशो रामकुमारः खेदसंयुतः ।
हा कष्टमिति चोक्त्वा च किमिदं दैवकारणं ॥ ४९
अथवा मे ऽनुजस्यास्य सहजा निर्मलिका मतिः ।
ययाशेषं पुमान् स्त्री च वचसा वश्यतां गतौ ॥ ५०
विमृश्यैवं हृदि विदुषा रहस्युक्तो गदाधरः ।
अध्ययनं छात्रगणो विप्रैरेव विनिश्चितम् ॥ ५१
अन्येषामुपकारेण मनसो रञ्जनेन वा ।
त्वं स्वाध्यायं परित्यज्य वृथाकालक्षयः कृतः ॥ ५२

This popularity of Gadaghar did not bring any pleasure to his elder brother Ramkumar, who mused in himself, "Alas ! Is it due to chance or natural open-heartedness of my brother !" With this thought in his mind, he called Gadadhar aside and said, "It is wisely said that students should entirely devote themselves to studies. You are, however, wasting your time in serving the will of others" ।49 to 52।

বঙ্গানুবাদ ঃ—

এইরূপ দেখিয়া রামকুমার অত্যন্ত দুঃখিত হইয়া হা কষ্ট বলিয়া ইহা কি দৈবই কারণ অথবা আমার কনিষ্ঠ ভ্রাতার ইহা বিশুদ্ধ স্বাভাবিক বুদ্ধি যে বুদ্ধি বলে বহুতর নরনারী কেবলমাত্র কথা শুনিয়াই বশীভূত হয় ।৪৯।৫০

এইরূপ চিন্তা করিয়া রামকুমার গদাধরকে গোপনে ডাকিয়া বলিয়াছিলেন। দেখ ভাই পড়াশুনাই ছাত্রজীবনের তপস্যা। পণ্ডিতগণ এইরূপই বলিয়া থাকেন ।৫১

অতএব পড়াশুনায় তাদৃশ মনোযোগ না দিয়া সাধারণের উপকার বা মনোরঞ্জনে বৃথা সময় নষ্ট করিতেছ কেন ? ।৫২

वृथामोदं परित्यज्य स्वाध्याये सुमतिं कुरु ।
तेन शेषजनानाञ्च स्वस्यापि मङ्गलं भवेत् ॥ ५३
श्रुत्वाग्रजस्य तद्वाक्यमवधान पुरःसरम् ।
तत्पादकमले नत्वा प्रत्युवाच गदाधरः ॥ ५४
कर्ममयोति या विद्या भवद्भिरनुशीलिता ।
सांसारिकी त्वियं विद्या त्रिवर्गस्योपपादिका ॥ ५५
सत्यं ज्ञानमनन्तं यद् ब्रह्मात्मैकत्वदर्शनं ।
यत् शुद्धात्मविज्ञानं स्वाध्यायो वेदसम्मतः ॥ ५६

You should avoid such useless pleasures and mind your studies, which will bring good to you as well as many others. At this Gadadhar replied with due respect, "The knowledge and learning which you strive for, is conducive to benifits on this earth. It is by the study of the Vedas only that we realise oneness pervading this universe."
॥ 53 to 56 ॥

বঙ্গানুবাদ :—

নিরর্থক আমোদ পরিত্যাগ করিয়া পড়াশুনায় মন দাও। তাহাতে বহু লোকের ও তোমার কল্যাণ হইবে ইহাই ধ্রুব সত্য।৫৩

নিবিষ্টচিত্তে অগ্রজের তাদৃশ কথা শুনিয়া তাঁহার পাদ যুগলে প্রণাম পূর্ব্বক বলিয়াছিলেন।৫৪

আপনারা যে বিদ্যা অধ্যয়ন করেন তাহা কর্ম্মময়ী বিদ্যা অর্থাৎ সংসার ভার নাশক বিদ্যা ইহা ধর্ম্ম অর্থ কাম ত্রিবর্গের সাধক।৫৫

সত্য, জ্ঞান ও অনন্ত স্বরূপ ব্রহ্মের আত্মৈকত্ব দর্শন বা শুদ্ধাত্ম বিজ্ঞানই বেদ সম্মত স্বাধ্যায়।৫৬

শ্রুতিরপ্যাহ সত্যন্তু সচ্চিদানন্দমদ্বয়ং।
ত্যাগিনৈব তদাপ্নোতি কর্ম্মণা ন কদাচন॥ ৫৭
নাহং স্পৃশামি পশ্যামি কামিনীকাঞ্চনাদিকং।
ত্যজামি দূরতঃ সর্ব্বমেতন্মে ব্রতমাহিতম্॥ ৫৮
ক্ষমস্ব চাপরাধং মে যদুক্তং তব সন্নিধৌ।
শাস্ত্রজ্ঞানী সদাচারঃ সম পিত্রাপজ্ঞো মম॥ ৫৯
শ্রুত্বানুজস্য তদ্বাক্যং সাধুভিঃ পর্য্যুপাসিতং।
গদাধরস্য শিক্ষায়াং মচ্চেষ্টা ব্যর্থতাং গতা॥ ৬০

"It is said in the Vedas that truth is attained by renunciation and sacrifice and never by work. I always keep myself aloof from women and money and never allow myself to be tempted by them. Kindly excuse me for what I have said. You are well-versed in the Sastras and of good

habits. You are also my elder brother and command my respect as my father." On hearing these wise sayings of Gadadhar. Ramkumar said to himself, "All my efforts to make Gadadhar well-educated have gone in vain." ‖ 57 to 60 ‖

বঙ্গানুবাদ ঃ—

বেদ বলিয়াছেন সেই সচ্চিদানন্দ অদ্বয় স্বরূপ বস্তু ত্যাগ দ্বারাই অনুভূত হয়। কর্ম্মের দ্বারা কখনও জানা যায় না।৫৭

আমি কামিনীকাঞ্চন স্পর্শ করি না দেখিও না দূর হইতে ঐ সকল ত্যাগ করি ইহাই আমার সঙ্কল্প ব্রত।৫৮

আপনি শাস্ত্রজ্ঞানী সদাচারী আমার পিতৃতুল্য জ্যেষ্ঠ ভ্রাতা। আপনার নিকটে যাহা বলিলাম ক্ষমা করুন। গদাধরের বেদানুমোদিত বাক্য শুনিয়া পণ্ডিত রামকুমার বলিয়াছিলেন গদাধরের শিক্ষা সম্বন্ধে আমার চেষ্টা বিফল হইল।৫৯।৬০

किङ्करोमीतिसञ्चिन्त्य रघुवीरः स्मृतस्तदा।
उवाच रघुवीर त्वं विद्यां देहि गदाधरे॥ ६१
त्वत् प्रसादादिदं सर्व्वं जगत्स्थावर जङ्गमं।
दृग्गोचरं भवत्येव त्वं हि नः परमा गतिः॥ ६२
समर्पितोऽनुजः श्रीमान भवतः पादपद्मयोः।
विघ्नमन्त्रं न जानामि यथेच्छसि तथा कुरु॥ ६३
दुरदृष्टवशादस्य पण्डितस्यार्थकचक्रता।
न याताध्यापनाकार्य्यमपि सन्तुष्टचेतसा॥ ६४

"What I can do." Ramkumar then prayed to Raghubir and said, "Oh Raghubir, be pleased to

give knowledge and learning to Gadadhar. It is due to your kindness that all this physical world becomes visible to us. Our ultimate end rests in you. I do not know who is wise and who is unwise. I place my younger brother at your feet. Do as you please." Reputed as a sholar, Ramkumar could not tide over his financial stringency,

॥ 61 to 64 ॥

বঙ্গানুবাদ ঃ—

কি করি। এইরূপ চিন্তা করিয়া কুলদেবতা রঘুবীরকে ধ্যান করতঃ বলিয়াছিলেন হে রঘুবীর গদাধরের অন্তরে জ্ঞান দান করুন।৬১

আপনারই একমাত্র অনুগ্রহে স্থাবর জঙ্গম সমস্ত বস্তুই প্রত্যক্ষ হইতেছে। আপনিই আমাদের একমাত্র আশ্রয় স্থল।৬২

আমার কনিষ্ঠ ভ্রাতা গদাধরকে আপনার পাদযুগলে সমর্পণ করিলাম। পণ্ডিত কি অপণ্ডিত আমি কিছুই বুঝিতে পারিতেছি না। আপনার যাহা ইচ্ছা তাহাই করুন।৬৩

এইরূপে শাস্ত্রচর্চ্চা ও দেব-সেবা প্রসঙ্গ বশতঃ রামকুমার সাধারণের নিকট বিশেষভাবে প্রতিষ্ঠিত হইলেও দুরদৃষ্ট বশতঃ অর্থ কষ্ট নষ্ট হয় নাই।৬৪

चकारमतिमामित्यमार्य्यभावपुरःसरं।
एवं भ्रामापुष्करिण्या गतमव्दत्रयं यदा॥ ६५
तदैव रघुवीरस्य दृष्टिर्दुःख विनाशिनी।
पतिता कुल देवस्य श्रीरामकुमारो परि॥ ५६

एतस्मिन्नेव कालेतु विधिपत्र प्रसङ्गत: ।
भ्रातृद्वय कर्मचित्र रूपान्तरमशिश्रियत् ॥ ६७
कलिकाता नगर्य्यांस्तु जानवाजार मध्यत: ।
सुहृदट्टालिकायां या सतवासा मनस्विनी ॥ ६८

When three years had passed in this way, Raghubir, the house-hold diety of Ramkumar, was pleased to relieve him of his distress. At this time, consequent upon a dispyte over a religious matter, the two brothers turned to different ways. At Janbazar in Calcutta lived a great lady in a palatial building. ॥ 65 to 68 ॥

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে কামাপুকুরে যখন তিন বৎসর গত হইল। তখন কুলদেবতা রঘুবীরে দুঃখ বিমোচনকারী দৃষ্টি রামকুমার পণ্ডিতের উপর পতিত হইয়াছিল। ৬৫। ৬৬

পরে ঘটনাক্রমে একটি শাস্ত্রীয় বিধিপত্রের প্রসঙ্গবশতঃ রামকুমার ও গদাধরের কর্মস্থল অন্যরূপ হইয়াছিল। ৬৭

কলিকাতার জানবাজারস্থ রাজপ্রাসাদে অবস্থিতা বঙ্গদেশের অলঙ্কার স্বরূপা সর্ব্বজন বিদিতা অতি ধার্ম্মিকা বুদ্ধিমতী রাণী রাসমণি নামে একটি রাজপত্নী ছিলেন। ৬৮

राज्ञी रासमणि: ख्याता वङ्गदेश विभूषणा ।
नारी कुलोत्तमा राज्ञी विपुलैश्वर्य्यशालिनी ॥ ६९
कर्णेन सदृशी दाने पातिव्रात्येऽप्यरुन्धती ।
मातृतुल्या पूजनीया सर्व्वतो महिमान्विता ॥ ৭০

मध्यलीलायां १मः अः ।

प्रजावत्सलतायान्तु श्रीरामसदृशीमता ।
कालाग्निसदृशी क्रोधे क्षमायां पृथिवी समा ॥ ७१
सर्व्वभूते तुल्य दृष्टिः सहास्या प्रियदर्शना ।
ब्राह्मण्यधर्मरक्षायै बहु वेदज्ञ पालिका ॥ ७२

She was known as Rani Rashmani. She was rich and famous. She was as charitable as Karna, and as devoted to her husband as Arundhati. She was respected by all as Mother. She looked after her subjects like Ramchndra. She was as cruel as death and as merciful as the Earth. She had a smiling face and pleasing appearance. She loved all equally, and maintained many bramhins well-versed in the Vedas to protect religion. ॥73 to 76॥

বঙ্গানুবাদ :—

নারীগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠা বিপুল ঐশ্বর্য্যের আশ্রয়স্বরূপা সেই রাণী দানে দাতাকর্ণের মত পবিত্রতায় অরুন্ধতী তুল্যা মাতৃতুল্যা পূজনীয়া সর্ব্বসদ্গুণ বিভূষিতা ।৬৯।৭০

প্রজাবৎসলতায় ভগবান রামচন্দ্রের তুল্যা ক্রোধে কালাগ্নি সদৃশী সহ্যগুণে পৃথিবীসমা সকলের প্রতি সমদৃষ্টি সহাস্যবদনা সুন্দরাকৃতি বিশিষ্টা ব্রাহ্মণ্য ধর্ম্ম রক্ষার জন্য বহুতর বেদজ্ঞ ব্রাহ্মণগণের পোষণ-কারিণী ।৭১।৭২

दरिद्रविधवादीनां साधून्मातृसमा च सा ।
स्मरणीया-मिथाप्रातर्देव-सेवापरायना ॥ ७३
जनानां हितकार्य्याय मुक्तहस्ता सदा भवत् ।
सम्मान प्रतिमास्तस्या एकदा धीवर-प्रजाः ॥ ७४

মধ্যলীলায়াং ৪মঃ অঃ।

क्रन्दनेन समायुक्ता उचुस्ते दुःखकारणम्।
मातस्तुभ्यं नमोऽस्माकं रक्षां कुरु सुतास्तव ॥ ७५
इंराज राजानुचरैर्वयं सर्व्वे प्रपीड़िताः।
तैरुक्तं राजनद्यान्तु गङ्गायां मत्स्यमारणं ॥ ७६

She looked after the poor and the widows as thier own mother. She was famous for liberal contributions for the welfare of the people. Once her fishermen whom she looked upon as her own children approached her for redress of their grievance. They said, "Oh Mother! Save your children from the oppression of the Government officers." They have announced that anyone who will catch fish in the Ganges without paying taxes will be liable to severe punishment. ॥73 to 76॥

বঙ্গানুবাদ :—

দরিদ্র ও অসহায় বিধবা স্ত্রীলোকদিগের সাক্ষাৎ গর্ভধারিণী মাতার মত দেব সেবাপরায়ণা প্রাতঃস্মরণীয়া।৭৩

এবং জনগণের কল্যাণকর কার্য্যে সর্ব্বদা মুক্তহস্তা ছিলেন। কোনও এক সময়ে সেই রাণী রাসমণির পুত্র তুল্য ধীবর প্রজা সকল কাঁদিতে কাঁদিতে দুঃখ কারণ নিবেদন পূর্ব্বক বলিয়াছিল মা আপনাকে আমরা নমস্কার করি। আমরা আপনার পুত্র আমাদিগকে আপনি রক্ষা করুন।৭৪।৭৫

আমরা ইংরাজ রাজের কর্ম্মচারি দ্বারা অত্যন্ত পীড়িত হইতেছি। তাঁহারা বলেন রাজ নদী গঙ্গায় মৎস্যজীবীগণের নিত্য মৎস্য ধরা বেআইনি বা অতিশয় অন্যায় কার্য্য।৭৬

मत्स्यजीविगणैर्नित्यमविधेयं सुनिश्चितम्।
राज्ञे करमदत्वाचेन्मत्स्यान्धर्त्तुमिहेच्छथ ॥ ७७
भविष्यथ विशेषेण दण्डनीया न संशयः।
श्रुत्वैवं धीवराणां तां वाणीं राज्ञी सुदुःखिता ॥ ७८
अपूर्वं कौशलं किञ्चिच्चकार प्रतिभाबलात्।
कलिकातास्थ गङ्गाया जलाधिकारयोग्यता ॥ ७९
राज्ञे बहुतरामुद्रा दत्वा राज्ञ्या क्रीता तदा।
गङ्गागर्भे लौहयन्त्रे बद्धाचायसशृङ्खलान् ॥ ८०

On hearing this, Rani felt greatly troubled. However, she look recourse to a clever plan. She acquired the right of ownership of the water of the river extending the western side of Calcutta, by payment of a huge sum of money to the Government, and obstructed all movements of boats and steamers etc. in the area with the help of iron chains. ॥ 77 to 80 ॥

বঙ্গানুবাদ :—

অতএব ওহে অজ্ঞ ধীবরগণ রাজাকে যথাযোগ্য কর না দিয়া যদি মাছ ধর তবে তোমরা বিশেষভাবে দণ্ডিত হইবে অর্থাৎ তোমাদের জেল খাটিতে হইবে এ বিষয়ে সন্দেহ নাই।৭৭

ধীবরগণের তাদৃশ কথা শুনিয়া মহারাণী অত্যন্ত দুঃখিত হইয়া নিজ বুদ্ধিমত্তা বলে একটি অপূর্ব্ব আশ্চর্য্য কৌশল অবলম্বন করিয়াছিলেন .৭৮

অর্থাৎ বঙ্গীয় সরকার বাহাদুরকে বহুতর মুদ্রা দিয়া গঙ্গার জলাধিকার যোগ্যতা ক্রয় করিয়াছিলেন।৭৯

মধ্যলীলায়াং ৭মঃ অঃ।

তৎপরে ধীবরগণ গঙ্গাগর্ভস্থ লৌহযন্ত্রে অর্থাৎ বয়া নামক লৌহ পিণ্ডে দৃঢ়তরভাবে লৌহ শৃঙ্খল আবদ্ধ করিয়াছিল ।৮০

> জলযান গতি রোধং স্ব-কৃত্বা ধীবর-প্রজাঃ।
> বিদেশীয়া বণিগ্‌বর্গাঃ ক্রোধাগ্নি দীপিতাস্ততঃ ॥ ৮১
> রাজদ্বারং গতাঃ সর্বে রাজ্ঞ্যা দণ্ডার্থমুদ্যতাঃ।
> তদ্বস্তু কথমস্মাভিঃ জলা রাজ্ঞ্যা বিরোধিতা ॥ ৮২
> এবমাভিযুক্তা সা রাজ্ঞী রাসমণিস্তদা।
> ততঃ সা বিদুষী রাজ্ঞী রাজনীত্যনুসারতঃ ॥৮৩
> বিচারকান্ সমাহূয় স্বগৃহে বিনয়ান্বিতা।
> উবাচ তান্ কথমেব বণিগ্‌বর্গাঃ সুকোপিতাঃ ॥ ৮৪

At this the foreign merchants flew into a rage and lodged a complaint in the court against her. She invited the Judge to her house and said, "*I wonder why these merchants have ventured to accuse me in the court.* ॥ 81 to 83 ॥

বঙ্গানুবাদ :—

তজ্জন্য ষ্টীমার জল যানাদির গতি অবরোধ হইলে বিদেশীয় শ্বেতাঙ্গ বণিকবর্গ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া রাণীর দণ্ডের জন্য বিচারালয়ে সকলে মিলিত হইয়া বিচারক বর্গকে বলিয়াছিলেন।-রাণী আমাদের সহিত কেন এরূপ অন্যায় আচরণ করেন ।৮১।৮২

এইভাবে রাণী রাসমণি রাজদ্বারে অভিযুক্ত হইলে বুদ্ধিমতী রাণী রাজার আইন অনুসারে নিজ গৃহে বিচারকবর্গকে আহ্বান-পূর্ব্বক বিনীতভাবে বলিয়াছিলেন। বিদেশীয় বণিকবর্গ কি জন্য অতিশয় কুপিত হইয়া ।৮৩।৮৪

मध्यलीलायां १मः अः ।

করিয়া দক্ষিণে গঙ্গাসাগর পর্য্যন্ত গঙ্গার জল বহু অর্থ ব্যয় করিয়া সরকার বাহাদুর বা গভর্ণমেন্টের নিকট হইতে ক্রয় করিয়াছি ।৮৭।৮৮

ममाधिकारः सम्पूर्णं स्तज्जले नात्र संशयः ।
अत्र यज्जलयानादि वर्त्तते वणिजां प्रियं ॥ ८९
चूर्णयाम्यधुनैवाहं मज्जलस्यावरोधनः ।
सत्यं सत्यं मयोक्तं यत्तत्करिष्यामि सत्वरम् ॥ ९०
मत्स्यग्रहे धीवराणां यतो विघ्नः प्रजायते ।
एवं राज्ञ्याः सदर्पोक्तिं श्रुत्वा तत्र विचारकाः ॥ ९१
स्तवादि मिष्टवाक्येन राज्ञीं सन्तोष्य यत्नतः ।
राज्ञ्याः प्रदत्त वित्तानि प्रत्यर्पितानि तानि तैः ॥ ९२

Accordingly my sole right over the water cannot be questioned by anybody. I now intend to break down without delay all the boats and ships not yet removep by their owners from my area, as they are causing great hindrance to the fishing work." The Judges took great pains to pacify the warth of Rani. All the money was paid back to her. ॥ 89 to 92 ॥

বঙ্গানুবাদ :—

অতএব এই গঙ্গাজলে আমারই সম্পূর্ণ অধিকার ইহা নিঃসন্দেহ। অতএব গঙ্গাগর্ভে বণিকবর্গের প্রিয় যে সকল জলযান আছে আমি সেই সকল জলযান এখনই চূর্ণ করিয়া দিব কেন উঁহারা আমার জল অধিকার করেন। আমি নিশ্চয় করিয়া বলিতেছি তাহা

শীঘ্রই করিব। যেহেতু ধীবরগণের মৎস্য গ্রহণে সেই সকল জলযানই বাধা দিতেছে ।৮৯ ৯০

এখন বিচারকগণ মহারাণীর আইন সঙ্গত রাজনীতি অনুসারে নির্ভীক বাক্য শুনিয়া রাণীকে ধন্যবাদ দিয়া স্তবস্তুতি পূর্ব্বক কোমল বাক্যে সন্তুষ্ট করিয়া রাণীর অনুগ্রহপ্রার্থী বিচারকগণ রাণীর প্রদত্ত অর্থ সকল মায় সুদে প্রত্যর্পণ করিয়াছিলেন ।৯১-৯২

> বিনা করং ধীবরাণাং গঙ্গায়াং মৎস্য সংগ্রহঃ।
> এবং সীমা মরা রাজ্ঞী ত্বদীয়ে ধীবরৈস্তদা ॥ ৫৩
> বচসো ভাগীরথ্যাস্তু জাতং বন্ধ বিমোচনম্।
> ধন্যা রাজ্ঞী রাসমণি ধন্যা তদ্ বিধাতৃরী ॥ ৫৪
> ধন্যা প্রজাবৎসলতা ধন্যা দারিদ্র্য বাধ্যতা।
> এবং রাজ্ঞ্যাযশোদিক্ষু বিখ্যাতা স্যাতি বিস্তৃতি. ॥ ৫৫
> যয়াঃশেষ নরা নার্য্যো বিস্ময়াব্ধৌ নিমজ্জিতাঃ।
> হট্টে গোষ্ঠে সভায়াঞ্চ রাজদ্বারে বিশেষতঃ ॥ ৫৬

It was also decided that the fishermen would be allowed to fish in the river without payment of any taxes. She ordered her men to take away the chains and allow navigation as before. Thus the fame and glory of Rani spread far and wide.
। 93 to 96 ।

বঙ্গানুবাদ :—

এবং ধীবরগণ গভর্ণমেন্ট বাহাদুরকে কিছুমাত্র কর না দিয়া গঙ্গায় ইচ্ছামত অবাধে মৎস্য ধরিতে পারিবে এই প্রতিশ্রুতি ও

মধ্যলীলায়াং ১মঃ অঃ।

.আইনসঙ্গত ব্যবস্থা করিয়া মীমাংসা হইলে, তখনই রাণীর আদিষ্ট ভৃত্যবর্গ লৌহশৃঙ্খলে ভাগীরথীর বক্ষের বন্ধন বিমুক্ত করিয়াছিল।৯৩

ধন্যা রাণী রাসমণি ধন্য তাঁহার বুদ্ধি কৌশল ধন্য তাঁহার প্রজা-বৎসলতা এবং অতি ধন্য দরিদ্রগণের সাহায্য। এইরূপভাবে রাণীর অপূর্ব্ব বুদ্ধি প্রতিভা চতুর্দ্দিকে প্রকাশিত হইয়াছিল।৯৪।৯৫

এমন কি নরনারী সকলেই আশ্চর্য্যান্বিত হইয়া হট্টেগোষ্ঠে সভায় বিশেষ ভাবে বিচারালয়ে রাণীর প্রশংসা সকলেই করিয়াছিলেন।৯৬

সর্ব্বত্র বঙ্গদেশে চ ধ্বনির্ধন্যে ত্যভূত্তদা।
প্রজা সঙ্কট যাত্রা চ সম্পূর্ণা বিনিবর্ত্তিতা॥ ৫৩

ইতি শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিতে রামকৃষ্ণভাগবতে পারমহংস্যাং সংহিতায়াং মধ্যলীলায়াং গদাধরস্য কলিকাতায়ামাগমং, রাজ্ঞ্যা রাসমণেশ্চপরিচয়রূপঃ প্রথমোঽধ্যায়ঃ॥ ১

The grievance of her subjects was redressed.
॥ 97 ॥

Here depictingGadadhar's arrival in Calcutta and Rani Rasmoni's character and fame ends first chapter of Madhyalila in Sri Sri Ramakrishna-bhagabatam, written by Sri Bhrktitirtha.

বঙ্গানুবাদ :—

প্রজাবর্গের বিপদের আশঙ্কা সম্পূর্ণরূপে দূরীভূত করিয়াছিলেন এইরূপে বঙ্গদেশের সর্ব্বত্র রাণীকে ধন্য ধন্য শব্দে অলঙ্কৃত করিয়া-ছিলেন।৯৭

শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতের গদাধরের মধ্য লীলায় কলিকাতায় আগমন এবং রাণী রাসমণির পরিচয়াদি প্রথমাধ্যায়ে বলা হইল। ১ মঃ অঃ সমাপ্ত॥

अपुत्रवत्यास्तद्राज्ञ्या आसीत् कन्या-चतुष्टयं।
सत्पात्रेभ्योऽर्पिता तिस्रः कनिष्ठा तु कुमारिका १
जगदम्बेति नाम्ना सा जगदम्बा समाभवत्।
चतुश्चत्वारिंशद्वर्षे राज्ञीयं विधवा भवत्॥ २
बुद्धिमत्ताबलेनैव वर्द्धिता राजसम्पदः।
जामाता ज्येष्ठ मथुरानाथ विश्वाससञ्ज्ञकः॥ ३
गुणवान् रूपवान् धीमान् सर्व्वकार्य्ये पटु महान्।
तस्य प्रसूयैव सुतं स्वर्गता सहधर्मिणी॥ ४

Rani had four daughters and no s.n. Three of daughters were married and the ycungest was yet to be married. Her name was Jagadamba. Rani became a widow at the age of forty-four. By virtue of her uncommon intelligence she made a great fortune. Her oldest son-in-law, was Mathuranath Biswas who was a man of parts. His wife expired after giving birth to a son.

॥ 1 to 4 ॥

সহধর্ম্মিণী অর্থাৎ রাসমণির জ্যেষ্ঠা কন্যা কেবলমাত্র একটি পুত্র প্রসব করিয়াই ইহলোক পরিত্যাগ করেন।১।৩।৪

দত্বা রাজ্ঞী পুনঃ কন্যাং জগদম্বেতি নামিকাং।
রাজ্যরক্ষা ভারমপি দদৌ তস্মৈ প্রযত্নতঃ॥ ৫
পরন্তু নিজ সম্পত্তের্ভারং ন্যস্য সুধার্ম্মিকা।
ধর্ম্মার্থং মকরোদ্রাজ্ঞী তীর্থপর্য্যটনে মতিং॥ ৬
গদাধরাগমাৎপূর্ব্বং যাবদ্বর্ণচতুষ্টয়ং।
দ্বিপট্ শত বঙ্গীয়াব্দে পঞ্চপঞ্চাশদুত্তরে॥ ৭
অত্যন্তদ্রব্যসম্ভার সয়ন্ত্র সৈনিকান্ বহুন্।
প্রাজ্য প্রজাপরিজন ধনরত্নাদিকাং স্তথা॥ ৮

Rani married him with her youngest daughter. Jagadamba, and also gave him the charge of the management of her estate. There after she resolved to go on pilgrimage. In the Bengali year, 1255, i.e. four years before Gadadhar came to Calcutta. ॥ 5 to 7 ॥

বঙ্গানুবাদ :—

রাণী পুনরায় জগদম্বা নামে কনিষ্ঠা কন্যাকে মথুরানাথের সহিত বিবাহ দেন এবং রাজ্য রক্ষার ভারও মথুরানাথের উপরেই অর্পণ করেন।৫

পরন্তু অত্যন্ত ধর্ম্ম স্বভাবা মহারাণী রাসমণি নিজের যাবতীয় ধন সম্পত্তির রক্ষার ভারও মথুরানাথের উপরেই ন্যস্ত করিয়া তীর্থ গমনে মানস করিয়াছিলেন।৬

মধ্যলীলায়াং ২য়ঃ অঃ।

গদাধরের কলিকাতায় আসিবার ৪ বৎসর পূর্ব্বে অর্থাৎ বাংলা ১২৫৫ সালে বহুতর দ্রব্যসম্ভার সশস্ত্র সৈনিকগণ বহুতর পরিজন প্রজাবর্গ বহুমূল্য ধন রত্নাদি দ্রব্যসকল।৭।৮

নানা দেশাগতান্ পোতৈর্যাতুর্ব্বিপ্রান্ বহূন্ জনান্।
বারাণস্যামন্নপূর্ণা-শ্রীবিশ্বনাথ-দর্শনে ॥ ৮
নরনারী জনাঃ সর্ব্বে শুভেঽহ্নি সময়ে শুভে।
বৈশাখেঽস্য সংজ্ঞায়াং তিথৌ ভাগীরথী জলে ॥ ১০
আরুহ্যাঽসংখ্য-নৌকা-সু পুণ্যভাবপরিপ্লুতাঃ।
সমুৎসাহা শুভাং যাত্রাং কৃত্বা সর্ব্বে যথাবিধি ॥ ১১
বিশ্বনাথান্নপূর্ণয়োঃ কৃত্বা নাম্না জয়ধ্বনিং।
গচ্ছন্তো নরনার্য্যশ্চ কলিকাতাখ্যপত্তনাৎ ॥ ১২

In the month of Vaisakh on a very auspicious day Rani set out on her journey to Varanasi to offer holy services to Goddess Annapurna and Sri Viswanath. She was accompanied with a large number of men, women and armed guards, in innumberable boats. She also took with her large quantities of requisite things. The pilgrims shouted the names of Viswanath and Annapurna as they started along the river from Calcutta,
॥ 8 to 12 ॥

বঙ্গানুবাদ :—

এবং বহু দেশ হইতে জলযানে আগত ব্রাহ্মণাদি চারিবর্গের বহু স্ত্রী পুরুষ বারাণসী ক্ষেত্রে বিশ্বনাথ ও অন্নপূর্ণা দর্শনে সত্যযুগাস্থা

অক্ষয়াতৃতীয়া মহাপুণ্য দিনে বৈশাখ মাসে শুভ সময়ে পুণ্যভাবে পরিপ্লুত হইয়া সকলে অসংখ্য নৌকায় আরোহণ পূর্ব্বক মহারাণীর সহিত যথা বিধি শুভ যাত্রা করিয়া জয় বাবা বিশ্বনাথ মা অন্নপূর্ণার জয় এইরূপভাবে জয়ধ্বনি করিয়া নরনারীগণ কলিকাতা নগরী হইতে ।৯।১ ।১১।১২

কলিকাতাং পরিত্যজ্য নৌকাগ্রে যা যদাগতা ।
দক্ষিণেশ্বর গঙ্গায়াং তদা সন্ধ্যা সমাগতা ॥ ১৩
দক্ষিণেশ্বর ইত্যাখ্যা গ্রামস্য স্বর্ণদীতটে ।
নিত্যং সন্নিহিতা যত্র দেবী দক্ষিণ কালিকা ॥ ১৪
মেঘজাল সমাচ্ছন্নং তদৈবাকাশমণ্ডলং ।
ঝঞ্ঝাবাত পরিব্যাপ্তং চঞ্চলং সরিমন্ডলম্ ॥ ১৫
তরণী-যাত্রিণাং তস্মাদন্তরে ভয়মুত্থিতম্ ।
দুর্যোগং ভীষণং দৃষ্ট্বা রাজ্ঞী চিন্তান্বিতাব্রবীৎ ॥ ১৬

Evening came down when the fleet reached Dakshineswer, which is the abode of Goddess Dakshina Kali. The sky became cloudy and a furious storm caused a great panic among the passengers of the boats. Seeing that inclement weather Rani became much perturbed and said.

॥ 13 to 16 ॥

বঙ্গানুবাদ :—

গঙ্গাগর্ভে গমন করিতে করিতে নৌকা সকল যে সময় কলিকাতা মহানগরী পরিত্যাগ পূর্ব্বক দক্ষিণেশ্বরে উপস্থিত হইয়াছিল তখন

সন্ধ্যা হইয়াছিল। দক্ষিণেশ্বরের গঙ্গাতীরে মাতা দক্ষিণা কালিকা সর্ব্বদাই অবস্থান করেন।১৩।১৪

সেই সময় আকাশমণ্ডল মেঘসমূহে পরিব্যাপ্ত হইয়া ঝড়বৃষ্টিতে নৌকাসকল চঞ্চল হইয়াছিল।১৫

তীর্থযাত্রী সকলের মনে ভয় হইয়াছিল। সেইরূপ ভীষণ দুর্যোগ দেখিয়া মহারাণী চিন্তান্বিতা হইয়া বলিয়াছিলেন।১৬

नौवाहकान् समाहूय निम्नगायामकण्टकम् ।
शर्वरीं क्षपयिष्यामो वयमत्रैव निश्चितम् ॥ १७
तदन्ते नाविकाः सर्वे स्थितिमार्गेण तत्क्षणात् ।
विस्तृतायामपूर्णायोर्गङ्गा कृत्वा जयध्वनिं ॥ १८
आरोहकान् पोषितान् कृत्वा भोजनादीन् समाप्य च ।
शयनं स्व स्व शय्यायां कृत्वा निद्रामुपागमन् ॥ १९
महानिशा सुप्तिमग्ना निस्तब्धा दिगचेतना ।
केवलं भागीरथ्यास्तु तरङ्गभङ्गिमा बभुः ॥ २०

"Let the boatmen anchor their boats here and halt for the night." It was done and all lay down to sleep after they had taken their supper. It was the dead of the night. All were fast asleep. Profound calmness reigned everywhere. Only the water of the river were flowing in a turbulent and boisterous way. ॥17 to 20॥

মধ্যলীলায়াং ২য়: অ: ।

"Dear Rasmoni ! you need not go to Varanasi. You build a temple here on the bank of the Ganges and place in it the image of your own diety. You try to propitiate the goddess by offering cooked rice. By doing so all of your desires will be fulfilled and you will have my blessings." ‖ 25 to 28 ‖

বঙ্গানুবাদ :—

মা রাসমণি তোমার কাশীক্ষেত্রে শ্রীবিশ্বনাথ ও অন্নপূর্ণার দর্শনে যাইবার প্রয়োজন নাই ।২৫

তুমি এই দক্ষিণেশ্বর গঙ্গাতীরে আমার একটি মন্দির নির্ম্মাণ করিয়া সেই মন্দিরে তোমার ইষ্টদেবতা অর্থাৎ ভবতারিণী কালী মন্দির স্থাপন কর ।২৬

তুমি সেই দেবীর নিত্য অন্ন ভোগ দিয়া আমাকে সন্তুষ্ট কর। আমি প্রতিদিন পরমানন্দে সেই অন্নভোগ গ্রহণ ভোজন করিয়া হে সুব্রতে তোমার মনোবাঞ্ছা সম্পূর্ণরূপে পূরণ করিব। হে মাতঃ রাসমণি তুমি আমার প্রসাদে নিঃসন্দেহে আমাকেই পাইবে ।২৭-২৮

उक्त्वैवं मन्त्रकं तस्यै दत्त्वाशीर्वादं तत्परा ।
यदृच्छया गता देवी तत्रैवान्तरधीयत ॥ २९
आदेशमिमं सा देव्यास्तदा दिव्यदर्शनं ।
स्वप्नेव तत्प्रभावात्तस्या निद्राभङ्गो बभूव हि ॥ ३०
भग्ननिद्रा च सा राज्ञी शय्यायां समुपाविशत् ।
तदापि सा दिव्यवाणी कर्णयोः संततमादिता ॥ ३१
रोमाञ्च स्वेदसंयुक्ता साश्रुनेत्रा सुकम्पिता ।
भक्त्या प्रणम्य देवीं प्रणम्य जगदम्बिकां ॥ ३२

On saying this the Goddess placed her hand on the head of Rani and disappeared. Rani woke up. The divine words were still ringing in her ears. She sweated and her eyes became wet with tears. With great devotion she bowed down to the mother of the universe. ॥ 29 to 32 ॥

বঙ্গানুবাদ :—

এই কথা বলিয়া রাণীর মস্তকে করপদ্ম প্রদানপূর্ব্বক আশীর্ব্বাদ তৎপরা হইয়া রাণীর ভাগ্য বশতঃ আগমন করিয়া সেই স্থানেই অদৃশ্যা হইলেন ।২৯

এইরূপে নিদ্রিতাবস্থায় সাক্ষাৎ ভগবতীর প্রত্যাদেশ এবং তদ্রূপে দেবীর দর্শন লাভ করিয়া রাত্রিকালে রাণীর তৎক্ষণাৎ নিদ্রা ভঙ্গ হইয়াছিল ।৩০

এবং জাগ্রতাবস্থায় রাণী শয্যাতে উঠিয়া বসিয়াছিলেন। কিন্তু তখনও রাণীর কর্ণে সেই অলৌকিক স্বপ্নবৃত্তান্ত প্রতিধ্বনিত হইতেছিল ।৩১

এখন স্বেদ পুলকাদি বিশিষ্টা কম্পান্বিত কলেবরা আনন্দাশ্রু-বিগলিতা রাণী প্রগাঢ় ভক্তিসহকারে জগদম্বা দেবী কালিকাকে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া বলিয়াছিলেন ।৩২

उवाच स्वप्नेनवायं साक्षाद्दृष्टमिहाद्भुतम् ।
स्वप्ने यदनुभूतन्तं सौरभं पारिजातजं ॥ ३३
इदानीमपि शय्यायां सुगन्धः सुसमुत्थितः ।
चन्दनेन समायुक्तं कुङ्कुमेन विलेपितम् ॥ ३४
किमिदं लोहितं दृष्टं मम वस्त्राञ्चलेषु च ।
मया हि सुप्त शय्यायां पादाङ्कयारुण मम: ॥

एतैर्हि लक्षणैर्माता रुद्राणी ब्रह्मरूपिणी।
अत्रागता न सन्देहो नान्या कापि मतिर्मम ॥३६

She said, "It is a true fact and not a dream *that the Goddess herself appeared here. I even* now smell the divine fragrance of heavenly flowers. How is it that the skirts of my cloth are bearing red spot of sandle and kumkum paste? Whose may be these red foot-prints on my bed? It is evident from all these that Goddess Rudrani was here. It was none but she. There is no doubt about it." ‖ 33 to 36 ‖

বঙ্গানুবাদ :—

ইহা স্বপ্ন নয়। এই আশ্চর্য্য বিষয়টি সাক্ষাৎ প্রত্যক্ষ করিয়াছি। স্বপ্ন সময়ে যে পারিজাত প্রসূনের সৌগন্ধ অনুভব করিয়াছি। এখনও সেই সদ্‌গন্ধ আমার এই শয্যায় সম্যক্‌রূপে অনুভব করিতেছি।৩৩

কুঙ্কুম বিলেপিত হরিচন্দন যুক্ত রক্তবর্ণ আমার পরিধেয় বস্ত্রে ইহা কি দেখিতেছি। এবং ইহা কাহারই বা রক্তবর্ণ পদচিহ্ন আমার শুভ্র শয্যায় সুস্পষ্টরূপে প্রতীয়মান হইতেছে। এই সকল লক্ষণ দ্বারা মাতা রুদ্রাণী ব্রহ্মময়ী যে এখানে আসিয়াছিলেন ইহা ধ্রুব সত্য। তাছাড়া অন্য কিছুই নয়। ইহাই আমার স্থির সিদ্ধান্ত।

৩৪।৩৫।৩৬

नमस्तस्यै महादेव्यै तदीय प्रीति हेतवे।
यतिष्येऽहं जगन्मातः तथैव तव मे गतिः ॥ ३७
एवं सद्भावभाविन्याः गर्व्वरीशेषिता भवत्।
कूजनैः कोकिलादीनां प्रभात सूचितं तदा ॥ ३८

মধ্যলীলায়াং ২য়ঃ অঃ।

पद्मिनीपालकः प्राच्यामुदितोऽरुणवर्णयुक्।
शय्योत्थिता तदा राज्ञी समाहूयाह्वतान् जनान्॥ ३९
नाधुना मे तीर्थगतेः शक्तिः का च न विद्यते।
भवन्तस्तत्र गच्छन्तु क्षमां कुर्वन्तु धार्मिकाः॥ ४०

"Oh Goddess! I bow down to you. I shall spare no pains to carry out thy command and to please you. I depend entirely on your kindness." At day-break Rani got up from her bed and said to her companions, "I have become too weak to endure the hardship of the journey. You may proceed Be kind enough to excuse me."

॥ 37 to 40 ॥

বঙ্গানুবাদ :—

হে মহাদেবি আপনাকে নমস্কার করি। আপনার আদেশানুসারে ও আপনার আনন্দবর্দ্ধনের জন্য আমি যথেষ্ট চেষ্টা করিব। আপনার কৃপাই আমার একমাত্র ভরসা।৩৭

এইরূপে দেবীভাবে বিভাবিতা রাণীর রাত্রি শেষ হইলে অর্থাৎ কোকিলাদির কূজনে প্রভাতের লক্ষণ দেখা দিয়াছিল।৩৮

পূর্ব্বদিকে পদ্মিনী নায়ক উদিত হইলে রাণী শয্যা হইতে উঠিয়া সেই সকল তীর্থযাত্রিকে ডাকিয়া বলিয়াছিলেন।৩৯

হে পবিত্র নরনারীগণ উপস্থিত আমার তীর্থগমনের শক্তি কিছু মাত্র নাই। আমাকে ক্ষমা করিয়া আপনারা সকলে তীর্থে গমন করুন।৪০

पुरोहितामात्य भृत्य कुटुम्ब पाचकादयः।
मदीय द्रव्यसम्भारान् धनरत्नादिकांस्तथा॥ ४१

মধ্যলীলায়াং ২য়ঃ অঃ।

সৈনিকান্নস্ত্রশস্ত্রাদীন্ নীত্বা সর্ব্বে ব্রজন্তু তে।
বিল্বপত্রৈ-র্বিশ্বনাথং সহস্রৈস্তু হিরন্ময়ৈঃ ॥ ৪২
যথাবিধি সুসঙ্কল্পং পুরোধাঃ পূজয়িষ্যতি।
অন্নপূর্ণাং তথা দেবীং সমভ্যর্চ্চ্য প্রযত্নতঃ ॥ ৪৩
ভোগদ্রব্যং বহুবিধং সুপান্নং পায়সান্তিকং।
নিবেদ্য বহুভূদেবান্ দরিদ্রসন্ন্যাসি বৈষ্ণবান্ ॥

"Priest, minister, friends and relatives,—all of you along with servants, cooks and soldiers may proceed with all these goods and money. These thousand gold Bilwa leaves may be offered to Lord Viswanath. Goddess Annapurna may also be worshipped with great devotion and offered various dishes of rice and palatable things. Thereafter bramhins, Sannyasis, Vaisnabs, the poor and even the untouchables should be well fed and given cloth and utensils." ॥ 41 to44 ॥

বঙ্গানুবাদ :—

আমার পুরোহিত মন্ত্রী ভৃত্য কুটুম্ব পাচকাদি, এবং যাবদীয় ধন-রত্নাদি দ্রব্য সৈনিকগণ অস্ত্রশস্ত্রাদি লইয়া আপনারা সকলে কাশী ক্ষেত্রে গমন করুন। সেই স্থানে আমার পুরোহিত স্বর্ণনির্ম্মিত সহস্র বিল্ব পত্র দ্বারা যথা বিধি সঙ্কল্প পূর্ব্বক বাবা বিশ্বনাথের পূজা করিবেন। তদ্রূপ মা অন্নপূর্ণা দেবীকেও আমার প্রদত্ত স্বর্ণ অলঙ্কারাদি দ্বারা বিশেষভাবে অর্চ্চনা করতঃ সুপান্ন পায়স পর্য্যন্ত বহুবিধ ভোগদ্রব্য নিবেদন পূর্ব্বক অষ্টোত্তর শত ব্রাহ্মণ বৈষ্ণব দরিদ্র ও সন্ন্যাসি ।৪১।৪২।৪ ।৪৪

मध्यलीलायां ३यः अः ।

दरिद्रानान्नपाकादीन् भोजयित्वा यथाविधि ।
वस्त्रान्नजलपात्रादीन् दत्वा तेभ्यः समादरात् ॥ ৪৫
काशीस्थ देवताः सर्व्वा विविधैरुपचारकैः ।
सम्पूज्य विधिवद्भक्त्या पुनः शीघ्रं समेष्यथ ॥ ৪৬
विधायैवं तया राज्ञी सर्व्वान् सम्प्रेष्य यत्नतः ।
दक्षिणेश्वर गङ्गायां सततामा मनस्विनी ॥ ৪৭
कस्येयं वा तीरभूमिः कथं क्रीता भविष्यति ।
एवं दिवानिशं राज्ञी चिन्ताक्रान्ताभवत्तदा ॥ ৪৮

"All other gods and goddesses of Varanasi should be also worshipped with great devotion and with requisite things. Then you should lose no time to come back and meet me." After setting them on their journey to Varanasi, Rani continued to stay on the bank of the Ganges at Dakshineswar. She began to enquire as to who was the owner of the bank at Dakshineswar, and how and at what cost this land could be purchased. She thought and thought and had no rest in the day or in the night. ॥ 45 to 48 ॥

শীঘ্রই এই দক্ষিণেশ্বরে পুনর্ব্বার আপনারা আমার সহিত সম্মিলিত হইবেন ।৪৭।৪৬

এইরূপভাবে অতি উদারচেতা রাণী রাসমণি তীর্থযাত্রি সকলকে যত্নপূর্ব্বক কাশীধামে পাঠাইয়া দক্ষিণেশ্বর গঙ্গাতীরেই বাস করিয়া এই তীরভূমি কিভাবেই বা ক্রয় করা হইবে এইরূপভাবে দিবারাত্রি চিন্তান্বিতা হইয়া মা ভগবতী দক্ষিণা কালিকার শরণ লইয়াছিলেন ।

৪৭।৪৮

ততো মথুরানাথেন প্রয়াসৈর্বিপুলৈ স্তথা ।
তত্র ভাগীরথী তীরে ভূভাগো বহু বিস্তৃত: ।। ৪৯
ক্রীতো দেবালয়স্যৈব নির্ম্মাণোদ্যোগ পর্ব্বণ: ।
সমারব্ধ: ততো রাজ্ঞা বহুবিত্তব্যয়েন হি ।। ৫০
মহাশ্মশানভূ: সৈব শক্তিসাধনরূপিনী ।
শক্তি মন্দির নির্ম্মাণে সুনির্দ্দিষ্টা সুসাধকৈ: ।। ৫১
সোপানশ্রেণিযুক্তঞ্চ নির্ম্মিতং স্নানঘট্টকং ।
শিবলিঙ্গ সমাযুক্তং দ্বাদশং শিবালয়ং ।। ৫২

At last she purchased the desired land with *great efforts*. She spent a very huge sum of money to build the temples. It was a burial place and she was advised to build a temple of Goddess Kali. She built ■ bathing ghat and twelve temples of Siva with Trisuls at the tops. ॥ 49 to 52 ॥

বঙ্গানুবাদ :—

তৎপরে মথুরা নাথ বহু পরিশ্রম করিয়া দক্ষিণেশ্বর গঙ্গাতীরে বহু বিস্তৃত ভূভাগ সংগ্রহ করিয়াছিলেন ।৪৯

মধ্যলীলায়াং ২য়: অ: ।

রাণীর বহুতর অর্থ ব্যয়ে দেবালয়ের নির্ম্মাণ কার্য্য আরম্ভ করাইয়াছিলেন ।৫০

সেই মহাশ্মশানভূমি শক্তিসাধনার সর্ব্বোত্তম স্থান। তজ্জন্য শক্তি সাধকগণ শক্তি মন্দির নির্ম্মাণে নির্দ্দেশ দিয়াছিলেন ।৫১

সোপান শ্রেণীবদ্ধ স্নানের ঘাট নির্ম্মিত হইয়াছিল। সেই ঘাটের উত্তর দক্ষিণে শিবলিঙ্গযুক্ত দ্বাদশ সংখ্যক শিবালয় নির্ম্মিত হইয়াছিল। ৫২

कृत्वा विपुल सोपान घट्टस्योत्तर दक्षिणे ।
चक्र चिह्नित-चूड़-यो विष्णुमन्दिरमुत्तमं ॥ ५३
स्थानं यत्र जगच्चन्द्रो मोदते राधया सह ।
तद्देवमतदिग्भागे सौरमण्डलगुम्फितं ॥ ५४
जगदम्बामहादेव्या नवचूड़विभूषितम् ।
सुभद्रं भवतारिण्या मन्दिरञ्चातिशोभनं ॥ ५५
तत्राधिष्ठिता माता काली कैवल्यदायिनी ।
महाकाल समारूढ़ा त्रिनेत्रा वरदा शुभा ॥ ५६

She built the temple of Radhakrishna with the wheel at the top, and the temple of Goddess Kali with nine towers. ॥ 53 to 56 ॥

মধ্যলীলায়াং ২য়ঃ অঃ।

চূড়া শোভিত জগন্মাতা ভবদেবী ভবতারিণীর পঞ্চচূড় সুন্দর শ্রীমন্দির নির্মিত হইয়া অদ্যাপি বিদ্যমান আছে ॥৫২।৫৪।৫৫

এই মন্দিরের অভ্যন্তরে মহাকাল শবারূঢ়া ত্রিনয়না চতুর্ভুজা বরাভয় করা খড়্গ নিধারী ॥৫৬

खड्गमुण्डधरा देवी वराभयधराकरा ।
सच्चिदानन्दरूपा सा परब्रह्म स्वरूपिणी ॥ ५७
यस्या दर्शनमात्रेण ब्रह्मानन्दं गता जनाः ।
एवं श्रीभवतारिण्या मन्दिरं निर्मितं तया ॥ ५८
अर्थं सामर्थ्य प्राचुर्यान्निर्मितेऽपि सुमन्दिरे ।
भोगार्थं भवतारिण्याः श्रीराधावल्लभस्य च ॥ ५९
महत्यासीत्तदा चिन्ता रासमण्यं सुदारुणा ।
द्विजवर्ज्य॥ नियमानसीन प्रवर्तने ॥ ६०

Goddess Kali having three eyes and four hands stands on the body of Lord Siva lying on his back. She is the embodiment of the powers of the supreme Being. To see Her image is a divine joy. Even though Rani could build beautiful temples because of her ability to spend as much as she liked, she became worried as to how to offer cooked rice to the gods and goddesses of the temples. ॥ 57 to 60 ॥

বঙ্গানুবাদ :—

সচ্চিদানন্দরূপা পরব্রহ্ম স্বরূপিণী কালী মূর্তি অধিষ্ঠিতা আছেন।

मध्यलीलायां २यः अः ।

যাঁহার দর্শন মাত্রে জীব সকল ব্রহ্মানন্দে নিমগ্ন হন। এইরূপ মহারাণী মাতা ভবতারিণী কালী মূর্তির মন্দির নির্মাণ করেন।৫৮

রাণী রাসমণির অর্থশক্তির আধিক্য বশতঃ সুন্দর ভাবে মন্দির নির্মাণ হইলেও কালিকা দেবীর এবং রাধাকান্ত বিগ্রহের অন্নভোগের জন্য রাণী বিশেষভাবে চিন্তান্বিতা হইয়াছিলেন।৫৯ ৬০

देवीमान्नस्य ब्राह्मणानां भोजनं सम्भविष्यति ।
एवमाशाविक्षोभ्यायां प्रत्यूहः समजायत ॥ ६१
शास्त्राणां वेद वाक्यानां देवदेवो समक्ष ते ।
अन्न भोगो न दातव्य इति शास्त्रानुशासनं ॥ ६२
किन्तु साक्षादन्नपूर्णा सद्व्यञ्जनादिभिः ।
अन्नभोग प्रदानार्थं स्वप्ने मां समुपादिशत् ॥ ६३
अतोऽत्र किं विधेयं मे देवीमान्नमुपमोदति ।
एवं राज्ञी सदाचिन्ता भोगार्थं चेतसि बभौ ॥ ६४

Rani earnestly desired that bramhins would be fed with that offered rice. But an obstacle stood on the way. According to the religious code she was debarred from offering cooked rice to the gods. She mused in herself, "I have been asked by Goddess Annapurna Herself to offer cooked rice with curries. So, what should be done to achieve my end". Thus, the thought made Rani restless. ॥ 61 to 64 ।

মধ্যলীলায়াং ২য়ঃ খঃ।

রাণীর ঐকান্তিক ইচ্ছা হইলেও তাহাতে বিঘ্ন উপস্থিত হইয়াছিল। কারণ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যজাতি ভিন্ন অন্যজাতির দেবদেবীর পূজাতে অন্নভোগ দেওয়া নিষিদ্ধ এইরূপ শাস্ত্রের আদেশ।৬১৬২

কিন্তু স্বপ্ন সময়ে সাক্ষাৎ অন্নপূর্ণা সুপব্যঞ্জনাদির সহিত অন্নভোগ দিবার জন্য আমাকে আদেশ করিয়াছিলেন।৬৩

অতএব এ বিষয়ে আমার কর্তব্য কি ? যাহাতে আমার মনের শান্তি হয়। রাণীর মনোমধ্যে ভোগ দিবার জন্য এইরূপ ভাবে মহাচিন্তা হইয়াছিল।৬৪

কাশী কাঞ্চী নবদ্বীপ মিথিলা দেশতঃ স্থলতঃ।
ধর্মব্যাখ্যাধ্যাপকানাং পণ্ডিতানাং সমীপতঃ ॥ ৬৫
আনীতা বহু যত্নেন রাজ্ঞ্যা যা বিধিপত্রিকা।
অন্নভোগস্তু কুত্রাপি শূদ্রস্থাপিত বিগ্রহে ॥ ৬৬
ঐকমত্যেন লিখিতং বিদ্বদ্ভির্ন ভবেদিতি।
শ্রুত্বা রাজ্ঞী বৈধপত্র-ভাষণং মূর্চ্ছিতা ভবৎ ॥ ৬৭
শাস্ত্রবাক্যং সমুল্লঙ্ঘ্য ভোগদানে ন মে স্পৃহা।
স্বেচ্ছয়া যদি দাস্যামি তদন্নং গর্হিতং ভবেৎ ॥ ৬৮

She called for a ruling from great pandits of Kasi. Kanchi Nabadwip Mithila and other places. But all of them unanimously declared that cooked rice could not be *offered to gods placed in temples* built by sudras. At this Rani became sorely aggrieved. She thought, "*If I offer cooked rice to* my gods, none will honour it". ॥ 65 to 68 ॥

বঙ্গানুবাদ :—

এইরূপ অবস্থায় রাণী কাশী, কাঞ্চী, দ্রাবিড়, মিথিলা ও নবদ্বীপ হইতে ধর্ম্মশাস্ত্রের অধ্যাপক ব্রাহ্মণ পণ্ডিতগণের নিকট হইতে বহু চেষ্টায় বহুতর ভাষপত্র অর্থাৎ পণ্ডিতগণের শাস্ত্রসম্মত বিধিপত্র সংগৃহীত হইলে সেই সকল পত্রে পণ্ডিতগণ সকলেই একবাক্যে বলিয়াছেন, যে শূদ্রস্থাপিত বিগ্রহের অন্নভোগ হইতে পারেনা।৬৫।৬৬

রাণী রাসমণি ভাষপত্রের ভাষা শুনিয়া মূর্চ্ছিতা হইয়াছিলেন।৬৭

এবং বলিয়াছিলেন যদি শাস্ত্র বাক্য লঙ্ঘনপূর্ব্বক আমি ইচ্ছামত অন্নভোগ দান করি তবে সেই অন্নভোগ নিন্দিত হইবে। ইহা ধ্রুব নিশ্চিত।৬৮

एवं सञ्चिन्त्य सा राज्ञी निद्रितावीं भयापहां ।
अन्नजलाभिषिक्ता सा सर्वथा शरणं गता ॥ ६९
उवाचैवं जगन्मातः त्वयादेशात्मयाधुना ।
देवमन्दिर निर्म्माणं तव मूर्त्तिरधिष्ठिता ॥ ७०
अन्नभोग व्यवस्था च सुनिर्द्दिष्टा त्वयैव हि ।
त्वदिच्छा पूर्णं मातः त्वमेव कुरु कालिके ॥ ७१
अद्य बहु पण्डितेभ्यो विधानेऽपि समाहृते ।
अन्नभोगो न दातव्य इति पण्डितभाषणं ॥ ७२

Rani prayed to the Goddess for redress and said, "Oh Mother! it is at your behest that I have built the temples and placed your image. It is also thy desire that I should offer cooked rice. But the pandits do not approve it. So Thou shouldst find a way out to fulfil thy own will". ‖ 69 to 72 ‖

বঙ্গানুবাদ :—

সেই রাণী রাসমণি এইরূপভাবে দুশ্চিন্তায় কাঁদিতে কাঁদিতে ভয়হারিণী সিদ্ধিদাত্রী মা অন্নপূর্ণার সর্ব্বতোভাবে শরণাপন্না হইয়া বলিয়াছিলেন।৬৯

এবং বলিয়াছিলেন হে জগন্মাতঃ আপনার আদেশেই মন্দির নির্ম্মাণ করিয়া তাহাতে আপনার মূর্ত্তি অধিষ্ঠিত করিয়াছি।৭০

আপনিই আমাকে অন্নভোগ দিবার অনুমতি দিয়াছেন। অতএব আপনার ইচ্ছা আপনিই পূরণ করুন।৭১

অঙ্গবঙ্গ কলিঙ্গ প্রভৃতি দেশ হইতে শাস্ত্রবিধি সংগৃহীত হইলেও আমাদের অন্নভোগ দেওয়া শাস্ত্র নিষিদ্ধ। এইরূপই পণ্ডিত বর্গের শাস্ত্রানুমোদিত মত।৭২

किङ्करोमि क्व गच्छामि केनाशा पूरिता भवेत् ।
एवमेवं महाराज्ञी सन्तप्ता सा तदा भवत् ॥ ७३
कलिकाता नगर्य्यान्तु सर्व्वैर्ब्राह्मणपण्डितैः ।
विविधं महाराज्ञ्या ह्यसमालोचितं श्रुतम् ॥ ७४
एवं रामकुमारोऽपि प्रवरः स्मार्त्तपण्डितः ।
राज्ञ्या बन्धुं समाहूय कञ्चिदेकं तदा सुधीः । ७५
प्रोवाचेयं भोगचिन्ता राज्ञ्या कार्य्या कदापि न ।
ददाम्यहं वैधपत्रं नीत्वा राज्ञीं प्रदर्शय ॥ ७६

"What to do," "Where should I go," How can I achieve my object," all these thoughts troubled her day and night. The decision of the learned pandits in the matter was widely circulated and discussed among the pandits of Calcutta. At

মধ্যলীলায়াং ২য়: অ: ।

last Ramkumar contacted a friend of Rani and gave him a letter conveying his instructions and said, "Rani need not worry in the matter of offering cooked rice to her gods. Take this letter to her and she will know what to do". ॥ 73 to 76 ॥

বঙ্গানুবাদ :—

এখন আমি কি করি কোথায় যাই কোন মহাপুরুষই বা আমার এই বাসনা পূরণ করিবেন। এইরূপভাবে মহারাণী সেই সময় অত্যন্ত দুঃখিতা হইয়াছিলেন।৭৩

কলিকাতা মহানগরীর পণ্ডিতমণ্ডলী দ্বারাও মহারাণী রাসমণির বিধিপত্র দৃষ্ট আলোচিত ও শ্রুত হইয়াছিল।৭৪

কলিকাতার সর্বোচ্চ স্মার্ত্ত পণ্ডিত মহামহোপাধ্যায় রামকুমার ও রাণীর বিধিপত্রের বিষয় জানিয়া রাণীর কোন একটি বন্ধুকে ডাকাইয়া বলিয়াছিলেন রাণী রাসমণি যেন অন্নভোগ দিবার জন্য চিন্তা না করেন। আমি একটি বিধিপত্র দিতেছি এইটি লইয়া রাণীকে দেখাও।৭৫।৭৬

শ্রুত্বাচৈব তদা রাজ্ঞী সদ্যস্তত্রাগতা স্বয়ং ।
গললগ্নীকৃতবাসাঃ প্রাঞ্জলির্বাক্যমব্রবীত্ ॥ ৩৭
ব্রহ্মন্ কেন বিধানেন বাঞ্ছাসিদ্ধির্ভবেন্মম ।
তত্ কুরুষ্ব মহাভাগ ত্বমেকৈকামতির্ধুবা ॥ ৩৮
ততো রামকুমারেণ পূর্ব্বং বিলিখিতঞ্চ যত্ ।
মহৈধপত্রং স রাজ্ঞীং শ্রাবয়ামাস যত্নতঃ ॥ ৩৯
সমন্দিরং বিগ্রহঞ্চ দেববিত্তাদিকঞ্চ যত্ ।
প্রাগ্ বিগ্রহ প্রতিষ্ঠায়া সর্ব্বঞ্চ দ্বিপ্রমাত্মবেত্ ॥৮০

On hearing this, Rani herself appeared before Ramkumar and said with great humility and reverence, "Please tell me how my desire can be fulfilled. You alone can remove my difficulties" Ramkumar explained to her the meaning of his instructions. In brief, Rani should have to forego her right of ownership of the gods, the temples and the estate attached to them and make a deed of gift to a bramhin, before the foundation of the temples and the images. ॥ 77 to 80 ॥

বঙ্গানুবাদ :—

অনন্তর মহারাণী বন্ধুর নিকটে বিধিপত্র শুনিয়া তৎক্ষণাৎ রামকুমার পণ্ডিতের টোলে আসিয়া গলবস্ত্র কৃতাঞ্জলি হইয়া বলিয়াছিলেন হে পণ্ডিত কুলতিলক ব্রাহ্মণ যেরূপ বিধানে আমার মনোবাঞ্ছা পূরণ হয় তাহা করুন। হে মহাভাগ আপনিই আমার একমাত্র সম্বল।
৭৭।৭৮

তখন রামকুমার পণ্ডিত পূর্ব্বে যাহা বিধি লিখিয়াছিলেন তাহা রাণীকে যত্নপূর্ব্বক শ্রবণ করাইলেন।৭৯

বিধি পত্রের মর্ম্ম এই যে যদি মন্দির ও বিগ্রহ প্রতিষ্ঠার পূর্ব্বে মন্দিরের সহিত বিগ্রহ এবং দেবতার ধন সম্পত্তি যাহা কিছু আছে সেই সকল ব্রাহ্মণকে দান করা হয়।৮০

तद्विग्रहप्रतिष्ठा चेद् ब्राह्मणः सविधास्यति ।
नैवमर्पणदाने तु शास्त्रबाधा भविष्यति ॥ ८१
तदन्नभोजनं विप्राः करिष्यन्त्यकुतोभयाः ।
सुदृष्टेयं व्यवस्था हि शास्त्रवाक्यानुसारिणी ॥ ८२

मध्यलीलायां २य: अ:।

श्रुत्वा राज्ञी पण्डितस्य मापपवमचिन्तयत् ।
व्यवस्थेयमिष्टसिद्धेरनुकूला मता मम ॥ ८३
मद्वाञ्छा पूर्णं मातुरन्नदायाः प्रसादतः ।
भविष्यति न सन्देहो हेतुरयं सुपण्डितः ॥ ८४

The foundation ceremony should be performed by that bramhin In this way the prohibitary rules could be avoided, and no bramhin would hesitate to accept the cooked rice. These instructions were strictly based on the codal rules of religion. At this, Rani thought that the instructions of Ramkumar were quite favourable to the fulfilment of her desire which would surely come about by the grace of Annapurna, and this learned Ramkumar was instrumental to it.
॥ 81 to 84 ॥

বঙ্গানুবাদ :—

এবং সেই বিগ্রহের প্রতিষ্ঠাদি কার্য্য ব্রাহ্মণই যদি সম্পাদন করেন তবে বিগ্রহের অন্নভোগ প্রদানে শাস্ত্র বাধা কিছুমাত্র হইবে না।৮১

পরন্তু সেই অন্নভোগ কুলীন ব্রাহ্মণগণও নির্ভয়ে ভোজন করিবেন। ইহাই আমার শাস্ত্রানুমোদিত সদুত্ব ব্যবস্থা।৮২

রাণি রামকুমার পণ্ডিতের ব্যবস্থাপত্র শুনিয়া এইরূপ ভাবিয়াছিলেন এইরূপ ব্যবস্থাই আমার ইষ্ট সিদ্ধির অনুকূল হইয়াছে।৮৩

স্থান পরিবর্ত্তনে এবং মাতৃস্নেহে রোগমুক্তির বিশেষ সম্ভাবনা অতএব জন্মভূমিতে যাইলে বাবার ভালই হইবে। ২৮

মথুরানাথ এইরূপ ভাবিয়া মাতা চন্দ্রাদেবীর উদ্দেশে বহুতর অর্থ ও নানা প্রকার বস্ত্র তৈজসাদি দিয়া বহু গোশকটে বহুতর প্রহরীর সহিত বাবা গদাধরকে পাঠাইবার সময় কাঁদিতে কাঁদিতে করযোড়ে বলিয়াছিলেন। ২৯।৩০

उवाचेदं सविनयं गच्छन्तं तं गदाधरं ।
शीघ्रं मत्यागमं याचे तवाहं क्षुद्र किङ्करः ॥ ३१
तदङ्घ्रि धूलि मादाय प्रणम्य च पुनः पुनः ।
साधुं तं प्रेषयामास जन्मभूदर्शनाय सः ॥ ३२
एवं पञ्चषष्ठ्यधिक द्वादश शतस स्यके ।
वङ्गाब्दस्य मध्यभागे त्रयोविंश वयःक्रमे ॥ ३३
पैत्रिकभवने जन्मस्थाने दीर्घदिनात् परं ।
पुनस्तं समागत्य सुस्थचित्तो गदाधरः ॥ ३४
ग्रामवासिजनैः सार्द्धं सुवासानन्दयुक् सदा ।
दक्षिणेश्वर वार्त्तांश्च वाच सर्व्वान सुहृज्जनान् ॥ ३५
एव क्रियद्दिने याते यो भावो दक्षिणेश्वरे ।
तत्राद्यः पुनरत्रैवागतस्तत् विवृत्तयानि ॥ ३६

"I, your humble servant, pray for your early return." With these words Mathuranath took

the dust from the feet of Gadadhar and sent him to his native place. In the Bengali year, 1265, at the age of twenty three, Gadadhar returned to his home in his native village and felt very happy. He enjoyed the company of the villagers very much and told his friends all about Dakshineswar. After some days he however, relapsed to the state of mind whish he had at Dakshineswar.

31 to 36

বঙ্গানুবাদ :—

বাবা আপনার অতি অধম এই দাসানুদাস দক্ষিণেশ্বরে পুনরাগমন প্রার্থনা করে। ৩১

এই বলিয়া তাঁহার পদধূলি মস্তকে পুনঃ পুনর্ব্বার ধারণ পূর্ব্বক জন্মভূমি পরিদর্শন জন্য বাংলা সন ১২৬৫ সালের আশ্বিন মাসে গদাধরের তেইশ বৎসর বয়সে পাঠাইয়াছিলেন। ৩২।৩৩

নিজের জন্মভূমিতে পিতার গৃহে—বহু দিনের পর আসিয়া গদাধর বেশ সাধারণ লোকের মত সুস্থ অবস্থায় গ্রামবাসি লোক সকলের সহিত দক্ষিণেশ্বরের বৃত্তান্ত আলাপ আলোচনায় সর্ব্বদাই আনন্দে থাকিতেন। ৪।৩৫

এইরূপ ভাবে কিছুদিন গত হইলে দক্ষিণেশ্বরে যেরূপ দিব্যোন্মাদ অবস্থা হইত সেইরূপ এই পিত্রালয়ে হইল। ৩৬

मामेति सूच्चध्वनिना व्याकुला क्रन्दनेन च ।
भावावेशात्सदा ग्रामी बाह्यज्ञान विलुप्तता ॥ ३७
आतङ्किताः परिजना ग्राम्योऽपि भयविह्वलाः ।
तत् पल्लीवासिनश्चापि बभूवुः शङ्किता भृशं ॥ ३८

यदा व्याकुलितो भावो नायात ठाकुरस्य हि।
तदा भूतिर्खाल इति बुधुइ मोड़ल इत्यपि ॥ ३९
नाम्ना मद्रा श्मशाने द्वे पल्लीप्रान्तद्वये स्थिते।
प्रत्युत्पन्नतिमस्त्रोऽपि पुरुषा दिवसेऽपि च ॥ ४०
यातुं पितृवने तेऽपि भयं भीता भवन्ति वै।
अमानिशान्धकारे स एकलः श्रीगदाधरः ॥ ४१
नीत्य रात्रिं प्रातःस्नात्वा पुष्प हस्तो गृहेऽविशत्।
कस्याश्चिदपि वा रात्र्यां तदोयोमध्यमाग्रजः ॥ ४२

Gadadhar would very often cry out, "Mother" and fall into a swoon. All his friends, relatives and also the villagers got frightened. When Gadadhar was not agitated by the stroke of divine madness he would go in the moonless night to the burning grounds of Budhui Mandal and Bhuti's canal and after passing the night there all alone he would return home in the morning with flowers in his hand. 37 to 42

বঙ্গানুবাদ

মা মা বলিয়া উচ্চৈঃ শব্দে ব্যাকুলিত হইয়া ক্রন্দন। এবং ভাবাবেশে তন্ময়তা বশতঃ বাহ্যজ্ঞান শূন্যতা এইরূপ দেখিয়া পল্লীবাসী ও আত্মীয় স্বজন সকলেই নানা প্রকার ভাবে ভীত হইয়াছিলেন। ৩৭।৩৮

যে সময় গদাধরের ব্যাকুলিত ভাব না হইত তখন কামারপুকুরে দুই দিকের দুই শ্মশানে অর্থাৎ একটি বুধুই মোড়লের শ্মশান।

অন্যদিকে ভূতির খাল বলিয়া শ্মশান এই দুইটি শ্মশানে অমাবস্যার অন্ধকার রাত্রিতে একা গদাধর সমস্ত রাত্রি থাকিয়া প্রাতঃকালে স্নান করিয়া পুষ্প হস্তে ঘরে আসিতেন। যে দুইটি শ্মশানে অতি বলিষ্ঠ ব্যক্তি ও দিবাভাগেও একা যাইতে পারিতেন না।

৩৯।৪০।৪১

रामेश्वर स्तदन्वेषी जपदीपयुतः सुधीः ।
गदाधरेतिमाम्ना च श्मशानस्था विदूरतः ॥ ४२
आहूतवान् साग्रह' तं भ्रातरं श्रीगदाधरं ।
श्रुत्वेयं तत्क्षणादूचे गच्छामि शीघ्रमेव हि ॥ ४४
त्वमस्यां दिशिमागच्छ तवानिष्टं भविष्यति ।
एवं तत्तदाचरणं दृष्ट्वा तत्स्थानवासिनः ॥ ४५
सर्व्वेऽपि मेनिरे तत्र साधनार्थं गदाधरः ।
रात्रौ श्मशानमध्येति साधनासिद्धये सुधीः ॥ ४६
प्रायेन प्रख्यातिस्यं तं गदाधर मतःपरं ।
पश्यन्ति स्नेहसयुक्त चक्षुषा ग्रामवासिनः ॥ ४७
अपूर्व्वं मानवस्यास्य यस्यार्थे व्याकुलं मनः ।
मर्म्मस्पर्शी सदोच्छ्वासो रोदनश्च निरन्तरं ॥ ४८

In some nights Rameswar, the elder brother of Gadadhar would go towards the burning grounds in search of Gadadhar and call him from a distance. At once Gadadhar would reply, "I am coming presently. Please do not come nearer, for mischief may come to you." Every body was convinced that Gadadhar went to the

burning place to attain the finale of his penance. Gadadhar became the object of affection of all. It was a general belief that Gadadhar must have already seen the Goddess for whom he cried with so much agony and ardour. 43 to 48

বঙ্গানুবাদ :—

কোনও একটি রাত্রে গদাধরের মধ্যম ভ্রাতা রামেশ্বর অনুসন্ধানে জানিলেন যে গদাধর শ্মশানে গিয়াছে। তখন ২।১টি লোক এবং হ্যারিকেন আলোক সঙ্গে লইয়া শ্মশানের কিছু দূর হইতে গদাধর গদাধর বলিয়া ডাকিলে সসব্যস্তে অতি উচ্চস্বরে গদাধর বলিলেন ওগো দাদা তুমি এদিকে এসো না তোমার অনিষ্ট হবে। আমি এখুনি যাচ্ছি। ৪২।৪৩।৪৪

গদাধরের এইরূপ কার্য্যকলাপ দেখিয়া কামারপুকুর নিবাসী লোক সকল মনে করিয়াছিলেন যে গদাধর সাধনায় সিদ্ধিলাভের জন্যই শ্মশানে যায়। ৪৫।৪৬

এবং যখন সম্পূর্ণরূপে প্রকৃতিস্থ হন তখন গ্রামবাসী সকলেই গদাধরকে স্নেহ করেন। ৪৭

এই অলৌকিক মানবের যাঁহার জন্য সর্ব্বদাই মন ব্যাকুলিত উচ্ছ্বসিত ও মর্ম্মস্পর্শকারী ক্রন্দন ইত্যাদি ভাব প্রবণতার লক্ষণ দেখিয়া লোক সকল মনে করিতেন বোধ হয় গদাধর সাধনামৃত পানে সুতৃপ্ত হইয়াছেন। ৪৮।৪৯

দৃষ্ট্বা বিলীনং তৎ সর্ব্বং বিদুঃ সর্ব্বে সুনিশ্চিতং।
সাধনামৃতপানেন সুতৃপ্তোঽয়ং গদাধরঃ॥ ৪৯

মধ্যলীলায়াং ৯ম অঃ।

সাধকানুগ্রহার্থায় ভক্তাভিষ্ট প্রদায়িনী।
চিদানন্দময়ী কালী স্বমূর্ত্তিং তমদর্শয়ৎ॥ ৫০
যন্মহাসাধকানাং হি কাম্যমেকান্ত দুর্লভং।
তদায়ত্তমভূত্তস্য দুষ্প্রাপমপি দৈবতৈঃ॥ ৫১
সাধকস্যৈকনিষ্ঠস্য সাধনাশক্তিশালিনঃ।
সুধাফলং সমুদ্ভূতং ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ৫২
পূর্ব্বং সাধনকালেতু দক্ষিণেশ্বর মন্দিরে।
জগন্মাতুঃ স্বরূপস্য সন্দর্শনাত্তঃ পরং॥ ৫৩
যাকাঙ্ক্ষা সাধকমনঃ করোত্যুদ্বেজিতং সদা।
অত্র মহাশ্মশানে তাং সাধনা সমপূরয়ৎ॥ ৫৪

ইতি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিতে শ্রীরামকৃষ্ণভাগবতে পারমহংস্যাং সংহিতায়াং গদাধরস্য দক্ষিণেশ্বরাৎ জন্মস্থান প্রাপ্ত্যনন্তরং শ্মশানে দেব্যাঃ সাক্ষাদ্দর্শনরূপ মধ্যলীলায়া নবমোধ্যায়ঃ। ৯ মঃ।

It was very probable that Goddess Kali had been pleased to show her real self to Gadadhar and to fulfil his desire. Having seen the Goddess once at Dakshineswar. Gadadhar went frequently to the burning place to pacify his mental agitation. 49 to 58

· Here ends the ninth chapter of Madhyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by *Pandit Ramendra Sundar Bhaktitirtha.*

বঙ্গানুবাদঃ—

সাধক গদাধরকে ভক্তবাঞ্ছাপ্রদাত্রী জ্ঞানানন্দ স্বরূপিনী কালিকা দেবী নিজমূর্ত্তি অনুগ্রহ করিয়া দেখাইয়াছেন। ৫০

মধ্যলীলায়াঃ ৯ম অঃ।

যে দর্শন মহা মহা সাধকগণও নিত্য কামনা করেন। এবং অত্যন্ত দুর্লভ দেবতাদিগেরও দুঃসাধ্য সেই ভগবতীর দর্শন তিনি করিয়াছিলেন। ৫১

একনিষ্ঠ গদাধরের সাধনা রূপশক্তি বৃক্ষের যে সুখাফল সমুদ্ভূত হইবে ইহা নিঃসন্দেহ। ৫২

ইহার পূর্ব্বে দক্ষিণেশ্বরের মন্দিরে সাধনাকালে জগদম্বার একবার প্রত্যক্ষের পর যে আশা সাধকের মনকে উদ্বেজিত করিয়াছিল এই কামারপুকুরের মহাশ্মশানে সাধনা দ্বারাই সেই আশা সম্যক রূপে পূরণ হইয়াছিল। অর্থাৎ সর্ব্বদাই জগদম্বাকে প্রত্যক্ষ করিতে সমর্থ হইয়াছেন। ৫৩৫৪

শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রী৺রামকৃষ্ণ ভাগবতের মধ্যলীলার নবম অধ্যায় গদাধরের দক্ষিণেশ্বর হইতে জন্মস্থান কামারপুকুরে আগমন এবং ঐ স্থানের শ্মশানে সিদ্ধিলাভ বলা হইল। মঃ ৯ অঃ সমাপ্ত।

মধ্যলীলায়াং দশমোঽধ্যায়ঃ

ম্লানান্তঃকরণং পুত্রং দৃষ্ট্বা মাতা ব্যচিন্তয়ৎ।
নোন্মত্তোনাধুনা তুষ্টঃ সুখী মামেতি রোদিতি ॥১
মাতঃপরং শ্মশানং স যাতি রাত্রৌ যদা তদা।
উত্তমঃ সহজোভাবঃ সারল্য প্রতিমূর্ত্তিকঃ ॥ ২
মাতা জ্ঞাতং হি মত্ পুত্রো রোগমুক্তো ■ সংশয়ঃ।
পুত্রো মে যদি ভূয়োঽপি পীড্যতে পবনোত্থজা ॥ ৩
ইত্যাশঙ্ক্য লোচনার্থং স্ত্রিয়ঃ স্নিগ্ধা নিমন্ত্রিতাঃ।
গদাধর বিবাহার্থং মুচিরে তা বরাঙ্গনাঃ ॥ ৪

মধ্যলীলায়াং ১০ম অঃ।

सदारमतिमीप्रं त्वं कुरु देवि गदाधरं।
विवाहयोग्य वयसः पुतस्य दारकर्म्माणि ॥ ५
नानिष्पन्ने सांसारिकी मतिः शुद्धा भविष्यति।
वायुरोगेनापि पुनराक्रान्तो न भवेदिति ॥ ६

After some days it was observed by Gadadhar's mother that he did not lose his balance of mind any more, nor frequent the burning place as before. He was now quite easy-going and plain-living. So she was convinced that he was cured of his disease But with the fear that Gadadhar might be attacked again with the disease, she held a meeting with the wise ladies of the village for a discussion in the matter. All of them opined that Gadadhar had attained marriageable age and it was high time that he should be married which would settle his mind and permanently cure him of the disease. 1 to 6

বঙ্গানুবাদ ঃ—

দিন কয়েক পরে মাতা চন্দ্রাদেবী পুত্র গদাধরকে শান্তভাব স্বরূপ দেখিয়া ভাবিয়া ছিলেন সম্প্রতি গদাধর পাগলের মত আর মা মা বলে কাঁদে না। এবং যখন তখন রাত্রি কালে শ্মশানে যায় না অতি উত্তম স্বাভাবিক ভাব। সর্ব্বদা সারল্য পূর্ণ দেহ। ১।২

অতএব গদাধর রোগমুক্ত ইহা নিঃসন্দেহ মাতা এইরূপ জানিয়া ও যদি পুনর্ব্বার পীড়িত হয় এই রূপ ভাবিয়া কর্ত্তব্য পটু স্ত্রীলোক সকলকে আলোচনার জন্য ডাকিয়া ছিলেন। সেই বরাঙ্গনাগণও গদাধরের বিবাহের জন্য বিশেষ ভাবে বলিয়াছিলেন। ৩।৪

গদাধরকে শীঘ্র শীঘ্র পত্নী যুক্ত কর। বিবাহযোগ্য পুত্রের বিবাহ না দিলে সংসারিক বুদ্ধি ভালভাবে হয় না। বিবাহ দিলে বায়ুরোগও ভাল হইবে। ইহাই আমাদিগের যথার্থ শুভদায়ক মত। ৫।৬

एवमस्मन्मतं देवि सुहृदं शुभदायकं।
नानामिषं मनःपूता वाचयन्ती मनस्विनी ॥ ७
श्रुत्वा मध्यम पुत्रेण सहोदाहे समुत्सुका।
गदाधरो यदि ज्ञात्वा स्व विवाह विनिश्चयं ॥ ८
ज्ञात्वा मतान्तरं बाधां प्रदास्यतीति शङ्कया।
स्थिरीकृते तु सम्बन्धे न किञ्चिदनुमर्हति ॥ ९
तस्मात् संगोपनं मात्रा कृतं पुत्र विसर्जनं।
एकेन दिवसेनैव तदभूत् सुविनिश्चितम् ॥ १०
तदा श्रीहृदयरामो दक्षिणेश्वर मन्दिरात्।
प्रत्यागतो मातुलस्य वार्त्तां विज्ञातुमात्मना ॥ ११
सन्नीपे मातुलो दृष्ट्वा हृदयं प्राह सस्मितं।
धरं हृदु किं शृणोषि वार्त्तामतितरां शुभां ॥ १२

According to the advice of the wise ladies, Chandra Devi discussed the matter with her second son, and made up her mind to get Gadadhar married. She however, thought it wise not to disclose the matter to Gadadhar before the negotiation was *finally settled. On that* very day Hridayram came to Kamarpukur from Dakshineswar to see his uncle. He was first seen by Gadadhar who at once said to him with a

laugh, "Oh Hridu have you heard the good news ? Every effort is being made to get me married." 7 to 12

বঙ্গানুবাদ :—

সেই সকল স্ত্রীলোকের মন্তব্য শুনিয়া চন্দ্রাদেবী মধ্যম পুত্র রামেশ্বরের সহিত আলোচনা করিয়া গদাধরের বিবাহ দেওয়া কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছিলেন। ৭

কিন্তু গদাধর যদি নিজের বিবাহ জানিতে পারিয়া অসম্মতি প্রকাশ করে অথবা বাধা দেয় তজ্জন্য আমরা এক প্রকার স্থির করিলে আর কিছু বলিতে পারিবে না। ৮।৯

এইরূপ জল্পনা কল্পনা করিয়া চন্দ্রাদেবী যে সকল পরামর্শ অত্যন্ত গোপন করিয়াছিলেন। গদাধরই সেই সকল যুক্তির সুমীমাংসা করিয়াছিলেন। ১০

অর্থাৎ এই সময়ে হৃদয়রাম মাতুলের শুভাশুভ সংবাদ লইবার জন্য কামারপুকুরে মাতুলের গৃহে আসিলে সর্ব্বাগ্রে গদাধর হৃদয়রাম ভাগনেয়কে দেখিয়া হাস্য করিয়া বলিয়াছিলেন।

ওরে হৃদু তুই কি শুনিয়াছিস একটি অতিশয় শুভাবহ কথা। ১১।১২

सर्व्वैर्मम विवाहार्थं महोरात्रं विचेष्टितं।
एकामपि सुकन्यान्तु प्राप्नुवन्ति न ते क्वचित्॥ १३
प्राप्या वा कथमेतै र्हि सा कन्या यत्र विद्यते।
जयरामवाटो ग्राम वास्तव्याति महाशय॥ १४
रामचन्द्र देवशर्म्मा मुखोपाध्याय पुत्रिका।
षड्वर्षीया सारदाख्या सा मे भार्य्या भविष्यति॥ १५

मनोवचनयो र्वांछान्तद्वाक्यं मातुलास्यतः ।
श्रुत्वा श्रीहृदयरामः क्षणं वाक्शून्यतां गतः ॥ १५
योषित् सङ्गो मातुलस्य यादृशो दक्षिणेश्वरे ।
दृष्टो हृदयरामेन तस्यै वेदृक् सुभाषणम् ॥ १६
अद्यापि व्यवहारः स नेत्रयोः प्रतिभाति मे ।
अस्याद्भूत मातुलस्य कोदमद्भूत भाषणम् ॥ १७
केवलं स्व विवाहेऽस्य मानिच्छा विद्यते ध्रुवं ।
भाविन्या सहधर्म्मिण्या गदितं प्राप्तिकारणम् ॥ १८

"But no girl has been found to be suitable. How can they find the bride if they do not go to the place where she lives? The six-year old girl, named Saroda, who is the daughter of Ramchandra Mukhopadhyaya of the village of Jayrambati, will be my wife." Hriday, who could distinctly remember the attitude of his uncle to women folk at Dakshineswar, could not imagine such words from him. 13 to 18

বঙ্গানুবাদ :—

অর্থাৎ এখানে সকলেই আমার বিবাহের জন্য দিবারাত্র বহুতর চেষ্টা করিয়াও কোথাও একটি ভাল মেয়ে পাইতেছে না। ১৫

কি করেই বা পাবে সেই কন্যা যেখানে আছে বলছি শোন জয়রাম বাটী গ্রামে খুব ভাল লোক রামচন্দ্র মুখুজ্যের মাত্র ছ বছর বয়সের একটি কন্যা সারদা নামে আছে। সেইটিই আমার স্ত্রী হইবে। আমার জন্যই সেই মেয়েটিকে খুঁটো বেঁধে রেখেছে।
১৪।১৫

মাতুলের মুখে বাক্য মনের অতীত সেইরূপ কথা শুনিয়া হৃদয়রাম মুখে কথা বলিতে না পারিয়া মনে মনে ভাবিয়াছিলেন যে এই মাতুলের দক্ষিণেশ্বরে স্ত্রীলোকের সহিত যেরূপ ব্যবহার আজ পর্য্যন্ত ঠাকুরের সেই সকল ব্যবহার আমার চক্ষের সামনে ভাসচে। সেই মাতুলের মুখে এইরূপ কথা ইহা বড় আশ্চর্য্যের বিষয়। ১৬।১৭।১৮

ततः साधारणजने वार्तेयं सुप्रचारिता ।
चतुर्दिक्षु ततस्तस्याः कन्याया मार्गणे कृते ॥ २०
गव्यूति मात्रे जयरामवाटी
ग्रामे हि कामारपुरात् स्वधामात् ।
श्रीरामचन्द्रस्य सुतास्ति काचि
दिव्यं व्यजानीत गदाधराम्बा ॥ २१
वयसा षड्वर्षमिता सुरूपा सत्कुलोद्भवा ।
सम्वादमिममश्रौषीज्जननी पुत्रवत्सला ॥ २२
संसारवैराग्ययुतस्य साधोः पुत्रस्य वैवाहिक बन्धनार्थं ।
मात्रा तथा तत् स्वजनादिभिश्च कन्या युवत्येव सुकाङ्क्षणीया ॥ २३

Hriday understood that Gadadhar was not only willing to marry but also speaking of the way to get the bride. However Chandra Devi got the news of the bride, the daughter of Ramchandra at Joyrambati. Even though a grown-up girl was desired by all to attract Gadadhar to family life, all agreed to marry Gadadhar to this six-year old girl in view of Gadadhar's forecast and Chandra Devi's willingness. 19 to 28

বঙ্গানুবাদ :—

কেবলমাত্র নিজের বিবাহেচ্ছাপূর্ণ মত আছে তাহা নয় ভাবী পত্নী কোথায় আছে তাহাকে কিরূপে পাওয়া যাইবে তাহাও বলিতেছেন। ১৯

ইহাও অত্যাশ্চর্য্য পরে সকলে এই কথা জানিয়াছিল যে গদাধরের বিবাহ বিষয়ে নানা প্রকার চেষ্টা হইতেছে। গদাধরের মাতা এবং আত্মীয় সকল বহুস্থানে অনুসন্ধান করিয়া অবশেষে অবগত হইল যে কামারপুকুরের দুই ক্রোশ দূরে জয়রাম বাটী নামক গ্রামে সদাচারী সদ্গুণান্বিত সুপণ্ডিত মুখ্য কুলীন রামচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের একটি ষড়বর্ষ বয়স্কা সুরূপা সদ্গুণবতী সুকুমারী কন্যা আছে। এই সংবাদটি মাতা চন্দ্রাদেবী শুনিয়াছিলেন। ২০।২১।২২

সংসার বিরাগী সাধু পুত্রের বিবাহ বন্ধনার্থে যুবতী কন্যাই আত্মীয়গণের প্রার্থনীয়। কিন্তু এইরূপ অবস্থায় সাধু পুত্রের দাদা ও মাতা চন্দ্রাদেবীর ইচ্ছা বশতঃ ষষ্ঠ বর্ষা ঐ কথাটিকেই সকলেই মনস্থ করিয়াছিলেন ২৩

किन्त्वयदिच्छन् सुतस्य चापरं स्वयं स्वकीयानुभवादि माया।
एकान्ततत्त्वात्पदयाय कन्या निर्धारिता सम्र सदैव सर्व्वैः ॥ २४
घट्‌पदाधिकारिविराजमान मानि मेय मती रथो।
गुणी मारदया देव्या रामचन्द्र मिश्रस्य च ॥ २५
गदाधरस्य सम्पन्नो दारकर्म्ममहोत्सवः।
माघमासेऽपमार्थ्य शुभा वैवाहिकी क्रिया ॥ २६
दापना भुन्दभी शब्दैः स्तोत्रैः परिपूरिता।
कामारकुरस्थाना महामोदोद्भमूलदा ॥ २७

मध्यलीलायां १०म अः।

भूतः पाणिग्रहस्तस्य चतुर्विंश वयःक्रमे।
विवाहात् परतस्तत्रैकोनविंशति संख्यकान्॥ २८
मासान् समवसद्योगी कामारपुकुरे महान्।
सुसम्पन्नाभगवतः शुभा वैवाहिकी क्रिया॥ २८

The marriage ceremony was held in the month of Vaisakh of the Bengali year 1266. The extravagance on this occasion was enormous. The din and noise of the festivity on this occasion filled the entire village of Kamarpukur. Gadadhar was married at the age of twenty-four, and stayed at Kamarpukur for one year seven months after his marriage.
24 to 29

বঙ্গানুবাদ :—

সন ১২ শত ৬৬ সালে বৈশাখ মাসে বৃহস্পতিবারে শারদীয় চন্দ্র সদৃশ গদাধরের সারদা দেবীর সহিত বিবাহ কার্য্য সুসম্পন্ন হইয়াছিল।

যে ভাবে বিবাহ কার্য্য হইয়াছিল তাহা সাধারণের সাধ্যের অতীত। ২৬

অর্থাৎ দাও, খাও, নাও, ইত্যাদি শব্দে—কামার পুকুর ও জয়রাম বাটীস্থ লোক সকলের ঐরূপ শব্দে পরিপূর্ণ হইয়াছিল।

বিশেষতঃ কামার পুকুর নিবাসী জনগণের অত্যন্ত আনন্দ হইয়াছিল। ২৭

২৪ চব্বিশ বৎসর বয়সে গদাধরের বিবাহ কার্য্য সুসম্পন্ন হইয়াছিল। মহাযোগী গদাধর বিবাহের পর ১ বৎসর ৭ মাস পর্য্যন্ত কামার পুকুরে ছিলেন। ২৮।২৯

मध्यलीलायां १०म अः ।

श्रीमती शारदादेवी सप्तवर्षवयःक्रमे ।
कुलप्रथानुसारेण श्वशुरस्य च सद्मनि ॥ ३०
द्विरागमनरूपेणागता पितृगृहाद् यदा ।
तदा स पुनरागत्य दक्षिणेश्वर मन्दिरे ॥ ३१
ठाकुरो भवतारिण्याः पूजाकार्येऽभवद्रती ।
ततः कतिपयाहःसु गतेष साधको महान् ॥ ३२
पुनस्तन्मयतामाप बाह्यज्ञान विनाशिनीं ।
न माता नात्मजः पत्नी न देशो ग्राम एव वा ॥ ३३
तत्सर्वं तन्मनोमध्ये न किञ्चिदवभासते ।
सच्चिन्मय्याः साधनेयमेकिकस्तत्र गोपिका ॥ ३४
ब्रह्मादिस्तम्ब पर्यन्त सर्वासुजीवजातिषु ।
ब्रह्ममय्याः स्वरूपं मे कथमिन्द्रिय गोचरं ॥ ३५

When Sarada Devi came to her father-in-law's house at the the age of seven years Gadadhar went to Dakshineswer and resumed his holy services to the goddess Bhavatarini. After some days he again lost all sense of reality of this physical world including his own mother, wife, village and animate or inanimate obects. He now breathed only to see the Goddess with his own eyes. 30 to 35

বঙ্গানুবাদ

বঙ্গানুবাদ :—

বিবাহের এক বৎসর পরে সারদা দেবী সাত বৎসর বয়সে কুল প্রথানুসারে দ্বিরাগমন সময়ে স্বামী গৃহে যখন আসিয়া ছিলেন

মধ্যলীলায়াং ১০ম অঃ।

ঠিক সেই সময়ে ঠাকুর দক্ষিণেশ্বরে প্রত্যাগমন পূর্ব্বক পুনরায় ভবতারিণী কালিকার পূজা কার্য্যে যোগদান করিয়াছিলেন। ৩০।৩১

তাহার পর কিছু দিন গত হইলে মহা সাধক গদাধর পুনর্ব্বার পূর্ব্বের মত বাহ্য জ্ঞান বিলোপিকা তন্ময়তা বা নির্ব্বিকল্প সমাধি প্রাপ্ত হইয়াছিলেন।

যাহাতে সেই মহাযোগীর মনো মধ্যে মাতা ভ্রাতা, পত্নী, গ্রাম ইত্যাদি কোনটিই স্থান পাইয়া ছিল না। ৩২

সচ্চিদানন্দময়ী কালীর সাধনাই ইহ জগতের সমস্ত ভুলাইয়া দেয়। ৩৩

এমন কি ব্রহ্মাদি তৃণ গুচ্ছ পর্য্যন্ত যাবদীয় জীব সকলের বিদ্যমানতা বিলীন হয়। ব্রহ্মময়ীর স্বরূপটি আমার সর্ব্বদা কিরূপে প্রত্যক্ষ হইবে এই সম্বন্ধে ঠাকুরের সর্ব্বদাই মহা চিন্তা উপস্থিত হইয়াছিল। ৩৪।৩৫

भवेत्तत्र महाचिन्ता ठाकुरस्यैव सर्व्वदा।
सदा पुण्यवती राज्ञी गङ्गायां दक्षिणेश्वरे॥ ३६
ध्यायन्ती भवतारिण्याः पादपद्मयुगं मुदा।
स्वं इष्टमन्त्रं जपन्ती सा चरमश्वसितावधि॥ ३७
पश्यन्ती परमानन्दस्वरूपं रूपमव्ययं।
भीषान्तकालवद्राज्ञी तद्रूपं ठाकुरस्य च॥ ३८
साश्रुनेत्रा रासमणिर्नश्वरं तं कलेवरं।
त्यक्त्वासा भगवल्लोकं पुनःरावृत्तिवर्जितं॥ ३९
परलोकं गतायान्तु रासमण्यां तदाभवत्।
मथुरः सर्व्वतोऽधीशस्तस्य देवालयस्य हि॥ ४०

মধ্যলীলায়াং ১০ম অঃ।

ততস্তৈমাদিত্যবর্ষান্ তাতাঙ্ঘ্রি পরিচর্য্যয়া।
ঐকান্তিক্যা মুদ্রভক্ত্যানন্তপুণ্যমুপার্জিতং ॥ ৪১

At this time Rani Rasmani left this mortal world. Mathurnath now became the all in all in the mangement of the temples, and rendered his services for twelve years. 36 to 41

বঙ্গানুবাদ ঃ—

সেই সময় পুণ্যবতী রাণী রাসমনি ভবতারিণীর চরণ যুগল চিন্তা পূর্ব্বক নিজ ইষ্টমন্ত্র জপ করিতে করিতে ভীষ্মের দেহত্যাগের মত ঠাকুরের সচ্চিদানন্দ স্বরূপ ভগবানের মূর্ত্তি দর্শন করিতে করিতে নশ্বর পাঞ্চভৌতিক দেহের শেষ নিঃশ্বাস পরিত্যাগ করিয়া পুনরাবৃত্তি বর্জিত বিশুদ্ধ ভগবত্তুল্য সচ্চিদানন্দময় দেহ লাভ করিয়া ভগবানের ধামে গমন করিয়া ছিলেন। ৩৭।৩৮।৩৯

রাণী রাসমণির পরলোকে গমনের পর মথুরানাথই দেবালয়ের সর্বময় কর্ত্তা হইয়াছিলেন। ৪০

তৎপরে মথুরানাথ একান্ত ভক্তি সহকারে বাবার পাদ সেবা প্রায় ১২ বৎসর কাল করিয়া অনন্ত পুণ্য উপার্জন করেন। ৪১

তত্রৈ কাযর্যং ঘটনা রাজ্ঞ্যাঃ স্বর্গগমাত্ পরং।
ঘটিতা ভৈরবী দেব্যা আবির্ভাবোত্সবাত্মিকা ॥ ৪২
যস্যাঃ সাহ্যং ন পূর্ণাসীত্ সাধনা সিদ্ধযোগিনঃ।
আবির্ভূতা মহাদেবী ভৈরবী ভূতিদায়িকা ॥ ৪৩
একদাহদ্মুর্খো পুষ্পোদ্যানে যোগী গদাধরঃ।
পুষ্পানাং চয়নং কুর্ব্বন্নপশ্যত্তরণীং শুভাং ॥ ৪৪

मध्यलीलायां १०म अः।

बकुलतल घट्टे सावकाशा नाविकेन च हि।
तत्रैका सुन्दरी ह्येका नारी भैरववेशिनी ॥ ४५
तप्तकाञ्चन वर्णाभा जटामण्डलमण्डिता।
ललाटे दीर्घ सिन्दूर तिलकेन च दीपिता ॥ ४६
शूलेन भूषिता सव्ये करे दक्षेऽक्षमालया।
नौकाया अवतीर्यैव दक्षिणेश्वर मन्दिरे ॥ ४७

During this time, the appearance of Bhairavi Devi at Dakshineswer was a remarkable event. She helped Gadadhar to attain the ultimate end of his spiritual striving. One morning, as Gadadhar was plucking flowers in the garden on the bank of the Ganges, he found a very beautiful woman with very fair complexion, having matted hair on her head, broad marks of vermilion on her forehead, a three-pronged spear in her left hand, and a thread of holly beads in her right, alight from a boat and proceed to the temple with slow and heavy steps. 42 to 47.

বঙ্গানুবাদ :—

এবং সেই সময়ে ভৈরবী ব্রাহ্মণীর আবির্ভাব রূপ একটি অত্যাশ্চর্য্য মহোৎসব ঘটনা ঘটিত হইয়াছিল। ৪২

যে ভৈরবীর সাহায্যে দিব্য যোগী ঠাকুরের সাধনা সম্পূর্ণ হইয়াছিল। সেই সর্ব্ব শক্তিশালিনী মহাদেবী ভৈরবী দক্ষিণেশ্বরে আবির্ভূতা হইয়াছিলেন। ৪৩

মধ্যলীলায়াং ১০ম অঃ।

ঘটনার বিবরণ এইরূপ একদিন খুব সকালে গঙ্গাতীরে ফুলের বাগানে ঠাকুর ফুল তুলিতে তুলিতে দেখিলেন একটি নৌকা ক্রমশঃ বকুল তলার ঘাটে মাজি অর্থাৎ নৌকা চালক নৌকাটি বাঁধিয়া রাখিল। ৪৪।৪৫

সেই নৌকার মধ্যে তপ্ত কাঞ্চন বর্ণ জটাজুট ধারিণী ললাটে সুদীর্ঘ সিন্দুরের তিলক বাম হস্তে ত্রিশূল দক্ষিণ হস্তে রুদ্রাক্ষমালা ভৈরবী বেশ ধারিণী একটি রমণী বসিয়া আছেন। ৪৬

তিনি নৌকা হতে নামিয়া দক্ষিণেশ্বরের মন্দিরের দিকে চাহিয়া সেই গজ গামিনী দেবী মন্দিরের দিকে যাইতে আরম্ভ করিলেন। ৪৭

अवलोक्य तदा देवी चलिता गजगामिनी ।
चत्वारिंशद्वर्षमिता यद्यपि वयसाधिका ॥ ४८
तथापि ब्रह्मचर्यस्य प्रभाववशतः सदा ।
युवत्याः पूर्णसौन्दर्यं शरीरे प्रतिभाति हि ॥ ४९
तामेवमवलोक्यैव महायोगी गदाधरः ।
एषा कापि ममात्मीया मिलिता दक्षिणेश्वरे ॥ ५०
त्यक्त्वोद्यानं विचिन्त्यैवं प्रविश्य स्वालयं मुदा ।
प्रोवाचाहूय हृदयं गच्छ देवालयं द्रुतं ॥ ५१
तत्रैका भैरवी देवी दर्शनार्थं समागता ।
तामानय सम्मानं मदीये क्षुद्र वेश्मनि ॥ ५२
मातुलस्यादिमां वार्त्तां श्रुत्वा श्रीहृदयस्तदा ।
परिप्लुतो विस्मयाब्धौ मनस्येतदचिन्तयत् ॥ ५३

Even though she was forty to forty-two year old, she looked youthful by virtue of her holy practices and austerities. Gadadhar took her to

be one of his relatives. He came back to his cottage and asked Hriday to hasten to the temple and bring the Bhairavi to his cottage. At this Hriday became greatly surprised and mused in himself. 48 to 53

বঙ্গানুবাদ :—

যদিও ভৈরবীর বয়স ৪০/৪২ বৎসর তথাপি তাঁহার ব্রহ্মচর্য্য বশতঃ তাঁহার দেহে যুবতীর পূর্ণ সৌন্দর্য্য লক্ষিত হইতেছিল। ৪৮।৪৯

এইরূপ দেখিয়া মহাযোগী গদাধর ভাবিলেন ইনি বোধ [illegible] আমার কোন আত্মীয় হইবেন। ইনি দক্ষিণেশ্বরে আমার আমার সহিত সাক্ষাৎ করিবার জন্যই আসিয়াছেন। ৫০

তৎপরে মহাযোগী পুষ্পোদ্যান পরিত্যাগ পূর্ব্বক নিজ ভবন কুটীরে আসিয়া হৃদয়রামকে বলিয়াছিলেন ওরে হৃদু তুই শীঘ্র মন্দিরে যা! ৫১

মন্দিরে একটি ভৈরবী আমার দর্শন জন্য আসিয়াছেন। সেই ভৈরবী দেবীকে সসম্মানে আমার এই কুটীরে। ৫২

কুটীরে লইয়া এস। মাতুলের মুখে এইরূপ কথা শুনিয়া হৃদয়রাম বিস্ময় সাগরে নিমগ্ন হইয়া মনেমনে এইরূপ ভাবিয়াছিলেন ৫৩

जहाति मातुलो यो मे नारीसङ्गं भुजङ्गवत्।
स एव भैरवीं नारीं सगृहं नेतुमिच्छति ॥ ५४
एवमसौ मातुलं दैवमुवाच संशयान्वितः।
आहूता भैरवी देवी कथमत्र गमिष्यति ॥ ५५

गदाधरोऽपि हृदय मुक्तवां स्तत्क्षणादिति ।
मन्नाम श्रवणादेव त्वरयात्रागमिष्यति ॥ ५६

एवं सा भैरवी वचनैः पृच्छतो हृदयस्य च ।
गदाधरालयं प्राप्य दृष्ट्वा तं विस्मिता सती ॥ ५७

स्नेहप्लुतस्वरेणैव प्रोवाच सहसा सुखं ।
त्वमत्र वर्त्तसे तात न जानामि कथञ्चन ॥ ५८

कृते तवानुसन्धाने न प्राप्तमपि दर्शनं ।
श्रुत्वा गदाधरोऽप्याहु महार्त्ता भवसुन्दरि ॥ ५९

"How is it that my uncle who avoids all women like snakes desires to have the Bhairavi in his cottage". He hesitated and said, "Why should she come here at my request?" Gadadhar replied, "She will hasten to this place on hearing my name." Bhairavi followed Hriday and came into the cottage. She became surprised to see Gadadhar and said, "you are here and I did not know it. I travelled far and wide to meet you but could not trace your where abouts. 54 to 59

বঙ্গানুবাদ :—

যে মাতুল নারী সঙ্গকে কাল সর্পের মত ত্যাগ করেন তিনি এই ভৈরবীকে নিজ কুটীরে আসিবার জন্য বলিতেছেন। ৫৪

এইরূপ সন্দেহ যুক্ত হৃদয়রাম মাতুলকে বলিয়াছিলেন ভৈরবী দেবীকে ডাকিলেই বা তিনি কেন এখানে আসিবেন। ৫৫

এই কথা শুনিবা মাত্র তৎক্ষণাৎ ঠাকুর হৃদয়কে বলিয়াছিলেন।

মধ্যলীলায়াং ১০ম অঃ।

ভৈরবী দেবী আমার নাম শুনিবা মাত্র শীঘ্রই এই স্থানে আসিবেন। ৫৬

এইরূপ ভাবে সেই ভৈরবী দেবী হৃদয়ের পশ্চাৎ পশ্চাৎ আসিয়া ঠাকুরকে কুটীর মধ্যে দর্শন পূর্ব্বক আশ্চর্য্যান্বিতা হইয়া সহসা স্নেহ সম্বলিত স্বরে বলিয়াছিলেন বাবা ! তুমি এখানে আছ আমি তাহা জানিতে পারি নাই। ৫৭।৫৮

তোমার অনুসন্ধান করিয়া ও কোথাও পাই নাই। ৫৯

জ্ঞাতা त्वया कथं मातः कथ्यतां भक्तवत्सले ।
भैरव्युवाच भोः पुत्र भवद्भिः साधकै स्त्रिभिः ॥ ६०
सम्मेलनार्थमादिष्टा प्रागेव जगदम्बया ।
पूर्व्ववङ्गेषु द्वाभ्यां हि पूर्व्वं सम्मिलितं मया ॥ ६१
अद्याहं त्वां प्रपश्यामि दक्षिणेश्वर मन्दिरे ।
जगदम्बेच्छया मेऽद्य फलितं चिरकाङ्क्षितं ॥ ६२
ततो गदाधरो भक्त्या भैरव्याः सविधेवसन् ।
जनन्याः स्नेहमय्यास्तु सविधे बालको यथा ॥ ६३
सानन्दं प्रभवो वार्त्तामवदद्दहुरूपतः ।
यद्रूपां स्वस्यमनसो ये भावाः साधनोत्थिताः ॥ ६४
ऐश्वरीय प्रसङ्गेन बाह्यज्ञानविलुप्तता ।
गात्रदाहो विनिद्रा च दर्शनाद्यप्यलौकिकं ॥ ६५

Bhairabi said, "I had to visit three holy men at the behest of Goddess Jagadamba. I have already met two of them, in East Bengal. To-day I see you here at Dakshineswar and complete my mission. Gadadhar frankly talked with her like a child with his mother. He told her all about

his moods and feelings, loss of sense of physical reality while meditating, burning sensation on skin, sleeplessness, and unearthly visions.

60 to 65

বঙ্গানুবাদ :—

ভৈরবী বলিয়াছিলেন বাবা তোমার মত তিনটি সাধকের সহিত সাক্ষাৎ করিবার জন্য মা জগদম্বা অর্থাৎ আমার ইষ্ট দেবী বহু পূর্বে আদেশ করিয়াছিলেন তন্মধ্যে দুইটি সাধকের সহিত পূর্ববঙ্গে পূর্বেই সাক্ষাৎ করিয়াছি। ৬০।৬১

আজ আমি এই দক্ষিণেশ্বরে তোমাকে সাক্ষাৎ করিতেছি। জগদম্বার ইচ্ছায় আজ আমার বহু দিনের আশা পরিপূর্ণ হইল।

৬২

তৎপরে বালক পুত্র যেমন স্নেহময়ী মাতার নিকটে বসিয়া থাকে গদাধর সেই মত ভক্তি পূর্ব্বক ভৈরবীর নিকটে বসিয়া আনন্দের সহিত মানসিক ব্যাপার বহুরূপে বলিয়াছিলেন। ৬৩

যে সকল সাধন সমুদ্ভূত ভাব মনো মধ্যে উদ্দিত হয় অর্থাৎ ভগবৎ প্রসঙ্গে বাহ্য জ্ঞান শূন্যতা গাত্র দাহ নিদ্রা ত্যাগ অলৌকিক দর্শন শারীরিক বিকার ইত্যাদি যে সকল ভাব অনুভূত হয় সেই সকল অবস্থা বলিয়াছিলেন। ৬৪।৬৫।৬৬

বিক্রিয়াশ্চ শরীরস্যানুভূতাঃ প্রত্যহঞ্চ যাঃ।
সর্ব্বমেতত্তৎসমীপে প্রকটীকৃতবান্ স:॥ ৬৬

পরন্তু সাগ্রহং সাধুঃ পৃষ্টবান্ তাং পুনঃ পুনঃ।
ভো মাতঃ কিময়ং ভাব উন্মাদস্যৈবলক্ষণং॥ ৬৭

মধ্যলীলায়াং ১০ম অঃ।

कालिकाराधनात् किं मे महाव्याधिरुपस्थित.।
स्वरूपमस्य देवि त्वं प्रकटी कुरु पावने ॥ ६८
गदाधरस्य कुर्व्वत्यास्तत्तद्भाव श्रवं यदा।
नानाभावस्याविर्भावो भैरव्या सम्बभूवह ।६९

'Gadadhar anxiously asked her, "Mother, do you think that these' are all due to my insanity? Will my worship of Goddess Kalika make me mad? Please tell me what it is." Bhairabi was thrilled to hear all this. 66 to 69

বঙ্গানুবাদঃ—

পরন্তু ঠাকুর অতিশয় আগ্রহের সহিত বলিয়াছিলেন হে মাতঃ আমার এই সকল ভাব কি পাগলের লক্ষণ। ৬৭

কালিকার আরাধনা বশতঃই কি আমার এই মহারোগ উপস্থিত হইয়াছে। হে মাতঃ ইহার প্রকৃত তথ্য প্রকাশ করিয়া আমাকে ধন্য করুন। ৬৮

গদাধরের এই সকল অবস্থার বিষয় যে সময়ে ভৈরবী শুনিতে ছিলেন। সেই সময় ভৈরবী দেবীর নানা ভাবের আবির্ভাব হইয়াছিল। ৬৯

कदा वोन्नजनाभावः कदा वोन्नासम्भवः।
स्नेहमय्या जनन्या वा कदापि चेष्टित सिव ॥ ७०
गदाधरं समाश्वास्य प्रोवाच भैरवी ततः।
त्वां ते वदन्ति प्रोन्मत्तं तात त्वां न विदन्ति ये ॥ ७१
उन्मत्तस्य दशा नेयं महाभावस्य लक्षणं।
सोऽयं गुड महाभावस्त्वय्येव वर्त्ततेऽधुना ॥ ७२

ग्राम्याः साधनहीना ये दारोदारपरायणाः ।
कथं जानन्ति ते मूढाः संसार बन्धवर्त्तिनः ॥ ७२
वृन्दावने राधिकायास्तवतुल्याभवद्दशा ।
श्रीकृष्णचैतन्यप्रभोर्द्वयोर्ष घटिता तथा ॥ ७४
भक्तिशास्त्रे विलिखिता तच्छास्त्रं विद्यते मम ।
त्वामहं दर्शयिष्यामि दृष्ट्वा त्वं शान्ति मेष्यसि ॥ ७५

She felt excited, cheerful, affectionate and sympathetic. At last she consoled him saying, "Those who do not know you, call you mad. These indicate that Divinity has dawned upon you. Those who are uneducated, devoid of all penance and self centred, are quite incapable of realising your greatness. Only Shri Radhika in Brindavana, and Shri Krishna Chaitanya attained that stage where you are. It is all laid down in the holy books of Devotion which will give you great satisfaction and peace of mind when I shall show them to you. 70 to 75

বঙ্গানুবাদঃ—

কোন সময় ক্রোধ ভাব কোন সময় উল্লাস ভাব বা কখন ও স্নেহময়ী জননীর মত বাৎসল্য ভাব হইয়াছিল। ৭০

তৎপরে ভৈরবী দেবী গদাধরকে আশ্বাস বাক্যে সন্তুষ্ট করিয়া বলিয়াছিলেন হে পুত্র তোমাকে যাঁহারা জানেন নাই তাঁহারাই পাগল বলেন।

এই সকল ভাব পাগলের লক্ষণ নয় ইহা মহা ভাবের লক্ষণ

কেবল মাত্র তোমাতেই এই সকল বিশুদ্ধ ভাবের লক্ষণ উদিত হইয়াছে। ৭১।৭২

সাধন ভজন হীন দারোদর পরায়ণ মূঢ় জনগণ কিরূপে এই সাধন লভ্য ভাব সকল বুঝিবার জন্য সমর্থ হইবে। ৭৩

বৃন্দাবনে কৃষ্ণকান্তা শ্রীমতী রাধিকার তোমার মত ভাব হইয়াছিল। এবং শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু ভগবান শ্রীগৌরাঙ্গ দেবেরও তোমার মত অবস্থা হইয়াছিল। ৭৪

এই সকল মহাভাবের লক্ষণ ভক্তি শাস্ত্রে বিশেষভাবে বিবৃত আছে। সেইসকল শাস্ত্র আমার নিকটেই আছে। তোমাকে দেখাইব দেখিয়া তুমি শান্তিলাভ করিবে। ৭৫

> যে গোপস্য্য ভক্তিমন্তো নারদ প্রমুখাঃ যুতাঃ।
> সর্ব্বেষা মেব তেষাং বৈ দৃষ্টাস্ত সুবিনিশ্চিতাঃ ॥ ৭৬
> তয়োঃ সংবদতো রেব প্রায়শোর্দ্ধ দিনং গতম্।
> সমীপে ভৈরবী দেব্যাঃ ক্ষুদ্র পেটিকা সন্নিভঃ ॥ ৭৭
> বস্ত্রবন্ধন মধ্যেতু ধর্ম্মগ্রন্থ সমুচ্চয়ঃ।
> বিদ্যতে সাধকবরৈ রীপ্সিতো বহু যত্নতঃ ॥ ৭৮
> কণ্ঠে শালগ্রামশিলা বস্ত্রবদ্ধাতি শোভনা।
> ততঃ সা ভৈরবী দেবী দক্ষিণেশ্বর মন্দিরে ॥ ৭৯
> অবস্থিতা যোগযুতা পূজায়ান্তু মনোদধে।
> তদা হৃদয় মাহূয় প্রোবাচ শ্যামগদাধরঃ ॥ ৮০
> ভোজার্থং ভৈরবী দেব্যা সঘৃতং তণ্ডুলাদিকং।
> ভাণ্ডাগারাৎ সমানীয় তত্র দেয়ং সত্বরং ॥ ৮১

"Great devotees like Gopikas, Narada and *Uddhava etc. had all these feelings."* As they

মধ্যলীলায়াং ১০ম অঃ।

ভোগদ্রব্যং সব্যঞ্জনং রঘুবীরায় ভক্তিতঃ।
সানন্দং সন্নিবেদ্যাথ নিমীল্য নয়নদ্বয়ং ॥ ৮২
সহসা হৃৎপদ্ম মধ্যে স্ফুরিতং ভাব গোচরম্।
গদাধরং সমালোক্য তদ্রূপে ন মহোৎসবে ॥ ৮৪
নির্বিকল্প সমাধিং সা প্রাপ যোগেশ্বরী তদা।
প্রেমাশ্রুধারয়া পূর্ণা তস্থৌ স্থাণুরিবাচলা ॥ ৮৫
এতস্মিন্নন্তরে তত্র মহাযোগী গদাধরঃ।
দ্রুতং মত্ত ইবাগত্য ভোগদ্রব্যস্য সম্মুখে ॥ ৮৬
উপবিশ্য সুখং ভুক্তং তদ্দ্রব্যং নির্বিকারতঃ।
ভগ্নে সমাধৌ দদৃশে চক্ষুরুন্মীল্য ভৈরবী ॥ ৮৭

Hriday did so. Bhairabi cooked the rice and curry. Then she sat with her eyes shut to offer them to *God Raghubir*. *In her meditation* she saw Gadadhar shining with divine glory. Tears of joy glided down her cheeks and she remained unconscious for some time. In the meantime Gadadhar appeared on the spot and set himself to eat the rice and curry with great pleasure.

82 to 87

বঙ্গানুবাদ :—

মাতুলের আদেশ মত হৃদয়রাম তৎক্ষণাৎ সেই সকল দ্রব্য ভৈরবীর নিকটে শ্রদ্ধা পূর্ব্বক দিয়াছিলেন ভৈরবী দেবী ও সেই সকল দ্রব্য লইয়া পাক ক্রিয়া সুসম্পন্ন করতঃ সাবধানে আনন্দের সহিত ভক্তি পূর্ব্বক সব্যঞ্জন ভোগ দ্রব্য রঘুবীর শিলার উদ্দেশে ভগবানকে নিবেদন করিয়া চক্ষুদ্বয় মুদ্রিত করতঃ সহসা হৃৎপদ্ম

মধ্যে প্রকাশিত ভাব বিগ্রহ গদাধরকে দর্শন করিয়া সেই দর্শনোৎসবে মত্ত হইয়া ভৈরবী দেবী নির্বিকল্প সমাধি লাভ করিয়াছিলেন। এবং সেই যোগেশ্বরী সেই সময় প্রেমাশ্রু ধারায় প্লাবিত হইয়া অচল কাষ্ঠ খণ্ডের মত স্পন্দন শূন্য অবস্থায় ছিলেন। ৮২।৮৩।৮৪।৮৫

ইত্যবসরে মদ মত্ত ব্যক্তির মত মহাযোগী গদাধর সেই স্থানে আসিয়া ভোগদ্রব্যের সম্মুখে বসিয়া অকুণ্ঠিত ভাবে আনন্দের সহিত সেই সকল ভোগদ্রব্য ভোজন করিতে ছিলেন। ৮৬

সমাধি ভঙ্গ হইলে ভৈরবী দেবী চক্ষুদ্বয় উন্মীলন পূর্ব্বক দেখিলেন স্বকীয় ইষ্ট দেবের উদ্দেশে প্রদত্ত ভোগদ্রব্য ভাবাবিষ্ট বাহ্যজ্ঞান শূন্য গদাধর ভক্তি পূর্ব্বক ভোজন করিতেছেন। ৮৭।৮৮

> স্বেষ্টদেবপ্রদত্তান্নমত্তি দেবী গদাধর:।
> ভাবাবিষ্টো বাহ্য জ্ঞানরহিতো বহুভক্তিতঃ॥ ৮৮
> উবাচ প্রকৃতিস্থঃ স স্বৈরাচারবিলজ্জিতঃ।
> ন জানামি কৃতোঽয়ং মে ভাবঃ স্বজ্ঞান বাধকঃ॥ ৮৯
> সমায়াতঃ কৃতস্তেন বিপরীতং ময়াখিলং।
> এবং বিক্ষুব্ধভাবেন সন্তপ্তং তং গদাধরং॥ ৯০
> ভৈরবী সা সমাশ্বাস্য সানন্দং প্রত্যুবাচ তং।
> ইদং সাধুকৃতং বৎস নানুষ্ঠিত মিদং ত্বয়া॥ ৯১
> মদন্তরে বর্ত্ত তে য স্তেনৈবেদং কৃতং ধ্রুবং।
> ধ্যানদৃষ্টং ময়া যন্তু তেন জ্ঞাতং বিশেষত॥ ৯২
> বাহ্য পূজা সমায়াত্য ন পুনস্তৎপ্রয়োজনং।
> কালেন তাবতায়ুষন্ যা পূজা চরিতা ময়া॥ ৯৩

When Bhairabi regained her sense and opened her eyes, she found Gadadhar taking

the rice and curry. Gadadhar at once felt ashamed for his apparent misconduct and said, "I do not know why I do such things which are condemned by all." On seeing Gadadhar afflicted with repentance Bhairabi consoled him saying, "It is all well done. It is not you but the one in you who has done it. I have realised this in my meditation. Such performance of outer worship is not necessary for me any more. What I had been doing so long is now accomplished and completed by your grace. 88 to 93

বঙ্গানুবাদ :—

তখন গদাধর নিজ কৃত অন্যায় আচরণে লজ্জিত হইয়া বলিয়াছিলেন আমি জানি না আমার কি জন্য এইরূপ জ্ঞান বিহীন অবস্থা কোথা হতে আসিয়া উপস্থিত হয়। যে ভাবে ভাবিত হইয়া এইরূপ বিরুদ্ধ আচরণ করি। ৮৯

এইরূপ ভাবে অনুতপ্ত ও দুঃখিত গদাধরকে ভৈরবী দেবী সন্তুষ্ট করিয়া আনন্দের সহিত বলিয়াছিলেন। বাবা এই কার্য্যটি তোমার অতি উত্তম হইয়াছে।

হে বৎস তুমি এরূপ কার্য্যের অনুষ্ঠান কর নাই। ৯০।৯১

তোমার অন্তরে যিনি বিরাজিত আছেন তিনিই এই কার্য্যটি করিয়াছেন। আমি ধ্যানস্থ হইয়া সমাধির অবস্থায় যাহা প্রত্যক্ষ করিয়াছি তাহাতেই বিশেষ ভাবে জানিয়াছি। ৯২

আজ আমার বাহ্য পূজার অবসান হইল আর আমার এমত পূজার আবশ্যক নাই। হে আয়ুষ্মন্ এযাবৎকাল আমি যে পূজার অনুষ্ঠান করিয়াছি। ৯৩

परिपूर्णं फलं तस्याः प्राप्तं भवदनुग्रहात् ।
एवमुक्त्वा तदा देवी भैरवी हृष्टमानसा ॥ ৫৪
गदाधर भुक्तशेषमन्नं संभुज्य यत्नतः ।
आचमनादिकं कृत्वा शुद्ध भावेन भामिनी ॥ ৫৫
साधनाधाररूपां श्रीरघुवीर शिलां तदा ।
पूजास्थानात् समुत्तोल्य धृत्वा तां करपद्मयोः ॥ ৫৬
आकण्ठ जलमग्ना सा गङ्गागर्भे न्यपातयत् ।
तद्दिनावधि सा देवी बाह्य पूजां समत्यजत् ॥ ৫৭

इति श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थ विरचिते श्रीश्रीरामकृष्णभागवते पारमहंस्यां संहितायां दक्षिण खण्डे भैरवी देव्याः समागमानन्तरं श्रीरामकृष्ण भैरवी संवादरूपो मध्यलीलाया दशमोऽध्यायः । मः१०मः ।

On saying this Bhairabi took gladly the remains of the meal left by Gadadhar. Then she entered into the water of the Ganges and immersed the holy stone. From that day onwards she gave up outer worship. 94 to 97

Here ends the tenth chapter of Madhyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha.

বঙ্গানুবাদ :—

আজ আমি তোমার অনুগ্রহে সেই সকল পূজার ফল সম্পূর্ণ রূপে পাইলাম। এই কথা বলিয়া সেই সময়ে সেই ভৈরবী দেবী আনন্দ মনে গদাধরের ভুক্ত অবশিষ্ট অন্ন ব্যঞ্জনাদি শ্রদ্ধা পূর্ব্বক ভোজন করিয়া আচমনাদি কার্য্যান্তে শুদ্ধভাবে ভক্তি পূর্ব্বক ভৈরবীর

মধ্যলীলায়াং ১০ম অঃ ।

সাধনার আধার স্থানীয়া সেই রঘুবীর শিলাটিকে পূজাস্থান হইতে উঠাইয়া লইয়া দুই হস্তে ধারণ পূর্ব্বক আকণ্ঠ জলমগ্না হইয়া গঙ্গা গর্ভে নিঃক্ষেপ করিয়াছিলেন।

এবং সেই দিন হইতেই সেই ভৈরবী দেবী বাহ্য পূজা পরিত্যাগ করিয়াছিলেন। ৯৪।৯৫।৯৬।৯৭

শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত রামকৃষ্ণ ভাগবতে ভৈরবী দেবীর দক্ষিণেশ্বরে আগমন, ভগবান শ্রীরামকৃষ্ণ দেবের সহিত সাধন বিষয়ে কথোপকথনাদি মধ্যলীলার দশম অধ্যায়ে বলা হইল। মঃ ১০ অঃ শেষ

মধ্যলীলায়াং ১১ম অঃ ।

दिनानि कतिचित्तत्र भैरवी देवतालये ।
स्थित्वा देवीमण्डलस्य घट्टे योगासनस्य सा ॥ १
प्रतिष्ठामकरोत्तस्य मन्दिरस्य च सन्निधौ ।
तस्या एवोपदेशेन महायोगी गदाधरः ॥ २
तन्त्रोक्त साधनयुक्तो बभूव भूरियत्नतः ।
ततः स परमानन्दं लेभेचैवं व्रते व्रती ॥ ३
साध्यस्य पुत्रतुल्यस्य योगिनो योगसिद्धये ।
साहाय्यं सुविशेषेण कृतवत्यति यत्नतः ॥ ४
मन्त्रसिद्धा शिक्षयित्री भैरवी स्तब्धतां गता ।
दृष्ट्वा साधकवर्यस्य तदलौकिक साधनम् ॥ ५
ये चान्ये साधका दुःखैः साधना क्रमभूमिकां ।
न समर्था विजेतुं यां प्राप्नुवन्ति परिश्रमैः ॥ ६

For some days Bhairabi stayed in the temple and thereafter set up an altar on the bank of the Ganges to perform tantric rites. Gadadhar

performed the rites and felt greatly blessed. Bhairabi helped him in performing these rites like his own mother. On seeing the uncommon performance of the rites by Sri Gadadhar, Bhairabi was greatly astonished. He was passing at ease through the stages which were rarely attained with utmost endeavour by others. 1 to 6

বঙ্গানুবাদ ঃ—

ভৈরবী দেবী মন্দিরের মধ্যে কিছুদিন থাকিয়া নিকটবর্ত্তী দেবী মণ্ডলের গঙ্গার ঘাটে একটি যোগাসন স্থাপন করিয়াছিলেন। গদাধর ভৈরবীর আদেশ মত দৃঢ় ভাবে তন্ত্রোক্ত সাধনে ব্রত হইয়াছিলেন। এবং সেই সাধনে পরমানন্দ পাইয়াছিলেন। ১।২।৩

ভৈরবীও পুত্রতুল্য গদাধরের যোগ সিদ্ধির জন্য যত্নের সহিত বিশেষ ভাবে সাহায্য করিয়াছিলেন। ৪

মন্ত্র শিক্ষা শিক্ষয়িত্রী মাতৃতুল্যা ব্রাহ্মণী ভৈরবী সাধক গদাধরের অলৌকিক সাধন দেখিয়া অবাক্ হইয়াছিলেন। ৫

অন্য যে সকল সাধক প্রাণপাত পরিশ্রম করিয়াও অতিকষ্টে সাধনার ক্রম সোপান লঙ্ঘন করিতে সমর্থ হন নাই। ৬

सा भूमिका प्रतिदिन प्रयत्नेनैव दुःखदा ।
जितानेन महाविघ्नकारिणी सुभयावहा ॥ ७
एवं चतुःषष्टिमिता स्तन्त्रोक्ताः साधनक्रमाः ।
सुकरा दुष्करा यापि विविधा विहिताश्च ये ॥ ८
वर्षत्रयान्तरे तासु सिद्धिं लेभे सुखेन सः ।
ततस्तु भैरवी देव्याः पूर्णमयत्नत स्तया ॥ ৯

मध्यलीलायां ११श अः।

पूर्णाभिषेकः पूर्णस्य प्राप्तः सम्पूर्ण पूर्णतां।
या दुर्लभा या दुष्प्राप्या मनसो वा ह्यगोचरा॥ १०

ता अष्टसिद्धीः सम्प्राप्त आनन्दमयमूर्त्ति धृक्।
दृष्ट्वा सिद्धिं स्व शिष्यस्य भैरवी विस्मिताभवत्॥ ११

अनिमाद्यष्टसिद्धीस्ता लब्धापि सुमहामतिः।
तदलौकिक शक्तिना कदापि परिचालनम्॥ १२

Gadadhar passed quite easily through the stages of the process which were extremely difficult, dreadful and fraught with grave risks. There were sixty-four stages which he went through in three years. By this process he acquired the divine power called Asta-Siddhi, which, however, he did not exercise at any time. 9 to 12

বঙ্গানুবাদঃ—

দুঃখদায়িনী অত্যন্ত ভয়াবহ। মহা বিঘ্নকারিণী সেই সকল ভূমিকা গদাধর অনায়াসে প্রতি দিন জয় করিতেছেন। ৭

তন্ত্রোক্ত সুখ সাধ্য দুঃখ সাধ্য চতুঃষষ্ঠি পরিমিত বিবিধ সাধন যাহা তন্ত্র শাস্ত্রে উক্ত হইয়াছে। ৮

সাধনার স্তর বিশেষ সকল তিন বৎসরের মধ্যে গদাধর সেই সকল সাধনে সিদ্ধিলাভ করিয়াছেন। ৯

তৎপরে ভৈরবী দেবীর পূর্ণ প্রচেষ্টায় পরিপূর্ণ সর্ব্ব শক্তি বিশিষ্ট গদাধরের পূর্ণাভিষেক সম্পূর্ণরূপে পূর্ণ হইয়াছিল। ১০

মধ্যলীলায়াং ১১শঃ অঃ।

যে সকল সিদ্ধি দুর্লভ দুষ্প্রাপ্য মনের অগোচর আনন্দ ঘন বিগ্রহ গদাধর সেই সকল অষ্ট সিদ্ধি লাভ করিয়াছিলেন পরন্তু প্রিয় শিষ্য গদাধরের সেই সকল সিদ্ধি দেখিয়া ভৈরবী দেবী অত্যন্ত আশ্চর্য্যান্বিতা হইয়াছিলেন। ১১

গদাধর সেই সকল অনিমাদি অষ্ট সিদ্ধি লাভ করিয়া ও তাহাদের পরিচালনা বা ব্যবহার করেন নাই। ১২

न ज्ञातं तेन तु वरं सिद्धिविघ्न विधायिनीं ।
सर्व्वां विभूतिं मत्वा तां तत्याज स योगीश्वरः । १३
वर्णाश्रमाचारादिकान् तस्य साधन कालतः ।
सर्व्वान् स्तान् त्यक्तवान् साधुः कैवल्याश्रम योगतः ॥ १४
प्राणान्देहं मनश्चापि सर्व्वस्वं मातृ पादयोः ।
समर्प्यस्वीयमात्मानं बाह्याभ्यन्तरयो स्तदा ॥ १५
ज्ञानाग्निना परिध्यातं ददर्श साधकोत्तमः ।
तदा तद्विग्रहमपि तेजःपुञ्जपरिप्लुतं ॥ १६
विस्मितामनुजाः सर्व्वे दृष्ट्वातीवमनोहरं ।
यवन्तद्रूपमाधुर्य्यं कामनाशून्य योगिनः । १७
विरक्तेः कारणं तस्य चित्तस्य समभूत्तदा ।
योगिभिर्देह सौन्दर्य्यं यत्नतः परिह्रियते ॥ १८

As Gadadhar dedicated himself to the will of the Supreme Being, he had no use of the religious codes or his divine power. At that time he looked extra-ordinarily beautiful. But he carefully avoided to expose his physical beauty.

10 to 18

বঙ্গানুবাদ ঃ—

বরং ইষ্ট সিদ্ধির বিঘ্ন মনে করিয়া সেই সকল বিভূতি সম্পূর্ণরূপে ত্যাগ করিয়াছিলেন। ১৩

তন্ত্র সাধনার সময় হইতেই কৈবল্যাশ্রমে অবস্থান বশতঃ বর্ণা শ্রমোক্ত আচার ত্যাগ করিয়াছিলেন। ১৪

সেই সময় সাধক গদাধর দেহ মন প্রাণ মাতৃপদে সমর্পন পূর্ব্বক বাহ্যাভ্যন্তরে নিজকে জ্ঞানাগ্নি পরিব্যাপ্ত দেখিয়া ছিলেন। ১৫

এবং গদাধরের তেজঃপুঞ্জ বিশিষ্ট অতীব মনোহর মূর্ত্তি দর্শন করিয়া সাধারণ লোক সকল অতিশয় আশ্চার্য্যান্বিত হইয়া ছিলেন। এই প্রকার রূপ মাধুর্য্য কামনা শূন্য যোগীর পক্ষে চিত্ত চাঞ্চল্যকর হইয়াছিল। ১৬।১৭

অতএব গদাধর দেহ সৌন্দর্য্য যত্নপূর্ব্বক ত্যাগ করিয়াছিলেন। ১৮

अस्यायर्थं स्वरूपस्य व्याख्यानावसरे क्वचित् ।
गोष्ठीमध्ये स्वशिष्यानामुवाच सुवेशेपतः ॥ १९
तदा मे रूपमाधुर्यं दृष्ट्वा साधारणा जनाः ।
अथवा वर्त्तयितुं शक्या यत्नेनापि न तु क्वचित् ॥ २०
जवा कुसुम सङ्काशं रक्ताभं सम्मुखं वभौ ।
अभवद्गात्रकान्त्या च रवि कान्तिर्निराकृता ॥ २१
एवं छन्मुखवाह्नह्रि, मध्यतो देहमण्डलात् ।
ज्योतिरुद्गम्य विमलं सुशुभे देव देहवत् ॥ २२
तेन सर्व्वघणः स्थूल वस्त्रेनाच्छाद्य मामयं ।
देहं मातुः समीपेऽहमवदन्नतमस्तकं ॥ २३
मातस्त्वया दत्तमिदं बाह्यरूपं महेश्वरि ।
गृहीत्वान्तर सौन्दर्यं देहि मे जगदम्बिके ॥ २४॥

Once during the course of conversation Gadadhar himself told his disciples that he looked so very beautiful that people could not turn their eyes away from him even if they tried their best to do so. He said, "My face was as reddish as Jaba flower; my body emitted a wonderful lustre, and as such I looked like a god. So I used to keep myself covered with thick cloth and to pray to the Goddess, "Oh Mother, be pleased to take away my physical beauty and to give me the inner beauty of mind and soul instead." 19 to 24

বঙ্গানুবাদঃ—

কোন ও এক সময়ে এই আশ্চর্য্যরূপের কথোপকথন প্রসঙ্গে শিষ্য বর্গের সভায় বিশেষ ভাবে ঠাকুর বলিয়াছিলেন। ১৯

সেই সময় সাধারণ লোক সকল আমার রূপ মাধুর্য্য দর্শন করিয়া চেষ্টা করিয়াও অন্যত্র চক্ষু ফিরাইয়া লইতে পারিত না। ২০

তখন আমার মুখখানা জবা ফুলের মত রক্ত বর্ণ হইয়াছিল। এবং গাত্র কান্তি দ্বারা সূর্য্যের কান্তিও নিরস্ত হইত। ২১

আমার হৃদয় মুখ বাহু ও পাদ দেশ প্রভৃতি দেহ মণ্ডল হইতে বিশুদ্ধ জ্যোতিঃ বহির্গত হইয়া দেব দেহের মত অপূর্ব্ব শোভা পাইত। ২২

তজ্জন্য আমার দেহটিকে সকল সময় মোটা কাপড়ে ঢাকিয়া অবনত মস্তকে মা জগদম্বার নিকটে বলিতাম। ২৩

হে মাতঃ তোমার প্রদত্ত আমার এই বাহ্য সৌন্দর্য্য লইয়া আমার ভিতরের সৌন্দর্য্য দাও। ২৪

स्वगात्र चर्पटाघातं कृत्वोक्त्वा पुनःपुनः।
बाह्य सौन्दर्यरूप त्व गच्छ शीघ्रं ममान्तरे ॥ ২৫
एवं कृते कियद्दिनात् परतः स्वयमेव हि।
मालिन्यं मे देहकान्तेरभवन्मातुरिच्छया ॥ ২৬
परन्त्वस्मिन्नवसरे भावि वृत्तपरम्परा।
प्रत्यक्षताङ्गतास्तस्य योगिनो योगशक्तितः ॥ ২৭
यत् कार्य्यं साधनार्थाय दिव्य देहस्य धारणम्।
तथा दिव्यासाधना च यदर्थं विहिता शुभा ॥ ২৮
तद्दिनावधि तत् सर्व्वं विज्ञातं सुमहात्मना।
ज्ञातश्चोत्तरकाले तु देवीस्थानेऽत्र साधकाः ॥ ২৯
समेष्यन्ति धर्म्मलाभ कृते नानाविधा जनाः।
तेन त्राणं सज्जनानां दुर्ज्जनानां विशोधनं ॥ ৩০

"I used to strike my own body with my palm and say, "Oh my physical beauty, sink into my body. In a few days my physical lustre faded by the grace of the Goddess." At this stage, Gadadhar could see future events by dint of his great spiritual power. The very purpose for which he was born and he was passing through all these austerities and penance became known to him. He also knew that people of various type would soon come to this temple for religious instructions and thereby good people would be saved and the bad would be reformed. 25 to 30

বঙ্গানুবাদ :—

এবং নিজ গাত্রে চাপড় মারিয়া পুনঃ পুনঃ বলিতাম ওহে আমার বাহ্য সৌন্দর্য্য তুমি শীঘ্র আমার ভিতরে প্রবেশ কর। ২৫

এইরূপে দিন কয়েকের পরই জগদম্বার কৃপায় আমার দেহ কান্তির মালিন্য হইয়াছিল। ২৬

পরন্তু এই সময়ে সেই মহাযোগী গদাধরের যোগ শক্তির প্রভাবে ভবিষ্যতের বাহুতর ঘটনার প্রত্যক্ষ হইয়াছিল। ২৭

যে কার্য্যের সাধনের জন্য ভগবানের দেহ ধারণ এবং যে জন্য অপ্রাকৃত মঙ্গলময়ী সাধনার অনুষ্ঠান সেই দিন হইতে সেই ঠাকুর বিশেষ ভাবে অবগত হইয়াছিলেন। ২৮

এবং শীঘ্রই এই দেবোদ্যানে বহুতর সাধক নানা ভাবের লোক সকল ধর্ম্ম প্রাপ্তির জন্য আসিলে তাহাতে সজ্জনগণের পরিত্রাণ ও দুর্জন জনগণের সংশোধন হইবে। ২৯।৩০

भविष्यति न सन्देहः सद्धर्म्मः प्रचरिष्यति ।
स्वकीयोपलब्धि वाक्यं मथुरानाथ सन्निधौ ॥ ३१
ज्ञातं व्यक्तं ठाकुरेण एकदा तत् कथान्तरे ।
श्रुत्वा श्रीमथुरानाथः सानन्दं प्रत्युवाच सं ॥ ३२
एवमेव र्त्तहि भो तात शोभनं भवति ध्रुवं ।
भगवन्तं गृहीत्वा त्वां सर्व्वेवयमतः परं ॥ ३३
आनन्दसिन्धुमग्नाः स्मो जगतीमङ्गलं भवेत् ।
एकदा नन्दरूपा सा योगारूढ़ा महायसी ॥ ३४
योगासने योगयुक्ता दिव्यभाव समन्विता ।
अचिन्त्यस्याप्रमेयस्य गदाधर महाप्रभोः ॥ ३५
आलोक्यालौकिकीं शक्तिं भैरव्यो तदचिन्तयत् ।
कीदृशं भागवतो शक्तिर्ययायं सर्व्वशक्तिमान् ॥ ३६

There was no doubt that true religion would prevail. Once, in course of conversation Thakur gave out his own feelings to Mathuranath. At this Mathuranath said, "If it so happens it will be all for the best. We shall find ourselves along with you plunged into the sea of joy. The world will also be benefitted. "Once Bhairavi thought, "What is that divine power which has made Gadadhar all-powerful." 31 to 36

বঙ্গানুবাদ ঃ—

এবং সদ্ধর্ম্মের প্রচার হইবে ইহা নিঃসন্দেহ। এই সকল নিজের অনুভবের বিষয় এক সময় কথা বার্ত্তার মধ্যে ঠাকুর মথুরানাথের নিকটে প্রকাশ করিলে মথুরানাথ ঠাকুরের কথা শুনিয়া আনন্দের সহিত বলিয়াছিলেন বাবা যদি এমতই হয় তবে খুব ভালই হইবে। অতঃপর আমরা আপনাকে লইয়া আনন্দ সমুদ্রে নিমজ্জিত হইব। এবং জগতের পরম মঙ্গল হইবে। ৩৩

কোন ও এক সময়ে মহামহিমান্বিতা যোগারূঢ়া আনন্দ বিগ্রহ বিশিষ্টা যোগাসনে যোগযুক্তা ভগবদ্ভাবে বিভাবিতা হইয়া ভৈরবী দেবী অচিন্ত্য অপ্রমেয় মহাপ্রভু গদাধরের অলৌকিক শক্তি অবলোকন করিয়া এইরূপ ভাবিয়া ছিলেন। ৩৪।৩৫

গদাধরের এই ভাগবতী শক্তি কিরূপ। যে শক্তি দ্বারা গদাধর সর্ব্বশক্তিমান হইয়াছেন। ৩৬

नोचिन्मयी पदिष्टा या: साधन क्रमभूमिका: ।
श्रुतमात्रेण तत्सिद्धिर्निर्विकल्पसमाधिना ॥ ३७
कथमस्य स्वरूपं वा कथं वा योगयुक्तता ।
स्वयं सिद्ध स्वरूपस्य कथं वा गुरुकाङ्क्षिता ॥ ३८

মধ্যলীলায়াং ১১শঃ অঃ।

भैरवी सा विमृश्यैवं ध्यानस्तिमित लोचना।
चिन्तयती स्वरूपं किं श्रीगदाधर योगिनः ॥ ३९
तत् कण्ठाम्बुजलाची सा हृदम्भोजपत्रददृभूतम्।
नवदूर्व्वादलश्यामं रामं राजीवलोचनं ॥ ४०
सीतया रमया सार्द्धं सच्चिदानन्दरूपिणम्।
एवं राधिकया युक्तं महाभाव स्वरूपया ॥ ४१
कन्दर्प कोटिलावण्यं कृष्णं पीताम्बरं हरिम्।
क्रमात्तौ श्रीरामकृष्णौ विलीनौ श्रीगदाधरे ॥ ४२

"If he is not so, he could not achieve success immediately on hearing the instructions. If the divine power is inherent in him, how is it that he practises yoga, performs rites and plays the role of a disciple to a preceptor ?" When Bhairabi was deeply absorbed in such thoughts, she beheld a wonderful sight in her mind's eye. She saw that Lord Ramachandra with Sita and Lord Krishna with Radhika mingled together and took the shape of Gadadhar. 37 to 42

বঙ্গানুবাদ :—

তাহা না হইলে আমি যে সকল তন্ত্র সাধনার বিষয় উপদেশ করিয়াছি। সেই সকল শুনিবা মাত্র নির্বিকল্প সমাধি দ্বারা তৎক্ষণাৎ সিদ্ধি লাভ করিতেছেন। ৩৭

এই গদাধরের স্বরূপটি কিরূপ কেনই বা ইহাঁর যোগে যোগবান স্বয়ং সিদ্ধ পুরুষের কি জন্যই বা গুরু করেন। ৩৮

মধ্যলীলায়াং ১১শঃ অঃ ।

ভৈরবী এইরূপ বিচার পূর্ব্বক ধ্যান নিমীলিত লোচনে গদাধরের স্বরূপটির চিন্তা করিতে করিতে উৎকণ্ঠা বশতঃ প্রেমাশ্রু পুলকিত চিত্তে হৃৎপদ্ম মধ্যে একটি আশ্চর্য্যরূপ দর্শন করিলেন। ৩৯

ভগবতী জানকীর সহিত সচ্চিদানন্দ বিগ্রহ পদ্ম পলাশ লোচন নব দূর্ব্বাদল শ্যাম ভগবান শ্রীরাম চন্দ্র এবং মহাভাব স্বরূপিনী শ্রীমতী রাধিকার সহিত অবস্থিত স্বয়ং ভগবান শ্রীরাম ও শ্রীকৃষ্ণ এই দুইটি স্বরূপকে ক্রমশঃ গদাধরে পরিণত হইতে দেখিয়াছিলেন।
৪০।৪১।৪২

अतो गदाधरो यो ऽसौ श्रीरामकृष्ण एव सः ।
युगावतारः पूर्णोऽयं श्रीरामकृष्ण संज्ञकः ॥ ৪২
अतः कलियुगेघोरे श्रीरामकृष्ण नामतः ।
प्राप्नुवन्ति नरामुक्तिं नान्यनाम सहस्रकात् ॥ ৪৪
एवं समाधियुक्तायां गतं नक्तन्दिवं यदा ।
प्रभाते श्रीरामकृष्ण भैरव्या हृदयाम्बुतः ॥ ৪৫
सहसान्तर्हिता सा च सम्मुखे सन्ददर्श तं ।
तद्दिनावधि भैरव्या हृष्टेन मनसा तया ॥ ৪৬
स्वरूपं तस्य तज्ज्ञात्वा साधनालब्ध चक्षुषा ।
श्रीरामकृष्ण देवो हि तन्नामकरणङ्कृतम् ॥ ৪৭

इति श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थ विरचिते श्रीरामकृष्णभागवते पारमहंस्यां संहितायां श्रीरामकृष्णदेवस्य भैरवीकृत नामकरण रूपो मध्यलीलाया एकादशोऽध्यायः । मः ১১ ।

"Hence Gadadhar is Sri Ramakrishna who is the incarnation of God in this Kali yuga. So, in this yuga people attains salvation by chanting the name of Sri Ramakrishna." For full one day

and night, Bhairabi remained absorbed in meditating the glory of Shri Ramkrishna. Next morning the image of Shri Ramakrishna disappeared from her mind's eye, but when she opened her eyes she found him standing before him. From that day onward Gadadhar was named as Shri Ramakrishna. 43 to 47

Here ends the eleventh chapter of Madhyalila in Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha.

বঙ্গানুবাদ :—

অতএব যিনি গদাধর তিনিই রামকৃষ্ণ। তজ্জন্যই রামকৃষ্ণ নামধারী পূর্ণ যুগাবতার এক মাত্র এই ভয়ঙ্কর কলিযুগে এই রামকৃষ্ণ নাম জপাদি করিয়া কলি হত জীব সকল মুক্তি লাভ করিবে অন্য নাম জপাদি করিয়া কলিহত জীব সকল মুক্তি লাভ করিবে অন্য নাম শত সহস্র হইতে মুক্তি লাভ করিতে পারিবে না। এইরূপে একদিন একরাত্রি নির্বিকল্প সমাধিদ্বারা অবস্থিত হইয়া প্রভাতে ভৈরবী দেবী শ্রীরামকৃষ্ণ ভৈরবীর হৃৎপদ্ম হইতে সহসা অন্তর্হিত হইলে নিজ সম্মুখে গদাধর রূপধারী ভগবান শ্রীরামকৃষ্ণ দেবকে সাক্ষাৎ প্রত্যক্ষ করিয়াছিলেন। ৪৩৪৭

শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে ভৈরবী দেবী ভগবান গদাধরের শ্রীরামকৃষ্ণ। এই নামকরণ-রূপ মধ্যলীলার একাদশ অধ্যায় সমাপ্ত হইল। মঃ ১১ অঃ।

मध्यलीलायां द्वादशोऽध्यायः

श्रीरामकृष्णदेवस्य योगारूढ़स्य सत्वरणात् ।
साधना सिद्धि सम्प्राप्तिरपूर्व्वेयास्य योगिनः ॥ १
अभूदलौकसामान्या भैरव्या आनुकूल्यतः ।
असाध्य साधनासिद्धेः प्राप्ति रेव न पूर्णता ॥ २
देव दानवा गन्धर्व्वा राक्षसा मुनि मानवाः ।
सिद्धिं प्राप्ता स्तदा ते ये यं यं भावं समाश्रिताः ॥ ३
वैष्णवा विष्णुमासाद्य वै सौराः सूर्य्यं शिवं तथा ।
शैवाः शाक्तास्तथा शक्तिं गाणपत्या गजाननं ॥ ४
सर्व्वेऽप्येवं साधकास्ते स्व स्व साधनशालिनः ।
स्वां स्वां सिद्धिं समुत्पाद्य कृतार्थोऽभवं सदा ॥ ५
किन्त्वस्य साधकस्य ठाकुरस्य पृथग्विधा ।
आश्चर्य्यमाश्चर्य्यं साधनानां भेदोनास्ति कदाचन ॥ ६

মধ্যলীলায়াং ১২শঃ অঃ।

অপূর্ব্ব যোগী শ্রীরামকৃষ্ণ দেবের সকলই সাধনায় সিদ্ধি লাভ হইয়াছিল। ১

অন্যান্য সাধনায় সিদ্ধিলাভ করাই পূর্ণতার কারণ নয়। দেবতা দানব রাক্ষস ও মুনিমানবাদি ইহাঁরা প্রত্যেকে যিনি যে ভাবে যে দেবতার উপসনা করেন। তাঁহার সেইরূপই সিদ্ধিলাভ হয়। ২।৩

বৈষ্ণবগণ বিষ্ণুকে সৌরগণ সূর্য্যকে শৈবোপাসকগণ শিবকে শাক্ত সকল শক্তিকে গাণপত্য গণেশকে এই সকল সাধক নিজ নিজ শক্তিদ্বারা নিজ নিজ ইষ্ট দেবতার অনুগ্রহ লাভ করিয়া কৃতার্থ হয়েন অর্থাৎ সিদ্ধিলাভ করেন। ৪।৫

কিন্তু এই শ্রীরামকৃষ্ণ দেবের সাধনারূপ সম্পূর্ণরূপে রূপান্তর। অর্থাৎ আর্য্য সাধকই হউন বা অনার্য্য সাধকই হউন। ইহাঁর নিকট ইহাঁদের মধ্যে ভাল মন্দ বিবেচনা কিছু মাত্র ছিল না। ৬

नाना साधनमार्गः स देवतानामुपासनम्।
अवलम्ब्य तत्र तत्र सिद्धिलाभं चकारह ॥ ७
एवं साधन वैशिष्ट्यं प्राप्ता सृष्टेरधुना वधि।
नचित न च कुत्रापि केवलन्तद् गदाधरे ॥ ८
असाध्य साधिका माता चिद्रूपा परमेश्वरी।
अद्भुत प्रकृतेरस्य सन्तानस्य सुसाधने ॥ ९
चित्तव्याकुलतां ध्यात्वा नाना साधन सिद्धये।
तत्तदुपासना सिद्ध परिव्राजक सत्तमान्। १०
कृपयै वाचकर्षात्र साधनासिद्ध मन्दिरे।
अष्टपञ्चाधिक द्विषट् शतकाब्दात् मध्यतसो। ११
एकोनाशीत्यधि द्विषट् शतकाब्दावधिं द्विजः।
कालन्तु साधनायुक्तो गङ्गागर्भे समाधिमान् ॥ १२

Thakur followed different paths and achieved success in all his pursuits. Such peculiarity of worship has never been found in anyone but Gadadhar since the times immemorial to this day To fulfil the earnest longing of Gadadhar, Goddes Kali attracted great sages and ascetics to the temples at Dakshineswar. From the Bengali year 1264 to 1276, i.e. for twelve years from the age of twenty six to thirty eight, Thakur performed his holy penance and had his achievements in the spiritual field. 7 to 12

বঙ্গানুবাদ ঃ—

ঠাকুর বহু দেবতার উপাসনা করিয়া সেই সেই দেবতাকে সাক্ষাৎ প্রত্যক্ষ করিয়া সিদ্ধিলাভ করিয়াছিলেন। ৭

ঠাকুরের স্বতন্ত্র সাধনার মত সৃষ্টির প্রারম্ভ হইতে অদ্য পর্য্যন্ত কোন ও একটি সাধকের উপাসনা কোথাও দেখা যায় না কেবল মাত্র ইহা গদাধরেই দেখা যায়। ৮

অসাধ্য সাধিকা চিন্ময়ী পরমেশ্বরী কালী অত্যাশ্চর্য্য সন্তান গদাধরের সাধন বিষয়ে চিত্ত চাঞ্চল্য জানিয়া নানা প্রকার সাধনায় সিদ্ধির জন্য তদুপাসনাসিদ্ধ সর্ব্বোত্তম।

পরিব্রাজক বা সাধু সন্ন্যাসি সকলকে কৃপাপূর্ব্বক এই সাধনা সিদ্ধ দক্ষিণেশ্বরের মন্দিরে আকর্ষণ্ করিয়াছিলেন। ৯।১০

এবং সন ১২৬৪ সাল হইতে আরম্ভ করিয়া বাংলা সন ১২৭৬ সাল পর্য্যন্ত অর্থাৎ ঠাকুরের ২৬ বৎসর বয়স হইতে ৩৮ বৎসর বয়স পর্য্যন্ত ১২ বৎসরকাল সাধনায় রত হইয়াছিলেন। ১১।১২

साधना रम्भकालेतु रौप्यमुद्राय मृत्तिका।
गृहीत्वा मृत्तिका यातु सैवमुद्रा न चापरा॥ १३
स्वर्ण रौप्यादिका मुद्रा मृत्तिका न तथा परा।
पुनः पुनर्वदन्नेव गङ्गागर्भे व्यसर्जयत्॥ १४
इयं प्राथमिकी तस्य साधना सिद्ध योगिनः।
धनरत्न परित्यागरूपा चित्तस्य शुद्धये॥ १५
यस्तुपमाध्यये किन्तु गङ्गागर्भेऽतिनिर्मले।
प्रायोपवेशनं कृत्वा नित्यानित्यविचारणम्॥ १६
स तदैव श्रीभैरव्या तथान्यन्यासिभिः सह।
तथा साधन सम्पत्त्या नारीमात्रं स्वमातृवत्॥ १७
धारणा सुदृढ़ा जाता योगिनो योगसिद्धये।
सिद्धिलाभात् परं साधुः कदापि काममपि ध्रुवं॥ १८

At the beginning of his spiritual pursuits he would take a coin in one hand and some earth in the other, and say that both were one and the same, and lastly throw them into the water of the river. Thus for purification of his mind he had to free himself from temptation of money and riches in the preliminary stage of his spiritual pursuit. He would be deeply absorbed in discussions about the eternal and the transitory with Bhairabi and others He realised that every woman was his mother. He never looked at any woman or gold as things for enjoyment.

13 to 18

বঙ্গানুবাদ :—

সাধনার প্রারম্ভে এক হস্তে রূপার টাকা অন্য হস্তে কিঞ্চিৎ মাটি লইয়া রূপার বা সোনার টাকা ইহারা মাটিরই অন্য মূর্ত্তি অর্থাৎ টাকা মাটি মাটি টাকা এইরূপ বলিতে বলিতে সেই সকল টাকা ও মাটি গঙ্গাগর্ভে ফেলিয়া দিতেন। ১৩।১৪

दक्षिण स्वर आगत्य स्थिता मन्दिर कोष्ठके ॥ ४३
सस्त्रीको मथुरानाथो मात्वात्तां जगदम्बिकां।
मत्वा चैकान्तिकीं सेवां कृत्वा धन्यो बभूव ह ॥ ४४
ठाकुरोऽपि प्रतिदिनं निद्राभङ्गे खलूषसि।
सर्व्वं कर्म्म परित्यज्य सर्व्वाग्रे मातृसन्निधौ ॥ ४५
गत्वा श्रद्धान्वितो भक्ति विनयादि पुरःसरं।
पादपूजां विधायाथपीत्वाच चरणोदकं ॥ ४६

"All my penance is intended to show the way to them who are now my followers and who

will follow my steps after my demise." When Thakur was undergoing penance to realise unity in diversity, Chandra Devi came down from Kamarpukur to Dakshineswar and put up in a room in the temple premises. Mathuranath with his wife regarded her as the Goddess and offered their services accordingly. Thakur also would come to her every morning and worship her feet. 41 to 46.

বঙ্গানুবাদ ঃ—

উপস্থিত যাঁহারা আমার মতাবলম্বী হইয়াছেন। পরে অর্থাৎ আমার অবর্তমানে যাঁহারা আমার মতানুবর্ত্তী হইবেন এইসকল বিশুদ্ধ ব্যক্তিদিগকে সৎপথ দেখাইবার জন্য আমি সাধনসকলের অনুষ্ঠান করিয়াছি। ৪১

ঠাকুর রামকৃষ্ণদেব যে সময়ে বেদান্ত সাধনে ব্রতী হইয়াছিলেন সেই সময়ে তাঁহার গর্ভধারিণী চন্দ্রাদেবী কামারপুকুর হইতে দক্ষিণেশ্বরের মন্দিরে আসিয়া মন্দিরস্থ কোনও একটি ক্ষুদ্র কুটীরে অবস্থান করিয়াছিলেন। ৪২।৪৩

মথুরানাথ পত্নীর সহিত চন্দ্রাদেবীকে সাক্ষাৎ ভগবতী মনে করিয়া তাঁহার সেবা করিয়া ধন্য হইয়াছিলেন। ৪৪

ঠাকুর প্রতিদিন অতি প্রত্যূষে নিদ্রাভঙ্গের পর সর্ব্বকর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বাগ্রে মাতৃসন্দর্শনে গমন করিয়া অতুলনীয় শ্রদ্ধা ভক্তি বিনয়াদি পুরঃসর গর্ভধারিণীর যুগল পাদপদ্মের পূজা করিয়া চরণোদক

मध्यलीलायां १५श अः

পান পূর্ব্বক আমি ধন্য হইলাম কৃতকৃতার্থ হইলাম আমার জন্ম সফল হইল ইত্যাদি স্তবস্তুতি করিয়া সর্ব্বারাধ্যা মাতৃপদে বিলুণ্ঠিত হইতেন। ৪৫।৪৬।৪৭

धन्योऽहं कृतकृत्योऽहं फलवांश्चैव मे भवः ।
एवमुक्त्वा पदे मातुर्लुण्ठितस्त्वभवन्मुदा ॥ ४७
दृष्ट्वैतत् श्रीमथुरो हृष्टवानति भक्तितः ।
अथान्तरे श्रीमथुरो मनस्यैतदचिन्तयत् ॥ ४८
पित्रे श्रीरामकृष्णाय दास्यामि बहु विस्तरं ।
भूखण्डं तत् प्रोति कामौ येन तस्य सुखं भवेत् ॥ ४९
श्रुत्वै तद्रामकृष्णस्तु सर्व्वं हृदय वक्तृत. ।
घृताहुत्या यथा वह्नेः शिखासंवर्धिता भवेत् ॥ ५०
तद्वदेव तदैवासौ क्रोधाग्नि परिपूरितः ।
मथुरमनुसन्धाय यष्टिमुत्तोल्य तं प्रति ॥ ५१

Thakur would place his head at the feet of his mother and say, "I am blessed. My life has been worth-living." Mathuranath observed all this with great devotion. He proposed to Hriday to give enough property to Sri Ramakrishna so that he would not be troubled with poverty and scarcity. On hearing this from Hriday Sri Ramakishna became very furious and ran up to Mathuranath with a stick in his hand, 47 to 51.

বঙ্গানুবাদ :—

প্রিয় ভক্ত মথুরানাথ এই সকল দৃশ্য অতি ভক্তিসহকারে দর্শন করিয়া ধন্য হইতেন। এই সময় মথুরানাথ মনে মনে এইরূপ ভাবিয়াছিলেন। যে বাবাকে তাঁহার প্রীতির জন্য বহুতর সম্পত্তি দান করিব। তাহাহইলে বাবার আনন্দ হইবে। ৪৮।৪৯

ঠাকুর এইসকল সম্পত্তি দানের কথা হৃদয়রামের মুখে শুনিয়া অগ্নিতে ঘৃতাহুতির মত জ্বলিয়া উঠিয়াছিলেন। ৫০

পরন্তু মথুরানাথের অনুসন্ধান পূর্ব্বক তাঁহার নিকটে যাইয়া যষ্ঠি উত্তোলন পূর্ব্বক বীরভাবে উচ্চৈঃস্বরে বলিয়াছিলেন রে দুষ্ট আমকে তুমি বিষয় বিষে জর্জরিত করিতে ইচ্ছা করিতেছ। ৫১।৫২

> वीरभावं समाश्रित्य प्रोवाचोच्चैः स्वरेण तं ।
> विषय विषलिप्तं मां किञ्चित्कोपं सिदुष्टधीः ॥ ५२
> विषयेषु महाप्रीतिः पशूनामेव दृश्यते ।
> ठाकुरस्येदृग्भावं तं दृष्ट्वा नो वाच किञ्चन ॥ ५३
> परन्तु मथुरानाथो भयेना हृयतां गतः :
> एवं तद्भाव विक्षोऽपि न किञ्चिदपि चालितः । ५४
> स्वहृदय सुस्थिरार्थं चन्द्रादेव्याः समीपगः ।
> प्रणतश्चरणोपान्त इदं वचनमब्रवीत् ॥ ५५
> भवत्या यद्यहं कोऽपि स्वात्मीयो मन्यते ततः ।
> पितामहि समीपे मे भवती प्रार्थिनी भव ॥ ५६

He said to Mathuranath in a very forceful voice, "Oh, the worst of all sinners, do you like me to drink the venom of worldly pleasure ? The

beasts are found to be fond of earthly pleasure," Mathuranath had no answer. On the other hand he disappeared with great fear. He however did not lose his heart. He approached Chandra Devi, with great respect and humility and said, "Oh grandmother, if you really take me as one of your well-wishers, be pleased to have your desire fulfilled by me." 52 to 56.

বঙ্গানুবাদ ঃ—

বিষয় প্রাপ্তিতে পরমানন্দ পশুদিগেরই দেখা যায়। মথুরানাথ ঠাকুরের সেইরূপ উগ্রভাব দেখিয়া কিছু না বলিয়া সেই স্থান হইতে প্রস্থান করিয়াছিলেন। ৫৩

এইরূপভাবে ঠাকুরের মনোভাব জানিয়াও বিচলিত হন নাই। পরন্তু নিজ সঙ্কল্প-সিদ্ধির জন্য ঠাকুর মা চন্দ্রাদেবীর নিকটে গমন পূর্ব্বক তাঁহার চরণোপান্তে প্রণতঃ হইয়া বলিয়াছিলেন। ৫৪।৫৫

ঠাকুরমা আমাকে যদি কোনও একটি হিতৈষী বলিয়া মনে করেন তবে আপনি আমার নিকটে কিছু প্রার্থনা করুন। ৫৬

त्वमसि बहुतरां देवि महत्तां मत्प्रयाभिनीं ।
गृहाणेदं कामना मे पूर्य्यतां पुत्र वत्सले ॥ ५७
श्रुत्वा ठाकुरमाता तां मथुरोक्तिं पुनः पुनः ।
प्रत्युवाच श्रीमथुरं ईशहास्य पुरःसरम् ॥ ५८
भो पुत्र तव कल्याणात् सर्वदा कुशलं मम ।
प्रसादं भवतारिण्याः प्रत्यहं दैव दुर्लभं ॥ ५९

প্রাপ্নোমি চ তথা দ্রব্যং যদ্‌যদস্তা দিকস্থ যত্‌।
ততঃ সর্ব্বং ময়া প্রাপ্তং নাস্ত্যিভাবঃ কথঞ্চন ॥ ৬০
অতোঽধুনা প্রার্থনীয়ং নাস্তিকিঞ্চিন্মতং মম।
স্থুল্বাপৌত্রং শ্রীমথুরঃ পিতামহ্যাবচ স্তথা ॥ ৬১

I pray that you will be kind enough to accept my gift of a big area of cultivated land. On hearing this, the mother of Thakur replied, "By your goodwill we have no trouble. We are being daily served with the holy food, and supplied with all our daily necessities. So I have no want and nothing to ask for." 57 to 61.

বঙ্গানুবাদ :—

হে দেবি! আপনি অনুমোদন করিলে আমার প্রদত্ত বহু শস্য প্রসবিনী বহুতরা ভূসম্পত্তি গ্রহন করুণ। হে পুত্রবৎসলে! আমার আমার এই বাসনাটি পূরণ করুন। ৫৭

ঠাকুর রামকৃষ্ণদেবের গর্ভধারিণী চন্দ্রাদেবী মথুরানাথের তাদৃশ প্রার্থনা শুনিয়া ঈষৎ হাস্যসহকারে মথুরানাথকে প্রত্যুত্তর বাক্য বলিয়াছিলেন। ৫৮

ওহে নাতি! তোমার কল্যাণে আমার সর্ব্বদাই কোন অভাব নাই। প্রতিদিন মাতা ভবতারিণীর দেবদুর্লভ প্রসাদীয়ান্ন এবং বস্ত্রাদি দ্রব্যসকল যাহা কিছু তোমার নিকট হইতে পাইতেছি তাহাতে আমার কোনরূপ অভাব নাই। ৫৯|৬৬

অতএব সম্প্রতি তোমার নিকট হইতে আমার চাহিবার কিছুই নাই ইহাই আমার মত। মথুরানাথ এইরূপ ভাবে ঠাকুমার কথা শুনিয়াও। ৬১

दानाग्रहमपरित्यज्य दृढ़ भावेन चाब्रवीत् ।
मया पितुर्भगवतः श्रीरामकृष्ण रूपिणः ॥ ६२
दास्यामि निश्चितं किञ्चित् सम्पत्तिं सुखहेतवे ।
वंशोद्भव जनानां हि नाभावाभावो भविष्यति ॥ ६३
एवमुक्तः पुनस्तेन दृढ़भावेन सा तदा ।
दानार्थं मनुरुद्धा हि प्रत्युवाच पुनश्च तं ॥ ६४
अभावोऽस्ति हि मे पौत्र यदि त्वं पूरयिष्यसि ।
तदाहं सुखिनी स्यां वै दानेच्छा यदि विद्यते ॥ ६५
तर्हि चतुरानमुद्राम्ल्या तामाकु पत्रिका ।
देहि मे मुखशुद्ध्यर्थं याभिपूर्णं भविष्यति ॥ ६६

On hearing these words of the grand-mother, Mathuranath still hoped to persuade her and said, "I desire to give some property to my holy father, Sri Ramakrishna, to bring him peace of mind and happiness, and also to remove want and scarcity so far as his discendants are concerned. Being so pressed by Mathuranath to accept his gifts, she said, "Oh my grand-son, I have my want which, if you so desire, you may fulfil. I shall be very happy if yo give me a quantity of

tobacco at the cost of four copper coins, to prepare my tooth.powder." 62 to 66.

বঙ্গানুবাদ :—

সম্পত্তিদানের আশা পরিত্যাগ না করিয়া দৃঢ়ভাবে বলিয়াছিলেন আমি নিশ্চয়ই কিছু ভূসম্পত্তি দিব। যে সম্পত্তিতে আমার বাবা ভগবান শ্রীরামকৃষ্ণদেবের বংশোদ্ভব পুত্রপৌত্রাদি সকলের অন্নাভাব দূরীভূত হইবে। ৬২।৬৩

এইরূপে মথুরানাথ পুনরায় দৃঢ়ভাবে অনুরোধ করিলে ঠাকুরমা চন্দ্রাদেবী পুনরায় মথুরানাথকে বলিয়াছিলেন। ৬৪

ওহে নাতি আমার একটি অভাব আছে যদি তুমি তাহা পালন কর তাহা হইলে আমি বিশেষভাবে আনন্দিত হইব। ৬৫

যদি তোমার সম্প্রতি দানের ইচ্ছাই প্রবল হইয়া থাকে তাহা হইলে তুমি চারিটি পয়সা দিয়া তামাকু পত্র অর্থাৎ বিষপাত দোক্তা খরিদ করিয়া দাও যাহা দিয়া আমার মুখ ধুইবার গুল প্রস্তুত হইবে। ৬৬

सत् प्राप्तावुत्तमा प्रीतिरधुना मे ध्रुवं भवेत्।
एवमाकर्ण्य मद्गुरु पितामह्यावचस्तदा॥ ६७

विस्मित स्तब्धतामाप प्रायेन हतचेतनः।
किमिदमिति चोक्त्वा स दानेच्छा विपययस्य हि॥ ६८

सम्पूर्णां तां परित्यज्य पादपांशुं स्वमस्तके।
प्रगृह्यैव पितामह्या विनीत स्तमुवाच सः॥ ६९

মধ্যলীলায়াং ১৭শ অ:

पितामहि मया ज्ञातं भ्रान्तोऽवेदं सुनिश्चितं ।
यत् पितु र्जननी त्वं हि सत्यमेतन्नसंशयः ॥ ৭০
एवमलौकिकी माता यदि न स्यात्तदा कथं ।
सतां धर्मस्थापनाय प्रथमायितरस्य च ॥ ৭১

Hearing these words of the grandmother Mathuranath became stunt with wonder. He ceased to pursue the matter further. He humbly said, "Oh my grandmother, I have been foolish to forget that you are the mother of my father. Had you not been such, how could you give birth to the Saviour of mankind." 67 to 71.

বঙ্গানুবাদ :—

সম্প্রতি যদি আমি সেই তামাক পাতা পাই তবে আমার উত্তম-রূপে আনন্দ হইবে ইহাই ধ্রুব নিশ্চিত। এইরূপভাব ঠাকুরমার কথা শুনিয়া মথুরানাথ বিস্মিত বা সংজ্ঞাহীন হইয়া একখণ্ড কাষ্ঠের মত হইয়াছিলেন। ৬৭

কিছুক্ষণ পরে চৈতন্যলাভ করিয়া বলিয়াছিলেন ইহা কি ? এই-রূপ ভাবে আশ্চর্য্যান্বিত হইয়া সম্পত্তি দানের আকাঙ্খা সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া ঠাকুরমার পদধূলি মস্তকে ধারণ পূর্ব্বক বিনীতভাবে বলিয়াছিলেন হে দেবী! আমি এখন বিশেষভাবে বুঝিতে পারিলাম যাহা সম্পত্তি দিব ইত্যাদি বলিয়াছি, তাহা আমি অত্যন্ত ভুল করিয়াছি। আমার বাবার উপযুক্ত মাতা আপনিই ইহা ধ্রুব নিশ্চিত।

মধ্যলীলায়াং ১৫শ অঃ

আমার বাবার এইরূপ মা যদি না হবেন তাহলে কি সাধুগণের পরিত্রাণার্থে অসাধুগণের দূরীকরণার্থে ও কলিজীবের উদ্ধারের জন্য স্বয়ং ভগবান শ্রীশ্রীরামকৃষ্ণরূপে আপনার গর্ভে আবির্ভূত হইবেন ? ৭১।৭২

যোঽয়স্মিন্ সময়ে দেবি তব গর্ভং সমাশ্রিতঃ।
কলির্জীবান্ সমুদ্ধর্ত্তুং প্রকটোঽভুদ্ধরিঃ স্বয়ং ॥ ৭৩

ইত্যেবং মথুরানাথ উভয়ো স্ত্যাগশীলতাং।
নৈতৌনরা দেবরূপাঃ সর্ব্বে লীলার্থমাগতাঃ ॥ ৭২

ইত্যেবং মন্যমানস্য মথুরস্য মহাত্মনঃ।
দিব্যজ্ঞান মভূত্তস্য রামকৃষ্ণ প্রসাদতঃ ॥ ৭৪

ইতি শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিতে শ্রীশ্রীরামকৃষ্ণ ভগবতে পারমহংস্যাং সংহিতায়াং শ্রীরামকৃষ্ণদেবস্য বহুবিধ ধর্ম্মসাধনে সিদ্ধি-লাভাদনন্তরং মথুরস্য ভূমিদান প্রার্থনা দূরীকরণরূপো মধ্য লীলায়াং পঞ্চদশোঽধ্যায়ং ॥ মঃ ১৫

On seeing this aversion to earthly pleasure in both of them, Mathuranath realised that they were divine beings who had come down to this mortal world to serve their own will. 72 to 74

Here ends the fifteenth chapter of Madhyalila in the "Sri Sri Ramakrishna Bhagabatam" written by Pandit Ramendra Sunder Bhaktitirtha. মঃ ১৫

বঙ্গানুবাদ ঃ—

মথুরানাথ এইরূপভাবে মাতা ও পুত্রের ত্যাগশীলতা দর্শন করিয়া ভাবিয়াছিলেন। ইহাঁরা মানুষ নয় দেবতাদিগেরও দেবতা লীলার জন্য পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। সেই সময়ে এইরূপভাবে তাঁহাদের স্বরূপ অবগত হইলে ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অনুগ্রহে মথুরানাথের দিব্যজ্ঞান লাভ হইয়াছিল। ৭৩।৭৪

রামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণভাগবতের মধ্য লীলার পঞ্চদশ অধ্যায়ে ভগবান শ্রীরামকৃষ্ণ দেবের বহুপ্রকার সাধন এবং মথুরানাথের ঠাকুরকে ভূমিদান প্রসঙ্গে দিব্যজ্ঞান লাভ হইয়াছিল। ১৫ অঃ সমাপ্ত।

मध्यलीलायां १६श अः

पूर्व्वोक्ता भैरवी देवी गङ्गातीरेऽति निर्म्मले ।
तदारभ्याद्यपर्य्यन्तं स्थिता भजनसाधने ॥ १

रता स्व पुत्रमिवतं रामकृष्णं चदर्शं सा ।
एकदान्तरिकी तस्याः सञ्जातेच्छाशुभप्रदा ॥ २

श्रीरामकृष्णदेवस्य जन्मस्थानावलोकने ।
तातानुमोदनञ्चास्ति श्रुतं तन्मथुरेण तु ॥ ३

हृदयेन समालोच्य तत्रैवमवधारितं ।
पिता मे याति भैरव्या सममुदग्रनोत्सुकः ॥ ४

ततस्तत्परिचर्य्यार्थं हृदयोऽप्यनुगच्छतु ।
एवं श्रीमथुरानाथो गमने यत् प्रयोजनम् ॥ ५

Bhairabi Devi had been still residing at Dakshineswar and looking after Sri Ramakrishna as her own son. Once she desired to visit the birth place of Sri Ramakrishna. When Mathuranath came to know of this and also that Sri Ramakrishna also desired to accompany her, he allowed Hridaya to accompany Sri Ramakrishna and made all arrangements for the journey. 1 to 5.

বঙ্গানুবাদ ঃ—

অতঃপর মধ্যলীলার ষোড়শ অধ্যায়ে বঙ্গানুবাদ। পূর্ব্বে যে ভৈরবী ব্রাহ্মণীর বিষয় বলা হইয়াছে সেই ভৈরবী দেবী তখন হইতে এ পর্য্যন্ত দক্ষিণেশ্বরের মন্দিরে সাধনভজনে লিপ্ত হইয়া নিজ পুত্রবৎ শ্রীরামকৃষ্ণ দেবকে উপদেশ দিতেন। একদিন ভৈরবী দেবীর মনো মধ্যে রামকৃষ্ণদেবের জন্মভূমিদর্শনে শুভ ইচ্ছা হইয়াছিল। মথুরানাথও শুনিয়াছিলেন যে বাবা রামকৃষ্ণেরও জন্মভূমি দর্শনে আগ্রহ আছে।

১।২।৩

তখন মথুরানাথ হৃদয়রামের সহিত আলোচনা করিয়া এইরূপ স্থির করিয়াছিলেন যে বাবা ভৈরবীর সহিত কামারপুকুরে যাইতেছেন অতএব বাবার পরিচর্য্যার জন্য হৃদয়ও বাবার সঙ্গে গমন করুন। ৪

এবং বাবার যাইবার জন্য যে সকল দ্রব্য আবশ্যক সেই সকল দ্রব্য এবং নগদ টাকাকড়িও কিছু দিয়াছিলেন।৫

तत्तद्द्रव्याणि वित्तानि दत्तवान् विधिपूर्वकं ।
तथा तत्र स्थितानान्तु येन स्यात् परिपोषणं ॥ ६
मथुरानाथ पत्नी श्रीजगदम्बा पतिव्रता ।
द्विरागमे यथा कन्यां नाना द्रव्यैः सुसंयुतां ॥ ७
ज्ञात्वा माता प्रेरयति तथा तद्द्रव्यमाहृतं ।
बहु गो शकटैः सज्जीकृत्यादाद् गुरवे यथा ॥ ८
श्रीरामकृष्णदेवस्य ज्येष्ठ भ्रातृ सुतस्तदा ।
अक्षयो भवतारिण्याः पूजाकार्येऽभवद्रतो ॥ ९
अति प्रियमक्षयं तमुपदिश्य यथाविधि ।
साङ्गोपाङ्गादिभिः सार्द्धं दक्षिणेश्वर मन्दिरात् ॥ १०

He also gave sufficient money and things to remove want and scarcity of his relatives at Kamarpukur. Jagadamba, wife of Mathuranath also supplied huge stores loaded in many bullock-carts. Sri Ramakrishna gave necessary advice to Akshaya, the son of his eldest brother in the matter of doing his services as priest to the Goddess, and set out with all his attendents and followers for Kamarpukur. 6 *to* 10

বঙ্গানুবাদ :—

এবং সেই স্থানে বাবার আত্মীয় স্বজনের যাহাতে কোনরূপ অভাব বোধ না হয় সেইরূপ দ্রব্যাদিও দিয়াছিলেন। ৬

যেরূপ কন্যার বিবাহের পর পতিগৃহে দ্বিরাগমন সময়ে গৃহস্থ ব্যক্তি নানাপ্রকার দ্রব্য অর্থাৎ শয্যা বস্ত্র ও তৈজসাদি দিয়া কন্যাটিকে স্বামী গৃহে পাঠাইয়া থাকেন সেইরূপ পতিব্রতা সাধ্বী মথুরানাথের পত্নী জগদম্বা ও বহুতর দ্রব্য দিয়াছিলেন। সেই সকল দ্রব্য বহু গোযানে সজ্জিত করিয়া পরিপূর্ণরূপে ভক্তিপূর্ব্বক বাবা শ্রীরামকৃষ্ণ দেবকে কামারপুকুরে পাঠাইয়াছিলেন। ৭।৮

ঠাকুর যখন কামারপুকুর গমন করেন তখন তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা রামকুমারের পুত্র শ্রীমান অক্ষয় ভবতারিণীর পূজাকার্য্যে ব্রতী হইয়াছিলেন।

ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অত্যন্ত স্নেহের পাত্র অক্ষয়কে যথাশাস্ত্র ভবতারিণী কালীর পূজা বিষয়ে উপদেশ দিয়া প্রায় ৮ বৎসর পরে নিজ অন্তরঙ্গ ভক্তগণের সহিত দক্ষিণেশ্বর হইতে কামারপুকুরে গমন করিয়াছিলেন। ১০

चिदानन्द स्वरूपोऽयं कामारपुकुरं गतः ।
वर्षाष्टकात् परं तत्र स्व जन्मभूमि सद्मनः ॥ ११
प्रविवेश परमानन्दं प्राप्तवान् परमेश्वरः ।
तत्रस्थ जनसंघोऽपि मुदमापतदागमात् ॥ १२
चन्द्रादेवी स्नुषां स्वीयां पितृगेहाच्च तत्पदा ।
यूनों हितस्य वर्षीयां भव्यामानाययत्तदा ॥ १३
योगीश्वरी श्रीभैरवी कठोरा ब्रह्मचारिणी ।
ब्राह्मणी श्रीरामकृष्णं प्रोवाचश्चारकं वचः १४
नारी सम्बन्ध गन्धोऽपि सन्न्यासाश्रम सेविनः ।
सर्व्वथापरिहर्त्तव्यः सावधानस्ततो भव ।' १५

As Shri Ramakrishna came back to his native village after a lapse of eight years, his joy knew no bounds, and the villagers also became very glad to see him again in their midst. Chandra Devi brought her daughter-in-law back from her father's house to Kamarpukur. Shri Bhairabi, who observed stern austerity remind Sri Ramakrishna of his of his voice as an ascetic and said, "Be careful to keep yourselves aloof from women"

বঙ্গানুবাদ :—

তৎপরে নিজ গৃহে প্রবেশের সময়ে সচ্চিদানন্দ বিগ্রহ ভগবান শ্রীরামকৃষ্ণ দেব পরমানন্দ লাভ করিয়াছিলেন এবং কামারপুকুর নিবাসী জনগণ ও গদাধরের আগমনে অত্যন্ত আহ্লাদিত হইয়াছিলেন। ১১।১২

সেই সময়ে গদাধরের গর্ভধারিণী চন্দ্রাদেবী চতুর্দ্দশ বয়স্কা যুবতী বধূমাতা সারদাদেবীকে পিতৃ গৃহ হইতে নিজ গৃহে আনয়ন করিয়াছিলেন। ১৩

অত্যন্ত কঠোর যোগেশ্বরী ব্রহ্মচারিণী ভৈরবীদেবী শ্রীরামকৃষ্ণ দেবকে স্মরণীয় বাক্য বলিয়াছিলেন। ১৪

অর্থাৎ সন্ন্যাসাশ্রমী যোগীর নারীর সহিত আলাপ করাও সর্ব্বতোভাবে বর্জনীয়। অতএব তুমি সাবধান হও। ১৫

गार्हस्थ्यलीलायां १६श अः

श्रीरामकृष्ण स्तच्छ्रुत्वा भैरव्या यदुदीरितं ।
गुरोर्ब्रह्मज्ञस्य तथा चाद्वैत ब्रह्मवादिनः ॥ १६
तोतापूर्य्या दृढ़ं वाक्यं कर्णयोः प्रति नादितं ।
योगिनो न प्रतिष्ठास्यात् स्त्रीपुंसो र्भेददर्शने ॥ १७
अतोऽधुना भगवतः श्रीरामकृष्ण योगिनः ।
सम्मुखे वर्त्तते सेयं परीक्षाति भयङ्करी ॥ १८
तथापि श्रीरामकृष्णः कठोरतर संयमी ।
शुभार्थं सहधर्म्मिण्या इहामुत्र च सर्व्वदा ॥ १९
तया शिक्षा साहचर्य्यं विधेयमिति चिन्तयन् ।
मन्त्रमिमं सुपवित्रं स्नेहमत्युच्च रूपकं ॥ २०

On hearing the words of Bhairabi, Shri Ramakrishna remembered the saying of his preceptor, Totapuri, who held that the devotee who had not lost his sense of sex had not achieved anything in his holy pursuit. Now Shri Ramakrishna found himself in the threshold of that formidable test. Yet for the sake of good will in this life and in the life after death, he took it as his bounden duty to impart instructions to her and accordingly he initiated her with holy utterings. 16 to 24

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে ভৈরবী দেবীর কথা শুনিয়া এবং অদ্বৈত ব্রহ্মবাদী ব্রহ্মজ্ঞসাধক তোতাপুরীর স্ত্রী পুরুষের ভেদদর্শনে যোগীগণের প্রতিষ্ঠা হয় নাই। ৩।১৭

এইরূপ কথাটিও বর্গে প্রতি নাদিত হইলে সেই সময় ভগবান শ্রীরামকৃষ্ণদেবেরও অতি ভয়ঙ্কর পরীক্ষা সম্মুখে উপস্থিত হইয়াছিল। ১৮

তথাপি কঠোরতর সংযমী শ্রীরামকৃষ্ণদেব পত্নী সারদার ঐহিক ও পারত্রিক মঙ্গল কামনার শিক্ষা সাহায্য কর্তব্য মনে করিয়া অতি উচ্চস্তরের অকৃত্রিম সুনির্মল স্নেহের পাত্র বশতঃ পত্নীর কর্ণমূলে বীজমন্ত্র প্রদান করিয়াছিলেন। ১৯।২০

ज्ञात्वा पत्न्याः कर्णमूले बीजमन्त्रं प्रदत्तवान् ।
देवदेव प्रसादात्, महा गुरोरनुग्रहात ॥ २१
सद्य सादद् बोजातो विद्युत क्रमुसरीवहे ।
येन सा सारदादेवी सारदेति प्रगीयते ॥ २२
श्रीरामकृष्ण देवस्य तद् वाचरणं तदा ।
अवलोक्य शङ्कितस्य महासिद्धा तपस्विनी ॥ २३
न लेभे भैरवी तुष्टिं गंजिता घनवन्दवत् ।
दृष्ट्वैवं भैरवी देव्याः कठोराचरणं तदा ॥ २४
कम्पिता सारदा देवी व्याघ्रं दृष्ट्वा यथा मृगी ।
येन केन साधकेन यदि सम्मेलनं भवेत् ॥ २५

By ihe grace of Sri Ramakrishna, Sarada Devi attained divine knowledge and power. Bhairabi, however. was not satisfied by this act of Shri Ramakrishna. On seeing the stern attitude of Bhairabi Devi, Saradadevi would tremble like a deer at the sight of a tiger. Bhairabi used to

get furious in case Shri Ramakrishna came in touch with any oiher yogi devotee, 21 to 25.

বঙ্গানুবাদ :—

দেবতা এবং দৈবের আনুকূল্যবশতঃ মহাগুরু স্বামী শ্রীরামকৃষ্ণ দেবের কৃপায় শ্রীমতী সারদাদেবীর বিশুদ্ধ হৃৎকমলে সত্বর সেই বীজমন্ত্রস্বরূপ বীজ অঙ্কুরিত হইয়াছিল। অর্থাৎ সারদাদেবী অতি শীঘ্রই মন্ত্রময় দেবতাকে প্রত্যক্ষ করিয়াছিলেন। যাঁহার প্রভাবে সারদাদেবী সারদা অর্থাৎ দুর্গা বলিয়া অভিহিত হইয়াছিলেন।

২১।২২

শক্তিতন্ত্র সাধনে সিদ্ধা ভৈরবী দেবী শ্রীরামকৃষ্ণদেবের তাদৃশ অপূর্ব্বভাব দর্শন করিয়াও সন্তুষ্ট হইয়াছিলেন না। পরন্তু মধ্যে মধ্যে মেঘতুল্য গর্জন করিতেন। ২৩

এইরূপে ভৈরবীদেবীর কঠোর ভাব দেখিয়া সেই সময় সারদাদেবী ব্যাঘ্র দেখিয়া হরিণীর মত অত্যন্ত ভয় পাইয়াছিলেন। ২৪

শ্রীশ্রীরামকৃষ্ণদেবের যদি কোনও সাধকের সহিত সম্মিলন হইত তাহা দেখিয়া ভৈরবী দেবী অগ্নির মত জ্বলিয়া উঠিতেন। ২৫

श्रीरामकृष्ण देवस्य भैरव्यग्नि समाभवत् ।
किन्त्वलौकिक भावत्वार्त्त्विकार स्वभावत: ॥ २६
अप्यत्युग्र साधिकाया अभूद्भ्रमापनोदनं ।
श्रीभैरव्या परन्त्वेवं निश्चितं सविशेषत: ॥ २७
नित्यशुद्धस्वरूपस्य स्वभाव ब्रह्मचारिणि ।
श्रीरामकृष्ण देवे हि म्लान्यै यदं कृतं मया ॥ २८
स्वभावशुद्धमुक्तादौ यथा मालिन्य शून्यता ।
तथास्मिन् पुरुषश्रेष्ठे नैर्मल्यं विद्यते सदा ॥ २९

एवं सा भैरवी देवी स्व भ्रान्तिमवगम्य च।
आत्मग्लानियुता स्वस्वमर्ह यामास सर्व्वथा। ३०

At last, on seeing unaudulterated purity of mind and heart of Sri Ramakrishna, Bhairabi realised her own mistake and bitterly repented 26 to 30

বঙ্গানুবাদ :—

কিন্তু শ্রীরামকৃষ্ণদেবের অলৌকিক ভাব বা সর্ব্বদা দিব্যভাবে বিভাবিত নির্ব্বিকারবশতঃ অতি উচ্চ সাধিকা ভৈরবী দেবীরও ভগবান শ্রীরামকৃষ্ণদেবের প্রতি সন্দেহ ভ্রম দূরীভূত হইয়াছিল। ২৬

পরন্তু শ্রীভৈরবী দেবী বিশেষভাবে জানিয়াছিলেন যে নিত্যশুদ্ধ বুদ্ধ মুক্ত স্বভাব ব্রহ্মচারী এই রামকৃষ্ণদেবের প্রতি ভুলবশতঃ আমি এইরূপ আচরণ করিয়াছি। ২৭।২৮

স্বভাবতঃই সর্ব্বদা নির্ম্মল মুক্তাদি রত্নে যেরূপ কখনও মালিন্য সম্ভব হয় না। সেইরূপ এই রামকৃষ্ণদেবে সর্ব্বদাই মালিন্য হীনতা বিদ্যমান আছে। ২৯

এইরূপভাবে সেই ভৈরবীদেবী নিজের ভুল বুঝিতে পারিয়া নিজেকে বুদ্ধিহীনা ভাবিয়া সর্ব্বতোভাবে নিন্দা করিয়াছিলেন ॥ ৩০

अतःपरमेकदा सा साचाद् गौराङ्गस्नानतः।
श्रीरामकृष्ण देवन्त पुष्पचन्दनचर्च्चितं ॥ ३१
कृत्वा पुष्पाञ्जलिं दत्ता पादयो विंधिपूर्व्वकं।
तदनुज्ञां गृहीत्वेव काशीचैव जगाम सा ॥ ३२
स्थित्वा स्व सम्भवस्थित्यां षन्मासान् भगवां स्ततः।
पुनः प्रत्यागत स्तस्मिन् दक्षिणेश्वर धामनि ॥ ३३

ইতি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিতে শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে পারমহংস্যাং সংহিতায়াং ভগবতঃ শ্রীরামকৃষ্ণদেবস্য দক্ষিণেশ্বরাৎ কামার-পুকুর গমনানন্তরং ব্রাহ্মণী শ্রীভৈরবী দেব্যাঃ কাশীক্ষেত্র-গমনাৎ পরমেব ঠাকুরস্য দক্ষিণেশ্বর প্রত্যাগমনরূপো মধ্যলীলায়াঃ ষোড়শোঽধ্যায়ঃ ॥

মঃ ১৬

অতীব মধ্যলীলা সমাপ্ত।

Thereafter one day Bhairabi paid due obesience to Ramakrishna and with his permission set out for holy Benaras. After staying in his native village for six months, Sri Ramakrishna came back to Dakshineswar. 31 to 33.

Here ends the Madhyalila in Sri Sri Ramakrishna Bhagabatam, written by Sri Ramendra Sunder Bhaktitirtha.

বঙ্গানুবাদ :—

তৎপরে সেই ভৈরবীদেবী একদিন শ্রীরামকৃষ্ণদেবকে সাক্ষাৎ গৌরাঙ্গ মহাপ্রভু মনে করিয়া পুষ্প চন্দনাদি দ্বারা বিভূষিত করত ভক্তি পূর্ব্বক শ্রীরামকৃষ্ণদেবের পদারবিন্দে বহুতর পুষ্পাঞ্জলি প্রদান পূর্ব্বক শ্রীরামকৃষ্ণদেবের অনুমতি লইয়া মুক্তি ক্ষেত্রে বারানসী ধামে গমন করিয়াছিলেন। ৩১।৩২

শ্রীভৈরবীদেবীর কাশীক্ষেত্রে গমনের পর ভগবান শ্রীরামকৃষ্ণদেব নিজ জন্মভূমিতে প্রায় ৬ মাস কাল অবস্থান পূর্ব্বক পুনর্ব্বার দক্ষিণেশ্বর ধামে গমন করিয়াছিলেন। ৩৩

মধ্যলীলায়াং ১৬শ অঃ

ভক্তিতীর্থ শ্রীরামেন্দ্রসুন্দর বিরচিত শ্রীরামকৃষ্ণ ভাগবতে ঠাকুরের দক্ষিণেশ্বর হইতে জন্মভূমি কামারপুকুরে আগমনের পর সন্ন্যাসিনী ব্রাহ্মনী ভৈরবীদেবীর কাশীক্ষেত্রে গমনের পর ঠাকুরের পুনরায় দক্ষিণেশ্বরে আগমনাদি মধ্য লীলার ষোড়শ অধ্যায়ে বর্ণিত হইল।

এইখানেই ঠাকুরের মধ্যলীলার সমাপ্তি হইল। মঃ ১৬ অঃ।

अन्त्य लीलायाः प्रथमोऽध्यायः

अः १ मः

कामारपुकुरे तत्र चैकदा बहवो जनाः।
पायेनार्द्ध शतं यावज्जनार्थैः सुसङ्गताः। १
मधुकृष्णा त्रयोदश्यां वारुण्यां जाह्नवीजले।
वारुण स्नान सिद्ध्यर्थं गन्तुं तत धिय स्थया ॥ २
एतस्मिन्नन्तरे देवी सारदा सारदायिनी।
साक्षात् श्रीरामकृष्णस्य गेहिनी जगदम्बिका ॥ ३
तेषां समीपमागत्य भावमद् गदचेतसा।
साहं भवद्भिर्यास्यामीत्युवाच ललितं वचः ॥ ४
तत्र भागीरथी तीरे दक्षिणेश्वर मन्दिरे।
कालिका भवने भाति सर्व्वस्व समवल्लभः। ५
सच्चिदानन्दरूपोऽसौ साधकाभीष्टदायकः।
द्रष्टा सम्पूज्यतं देवं पुनरेष्यामि मद्गृहं ॥ ६

Once about fifty persons assembled at Kamarpukur with a view to set out for an ablution in the holy Ganges on the occasion of Baruni on the thir-

teenth day of waning moon. Sarada told that she also desired to accompany them in their journey to the Ganges and return after she had seen and paid homage to her husband at Dakshineswar.

1 to 6

বঙ্গানুবাদ :—

কামারপুকুরে প্রায় অর্দ্ধশত নরনারী চৈত্র মাসের কৃষ্ণপক্ষে ত্রয়োদশী তিথিতে অর্থাৎ বারুণী যোগে গঙ্গাস্নান উপলক্ষে একত্র সম্মিলিত হইলে ভগবান রামকৃষ্ণের পত্নী সারদাদেবী তাঁহাদের নিকট যাইয়া বিনীতভাবে বলিয়াছিলেন আমি আপনাদের সঙ্গে গঙ্গাস্নানে যাইব। ১।২।৩।৪

সেই ভাগীরথীর তীরে দক্ষিণেশ্বরের মন্দিরে কালিকাদেবীর গৃহে আমার স্বামী আছেন। ৫

সেই সচ্চিদানন্দময় সাধকগণের প্রার্থনা পূরণকারী আমার একমাত্র দেবতা সেই স্বামীকে দর্শন ও পূজন করিয়া পুনরায় আপনাদের সঙ্গেই গৃহে আসিব। ৬

अतो मामपि तं देवं प्रापयध्वं महात्मनः ।
एवं श्रीसारदा देव्याः श्रुत्वैकान्तिक भाषणं ॥ ৭
सानन्दं तां ससम्मानं समानीय गता बहिः ।
दिवसद्वयमध्वानं गत्वा ते तृतीयेऽहनि ॥ ৮
प्रायेणास्तं गते सूर्य्ये सारदा ज्वरपीड़िता ।
अध्वनातिक्रमेऽशक्ता सारदा ज्वरपीड़िता । ৯

अन्त्यलीलायां १म अः

प्रान्तरे पतिता देवी संज्ञाहीना बभूव ह ।
कियत्कालमपेक्षैव सङ्गिनस्ते दुराशयाः ॥ १०
आगच्छागच्छ भो देवी नात्र स्थेयं कदाचन ।
प्राणापगमशङ्का च दस्यु दुर्ज्जनतः सदा ॥ ११
अधुनैव वयं सर्व्वे गच्छामोनात्र संशयः ।
एकस्यार्थे बहून् जीवान्घातयति बुद्धिमान ॥ १२

They acceded to her request and took her with them. On the third day of the journey in the afternoon she felt down unconscious with fever, on a vast waste land. Her companions thought it wise to leave her there and go ahead as the place was infested with dacoits and there was every chance to lose life and all of so many.

9 to 12

বঙ্গানুবাদ :—

অতএব হে মহাভাগগণ আপনারা আমাকে সেই গঙ্গাতীরে আমাকে সঙ্গে লইয়া চলুন। এইরূপভাবে সারদাদেবীর অত্যন্ত আগ্রহান্বিত বাক্য শুনিয়া তাঁহারা সসম্ভ্রমে সম্মানের সহিত শ্রীমতী সারদাদেবীকে সঙ্গে লইয়া গৃহ হইতে বহির্গত হইয়াছিলেন। ৭

পথিমধ্যে দুইদিন যাইয়া তৃতীয় দিনে সন্ধ্যার পূর্ব্বে জ্বররোগে আক্রান্তা হইয়া পথ চলিতে না পারিয়া সেই ভয়ঙ্কর মাঠের মধ্যে অজ্ঞান অবস্থায় পতিত হইয়াছিলেন। ৮৯

তজ্জন্য সেইসকল দুষ্ট সঙ্গীগণ শবরূপ অপেক্ষা করিয়া বলিয়াছিলেন। ১০

হে সারদে এস এস এই স্থানে দস্যু দুর্জনের ভয়বশতঃ থাকা উচিত নয়। এমন কি এখানে থাকিলে প্রাণ পর্য্যন্ত যাইতে পারে। ১১

আমরা এখনই এই স্থান হইতে চলিয়া যাইতেছি। এ বিষয়ে কিছু মাত্র সন্দেহ নাই। কারণ এক ব্যক্তির জন্য বহু ব্যক্তিকে নাশ করা বুদ্ধিমান ব্যক্তির কর্তব্য নয়। ১২

एवमुक्त्वा ततः सर्व्वे सारदां निःसहायकां ।
शवोपमां परित्यज्य तं देशञ्च भयाद्गताः ॥१३
परित्यक्ता पथि भ्रष्टा वृक्षमूलमुपाश्रिता ।
निशीथे हतचैतन्या पतिता सा शवोपमा ॥ १४
स्वप्नदेकां सुश्यामां सम्मुखे मुक्त मूर्द्धजां ।
कामपि स्त्रीं सिञ्चमानां ददर्श प्रमोदोत्तमा ॥ १५
तत् कारान्जामल सर्व्वाङ्गमस्तके तत्स्पादशो ।
सर्व्वरोग विमुक्ता सा सुस्थतामाप सारदा ॥ १६
परन्तु चिद्घनश्यामा सारदामवदत्तदा ।
भो भगिनि यास्यसित्वं पागलस्थामिदं ने ॥ १७
तत् स्वरूपं न जानन्ति ये तं पागलमब्रुवन् ।
मत्यहं तमहं देवि पश्यामि चन्द्रवेश्मनि ॥ १८

So they left her there all alone and helpless in the dying condition. In the dead of the night she gained her consciousness and felt herself cured of all her ailments by the touch of a woman

who was black in complexion and had long untrimmed hair, She said to Sarada, "Dear sister, are you going to meet your mad husband? They who call your hushand mad do not know his real self. I however, call at his cottage everyday to see him. 13 to 18

বঙ্গানুবাদঃ—

এইরূপ বলিয়া জ্ঞানশূন্যা নিঃসহায়া সারদা দেবীকে এবং সেই স্থানকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন। ১৩

বৃক্ষের মূলে পতিতা পথভ্রষ্টা জ্বর রোগে মূর্চ্ছিতা সারদা রাত্রি দ্বিপ্রহরে স্বপ্নাবস্থায় যেন একটি অতি কৃষ্ণবর্ণা একটি স্ত্রীলোক সারদার ক্রোড়দেশে বসিয়া সারদার গাত্রে ও মস্তকে করপদ্মদানে ক্লান্তিদূর করিতেছেন। এইরূপ একটি আলুলায়িত কেশা হাস্যমুখী জ্যোতিঃস্বরূপা স্ত্রলোক দেখিয়াছিলেন। ১৪।১৫

অতি আশ্চর্য্যের বিষয় এই যে সেই স্ত্রীলোকটির করপদ্ম স্পর্শ মাত্রে সারদাদেবী সর্ব্বরোগ বিমুক্তা হইয়া তৎক্ষণাৎ সম্পূর্ণরূপে সুস্থ হইয়াছিলেন। ১৬

পরন্তু জ্ঞানানন্দ ঘনশ্যামাদেবী সারদাদেবীকে বলিয়াছিলেন। হে ভগিনি তুমি কি তোমার পাগলা পতিকে দর্শনের জন্য যাইতেছ? ১৭

যাঁহারা তোমার পতির স্বরূপ না জানেন তাঁহারাই পাগল বলেন। হে দেবি আমি তোমার স্বামীকে দর্শনের জন্য তাঁহার পঞ্চবটীর কুটীরে প্রতিদিন যাইয়া থাকি। ১৮

अन्त्यलीलायां १म अः

तव तुल्यो मम स्वामी महायोगी महेश्वरः ।
तमुन्मत्तं वदन्त्यज्ञाः किन्त्व स्नेहं तेन चाद्भुता । १९
तथापि मादृशः स्वामी योगारूढः सदा शिवः ।
तव सम्भोग पुष्ट्यर्थं योगमार्गरतः सदा ॥ २०
मृदु गत्वागच्छ देवि तव स्वामिनमीश्वरं ।
क्षिप्रं सन्देशदानार्थं गच्छामि दक्षिणेश्वरे ॥ २१
एवमुक्त्वा तदा देवी तत्रैवान्तरधीयत ।
कृपया जगदम्बाया रोगमुक्ता मनस्विनी ॥ २२
आनन्द संप्लवे लीना दृष्ट्वा तां भवसुन्दरीं ।
चिन्तयामास केयं स्त्री कथमत्र समागता ॥ २३
यहोज्ञाता मया सा तु काली कैवल्यदायिनी ।
कृपयात्र गता माता मम रक्षण हेतवे ॥ २४

"Like yours my husband is also a great yogi. Fools calls him a lunatic. But he loves me very dearly. Like mine your husband is a great devotee, and dedicated himself to holy services to bring pleasure to you. Dear lady, you may proceed slowly to reach your husband." On saying this she disappeared. Sarada Devi found herslf cured of all her ailments her felt herself blessed by this divine sight. As she thought over the matter she felt that the Goddess appeared to save her.

19 to 24

বঙ্গানুবাদ :—

তোমার মতই আমার স্বামী মহাযোগী মহেশ্বর। মূর্খলোকসকল তাঁহাকে পাগল বলে। কিন্তু তিনি আমাকে অত্যন্ত ভালবাসেন। ১৯

আমার মত তোমার স্বামীও সদাশিব যোগারূঢ় তোমার প্রণয় বৃদ্ধির জন্যই তিনি সর্ব্বদা যোগাসনে অবস্থান করেন। ২০

হে দেবি তুমি ধীরে ধীরে এস। আমি তোমার স্বামীকে আগমন বার্ত্তা দিবার জন্য এখনই দক্ষিণেশ্বরে যাইতেছি। ২১

এই বলিয়া মহাদেবী অন্তর্হিতা হইলেন। এইরূপভাবে জগদম্বার কৃপায় সারদাদেবী রোগমুক্তা হইয়াছিলেন। ২২

তখন সারদাদেবী সেই ভবমুক্ময়ী কালিকাদেবীকে সাক্ষাৎ দর্শন করিয়া আনন্দসমুদ্রে নিমগ্না হইয়া এইরূপ ভাবিয়াছিলেন ইনি কে কি জন্যইবা এখানে আসিয়াছিলেন। ২৩

এখন আমি বিশেষ ভাবে জানিলাম মুক্তিপ্রদায়িনী মাতা কালিকা দেবী আমার রক্ষার জন্য দয়া করিয়া এই স্থানে আসিয়াছিলেন। ২৪

ততো মহানিশায়াং সা চৈতন্যোপগতা সতী।
সুস্থতামুপলভ্যৈ বা স্নোক্য শ্রীমাদ্বর্ত্তুর্হৃদয়ঃ ॥ ২৫
দূরে দৃষ্টিং প্রসার্য্যৈকং দদর্শ সা জলাশয়ং।
স্ব গাত্রকান্ত্যা তং দেশং যশ্মৌ বিতিমিরং তদা ॥ ২৬
বিঘূর্ণিতা দেহতাপাত্ শুষ্ককণ্ঠা পিপাসয়া।
প্রতিক্ষণং মন্যমানা প্রাণেষু ময়শিথিলা ২৭
অহ্যাতিক্রমণেঽধুনা প্রাপ্তা ক্ষিং যমবাটিকা।
এবং বিচিন্তয় সা দেবী সম্মুখেঽতি ভয়ানকং ॥ ২৮
দদর্শ দস্যু প্রবরং যমদণ্ডমিবা পরং।

धृत दण्डं महाबाहुं ललाटे रक्तवस्त्रकं ॥ २८
दीर्घश्मश्रु समायुक्त भीषणास्यं वनव्याघ्रवत् ।
विचित्र मूर्द्धजान् मूर्ध्नि रक्ताभं नयनद्वयं ॥ ३०

In the dead of the night she felt that a mysterious awe reigned all around. She found a tank at a distance and the darkness thinned down by the lustre of her own body. She felt unbalanced due to fever and thirst, and became afraid of imminent death, as she felt herself unable to walk. Just at that time she came accross a dreadful robber with a rod in his hand, red cloth tied round his forehead, long beard, tiger-like face, rough and untrimmed hair on head and blood-shot eyes. 25 to 30

বঙ্গানুবাদ :—

তৎপরে সেই মহানিশায় সতী সারদা সম্পূর্ণ সুস্থতা লাভ করিয়া সেই স্থানে অতি ভয়ঙ্কর ভাব দেখিয়া নিকটে একটী পুষ্করিণী দেখিয়াছিলেন এবং নিজ গাত্র কান্তি দ্বারা সেই সময়ে সেই স্থানটি আলোকে উদ্ভাসিত হইয়াছিল। ২৫।২৬

দেহের উত্তাপে মস্তিষ্ক ঘূর্ণায়মান পিপাসায় শুষ্ককণ্ঠ ক্ষণে ক্ষণে প্রাণনাশের আশঙ্কায় অধীরা পথলঙ্ঘনে অসমর্থা আমি যমের ঘরে আসিয়াছি। মাতা সারদাদেবী এইরূপ চিন্তা করিয়া সম্মুখে একটি অতি ভয়ানক দস্যুকে দেখিয়াছিলেন। ২৭

মধ্যলীলায়াং ৫ম অ:

যমদণ্ডসদৃশ মৃত দণ্ড মহাবাহু ললাটে রক্তবস্ত্র আবদ্ধ দীর্ঘশ্মশ্রু ব্যাঘ্রের মত ভয়ঙ্কর মুখ অতি দীর্ঘ দেহ মস্তকের কেশসকল ইতস্তত বিক্ষিপ্ত চক্ষুর্দ্বয় রক্তবর্ণ দুইটি হস্তে রৌপ্য বলয় এইরূপ কালান্তক যমের মত সেই দস্যুকে দেখিয়াবাবা এই কথাটি মাত্র বলিয়া সারদাদেবী ভূমিতে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন। ৫৯৷৩০৷৩১

वृहद् रौप्यवलययुतं हस्तद्वयं तथा ।
सुदीर्घं भीषणाकारं कालान्तकं यमोपमम् ॥ २१
विलोक्यैनां मूर्च्छिताभूत् पतिता धरणीतले ।
दस्युरेवंविधां देवीं जगदम्बास्वरूपिणीम् ॥ २२
कालिकां पतितां दृष्ट्वा स्तम्भित स्तत्क्षणादसौ ।
मा मेत्युक्त्वा तदा देव्याः पतितश्चरणान्तिके ॥ २३
रक्ष रक्ष महादेवि रक्ष मां त्रिदशेश्वरि ।
पुनं दस्युं जगन्मातः प्रोवाचायं कृताञ्जलिः ॥ २४
एवं सा जाग्रती देवी पादालङ्कारमोचनं ।
कृत्वा दस्युकरे दत्वा प्रोवाच विनयान्विता ॥ २५
भो पित स्तव कन्याहं या मि जामातुरन्तिके ।
किन्तु मार्गोपरि भ्रष्टा भ्रमामि तिमिरे निशि ॥ २६

He looked terrible like Death. Sarada Devi fell unconscious at the sight of this robber, who became overpowered by a divine influence and fell at the feet of Sarada Devi, addressing her "Mother", "Mother", and begged her grace with folded hands. On regaining her sense she put

off the ornaments of her feet and handed it over to the robber. Then she said, "Oh my father, I am yor daughter on the way to meet your son-in-law. But I have lost my way in the darkness of the night." 31 to 36.

বঙ্গানুবাদ :—

কিন্তু এ স্থলে আশ্চর্য্যের বিষয় এই যে দস্যু দেখিলেন সাক্ষাৎ জগদম্বিকা কালিকাদেবীই ধরণীতলে পতিতা হইলেন। এবং এ কি বলিয়া মাতা সারদা দেবীর পাদপদ্মের সমীপে মামা বলিয়া পতিত হইয়াছিল। ৩২'৩২

এবং বলিয়াছিল হে দেবারাধ্যা মহাদেবি আমাকে রক্ষা করুন রক্ষা করুন। আমি আপনার দস্যু পুত্র এইরূপ ভাবে করজোড়ে প্রার্থনা করিয়াছিল। ৩৪

তখন মাতা সারদা চৈতন্যলাভ করিয়া পায়ের অলঙ্কার খুলিয়া দস্যুর হস্তে দিয়া অতি বিনীত ভাবে বলিয়াছিলেন। ৪৫

হে পিতঃ আমি তোমার কন্যা তোমার জামাতার নিকটে যাইতেছি। কিন্তু এই অন্ধকার রাত্রিতে পথ ভুলিয়া ঘুরিয়া বেড়াইতেছি। ৩৬

मार्गं दर्शय भो मह्यं येन मे दक्षिणेश्वरे।
रात्र्या रामकृष्णमनेः कालीमन्दिरे सुगतिर्भवेत् ॥ ३७
एतस्मिन्नन्तरे कापि स्त्री मूर्त्तिं दस्युं मबिश्री।
आगता सङ्गिनी तस्य मन्यमाना तदन्तिके ॥ ३८

गत्वा तस्या स्तदा देवी धृत्वा द्वौ करपल्लवौ ।
सारदा तव कन्याहमवदत् करुणं स्वरं ॥ ३९
प्राप्याद्याहं मातरं त्वां पितरञ्च महामतिं ।
भयादस्मात् समुत्तीर्णा निशायां प्राणसङ्कटात् ॥ ४०
रोगक्लान्ति पथ भ्रान्ति भोज्याप्राप्ति वशान्मम ।
नाद्युना भाषणे शक्तिर्नान्यत्रगमनेऽपिवा ॥ ४१
निद्रा मां बाधतेऽत्यर्थं क्षमस्वा पितरावहं ॥
एवमुक्त्वा दस्यु पत्नी क्रोडे संस्थाप्यमस्तकं ॥ ४२

"Please get me the way to the temples of Rani Rasmoni at Dakshineswar." Just then a woman appeared by the side of the robber, and so she caught hold of her hands and said sorrowfully, "Oh Mother, on seeing you and my father I have become free from all fear in this dreadful night. I am unable to speak further or go away from here due to my physical weakness, loss of of my way, and starvation. Sleep overcomes me. Oh my parents forgive me" On saying this, Sarada Devi placed her head on the lap of the wife of the robber and fell asleep. 37 to 42.

বঙ্গানুবাদ :—

হে মহাশয় ? আমাকে পথ দেখাইয়া দাও। যহাতে আমি রাণী রাসমনির দক্ষিনেশ্বরের কালী বাড়ীতে যাইতে পারি। ৩৭

এমত সময়ে কোন একটি স্ত্রীলোক দস্যুর নিকটে আসিলে তাঁহাকে সেই দস্যুর পত্নী মনে করিয়া তাঁহার নিকটে যাইয়া মা সারদা তাহার দুইটি হস্ত ধারণপূর্বক বলিয়াছিলেন মা আমি তোমার কন্যা সারদা এই কথাটি অতি করুণ স্বরে বলিয়াছিলেন। ৩৮।৩৯

দেখ মা আমার রোগযন্ত্রণা পথশ্রান্তি ও অনাহারে কথা বলিতেও কষ্ট হইতেছে এবং যাইতেও পারিতেছি না অত্যন্ত অবসন্ন হইয়া পড়িতেছি। বাবা মা আপনারা আমাকে ক্ষমা করুন। এই কথা বলিয়া সেই দস্যু পত্নীর কোলে মাথা রাখিয়া নির্ভয়ে নিদ্রিতাহইয়াছিলেন। ৪০।৪১।৪২

निद्रिता सारदादेवी निर्भयेनान्तरात्मना।
ऐहिकामुष्मिकात् पापान्मे पुण्यस्य सम्भवः॥ ४३
दुर्भगायाः कथं सौख्यं फलदर्शनजं भवेत्।
अथवा मे किञ्चिदस्ति सौभाग्यं पूर्वं पुण्यजं॥ ४४
येनेयं देवकन्या मां मामित्युक्त्वा ममोरसि।
सुखं स्वपिति निःशङ्कं यथा कन्या स्वगर्भजा॥ ४५
एवं चिन्तयती साध्वी दस्युपत्नी पतिं तदा।
निषण्णं शङ्कं सहसा विलोक्योवाच सत्वरं॥ ४६
सुस्वादु भोजनीयं यत् पानीयमपि वा तथा।
शीघ्रमानय भो स्वामिन् कन्या भोजन हेतवे॥ ४७
श्रुत्वैव तत्क्षणाद् गत्वा ग्रामं मोदक वाटिकां।
प्रविश्य विपुलं भोज्यं समादायागतोऽपि सः॥ ४८

The wife of the robber thought, "Due to sins committed by me in my previous lives, no child has been born to me. But I find myself fortunate enough to be called mother by this divine woman, who sleeps here fearlessly as if she is my own daughter." With this thought she asked the robber to bring some food and drink. He at once brought a huge quantity of sweets from a shop in the village. 43 to 48.

বঙ্গানুবাদ : —

তখন দস্যুপত্নী ভাবিয়াছিলেন আমি অত্যন্ত হতভাগিনী আমার জন্ম জন্মান্তরের পাপ বশতঃ পুষ্পোদগমই হয় নাই অর্থাৎ আমার আর্ত্ত ঋতু হয় নাই অতএব ফলের আশা কিরূপে হইবে। অর্থাৎ স্ত্রীলোক পুষ্পবতী না হইলে তাহার গর্ভে পুত্র কন্যা হয় নাই। অতএব আমার পুত্র কন্যা বলিয়া কি কিছু আছে। ৪৩

অথবা আমার পূর্ব্ব পূর্ব্ব জন্মের সৌভাগ্য বা পুণ্য আছে তাহার ফলে আজ এই দেবকন্যা আমাকে মা মা বলিয়া ডাকিয়া আমার কোলে সুখে নিদ্রা যাইতেছেন।

যেরূপ নিজের গর্ভজাত কন্যা গর্ভধারিণীর ক্রোড়ে সুখে ঘুমায় সেইরূপ ॥ ৪৪।৪৫

পতিব্রতা দস্যু পত্নী তখন এইরূপভাবে চিন্তা করিয়া সম্মুখে শুষ্ক কাষ্ঠের মত অচল স্বামীকে দেখিয়া বলিয়াছিলেন ॥ ৪৬

অন্ত্যলীলায়াং ২য় খঃ

তুমি কি দেখছ আমাদের এই কন্যাটির খাইবার জন্য উত্তম খাদ্য দ্রব্য ও বিশুদ্ধ জল শীঘ্র আন। ৪৭

দস্যু প্রবর পত্নীর কথা শুনিয়া তৎক্ষণাৎ গ্রামে যাইয়া ময়রার ঘরে প্রবেশ পূর্বক বিশুদ্ধ মিষ্ট দ্রব্য লইয়া আসিয়া পত্নীকে দিয়াছিলেন॥ ৪৮

> उक्तश्च पत्न्यै त्वत् कन्यां भोजय त्वं सयत्नतः।
> आनयामि जलं स्वच्छं शीघ्र मिव सुनिश्चितं॥ ५८
> एवं सा सारदादेवी सुस्थता सुपलभ्य च।
> सं दस्युं सुजनं दृष्ट्वा परमानन्द निर्वृता॥ ५०
> ततः स दस्युप्रवरो महामतिः
> संस्थाप्य देवीं शिविकान्तरे मुदा।
> तद् भृत्य सत्यानुचर स्वरूपक
> स्तस्याः प्रियस्थानमदर्शयच्च तां॥ ५१
> तस्मिन्दर्शाखिल लोकनाथं
> त्रिलोकनाथानत पादपीठं।
> कन्या कृपा भासि वशात् सकन्यो।
> दस्यु स्तदा पश्चवटी गृहस्थं॥ ५२

He asked his wife to feed the daughter well. Then he went off to bring drinking water. Sarada Devi became quite well very soon and also very glad to see that the robber was kind and generous. The robber showed the way and took her

to Dakshineswar. He became blessed by the sight of Sri Ramakrishna. 49 to 52.

বঙ্গানুবাদ :—

এবং বলিলেন তোমার কন্যাকে যত্ন পূর্ব্বক ভোজন করাও আমি শীঘ্রই ভাল জল আনিতেছি ॥ ৪৯

এইরূপভাবে মাতা সারদা দেবী সুস্থ হইয়া দস্যু এবং তৎ পত্নীকে তাহাদের আচরণ দেখিয়া সুজন বলিয়া মনে করিয়া অতিশয় আনন্দিতা হইয়াছিলেন ॥ ৫০

তৎপরে সেই দস্যুরাজ অতি নিকৃষ্ট ভৃত্যের মত হইয়া মাতা সারদাকে একটি শিবিকায় আরোহণ করাইয়া দক্ষিণেশ্বরে যাইয়া তাঁহার অতিপ্রিয় ভগবান শ্রীরামকৃষ্ণের নিকটে তাঁহার পাদস্থলে কন্যাটিকে অর্পণ করিয়াছিলেন ॥ ৫১

তখন সেই কন্যার অনুগ্রহে সেই দস্যু প্রবর দক্ষিণেশ্বরে পঞ্চবটী গৃহে ইন্দ্র চন্দ্রাদি পূজিত বিশ্ব ব্রহ্মাণ্ডের স্বামী ভগবান শ্রীরামকৃষ্ণদেবের দর্শনে কৃতার্থ হইয়াছিলেন। ৫২

भयेन भक्त्या विनयेन वाचा
समर्प्य कन्या महतः समीपे ।
प्रसन्नतां तस्य प्रलब्धु कामः
सवेपथुः पादतले पपात ॥ ५३
ज्ञात्वास्य सत्कर्म्म दयार्द्र चेतसः
श्रीसारदा भौति विमुक्ति हेतुकं ।
स्वयं तमुत्तोल्य गदाधरो महान्
सदार दस्योः सुकृपाञ्चकार ॥ ५४

अन्त्यलीलायां १म अः

प्रकाशितेयं जगतो जनन्या
लीला ययासौ बहवः सुविज्ञाः।
मातुः स्वरूपाधिगमे विमोहं
वदन्ति चाचिन्त्य महाप्रभावा॥ ५५

एवं सा सारदादेवी साधनस्य सुसिद्धये।
श्रीरामकृष्ण लीलायाः परिपूर्त्ति प्रदायिनी॥ ५६

The robber made over Sarada Devi to Sri Ramakrishna with fear, devotion and humble submission and fell at his feet. Gadadhar blessed the robber and his wife, as he came to know of his good and kind services towards Sarada Devi. Thereafter Sarada Devi stayed at Dakshineswar rendering her services to her husband and helping him in his holy pursuit.

53 to 56.

বঙ্গানুবাদ :—

ভয় ভক্তি ও বিনয় বাক্যে ভগবানের নিকটে কন্যা স্থানীয়া মাতা সারদা দেবীকে অর্পণ করিয়া তাঁহার কৃপা প্রার্থনা পূর্ব্বক দস্যু রাজ কম্পান্বিত কলেবরে ভগবানের পাদমূলে পতিত হইয়াছিল। ৫৩

দয়ার্দ্র চিত্ত দস্যু রাজের সারদার ভয়মুক্তিরূপ সৎকর্ম্ম অবগত

অন্ত্যলীলায়াং ৭ম অ:

হইয়া ভগবান গদাধর স্বয়ং সেই দস্যু প্রবরকে দয়া করিয়াছিলেন ॥ ৫৪

জগজ্জননী সারদা দেবীই দস্যু কৃপা লীলা প্রথম প্রকাশ করেন যাঁহার লীলা যোগিগণও বহুতর চেষ্টা করিয়াও জানিতে পারেন নাই। পরন্তু শক্তি প্রভাব অচিন্তনীয় ॥ ৫৫

ঠাকুরের লীলা সম্পূর্ণ বিধায়িণী মাতা সারদা দেবী সাধনা সিদ্ধির জন্য কিছুকাল অবস্থান পূর্ব্বক বিশুদ্ধ ভাবে উত্তমা ভক্তি সহকারে পতি সেবা করিয়াছিলেন। ৫৬।৫৭

कियत्कालं स्थिता तत्र स्वामिनः सन्निधौ सती।
श्री माता सारदादेवी पतिभक्ति परायणा ॥ ५७
चकार परया भक्त्या पतिसेवां मनस्विनी।
शून्याष्ट पञ्चचन्द्राब्दे नाम्ना या फलहारिणी ॥ ५८
तत् पूजा दिवसे रात्रौ स्वपत्नीं सारदां शिवां।
षोड़शीं षोड़शसमां सर्व्वानन्दप्रदः शिवः ॥ ५९
पूजयामास तां देवीं पूर्व्वयुगानुसारतः।
बालार्कमण्डलाभासां चतुर्व्वर्ग फलप्रदां ॥ ६०
एकान्ते तां समाहूय षोड़शीं सहधर्म्मिणीं।
उवाच परया प्रीत्या योगिश्वर महागुरुः ॥ ६१
अहं सम्पूजयाम्यद्य रात्रौ त्वां तिथिचर्य्ये।
स्नान सन्ध्या वन्दनादि समाप्य कुलकामिनि ॥ ६२

In the Bengali year 1280, Sri Ramkrishna worshipped Sarada Devi in a moon-less night at

the time of Falaharini Kalika Puja He advised her to fast and observe all austerities and stay in the cottage at Panchabati till she is worshipped. 57 to 62.

বঙ্গানুবাদ :—

বাংলা সন ১২ শত ৮০ আশী সালে-ফলহারিণী কালিকা পূজার দিন রাত্রিতে সর্ব্বানন্দ প্রদাতা সর্ব্ব মঙ্গলালয় ভগবান শ্রীরামকৃষ্ণ দেব নবোদিত সূর্য্যের মত দেহ কান্তি ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গ ফল দায়িনী মঙ্গলময়ী ষোড়শী নিজপত্নী শ্রীমতী সারদা দেবীকে দ্বাপর যুগে ভগবান শ্রীকৃষ্ণের মত পূজা করিয়াছিলেন। ৫৮।৫৯

অর্থাৎ সেইদিনে ঠাকুর পত্নীকে নির্জনে ডাকিয়া অতি কোমল স্বরে বলিয়াছিলেন। আজ আমি অমাবস্যা তিথিতে রাত্রি দ্বিপ্রহরে তোমাকে পূজা করিব। অতএব হে কুলকামিনি তুমি প্রাতঃকালে স্নান সন্ধ্যা পূজা ও স্তব পাঠাদি সমাপন পূর্ব্বক কিছু না খাইয়া শুদ্ধ ভাবে এই পঞ্চবটী গৃহে অবস্থান কর। ৬০।৬১।৬২

तिष्ठ पञ्चवटी गेहे सोपवासा सुसंयता ।
एवमुक्त्वा स्वपत्निं तां भगवान् भक्तभक्तिमान् ॥ ६३
पूजाया द्रव्यसम्भार संपत्त्यर्थं समुत्सुकः ।
भाण्डागारं सम्प्रविश्य सिन्दूराम्बरभूषणम् ॥ ६४
संगृह्य फलपुष्पादीन् पञ्चवट्यामुपागतः ।
सायाह्ने स्नान सन्ध्यादिं समाप्य विधिवत्तदा ॥ ६५

শ্রীসারদাং স্বহস্তেন বস্ত্রালঙ্কারভূষিতাং ।
কৃত্বোচ্চ পীঠকে ন্যস্য পাদপীঠে পদদ্বয়ং ॥ ৬৫
অলক্তরঞ্জিতং কৃত্বা বিনিবেশ্য প্রযত্নতঃ ।
অমায়াং অর্দ্ধরাত্রৌ তাং ষোড়শীং জগদম্বিকাং ॥ ৬৬
তেন পাদ্যাদিভিঃ পূজা তন্ত্রোক্ত বিধিনা কৃতা ।
প্রার্থনা চ কৃতা তত্র বিঘ্ননাশেন যাদৃশী ॥ ৬৮
অত্র ভিক্ষা কৃতা সর্ব্বজীবানামস্য হেতবে ।
ব্রজেন্দ্রনন্দনঃ কৃষ্ণো যথা বৃন্দাবনে বনে ॥ ৬৯

During the day-time he remained busy collecting all requisite things. In the evening after performing usual rites, he decorated Sarada Devi with holy cloth and ornaments. In the mid-night he worshipped her as if she was the Goddess Kalika Lord Krishna did the same thing in the Dwapar yuga by worshipping the feet of Sri Radhika in Brindaban. 63 to 69,

বঙ্গানুবাদ :—

সর্ব্বশক্তিমান ঠাকুর পত্নী সারদাকে পূজার বিষয়ে বলিয়া পূজার দ্রব্য সংগ্রহার্থে ভাঁড়ারে প্রবেশ করতঃ বস্ত্র সিঁদুর শঙ্খ ও আলতা এবং ফল মূলাদি লইয়া পঞ্চবটীর গৃহে সেই সকল দ্রব্য রাখিয়া সায়াহ্নে স্নান সন্ধ্যাদি সমাপন পূর্ব্বক রাত্রিকালে যথাশাস্ত্র স্বহস্তে সারদা দেবীকে বস্ত্র ও অলঙ্কারাদি দ্বারা বিভূষিত করতঃ

अन्त्यलीलायां १म अः

इति श्रीरामेन्द्र सुन्दर भक्तितीर्थ विरचिते श्रीश्रीरामकृष्ण भागवते पारमहंस्यां संहितायां मातुः श्रीसारदादेव्या गङ्गास्नान गमन पथि रात्री दस्यु कृता पूजा दक्षिणेश्वर गमनं तत्र ठाकुरेण षोड़शी पूजानन्तरं पुनर्देव्याः कामारपुकुरे प्रत्यागमनरूपान्त्यलीलायाः प्रथमोऽध्यायः। श्लः ৭ ম:।

Shri Ramakrishna held the feet fo Sarada Devi in his hands and bowed down to her. He worshipped her in various ways. He also revealed to her that in their previous births they appeared as Lord Krishna and Sri Radhika. According to the advice of Sri Ramakrishna Sarada Devi left her husband and went to Kamarpukur. 70 to 73.

Here ends the first chapter in the Antyalila of Sri Sri Ramkrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha. ১ম অঃ অন্ত্যলীলা।

বঙ্গানুবাদ :—

ভগবান শ্রীরামকৃষ্ণদেব এইরূপভাবে তান্ত্রিক ও বৈদিক মতে নানা বিধ পূজা করিয়াছিলেন যে সকল যোগিগণ ও জানেন না। ৭২

তৎপরে মাতা-সারদা দেবী ঠাকুরের আদেশ মত দক্ষিণেশ্বর হইতে কামার পুকুরে গমন করিয়াছিলেন। ৭৩

অন্ত্যলীলায়া ১ম অঃ

শ্রীরামেন্দ্রসুন্দরের রচিত পরমহংস সংহিতা নামক শ্রীরামকৃষ্ণ ভাগবতের শেষ লীলায় প্রথমাধ্যায়ে সারদা দেবীর গঙ্গা স্নান উপলক্ষে দস্যু কৃপা দক্ষিণেশ্বরে গমন এবং তথায় ভগবান শ্রীরামকৃষ্ণদেব সারদা দেবীকে ষোড়শী পূজা করেন তৎপরে ঠাকুরের আদেশে পুনর্ব্বার সারদা দেবী কামার পুকুরে প্রত্যাগমন করেন। অঃ ১ সঃ

অন্ত্যলীলায়াঃ দ্বিতীয়োঽধ্যায়ঃ

কালেঽস্মিন্ সহধর্ম্মিণ্যা সহিতো মথুরো মহান্।
চকার যোজনং নানাতীর্থেষু গমনোন্মুখঃ॥ ১
যানবাহন ভোজ্যাদি নানাদ্রব্যাণি যত্নতঃ।
বিধিবৎ সংগৃহীতানি তীর্থে দেয়ানি যানি চ॥ ২
তীর্থ গতিঃ সুসম্পূর্ণা শ্রীরামকৃষ্ণ যোগতঃ।
অভূৎ শ্রীমথুরানাথঃ শুভকালে শুভে দিনে॥ ৩
সস্ত্রী ঠাকুর হৃদয় স্তীর্থযাত্রাং চকার সঃ।
হৃষ্টাহৃষ্টিণতাঃ সর্ব্বে মহভাব পুরঃসরম্॥ ৪
ভগবনঃ শ্রীরামকৃষ্ণ দেবস্য তীর্থযাত্রেয়ং সর্ব্বোত্তম
সাধনা বস্যাং খলু যোগবলেন জগতীতলে
সর্ব্বজীবে শিবজ্ঞানং দরিদ্রনারায়ণ সেবা চ।
ঠাকুরেণৈব নূতনরূপেণ প্রকটী কৃতা আসীৎ॥ ৫

Mathuranath set out on pilgrimage to various holy places with his wife, Thakur and Hridaya. He took with him all requisite things. This

pilgrimage had been the best of all holy pursuits ever followed by Sri Ramakrishna. Here he took a new turn and preached divine manifestation in all living things, and holy services to the poor. 1 to 5.

বঙ্গানুবাদঃ—

অন্ত্যলীলার দ্বিতীয় অধ্যায়ের বঙ্গানুবাদ আরম্ভ হইতেছে এই সময় মথুরানাথ পত্নীর সহিত কয়েকটি তীর্থ গমনের জন্য তদুপযোগি দ্রব্যাদির আয়োজন করিয়াছিলেন অর্থাৎ যান বাহন ভোজ্য ভোজ্য বা তীর্থেদের দ্রব্য সকল যোগাড় করিয়াছিলেন। এবং তীর্থ গমনে ঠাকুরের যোগদান জন্য মথুরবাবুর তীর্থ যাত্রা সুষ্ঠুরূপে হইয়াছিল। ১।২।৩

শুভদিনে শুভক্ষণে সপত্নীক মথুর বাবু ঠাকুর ও হৃদয়ের সহিত তীর্থ যাত্রা করিয়াছিলেন। এবং সকলেই যথাবিধি শুদ্ধভাবে গৃহ হইতে বহির্গত হইয়াছিলেন।

ভগবান শ্রীরামকৃষ্ণদেবের তীর্থ গমন একটি উত্তম সাধনা। কারণ যে তীর্থ যাত্রা উপলক্ষ্য করিয়া সর্ব্বজীবে শিবজ্ঞান। এই জগতে দরিদ্রনারায়ণ সেবা কার্য্য ইনিই যোগ বলে প্রকাশ করেন পূর্ব্বে ইহা ছিল না॥ ৫

आदौ श्रीवैद्यनाथ धाम गत्वा तत्रस्थ क्षुधातुर धृतकङ्काल मात्र देह दरिद्रदर्शने दयार्द्रहृदय दरिद्रदेवता दरिद्र सेवार्थं सकातरं

मथुरानाथ सुक्तवान्। भो मथुर! केवलमेकदिनमेतेषां भवा दानेनोदरं परिपूरय। ६

ददस्व प्रचुरतरं तैलं मस्तकेषु। तथा प्रत्येकं परिधेय वस्त्रमपि प्रयच्छ। ७

एवं भगवता कथ्यमानवचांसि सुत्वाऽपि तदा वाराणसी यात्रा समुत्सुको मथुरो वाराणस्यामेव दरिद्रभोजनादि व्यवस्था विधेयेति संवाद सुक्तवान्। ८

श्रुत्वैवं दरिद्र प्रत्यक्षदेवता सरोषमवदत्। नाहं यास्यसि वाराणस्यां एभिरेवावसामि। दरिद्राणामेषां नास्तिकि, कोऽपि दाता? ९

ततो मथुरेण दरिद्रान्सर्गत भगवन्त मवलक्य सद्य स्तदाज्ञा पूरणे कृते ठाकुर ईश्वरस्य पुरःसरं परमानन्दमवाप। १०

At first they visited the tepmles of Vaidyanath. Shri Ramakrishna was greatly moved by the sight of emaciated bodies of the poor hungry people and so he requested Mathuranath to give them enough food for a day, sufficient oil for their heads and a piece of cloth to each of them. But Mathuranath in his eagerness to start Varanasi replied that necessary arrangements to feed and clothe the poor would be made at Varanasi. On hearing this Thakur became very furious and said that he would remain with the starving people here and see if

any kind and generous hearted man be available. Al this Mathuranath did as he was asked to do. Thakur became much delighted and smiled with great satisfaction.

বঙ্গানুবাদ :—

বৈদ্যনাথ ধামে যাইয়া ক্ষুধায় কাতর কঙ্কাল মাত্র সার জীবন্মৃতের ন্যায় দেহধারী দরিদ্র সকলকে দেখিয়া দীনবন্ধু ঠাকুর দয়ার্দ্র হৃদয়ে দরিদ্রগণের সেবার জন্য অতি কাতর বাক্যে মথুরানাথকে বলিয়াছিলেন হে মথুর কেবল মাত্র একদিনের মত এই সকল দরিদ্রদিগকে উদর পূরণ করিয়া খাওয়াও। ৬

ইহাদের মাথায় তৈল দাও। এবং প্রত্যেকটি দরিদ্রকে এক একটি করিয়া বস্ত্র দাও। ৭

ঠাকুর এইরূপ উত্তম কথা বলিলে ও ৺কাশীধামে যাইবার জন্য অত্যন্ত ব্যস্ত মথুরানাথ বলিলেন ৺কাশীধামেই দরিদ্র ভোজনের ব্যবস্থা করিব। ৮

अन्त्यलीलायां २य अः

एवं गयासुर क्षेत्रे भगवान श्रीगदाधरः ।
अपरोक्षी कृत स्तेन साक्षाद् गदाधरेण हि ॥ ১১
ततो वाराणसी क्षेत्रं प्राप्य श्रीभगवान् स्वयं ।
ददर्श श्रीविश्वनाथ मन्नपूर्णाञ्च मातरं ॥ ১২
मुक्ति क्षेत्रस्यावनतिं दृष्ट्वा भूदति दुःखितः ।
उक्तं भगवता तेन परमार्त्तेन तत्र च । ১৩
कथमवाहमानीतः स्थानादस्मादपि ध्रुवं ।
स्थितोऽत्यन्तं सुखी भूत्वा तत्र श्रीदक्षिणेश्वरे ॥ ১৪
किन्तु श्रीमणिकर्णिकाश्मशानं मुक्तिपदा राजते
गत्वा तत्र महाश्मशान निलयं श्रीशङ्करं शङ्करम् ।
दृष्ट्वा तं शव सङ्कुलं पुरहरं प्राप्तः पुराणोदितां
दृष्ट्वैवं शिवलोक सङ्गत जनानन्दमासी हरिः ॥ ১৫
ततो वृन्दावनं गत्वा गोविन्द मन्दिरे प्रभुः ।
श्रीराधया श्रीगोविन्द दृष्ट्वैव भुवि लुण्ठितः ॥ ১৬

Thereafter Sri Ramakrishna went to Gaya and visited Gadadhar. Then he went to the temples of Biswanath and Annapurna in Varanasi. But on seeing the unholy condition of the city he said sorrowfully, "Why have I been brought to this place from Dakshineswar where I had been very happy". When he visited the famous burning ghat of Shri Monikarnika, he was glad to see the souls transported to the abode of Lord Siva as

the dead bodies were touched by Sri Sankar. Then he went to Vrindavana and paid his obesience to Sri Radha with Sri Govinda. 11 to 16

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে সাক্ষাৎ গদাধর শ্রীরামকৃষ্ণদেব গয়াক্ষেত্রে ভগবান গদাধরকে প্রত্যক্ষ করিয়াছিলেন অতঃপর ঠাকুর ৺কাশী ধামে যাইয়া দেবাদিদেব বিশ্বনাথ ও অন্নপূর্ণাকে দর্শন করিয়াছিলেন মুক্তি ক্ষেত্র বারাণসীর বিশুদ্ধ ভাব না দেখিয়া অত্যন্ত দুঃখের সহিত বলিয়াছিলেন।

কি জন্য আমাকে এখানে আনিলে ইহার অপেক্ষায় আমি দক্ষিণেশ্বরে অতি আনন্দের সহিত ছিলাম। ১৩।১৪

কিন্তু পাপ নাশিনী মুক্তি দাত্রী মণিকর্ণিকায় যাইয়া দেখিলেন সেখানে মহাশ্মশানে যে সকল শব দেহ আছে ভগবান শঙ্কর সেই সকল প্রত্যেকটিকে স্পর্শ করিবা মাত্র তাঁহারা দিব্য মূর্তি ধারণ করিয়া কৈলাস ধামে গমন করিতেছেন। এই রূপ দেখিয়া ঠাকুর অতিশয় আনন্দিত হইয়াছিলেন। ১৫

তৎপরে ঠাকুর কাশী ক্ষেত্র হইতে বৃন্দাবনে যাইয়া গোবিন্দ মন্দিরে রাধা গোবিন্দ দর্শন করিয়া ভগবদ্ভাবে বিভোর অলৌকিক প্রেমের সহিত কৃষ্ণকীর্তন করিতে করিতে কাতর বাক্য বলিয়াছিলেন। ১৬।১৭

भावाकुलितचित्तोऽपूर्वं प्रेम पुरःसरम् ।
महोत्सवम् उच्चनाम मोवाच कातरं वचः ॥ १८

अन्त्यलीलायां २य अ:

भो कृष्ण सर्व्वमेवास्ति यमुना तीर सन्निधौ ।
गोवर्द्धनं रासभूश्च वनं वृन्दावनं तव ॥ १८
तथा निधुवनञ्चास्ति निकुञ्जवन मेव च ।
किन्त्वहं त्वां न पश्यामि पश्यामि केवलं रजः ॥ १९
काद्रवेयस्य घट्टन्तु भगवान् भक्तरूपधृक् ।
यातो यदा तदा तेन दृष्टः श्रीभगवान् स्वयं ॥
यमुनान्तर्जले महासर्प मूर्द्ध्नि विराजितः ।
कालीयःसह पत्नीभि स्तौति तं नन्दनन्दनम् ॥ २१
जय गोपीमुखाम्भोज मधुपान मधुव्रत ।
निराकार निराधार निर्गुण पाहि कृष्ण मां ॥ २२
ततो महाभाव वशात् वाह्यज्ञान परिच्युत ।
प्राप्यतद्धाम माहात्म्यं वर्णयामास ठाकुरः ॥ २३

In a divine mood he chanted the name of Krishna and said sorrowfully. "Oh Lord Krishna, I find on this bank of Jamuna every thing viz. Gobardhan Hill, the place of Rashalila, Brindaban, Nidhuban and Nikunjaban etc. But I don't find you. I see the dust of your feet only." When he stood on Kaliyadaman Ghat, he found in the water of the river Sri Krishna standing on the head of the great serpent Kaliyanag with his wives praying for mercy of Sri Krishna. In his divine mood Thakur would describe the glory of that holy place. 17 to 23.

বঙ্গানুবাদ ঃ—

হে কৃষ্ণ তোমার সবই আছে অর্থাৎ, যমুনাতীর গোবর্দ্ধন পর্ব্বত রাসস্থলী বৃন্দাবন নিধুবন নিকুঞ্জবন প্রভৃতি সকলই আছে কিন্তু তোমাকেই প্রত্যক্ষরূপে দেখিতে পাইতেছি না। কেবলমাত্র তোমার পদরজই প্রত্যক্ষ হইতেছে।১৮।১৯

কিন্তু ভক্তরূপধারী ভগবান ঠাকুর যে সময়ে কালীয়দমনের ঘাটে যাইয়াছিলেন। সেইস্থানে অর্থাৎ যমুনার জলের মধ্যে কালীয় সর্পের মস্তকোপরি বিরাজিত শ্রীগোবিন্দকে দর্শন করিয়াছিলেন এবং পত্নীগণের সহিত কালীয়নাগ শ্রীকৃষ্ণকে স্তুতিকরিতেছেন সেই সকল স্তববাক্য এইরূপ।২০।২২ হেনিরাকারনিরাধার মধুব্রত গোপী মুখপদ্ম মধুপায়ী তোমার জয় হৌক আমার কিছু মাত্রগুণ নাই আমাকে রক্ষা করুন।২২

এইরূপ সাক্ষাৎ ভগবান শ্রীকৃষ্ণের অপূর্ব্বরূপ দর্শনে মহাভাব-বশতঃ বাহ্যজ্ঞান শূন্য হইয়া বৃন্দাবানধামের মাহাত্ম্য প্রচুরভাবে বর্ণনা করিয়াছিলেন।২৩

एवं तत्तत्तीर्थमध्ये तत्तद्रूपं स दृष्टवान् ।
मत्तः श्रीरामकृष्णो न कृष्णाकुलित चेतसा ॥ २४
दीर्घकालात् परं वृन्दारण्ये प्रेमाप्रवाञ्छितः ।
तद्ग्रामवासिनां येन कृष्णः प्रत्यक्षतां गतः ॥ २५
तत्तत्तीर्थं पर्य्यटनात्परं श्रीदक्षिणेश्वरे ।
पुनः प्रत्यागतो रामकृष्णः स्व सिद्ध धामनि ॥ २६
वृन्दावनस्थ श्रीराधाश्याम कुण्डोद्धृतं रजः ।
यदानीतं भगवता यत्नतः परमं प्रियं ॥ २७

अन्त्यलीलायां २य अः

गङ्गोदकेन तत् सर्व्वं कृत्वा सम्मिश्रणं प्रभुः ।
पञ्चवट्याश्चतुर्दिक्षु रभिषेक पुरःसरं ॥ २८
उवाचेयं क्षितिर्मूना वृन्दावन समाद्यतः ।
उवाच च महायोगी महायोगयुतः स्वयं ॥ २९
तीर्थयात्रा भगवती स्तीर्थं मङ्गल हेतवे ।
सर्व्वतीर्थपदस्याप्य तीर्थं यात्रा विडम्बना ॥ ३०

In the same way, Thakur had seen the presiding diety of the respective holy places. The intense devotion to Lord Krishna, which he displayed in the holy Brindavana, bestowed upon him a divine glamour which made him an idol among the people of the locality After his pilgrimage to vairous holy places, he came back to Dakshineswar and sprinkled the holy dust collected from Shyamkunda and Radhakunda in Brindavana, mixed with the water of the Ganga, all around Panchavati, to make the place as holy as Brindavana. The purpose of pilgrimage on his part was to add holiness to holy places and not to acquire any merit for himself who was the Divinity itself. 24 to 30.

বঙ্গানুবাদ :—

ঠাকুর প্রত্যেক তীর্থে ভগবানের স্বরূপ প্রত্যক্ষ করিয়াছিলেন কিন্তু বৃন্দাবনে কৃষ্ণপ্রেমে বিভোর হইয়া এইরূপভাবে প্রেমের বন্যা

অন্ত্যলীলায়াং ২য় অঃ

প্রবাহিত করিয়াছিলেন যাহাতে বৃন্দাবনবাসী ঠাকুরকেই সাক্ষাৎ শ্রীকৃষ্ণরূপে প্রত্যক্ষ করিয়াছিলেন। ২৪।২৫

বহুতর সদ্‌গুণ বিশিষ্ট সেই সদ্বৈদ্য রাজেন্দ্র দত্ত আনন্দ ঘন বিগ্রহ ঠাকুরের রোগ পরীক্ষা পূর্ব্বক অন্তরে অত্যন্ত ভয় পাইয়াও বাহিরে সহাস্য বদনে বলিয়াছিলেন। ঠাকুরের রোগ মুক্তির জন্য মহামনা আপনাদিগের কোনও চিন্তার কারণ নাই। যে ভগবান কঠিন রোগ সৃষ্টি করিয়াছেন তিনিই সেই সুকঠিন রোগের সর্ব্বতোভাবে নিরাময় করিবার জন্য ঔষধ সৃষ্টি করিয়াছেন। ৬,৭

সেই সুচিকিৎসক রাজেন্দ্রবাবু ঠাকুরের ভক্ত সকলকে এইরূপ বলিয়া প্রতিদিন ঠাকুরের নিকটে আসিয়া সর্ব্বরোগ বিমুক্তিপ্রদ যোগী ঠাকুরকে চিকিৎসা করিয়াছিলেন। এবং ঠাকুরের আনন্দ বর্দ্ধন জন্য উত্তম পুষ্প ও উত্তম উত্তম ফল প্রভৃতি বহুবিধ উপাদেয় দ্রব্য আনয়ন পূর্ব্বক পরম পুরুষ ভগবানকে প্রত্যর্পণ করিতেন। তজ্জন্য ঠাকুরও অত্যন্ত প্রীত হইতেন ॥ ৮।৯।১০

एवन्तदुभयोः प्रीतिवर्द्धनादल्पकालतः ।
दुरन्त यातनायुक्तरोगो ह्रासत्वमाप्तवान् ॥ ११
पादुकाहीन विधाय यः प्रयच्छत्युपानहौ ।
न तस्य मनसो दाहः कदाचिदपि जायते ॥ १२
इति सञ्चिन्त्य राजेन्द्रः प्रभोरर्थं महामतिः ।
सुकोमलेन वस्त्रेण निर्म्मितं पादुकाद्वयं ॥ १३
स्वहस्ताभ्यां प्रभोः पादयुगले पर्य्यधापयत् ।
प्रभो स्तत् पादुकायुगं वेलुड़मठ सद्मनि ॥ १४
अद्यापि पूजितं भाति सद्भक्तैर्भक्तिपूर्व्वकं ।
स्वयं रचितस्यापि जगन्मङ्गल हेतवे ॥ १५

राजेन्द्रनाथ दत्तस्य भक्तिपूर्वं चिकित्सया।
पीड़ाशान्तिं प्रभोर्ज्ञात्वा भक्तायानन्द संप्लुताः॥
यथोष्ट देवता सेवां यनीक्षात्य स्वजीवनं।
कुमार सेवकाश्चक्रु रैकान्त भक्तिसंयुताः॥ ১৭

Thus, due to happy exchange of feelings between Thakur and the physician, the very painful disease subsided very appreciably in a very short time. With the thought that if a bare-footed bramhin would be given a prize of shoes for protection from the heated-earth, he would regain his peace of mind, Rajendra got a pair of shoes prepared of soft cloth and worn by Thakur. This pair of shoes is still preserved in Belur Math, and worshipped by his devotees. It was a matter of great joy that the treatment of Rajendra Nath Dutta had brought a great relief to Thaknr. The young disciples rendered their services to Thakur with all sincerity and devotion. 11 to 17.

বঙ্গানুবাদ :—

এইরূপে রোগী ঠাকুর ও চিকিৎসক উভয়ের প্রতি উভয়ের প্রীতি বর্দ্ধনবশতঃ অতি অল্প সময়ের মধ্যে দুরন্ত দুঃখদায়ক রোগ কিছু উপশমিত হইয়াছিল। রৌদ্রতাপাদিক্লিষ্ট যদি কোনও ব্রাহ্মণকে

কোনও লোক যদি পাদুকা দান করেন। তবে সেই ব্যক্তির কখনও সন্তাপজনিত দুঃখ হয় না।

এইরূপ চিন্তা করিয়া মহামতি ডাক্তার রাজেন্দ্রবাবু ঠাকুরের জন্য অতি সুকোমল বস্ত্র দ্বারা নির্ম্মিত পাদুকা দুইটি নিজে দুই হস্তে প্রভুর পাদ যুগলে পরাইয়া ছিলেন। ঐ পাদুকা দুইটি আজ পর্য্যন্ত বেলুড় মঠে পূজিত হইয়া থাকে। ১৩।১৪

এবং তাঁহার ভক্তবর্গের মঙ্গলার্থে ভক্তিপূর্ব্বক সযত্নে রক্ষা করিতেছেন। ১৫

এবং ডাঃ রাজেন্দ্রবাবুর চিকিৎসায় ঠাকুরের পীড়ায় উপশম বা অনেকটা আরোগ্য জানিয়া ভক্ত সকল অতিশয় আনন্দিত হইয়াছিলেন। ১৬

কুমার সেবকগণ একান্ত ভক্তি সহকারে ইষ্ট দেবতার সেবা প্রাণপনে করিয়াছিলেন। ১৭

सेवार्थं श्रीभगवताङ्घ्रियुग्मं समर्पिते ।
बाह्याभ्यन्तरशुद्धत्वाल्लेभिरे परमां मुदाम् ॥ १८
परन्तूत्तरकाले ते तद्भक्ता परिवेशने ।
यदि मालिन्य मायान्ति तद्धस्तं घटवारिभिः ॥ १९
शिक्षा तासां ददौ देवो युष्माकं सुपवित्रता ।
ईदृग् यौता यथा यूयं दुर्जनैर्मिलिता यदि ॥ २०
अथवा तैस्तत्समं अवस्थिष्यथ यद्यपि ।
न किञ्चिदपि मालिन्यं युष्मदेहे भविष्यति ॥ २१
स्वभावं स्वस्वमावस्य न तेन सम्भविष्यति ।
सर्वदा स्वस्वरूपेण यूयं स्थास्यथ निश्चितम् ॥ २२

अन्त्यलीलायां ८म अः

भवितव्य विधानेन विधातुरिच्छयाथवा ।
सेवकानां सुदुर्भाग्यात्सुखस्यावसानमागतं ॥ २३
सदा शुचौ ह्यत्ययमभूत् पर्जन्य वर्षणाद्ध्रुवं ।
तेन क्षीणशरीरस्य प्रभोः पीड़ा व्यवर्द्धत ॥ २४

When the devotees touched the body of Thakur by way of services they became purged of their impurities, both inner and outer. Lest devotees would be unable to preach his religion, Thakur sprinkled holy water on them and said, "From now onward such divine purity has been bestowed upon you that bad companionship or the act of taking unholy food will not impair your purity of mind and body. You will ever remain pure and holy under any circumstances." By the will of God the happy days came to an end. The disease aggravated due to cold caused by excessive rains in the month of Ashara 18 to 24.

বঙ্গানুবাদ :—

সেবা সময়ে ঠাকুরের অঙ্গপ্রত্যঙ্গ স্পর্শমাত্রে ভক্ত সকলের বাহ্য ও অভ্যন্তর শুদ্ধি হইয়া পরম কৃপা লাভ তৎক্ষণাৎ হইত। ১৮

কিন্তু আমার অবর্তমানকালে এই সকল ভক্তগণ আমার ধর্ম্ম প্রচারে যদি অসমর্থ হয় তজ্জন্য ভগবান ভক্ত সকলকে পবিত্র জলের

যারা অভিষেক করিয়া বলিতেন আজ হতে তোমাদের এইরূপ পবিত্রতা হইল যাহাতে তোমরা দুর্জন ব্যক্তির সহিত মিলিত হইলেও অথবা পাপান্ন ভোজন করিলেও তোমাদের দেহে কোনরূপ পাপ বা মালিন্য স্বল্পমাত্রও হইবে না। ১৯।২০।২১

তোমরা সর্ব্বদা পবিত্রভাবে থাকিবে। ইহা ধ্রুব নিশ্চিত। ২২

সেবকগণের দুর্ভাগ্যবশতঃ ভবিতব্যের বিধান জন্য অথবা ভগবানের ইচ্ছাতেই হউক সুখের অবসান হইয়াছিল। সেই সময় আষাঢ় মাস অত্যধিক বারি বর্ষনের জন্য শীতল বা খুবঠাণ্ডা হইয়াছিল।

এজন্য ক্ষীণ শরীর প্রভুর পীড়া বিশেষভাবে বর্দ্ধিত হইয়াছিল॥ ২৩।২৪

গলাভ্যন্তরদেশস্য ক্ষতাত্ ক্লেদো বিনির্গতঃ।
প্রাসকায় মাবস্যাশ্চ যাতনা হৃদিমাগতা ॥ ২৫
জলবত্তরলং পথ্যং ক্ষুধাধিক্যস্থিতাবপি।
ভোজনে ন সমর্থোঽভূদ্ যদিবা শক্তিচালনাত্ ॥ ২৬
স্বল্পং গলাধঃকরণে যাতনা মতমা ভবত্।
যযা ধৈর্য্যং ভবেন্নষ্টং সাক্ষাদ্ ভগবতোঽপি ॥ ২৭
পরন্তু মসৃণাত্তস্মাত্ ক্ষতস্থানা দ্বিনিঃসৃতঃ।
পূযরক্তাদিসংমিশ্র ক্লেদোঽত্যন্ত ব্যবর্দ্ধত ॥ ২৮
অসাধ্যন্তদ্রোগচিহ্নমবলোক্য মহামনাঃ।
প্রভো স্তত্ সেবকাঃ সর্ব্বে নরেন্দ্র প্রমুখাদযঃ ॥ ২৯
সুতরাং ভযবিভ্রান্তা হ্যভবন্ প্রভু হেতবে।
কিং কর্ত্তব্যবিমূঢাস্তে প্রাযেণ ক্ষুণ্ণচেতনাঃ ॥ ৩০

एकदा मुखनिर्गत क्लेदसंयुक्त पायस ।
प्रभोरस्मत सुधान्तन्मन्यमानो महत्तरः ॥ ३१

Due to painful coughs and vomiting blood which came out of the wound inside the throat, Thakur became restless. In spite of acute appetite he could not eat anything. Even if he took any liquid food, it would cause unbearable pain as soon as it entered his throat, and simultaneously terrible vomiting of blood would take place. At this even Thakur himself lost all patience and hope, and his disciples did not know what to do. One day Narendra held in his hand the blood with all impurities which was vomitted by Thakur as if it was holy nectar.
25 to 31

বঙ্গানুবাদ :—

তজ্জন্য গলদেশের ভিতরের ক্ষত হইতে শ্লেষ্ম অর্থাৎ রক্তপুঁজ বহির্গত হইলে শ্বাস কাসির প্রাবল্যবশতঃ ঠাকুরের যাতনা অত্যন্ত বৃদ্ধি হইয়াছিল ॥ ২৫

বিশেষভাবে ক্ষুধার বৃদ্ধি হইলেও জলের মত তরল পথ্যও ভোজনে অসমর্থ হইয়াছিলেন । ২৬

যদি বা জোর পূর্ব্বক অল্পমাত্র ভোজনীয় দ্রব্য খাইতেন তাহাতেও অত্যন্ত যাতনা হইত যে যন্ত্রণাবশতঃ সাক্ষাৎ ভগবানেরও ধৈর্য্য নষ্ট হইয়াছিল । ২৭

এবং তৎক্ষণাৎ সেই ক্ষত স্থান হইতে পূযরক্তাদি মিশ্রিত ক্লেদ ভয়ঙ্কর রূপে নির্গত হইত। ২৮

ভগবানের অসাধ্য রোগ চিহ্ন দেখিয়া নরেন্দ্র প্রভৃতি মহামনা প্রভুর সেবক সকল প্রভুর জন্য অত্যন্ত ভয়ে বিহ্বলিত হইয়াছিলেন এবং কি করা কর্তব্য কিছুমাত্র নিশ্চয় করিতে না পারিয়া সকলে এক প্রকার জ্ঞানশূন্য হইয়াছিল॥ ২৯,৩০

অতি বড় মহৎ শ্রীনরেন্দ্র সর্ব্বোত্তম সাধক একদিন প্রভুর মুখারবিন্দ নির্গত রক্ত পূঁজের সহিত পায়স প্রভুর অমৃততুল্য মনে করিয়া দুই হস্তে ধারণপূর্ব্বক কাতর বাক্যে গুরু ভ্রাতা সকলকে বলিয়াছিলেন। ৩১

उवाच स्वहस्ते धृत्वा श्रीनरेन्द्रः सकातरं।
प्रभोःमुखपद्माद्यत् प्रसाद यद्दत्तेन नः ॥ ३२
चित्तप्रसादः सञ्जातोऽधुना भाग्य विपर्य्ययात्।
तद्रूपस्य प्रसादस्य पुनः प्राप्ति न सम्भवेत् ॥ ३३
आगच्छन्तु महाभागा यैनेदं क्लेदमिश्रणं।
प्रभोः सत्तास्वरूपं यत् पायसममृतोपमं ॥ ३४
अत्स्यामयं तेनास्माकं तदधिष्ठानमुत्तमं।
देहास्थिमज्जा नाड़ीषु भवेदनुभूतं सदा ॥ ३५
एवमुक्त्वा श्रीनरेन्द्रःपीत्वापि स्वयमुत्तमं।
पायसमपि चास्माकमपाययदनुत्तमं ॥ ३६
एवं लीला मनुष्यस्य श्रीनरेन्द्रस्य धीमतः।
किं विदन्तिजना लीलां शिश्नोदर परायणाः ॥ ३७

प्रभुर्नेदं यदा प्राप्तं प्रायो मे काल आगतः ।
अतो मे प्रेमलीलायाः प्राकट्यं नङ्क्ष्यति ध्रुवं ॥ ३८

He said, "We do not now expect to have the same holy residuals from Thakur as was available when he was hale and sound. Let us take this blood as holy nectar so that we shall feel Thakur's divine self in our body, bones and nerves." With this Narendra drank the blood and made all other disciples drink it. Thus, Narendra did a miracle which was beyond comprehension of people addicted to earthly pleasure. When Thakur realised that his days were numbered, he resolved to asbtain himself from all outward activities. 32 to 88.

বঙ্গানুবাদ :—

প্রভুর সুস্থ অবস্থায় যে প্রসাদ ভোজন করিয়া আমাদের চিত্তশুদ্ধি হইয়াছে সম্প্রতি আমাদের দুর্ভাগ্য বশতঃ সেইরূপ প্রসাদের পুনঃ প্রাপ্তির আশা আর নাই। অতএব হে মহাভাগ সেবকবৃন্দ আপনারা আসুন আমরা এই রক্ত ও পুঁজ মিশ্রিত প্রভুর সত্তারূপ এই অমৃততুল্য পায়স যদি আমরা ভোজন করি তাহা হইলে আমাদের শরীরের অস্থি মজ্জা ও নাড়ী সকলের মধ্যে ভগবানের স্থিতি সর্ব্বদা ভালভাবে অনুভূত হইবে। ৩২।৩৩,৩৪,৩৫

এইরূপ বলিয়া শ্রীনরেন্দ্র স্বয়ং সর্ব্বাগ্রে সেই সুধাতুল্য পায়স পান করিয়া তৎপরে আমাদিগকেও পান করাইয়াছিলেন। ৩৬

अन्त्यलीलायां ৫म अः

ভগবানের লীলার সর্ব্বোত্তম পার্ষদ নররূপী নরেন্দ্রের লীলা পত্নী ও উদর পূরণে আসক্ত অর্থাৎ রসনেন্দ্রিয়কে ও উপস্থকে যাঁহারা জয় করিতে না পারিয়াছেন সেই সকল মনুষ্য কি ভগবানের বা তাঁহার পরিকর বর্গের লীলা বুঝিতে সমর্থ হয়। অর্থাৎ ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তি ভগবল্লীলা বা ভক্ত লীলা বিষয়ে কিঞ্চিন্মাত্রও প্রবেশ করিতে পারেন না। ৩৭

প্রভু যখন জানিয়াছিলেন আমার অন্তর্দ্ধানের সময় নিকটবর্ত্তী হইয়াছে অতএব প্রকাট্য লীলারও অবসান হইবে। ৩৮

विज्ञायैवं श्रीभगवान् गभीरे निशि चैकदा ।
स्वं स्वरूपं श्रीनरेन्द्रनाथमाहूय यत्नतः ॥ ३९
तद्‌गतं जीवनमपि शक्तिभूषण सेवकं ।
स्वस्थानाद्विजनस्थाने प्रेरयित्वाब्रवीदिदं ॥ ४०
प्रोवाच श्रीनरेन्द्रं तं सुस्पष्टं पश्य भोः प्रिय ।
यच्चास्मिन्नजनः कोऽपि सर्वं मे निष्फलं भवेत् ॥ ४१
यथा कैलासाधिपतिः शङ्करो भगवान् स्वयं ।
निजार्थं प्राणिपुण्यानां शाला हयोग पोठकं ॥ ४२
यर्द्धाङ्गिनी शङ्करी च सावधानतया मम ।
मानसत्त्वमहदयं यदिग्रुद्धं समुपादिशत् ॥ ४३
तथा स प्राणतुल्यस्तं नरेन्द्रं प्रेममूर्त्तिमान् ।
निबद्ध बाहुयुग्मेन सुदृढमालिङ्गन पूर्वकं ॥ ४४
तद्रहस्यं मानसस्य विज्ञापयत् परमं पदं ।
यद्विज्ञानादिदं सर्वं विज्ञातं भवति ध्रुवं ॥ ४५

Knowing this, once in the dead of night Thakur called for Narendra in his room on the upstairs and sent Shasibhusan downstairs. He asked Narendra to see and be sure that nobody was there on the upper floor for otherwise all would go in vain. Lord Shiva also made his place void of any living thing when he imparted the knowledge of one Supreme Being pervading the universe to Goddess Sankari. So also Thakur imparted that divine knowledge to Narendra.

39 to 43.

বঙ্গানুবাদ :—

এইরূপে ঠাকুর নিজ লীলায় অপ্রকট অবগত হইয়া একদিন গভীর রাত্রে নিজেরই অন্যতম মূর্ত্তি নরেন্দ্রনাথকে যত্ন পূর্ব্বক ডাকিয়া ঠাকুরগত প্রাণ শশিভূষণ সেবককেও দোতলার গৃহ হইতে নিম্নের ঘরে পাঠাইয়া দেবতাদিগেরও দেবতা ঠাকুর নরেন্দ্রনাথকে বলিয়াছিলেন। ওহে প্রাণ প্রিয় নরেন্দ্র। তুমি বেশ ভাল করে দেখ আমার এই দোতলায় কোনরূপ প্রাণী আছে কি না। যদি থাকে তবে সব নিষ্ফল হইবে। ৩৯।৪০।৪১

যেমন কৈলাসধামের অধিপতি ভগবান্ শঙ্কর মহানিশাকালে নিজের যোগপীঠ প্রাণীশূন্য করিয়া অর্দ্ধাঙ্গিনী শঙ্করীকে সাবধানপূর্ব্বক যে বিশুদ্ধ অদ্বয় জ্ঞান তত্ত্ব উপদেশ করিয়াছিলেন। ৪২।৪৩

সেইরূপ মূর্ত্তিমান্ প্রেম বিগ্রহ ঠাকুর নিজের প্রাণতুল্য সেই

নরেন্দ্রকে দুই বাহুদ্বারা আলিঙ্গন করিয়া মুখ চুম্বন পূর্ব্বক সেই অব্যয় জ্ঞানতত্ত্ব বা বিষ্ণুর পরম পদ যাহা জানিলে লৌকিক বা অলৌকিক সর্ব্ববিধ বস্তুর বিজ্ঞান হয় বা জ্ঞানে সমর্থ হয়। ৪৪।৪৫।

असंख्य बुद्बुदोपम ब्रह्माण्डं ब्रह्मसागरे ।
समुद्भूतं पुन स्तस्मिन् ब्रह्मण्येव प्रलीयते ॥ ४६
योऽसौ रूपविहीनोऽपि सर्व्वरूप स्वरूपकः ।
निर्गुणोऽपि सदा योऽसौ गुणानामाकरो महान् ॥ ४७
सर्व्वत्रानुगतो वापि सङ्गहीनो भवत्यसौ ।
सर्व्वचित्तान्तरस्थोऽपि बुद्धिवृत्तेरगोचरः ॥ ४८
चक्षुर्भ्यान्तु न दृष्टोऽसावचलोऽपि चलत्यसौ ।
ईदृक् सर्व्वाश्चर्य्यमयः सच्चिदानन्द ईश्वरः ॥ ४९
पापदेहादिसंश्लिष्टो पूर्व्वं पुण्य बलेन हि ।
श्रीगुरोः कृपया वापि वेत्ति चेत् परमेश्वरं ॥ ५०
सूक्ष्मानुसूक्ष्मरूपोऽपि जीवो याति विमुक्ततां ।
तद्रूपोऽसौ भवेद्वापि यथा स परमेश्वरः ॥ ५१
बहुना वा किमुक्तेन वत्स जानीहि तं सदा ।
सर्व्वं यामात्मजो ह्यात्मा पितामाता स ईश्वरः ॥ ५२

"Innumerable worlds come to existence like bubbles on the surface of the sea, and again lose their existence in the Supreme Being from whom they were born. He who is the maker of shapes is shapeless. *He has no quality or virtue even though all qualities and virtues originate*

from him. He is all alone though He pervades everything. No intelligence can reach him though all thoughts are fed by him. He is not seen with eyes. He is both static and dynamic. He can be known by devotion and by the grace of preceptor. Even though the soul of a man is a very small thing, it can attain salvation and Divinity. Our sons and parents are none but God." 46 to 62.

বঙ্গানুবাদ :—

অসংখ্য জল বুদবুদ সদৃশ ব্রহ্মাণ্ড অর্থাৎ ভূ ভুর্বঃ স্বঃ মহজন তপঃ সত্য এবং অতল বিতল সুতল রসাতল তলাতল মহাতল ও পাতাল এই ১৪টি লোক যাহাতে আছে তাহাকেই ব্রহ্মাণ্ড বলে এই ব্রহ্মাণ্ড সৃষ্টির পর পুনরায় অন্তে ব্রহ্মেই বিলীন হইয়া থাকে। ৪৬

যিনি এই পূর্ণ ব্রহ্ম স্বরূপ ভগবান নিরাকার বা রূপ শূন্য হইয়াও সর্ব্বরূপের স্বরূপ। এবং যিনি নির্গুণ হইয়াও সর্ব্ব সদ্‌গুণের আকর।

এই ভগবানই সর্ব্ব বস্তুর মধ্যে সর্ব্বদা অবস্থিত হইলেও নির্লিপ্ত এবং সকলের অভ্যন্তরে সর্ব্বদা থাকিলেও মানুষ প্রত্যক্ষ করিতে পারে না। ৪৭।৪৮

এবং আমাদের এই বাহ্য চক্ষু দুইটি দ্বারা তিনি প্রত্যক্ষ হন না। তিনি অচল হইয়াও চলিতে পারেন এই সচ্চিদানন্দময় স্বরূপ সর্ব্বাশ্চর্য্যময় ঈশ্বরের স্বরূপ। ৪৯

প্রাণযুক্ত দেহবিশিষ্ট জীব পূর্ব্ব জন্মের পুণ্য বলেই হউক অথবা শ্রীগুরুর কৃপাতেই হউক সেই পরমেশ্বরকে জানা যায়। ৫০

জীব সকলের স্বরূপ অতি সূক্ষ্ম হইলেও তাঁহারা পূর্ব্বোক্ত রূপ মুক্তি লাভ করিয়া থাকে। অথবা সেই ভগবান যেমন জীবগণও সাধনা দ্বারায় ভগবানের স্বরূপতা লাভ করে। হে বৎস, আর অধিকভাবে ভগবানের স্বরূপ কি বলিব তুমি সর্ব্বদাই জানিবে সেই ঈশ্বরই সকলের আত্মা সকলের পুত্র সকলের পিতা ও সকলের মাতা প্রভৃতি তিনিই সব। ৫১।৫২

ततःपरं स्वस्य समीपवर्त्तस्य
नरेन्द्रनाथस्य नरोत्तमस्य ।
श्रोत्रापसव्ये श्रुतिमूलरन्ध्रे
मुखारविन्दं भगवान्नुवाच ॥ ५३
यद् ब्रह्म तत्त्वं जगतो हिताय
स्रष्टुः पुरा पद्मजनाभ देवः ।
तस्मै ददौ पङ्कज योनयेत
नरेन्द्रनाथाय सगोपनीयं ॥ ५४
परन्तु कारुण्य कटाक्ष दृष्ट्या
नरेन्द्रनाथं पुनराह देवः ।
सार्द्धं त्वया यद्यपि नास्ति भेद
स्तथापि मे वाञ्छा पृथक्त्वमस्ति ॥ ५५

Thakur imparted that divine knowledge to Narendra which was imparted by Lord Narayan to the lotus-born Bramha, before the creation of

this universe. Thakur also said "You and I are one and the same. Yet physically we differ."
53 to 55.

বঙ্গানুবাদ :—

অতঃপর ঠাকুর নিজ সমীপে অবস্থিত নরোত্তম নরেন্দ্রনাথের দক্ষিণ কর্ণে মুখারবিন্দ দিয়া বলিয়াছিলেন সৃষ্টির পূর্ব্বে পদ্মনাভ নারায়ণ জগতের মঙ্গলার্থে পদ্মযোনী ব্রহ্মাকে যে ব্রহ্ম তত্ত্বটি দিয়াছিলেন। অত্যন্ত গোপনীয় সেই ব্রহ্ম তত্ত্বটি ঠাকুর নরেন্দ্রনাথকে দিয়াছিলেন। ৫৩।৫৪

পরন্তু কৃপাকটাক্ষ দৃষ্টি দ্বারা ঠাকুর নরেন্দ্রকে পুনরায় বলিয়াছিলেন হে নরেন্দ্র যদিও তোমাতে আমাতে কিছুমাত্র ভেদ নাই তথাপি বাহিরের লোক সকল তুমি এবং আমি এইরূপ ভেদ দর্শন করে। ৫৫

কিন্ত্বদ্য তুভ্যং সকলং সমিদং
বৈরাগ্য বিজ্ঞান তপো বলাদি।
সমর্প্য নিঃস্বঃ খলু নামমাত্রং
শ্রীরামকৃষ্ণেতি ভবামি বাদ্য ॥ ৫৬
শ্রীরাজরাজেশ্বরতামবাপ্য
মদীয় যত্নয়া জগতামঘোঘং।
হত্বা বিদূরং নররামকৃষ্ণৌ
ভূত্বা গুরুর্মে ভব সেবকানাং ॥ ৫৭
ইত্যেবমুক্ত্বা নিজ দিব্যশক্ত্যা
নরেন্দ্র মধ্যে সমনুপ্রবিশ্য।
সং দিব্যভাবেন বিভাবিতশ্চ
চকার দেবঃ সুগিয়ব রূপং ॥ ৫৮

"To.day I have made over to you all that I know and my name is only left to me. You may now be sole monarch in the spiritual world and the only guide to my followers." Saying this, Thakur transported his spirit into the body of Narendranath and thus bestowed divine power upon him. 56 to 58

বঙ্গানুবাদ :—

কিন্তু আজ আমি তোমাকে আমার বৈরাগ্য বিজ্ঞান ও তপো বলাদি যাহা কিছু সেই সকল অর্পণ পূর্ব্বক নিঃস্ব হইয়া কেবল নাম মাত্র শ্রীরামকৃষ্ণ বলিয়া হইলাম। ৫৬

তুমি রাজ রাজেশ্বর হইয়া আমার শক্তি লইয়া জগতের পাপ সমূহ দূরীকরণ পূর্ব্বক নূতন একটি রামকৃষ্ণ হইয়া আমার সেবক-গণের তুমিই গুরু হও। ৫৭

এইরূপ বলিয়া নিজ দিব্য শক্তি দ্বারা নরেন্দ্রের দেহ মধ্যে প্রবিষ্ট হইয়া সুবিশুদ্ধ মূর্ত্তি ঠাকুর সেই নরেন্দ্রকে দিব্য ভাবে বিভাবিত করিয়াছিলেন। অর্থাৎ নরেন্দ্রকে জীবন্মুক্ত স্বরূপ করিয়াছিলেন ॥ ৫৮

धाराच्छलेनाद्य स सागरेय
शोकाम्बु संप्लावित सर्व्वभूमिः।
साध्वी यथा स्वामी वियोगकाले
बभौ धरित्री नमसोऽवसाने ॥ ५८

अन्त्यलीलायां ८म अः

सौभाग्य सूर्य्यस्य विभो स्तथाद्य
प्रायोऽस्तभावं परिपश्यतां वै ।
अश्रु प्रपातस्य सुविद्धराणा
मारब्ध कालः समुपागतो नः ॥ ६०
दैनन्दिनं सेवक सङ्ग वार्त्ता
यादृक् सता तेन तथाद्य नास्ति
भावान्तरस्तन्मनसोऽप्य चिन्त्यः
प्रतिक्षणस्यास्ति समाधि भावः ॥ ६१

On the last day of the month of Sravana the rains set in and the earth appeared to shed tears profusely like a female consort at the death of her beloved husband, The followers and disciples of Thakur felt that the glory of their fortune had lost its glamour and the dark days were ahead. Usual daily practices were no more. The mind of Thakur moved away from his associates and oscilates between consciousness and unconsciousness. 59 to 61.

বঙ্গানুবাদ :—

আজ সসাগরা বসুন্ধরা বর্ষার ধারা উপলক্ষ্য করিয়া সমগ্র পৃথিবীকে শোকাশ্রুরূপে প্লাবিত করতঃ সাধ্বী স্ত্রী স্বামী বিয়োগ সময়ে যেরূপ ক্রন্দন দ্বারা ধরা প্লাবিত করেন সেইরূপ শ্রাবণ মাসের সংক্রান্তির দিনে পৃথিবী হইয়াছিলেন। ৫৯

সেইরূপ আজ সৌভাগ্য সূর্য্যের প্রায় অস্তাচলে গমন হইতেছে এইরূপ ভাবে পরিলক্ষিত প্রভুর প্রিয় কিঙ্করগণ আমাদের অশ্রুপাতের আরম্ভ হইল এইরূপ মনে করিয়াছিলেন। ৬০

ঠাকুর প্রতিদিন যেরূপ ভক্তবর্গের সহিত কথাবার্ত্তা বলিতেন আজ আর সেরূপ নাই ক্ষণে ক্ষণে সমাধি এবং সেই সময় তাঁহার মনের অন্যরূপ একটি ভাব উপস্থিত হইয়াছিল। ৬১

भुक्तं न किञ्चिद्गदवेनातो
देयं सुखाद्यमुदरस्य मध्ये ।
देहस्य पुष्ट्यै सुविभोज्यरूपं
यदौषधं पथ्य विदो वदन्ति ॥ ६२
मत् सेवकैरित्थमवेक्ष्यमाने
द्रव्यं तदर्थं सकलं गृहीतम् ।
दिनावसानि सुखशान्तमूर्त्ति
र्वाच शिष्यान् भगवांस्तदेवं ॥ ६३
इन्द्रादि देवागमनात्समाप्य
चैवं मदीयैः सह वाक्प्रयोगात् ।
सर्वेन्द्रियं व्यस्त मया गतत्वात्
सार्द्धं भवद्भि र्विरतः कथायां ॥ ६४

Thakur did not take any food due to aggravation of his painful disease. To avoid physical weakness due to starvation, the physicians prescribed suitable diet. His followers were eager to serve Thakur with it. At the end of the day

Thakur said softly. "For the whole day I was busy in talking with Lord Indra and other gods who were here, and so I could not talk to you."

62 to 64

বঙ্গানুবাদ :—

রোগযন্ত্রণার প্রাবল্যতা বশতঃ কিছুই খাইতেন না। অতএব উদরের মধ্যে যেকোনও প্রকারে কিছু বিশুদ্ধ খাদ্যবস্তু দেওয়া একান্ত কর্ত্তব্য চিকিৎসকগণ দেহপুষ্টির জন্য রোগিকে সেইরূপভাবে পথ্য দানের ব্যবস্থা করান। ৬২

প্রভুর সেবকসকল চিকিৎসকের মতে খাদ্য দেওয়া হউক এইরূপ মনে করিয়া তদুপযোগী দ্রব্য সকল সংগ্রহ করিয়াছিলেন। 'কিন্তু আনন্দ ও ধৈর্য্যের বিগ্রহ ঠাকুর শিষ্যবর্গকে এইরূপ বলিয়াছিলেন। ৬৩

আজ আমার ঘরে ইন্দ্রাদি দেবতার আগমন বশতঃ এবং তাঁহাদের সঙ্গে কথাবার্ত্তা জন্য প্রায় সমস্ত দিন ব্যস্ত থাকায় তোমাদের সহিত কথাবার্ত্তা বলিতে পারি নাই।

भोक्ष्ये हि पुत्राः परमान्नमद्य
प्रभो स्त्वदित्थं वचनं निशम्य।
मातुः समीपे विनिवेदिते तैः
सम्पाद्य माताप्यददात्तदग्रे ॥ ६५

दृष्ट्वा प्रभुः पायसमब्रवीद् भोः
पाप्यामि पद्मासन मविविष्टः।
शुत्वाच ते सत्पृष्णमिव तस्य
क्षीनं षयेनैव कलेवरस्तत् ॥ ६६

অন্ত্যলীলায়াং ৫ম অঃ

उष्णोदुग्धान्नादिनियमपूर्वकं
पायेन तद्रूप एतस्मदा गुरोः ।
शान्तिं न लेभे यत्नतोऽपि दर्शना
दासाणतो वै व्यजनं प्रचक्रुः ॥ ६७

"Dear sons," said Thakur, "I shall take to-day rice boiled with milk." At once the disciples asked Sarada Devi to prepare it. When the desired thing was offered to Thakur, he said, "Dear sons, help me to sit in Padmas-ana." They did so and fanned him as he became restless due to exertion. 65 to 67

বঙ্গানুবাদ :—

হে পুত্রগণ আজ আমি পায়সান্ন খাইব। প্রভুর এইরূপ কথা শুনিবামাত্র সেবকগণ তৎক্ষণাৎ মাতা সারদাদেবীকে বলিবামাত্র তিনি তৎক্ষণাৎ পায়সান্ন প্রস্তুত করিয়া ঠাকুরের সামনে দিয়াছিলেন। ৬৫

প্রভু সেই পায়সান্ন দেখিয়া সন্তান সকলকে বলিয়াছিলেন। আমি পদ্মাসনে বসিয়া পায়স খাইব। এই কথা শুনিয়া ঠাকুরের পার্ষদবৃন্দ তৎক্ষণাৎ তাঁহার অত্যন্ত কৃশ দেহটিকে শয্যা হইতে উত্তোলন পূর্ব্বক অতি যত্নপূর্ব্বক প্রায় পদ্মাসনে উপবেশন করাইলেও ঠাকুর শান্তিলাভ করিতেছেন না। এইরূপে তাঁহার কষ্ট দেখিয়া শিষ্যবর্গ প্রাণপণে ব্যজন করিয়াছিলেন। ৬৬।৬৭

एवं यदा भोजनलुब्ध भावः
प्रभु स्तदा द्वौ निज शूद्रशिष्यौ।
दृष्ट्वा स्वतल्पं समवस्थितौ तौ
प्रोवाच दृष्ट्वा क्षुभित स्तदानीं ॥ ६८

भो स्त्वं नर श्रेष्ठ नरेन्द्र नाथ
त्यजास्वतल्पं यद शूद्रशिष्यौ।
वाक्यान्तु श्रुत्वा ह्यतदर्थं वेदी
प्रोवाच देवं कथमेतदेवं ॥ ६९

जातेर्विचारस्य भवत् सकाशे
यतो भवानीश्वर एव नान्यः।
एवं कथं स्वाम विदाम देव
भ्रान्ताः स्थिता तेन वयं वदामः ॥ ७०

Thus, when Thakur was about to take the rice, he found that two of his non-bramhin disciples were in touch with his bed. On seeing this Thakur said in vexation, "Oh Narendra, ask these non-bramhins to get themslves away from my bed." Narendra could not understand the intention of Thakur and said, "So far as you who are God's own Self are concerned how the question of caste can arise. We say so due to our ignarnce." 68 to 70

বঙ্গানুবাদ ঃ—

এইরূপভাবে ঠাকুর যখন খাইবার জন্য উৎসুক হইয়াছিলেন। তখন দেখিলেন তাঁহার দুইটি শূদ্র শিষ্য বিছানা স্পর্শ করিয়া রহিয়াছে এইরূপ দেখিয়া বিরক্তসহকারে ঠাকুর বলিয়াছিলেন।

ওহে নরোত্তম নরেন্দ্র তুমি ঐ দুইটি শূদ্র শিষ্যকে বল উহারা শীঘ্র যেন আমার বিছানা ত্যাগ করে। এই কথা শুনিয়া নরেন্দ্র ঠাকুরের কথার অর্থ বুঝিতে না পারিয়া বলিলেন কেন এরূপ হবে আপনার নিকটে জাতির বিচার? যেহেতু আপনি স্বয়ং ভগবান্ অতএব এরূপ কেন? আমরা ভ্রান্ত অর্থাৎ অজ্ঞ তজ্জন্যই এইরূপ বলিতেছি। ৬৯।৭০

শ্রুত্বা নরেন্দ্রস্য সুযুক্তিপূর্ণং
বাক্যন্তদা বাক্য বিদামধীশঃ।
উবাচ বেদস্য য এব কর্ত্তা
তদ্বাক্য রক্ষাপি ন তেন কার্য্যা ॥ ৭১
তস্মাত্তদা দৈব বরেণ চৈবং
ভক্তিস্থিতং ভক্তমতস্থিতং ভো।
বর্ণ্যং হি তদ্ব্রাহ্মণ বিগ্রহেন
অবৈদ্যপুত্রং শাস্ত্র নিষেধবাক্যাৎ ॥ ৭২
প্রাগেব তৌ তস্য গুরোঃ সুতল্পং
ত্যক্ত্বা সুবিপ্রায় মনোঽভিলাষং।
প্রজগ্মতুর্দূরত এব তস্মা
দাতঃ সুভুক্তা মহতাদরেণ ॥৭৩

On hearing this well-justified contention of Narendra Thakur replied, "The Author of the

Vedas should also abide by it." He also said, "It is rice which, touched by non-bramhins, is not to be taken by bramhin. This is so enjoined in the shastras." Those two non-bramhin disciples kept themselves aloof from the bed of Thakur knowing the intention of Thakur. Then Thakur took that rice with great relish. 71 to 73

বঙ্গানুবাদ :—

বাক্যজ্ঞানী ঠাকুর নরেন্দ্রের তদ্রূপ সুযুক্তিপূর্ণ বাক্য শুনিয়া বলিয়াছিলেন। যিনি বেদের বক্তা তাঁর বেদবাক্য রক্ষা করা অবশ্য কর্ত্তব্য। অর্থাৎ আমিই নারায়ণ স্বরূপে বেদ বলিয়াছি এখন সেই আমিই রূপান্তরিত হইয়া অবস্থান করিলেও আমার সিদ্ধান্তবাক্য আমার রক্ষা করা একান্ত কর্ত্তব্য। ৭১

পরন্তু সেই দেবাদিদেব ঠাকুর আরও বলিয়াছেন ওহে নরেন্দ্র ইহা যে ভাত রে ভাত অর্থাৎ যে ভাত শূদ্র স্পর্শ করে সেই অন্ন ব্রাহ্মণ স্পর্শ করিবে না বা ব্রাহ্মণের সেই অন্ন বর্জনীয়। ইহা শাস্ত্র সিদ্ধান্ত বাক্য বা শাস্ত্রে নিষেধ করিয়াছেন। ৭২

শূদ্রস্পৃষ্ট অন্ন ব্রাহ্মণ কদাচ খাইবে না। পায়সান্ন আনিবার পূর্ব্বেই সেই দুইটি শূদ্র শিষ্য ঠাকুরের অভিপ্রায় জানিয়াই তাঁহার শয্যাত্যাগ করিয়া দূরে অবস্থান করিতেছিলেন। অতএব ঠাকুর তখন অত্যন্ত আনন্দের সহিত পায়সান্ন ভোজন করিয়াছিলেন। ৭৩

सुखसुप्तिं विधायाथ सुस्थतामुपलभ्य च।
उवाच शास्त्रीयवचः श्रीनरेन्द्रं विशेषतः ॥ ৭৪

शूद्रान्नेन तु भुक्तेन स्वोदरस्थेन यो मृतः ।
स वैखरत्वमुष्ट्रत्वं शूद्रत्वञ्चाधिगच्छति ॥ ৭৫
एवमुक्तं ठाकुरेण गोधूमचूर्णं पिष्टकं ।
भोक्तव्यं शूद्रदत्तञ्चेदभोक्तव्यमनापदि ॥ ৭৬
कलावन्नगतं पापं महापापं विदुर्बुधाः ।
तस्मात् शूद्रस्पृष्टमन्नमस्पृश्यमग्रजन्मनः ॥ ৭৭
पुनर्यदाशनार्थं स पायसान्नं समग्रहीत् ।
तदायातः समाधिः स बाह्यज्ञान विघातकः ॥ ৭৮
गते किञ्चित् क्षणे तत्र पायसान्नं कुतोगतं ।
तदन्नं कोऽभुञ्जीत कस्य वा तत्प्रयोजनं ॥ ৭৯
पुनर्दुरन्त्यान समयेऽसह्य वेदनयार्दिते ।
गलाधःकरणन्तु तदन्नं नैव पारितं ॥ ৮০

Then, after washing his mouth, when Thakur felt himself refreshed, he said to Narendra, "In case of death of a bramhin having in his stomach rice touched by a non-bramhin, he takes his re-birth as an ass, a camel or a non-bramhin. Under unavoidable circumstances a bramhin may take bread and curry offered by a non-brahmin. In absence of compulsion, this is also prohibited. In this Kali Yuga unholy rice begets great sin. So rice touched by non-bramhins is not touched or taken by bramhins." When

Thakur was about to take that rice for the second time he lost his senses. When he regained his senses, he felt so much pain that the rice would not go down his throat. 78 to 80

বঙ্গানুবাদ :—

তৎপরে মুখ প্রক্ষালন পূর্ব্বক মুখশুদ্ধি করিয়া সুস্থ হইয়া নরেন্দ্রকে লক্ষ্য করিয়া শাস্ত্রবাক্য বলিয়াছিলেন। যে ব্রাহ্মণ শূদ্রান্ন ভোজন করিয়া সেই অন্ন উদরে অবস্থান সময়ে যদি মরেন সেই ব্রাহ্মণ পর জন্মে গর্দ্দভ বা উষ্ট্র হয় অথবা শূদ্র যোনিতে জন্মগ্রহণ করেন। ৭৪।৭৫

এবং ঠাকুর ইহাও বলিয়াছিলেন অভাব হইলেও শূদ্রদত্ত গোধূম চূর্ণ পিষ্টকাদি অর্থাৎ লুচি তরকারি খাইতে পারে ইহাও আপৎকল্পে কিন্তু ইচ্ছাপূর্ব্বক অনাপৎকালে কোনরূপ বাধা না থাকিলে শূদ্রদত্ত ঐসকল দ্রব্যও খাইবে না। কলিযুগে অন্নগত পাপই মহাপাপ ইহা সর্ব্বশাস্ত্রের মত। অতএব শূদ্র যে অন্ন স্পর্শ করে সেই অন্ন ব্রাহ্মণের অস্পৃশ্য। ৭৬,৭৭

পুনর্ব্বার খাইবার জন্য কিছু পায়সান্ন হস্তে লইবামাত্র সমাধি দ্বারা তাঁহার বাহ্যজ্ঞান নষ্ট হইয়াছিল। অতএব সমাধিসময়ে পায়সান্নের খবর কে রাখিবে কেবা খাইবে কারবা আবশ্যক। ৭৮।৭৯

সমাধিভঙ্গ হইলে ঠাকুর রোগযন্ত্রণায় অত্যন্ত পীড়িত হইলে সেই পায়সান্নের গলাধঃ করণ অসম্ভব হইয়াছিল। ৮০

তথাপি তত্রৈবক্রানামায়হ্বানিয়যান্ প্রভুঃ।
হস্তোত্থা স্বল্পমাসন্তদুবাচাল্বন্ত দুঃখিতঃ॥ ৮১

पुत्रा एतादृशी क्षुधा दियते हि ममोदरे ।
खेचरान्न सुसम्पूर्णां बहुस्थाल्यीं यथाधुना ॥ ८२
भोक्तुमिच्छे किन्तु मे माता महामाया महेश्वरी ।
नकिञ्चिदपि मह्यं सा भोक्तुं पुत्राय यच्छति ॥ ८३
एवमत्र सुविज्ञेयं गतावतार सन्तये ।
प्रत्येकस्य प्रियं स्वाद्यं नूतनं नूतनं भवेत् ॥ ८४
सुमिष्टान्न राजभोगः प्रियो दाशरथे रति ।
श्रीवृन्दावन चन्द्रस्य गोरसोत्पन्नमुत्तमं ॥ ८५
श्रीमन्महाप्रभोः प्रीतिर्भोगे चिपिट संज्ञके ।
किन्त्वस्माकं रामकृष्ण देवस्य प्रीतिदायकं ॥ ८६
सुखाद्यं खेचरान्नं हि भवेद् युगानुसारतः ।
कलावन्नगताः प्राणा जीवानां भवति ध्रुवं ॥ ८७
सर्वे केवलमन्नानां तृप्तिमेष्यन्ति भोजनात् ।
अतो मौद्गादि मिश्रान्नं सघृतं मिष्टसंयुतं ॥ ८८

Yet at the most earnest request of his disciples Thakur took a little of that rice and said, "My sons, I have got so strong appetite that I can devour a huge quantity of Khichuri (rice cooked with pulse) but my Mother would not allow me to take anything." Here, it may be remembered that every Incarnation of God had a relish for a special kind of food. In the Treta Yuga Ramachandra liked sweets and royal dishes. In the

Dwapar Yuga Krishnachandra liked milk-made food. In the Kali Yuga Sri Gouranga liked flattend rice. Our Ramkrishna liked rice cooked with pulse. In this Kali Yuga men live upon rice. 81 to 88

বঙ্গানুবাদ :—

তথাপি সেবকবর্গের অনুরোধে স্বল্পমাত্র গ্রহণ করিয়া অত্যন্ত দুঃখের সহিত বলিয়াছিলেন হে পুত্রগণ আমার ভিতরে এইরূপ ক্ষুধা আছে যাহাদ্বারা আমি হাঁড়া হাঁড়ী পায়স বা খিঁচুড়ি খাইতে পারি। ৮১।৮২

কিন্তু আমার মহামায়া মহেশ্বরী মাতা এই হতভাগ্য পুত্রকে একটুও খাইতে দিতেছেন না। ৮৩

এস্থলে এইরূপ একটি জানিবার বিষয় আছে অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব যুগে যে সকল অবতার হইয়াছেন তাঁহাদের প্রত্যেকেরই এক একটি নূতন নূতন প্রিয় খাদ্যদ্রব্য ব্যবস্থিত হইয়াছে। অর্থাৎ যেমন ত্রেতাবতার ভগবান্ শ্রীরামচন্দ্রের রাজভোগ নামে মিষ্টান্ন অতিপ্রিয় খাদ্যবস্তু ছিল। ৮৪

দ্বাপরযুগাবতার ভগবান শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রের দুগ্ধজাত দ্রব্য অতি প্রিয় খাদ্যবস্তু ছিল। এবং কলিযুগে মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যের চিপিটকের ভোগে পরম প্রীতি ছিল। কিন্তু আমাদের যুগাবতার ভগবান শ্রীরামকৃষ্ণদেবের খেচরান্ন বা খিঁচুড়ি ভোগ অতি প্রিয় খাদ্যবস্তু কারণ যুগানুসারে অর্থাৎ এই ঘোর কলিযুগে জীব সকল অন্নগত প্রাণ বা নরনারী সকল অন্ন ভোজন করিয়াই পরিতৃপ্ত হন। ৮৫।৮৬।৮৭।৮৮

অন্ত্যলীলায়াং ৯ম অ:

अमृतास्वाद सम्पन्नं देवभोग्यं भवेत् किल ।
मत्वेवं ठाकुरेणेदं गृहीतं खेचरान्नकं ॥ ৮৯
अद्यापि तद् भक्तवर्गा रामकृष्ण महोत्सवे ।
खेचरान्नेन तद् भोगं तत् प्रीत्यै ददतेमुदा ॥ ৯০

इति श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थ विरचिते श्रीश्रीरामकृष्ण भागवते पारमहंस्यां संहितायां श्रीभगवतो रोगवृद्धिः, राजेन्द्र दत्त नामक चिकित्सक नियोगः। तेन प्रदत्त सुकोमल वस्त्राच्छादित पादुका परिधापनं। पारमात्र ग्रहणे मृद्रभिप्सवर्जनं। खेचरान्न ग्रहणादि रूपोऽन्त्यलीलायां नवमोऽध्यायः। अ. ৯ ॥

Hence, rice cooked with pulse, ghee and sugar becomes a holy thing to be offered to gods, and Thakur liked it so much. His disciples always offer this rice to Shri Ramakrishna in all their festivals. 89 to 90

Here ends the nineth chapter of Antyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Shri Ramendra Sunder Bhaktitirtha.

বঙ্গানুবাদ :—

অতএব ব্রীহিমুদ্গ মসূরাদি মিশ্রিত তণ্ডুল নিষ্পান্ন ঘৃত মিষ্টাদি যুক্ত অন্ন অমৃততুল্য আস্বাদনীয় বা দেবভোগ্য হইয়া থাকে। বোধহয় ঠাকুর এইরূপ সিদ্ধান্ত করিয়াই তাঁহার অতিপ্রিয় খেচরান্নকেই সর্বোৎকৃষ্ট খাদ্যদ্রব্য বলিয়া পরিগণিত করিয়াছেন। সেই শ্রীরামকৃষ্ণদেবের ভক্তবৃন্দ মহারাজগণ সেই সময় হইতে আজ পর্যান্ত ভগবান শ্রীরামকৃষ্ণ-

দেবের মহোৎসবে শ্রীরামকৃষ্ণদেবের প্রীতির বা তৃপ্তির জন্য অত্যন্ত আগ্রহান্বিত হইয়া খিঁচুড়ি ভোগ দিয়া থাকেন। ৮৯।৯০

শ্রীরাযেন্দ্রসুন্দর বিরচিত শ্রীশ্রী৺রামকৃষ্ণভাগবতে ঠাকুরের রোগবৃদ্ধি ডাঃ রাজেন্দ্র দত্তের চিকিৎসা এবং ডাঃ প্রদত্ত সুকোমল পাদুকা পরিধান পায়সান্ন গ্রহণে শূদ্রশিষ্যের অনধিকার খেচরান্ন প্রশংসাদি এই অন্ত-লীলার নবম অধ্যায়ে বর্ণিত হইল।

অথ অন্ত্যলীলায়া দশমোঽধ্যায়ঃ ॥

অষ্টাধিকেঽষ্টাদশসংখ্যকে মনে
শাকে রবৌ চন্দ্র গ্রহ' গতে রবৌ।
চন্দ্রাগ্নিমানে সমযে নিশার্দ্ধে
সংহর্তুমৈচ্ছদিহলোকলীলাং ॥ ১

শ্রীরামকৃষ্ণোগদ পীড্যমানঃ
সমাধিনিষ্ঠঃ সহ শিষ্যবর্গৈঃ।
কাশীপুরীদ্যান গৃহে পবিত্রে
চকার বাস' কতিচিদ্দিনানি।। ২

যস্যা পার্শ্বে শ্রীনরেন্দ্র স্বকীয়াং
সেবাং কুর্ব্ব' স্তম্ভস্তো মহাত্মা।
এব' গুরৌশ্চিন্তয়ামাস নানা
কোঽয়ং জনো মানব রূপধারী ॥ ৩

In the Saka year 1808 and Bengali year 1293 on the 31st day of the month of *Sravana* on Sunday, Thakur desired to pass away from this mortal world at midnight. Thakur lived for some time at the *Rest House* in Cossipore with his

disciples during the period of his illness. Narendra nath seated by the side of Thakur's bed was deeply thinking abcut Thakur's divine self. 1 to 3

বঙ্গানুবাদ :—

১৮০৮ শকাব্দার বাংলা সন ১২৯৩ সালে ৩১শে শ্রাবণ রবিবারে সংক্রান্তির দিনে রাত্রি প্রায় দ্বিপ্রহরে ঠাকুর নরলীলা সমাপ্ত করিবার ইচ্ছা করিয়াছিলেন। ১ রোগপীড়িত সমাধিযুক্ত ঠাকুর শিষ্যসকলের সহিত কাশীপুরের পবিত্র বাগানবাটীতে কিছুদিন বাস করিয়াছিলেন। শয্যার পার্শ্বে মহাত্মা নরেন্দ্র তন্ময় হইয়া ঠাকুরের পদসম্বাহনাদি করিতে করিতে এই মনুষ্যমূর্ত্তি পরিগ্রহকারী কে। ঠাকুরের সম্বন্ধে এইরূপভাবে নানাপ্রকার চিন্তা করিতেছিলেন। ৩

यं योगिनो नित्यमनन्य चेताः
स्तुवन्ति नित्यं परमात्मभूतं।
नित्यं विमुक्तं किल शुद्धबुद्धं
सर्वेश्वरत्वं परमं पदश्च ॥ ४
किमेष साक्षाद्भगवान परेशो
जीवान् समुद्धर्त्तुमिहावतीर्णः।
स्वलोकतयामय पीड्यमानः
शेतेऽत्र किं प्राकृतवद् गुरुर्म्मे ॥ ५
किम्वा मदीयोऽवत बुद्धि मोहो
गिरीश गङ्गाधर राम दत्तैः।
उपासितत्वात् परमेश बुद्ध्या
जानामि चेमं भगवन्तमाद्यं ॥ ६

ক্রো বা পরঃ সংশয় নাশকারো ভবেন্মামাত্মন্ত নিমূঢ়বুদ্ধেঃ।
যদ্যত্র দেবো দয়য়া নিজোক্ত্যা ছিন্দ্যাত্ততো যাস্যতি দুষ্টমোহঃ ॥ ৩

"Is he the incarnation of God who came to this mortal world to bring salvation to mankind? If so, how is it that he is lying here like a mortal man afflicted with painful disease. Girish, Gangadhar, Rama Dutta and others worship him as God and so I know him as such. But my doubt in this respect can only be removed by Thakur himself if he so likes. 8 to 9

বঙ্গানুবাদ :—

যোগিগণ যাঁহাকে প্রতিদিন অনন্যমনে বহুপ্রকার বেদবাক্য দ্বারা স্তব করেন। এবং যাঁহাকে নিত্য শুদ্ধবুদ্ধমুক্ত বরণীয় বিষ্ণুর পরমপদ পণ্ডিতগণ বলে। ৪

ইনি কি সাক্ষাৎ ভগবান পরমেশ্বর? জীবসকলকে উদ্ধার করিবার জন্যই নিজধাম বৈকুণ্ঠাদি হইতে এই মর্ত্যলোকে আসিয়া সাধারণ মানুষের মত রোগপীড়িত হইয়া আমার পরম গুরু শয্যায় শয়ন করিয়া আছেন। ৫

অথবা আমার বুদ্ধির দোষ বশতঃই এইরূপ ভাবিতেছি। যেহেতু ঠাকুরের প্রিয় শিষ্য গিরীশ গঙ্গাধর রাম দত্ত প্রভৃতি ঠাকুরকে সাক্ষাৎ ভগবান বলিয়া উপাসনা করেন তজ্জন্য আমিও ইহাঁকে ভগবান্ বলিয়া জানি। ৬

অতএব ঠাকুর যদি কৃপাপূর্ব্বক স্বয়ং আমার এই সন্দেহ মোচন করেন তবেই আমার এই অজ্ঞান দূরীভূত হয়। ৭

অন্ত্যলীলায়াং ১০ম অঃ

এবং নরেন্দ্রান্তর ভাবজাতং
বিজ্ঞায় দেবঃ সহসা সুনেত্রে ।
উন্মীল্য দৃষ্ট্যা সমুবাচ সদ্যো
নরেন্দ্র নাথং পরমং স্বপ্রিয়ং ॥ ৮
নাদ্যাপি জাতা ময়ি তে গভীরা
পূর্ণাবতারে শুদ্ধবোধরূপে ।
বিশ্বাস বীর্যেন মদীয় প্রেষ্ঠে
প্রবেশকালে মম নিত্যধাম্নি ॥ ৯
সন্দিগ্ধভাবো মম ভাষণং প্রতি
নিতান্ত মাকাঙ্ক্ষসি সাম্প্রতং ত্বং ।
মত্তঃ শৃণুষ্বাবহিতঃ প্রিয়োঽসি
যথা গতি র্যেন যতোঽত্র জন্ম ॥ ১০
ত্রেতাযুগে শ্রীহরি রামচন্দ্রো
রক্ষকুলধ্বংসসুকৃত্য হেতোঃ ।
সৌর্যেকুলে দাশরথিঃ স্বয়ং যো
জাতঃ পৃথিব্যামহ মেব নান্য ॥ ১১

Thakur understood the mind of Narendra nath and said, "It really pains me to see that even now when I am about to leave this world you are not convinced about my divinity. However, your curiosity is good for the world. Listen to me as I say about who I am and why I am here. I am that Ramachandra who appeared as the son of King Dasharath in the Treta yuga to kill Rakshasas. 8 to 11

বঙ্গানুবাদ :—

নরেন্দ্রের এইরূপ অন্তরের অবস্থা অবগত হইয়া ঠাকুর হঠাৎ চক্ষু উন্মিলন করিয়া সর্বশ্রেষ্ঠ স্বশিষ্য নরেন্দ্র নাথকে দেখিয়া তৎক্ষণাৎ বলিয়াছিলেন ওহে নরেন্দ্র পূর্ণাবতার জ্ঞানানন্দস্বরূপ আমাতে তোমার বিশেষ ভাবে বিশ্বাসবুদ্ধি জন্মিল না ইহা বড়ই দুঃখের বিষয়। যেহেতু আমার দেহাবসানে নিত্যধামে প্রবেশের সময় তোমার এইরূপ সন্দেহ হইল। ৯

অতএব তোমার এইরূপ আগ্রহ ইহা জগতের মঙ্গলের জন্যই। তুমি আমার অত্যন্ত প্রিয় আমি যে জন্য যে স্থান হইতে এখানে আসিয়াছি এবং যে জন্য জন্মগ্রহণ করিয়াছি তুমি আমার নিকটে সাবধানে শ্রবণ কর। ১০

ত্রেতাযুগে রাক্ষসকুল বধরূপ সুমহৎ কার্য্যের জন্য স্বয়ং ভগবান শ্রীরামচন্দ্র সূর্য্য বংশে দশরথের পুত্ররূপে যিনি আবির্ভূত হইয়াছিলেন সেই রাম আমিই। ১১

अतःपरं द्वापर एव कृष्णो
माधुर्य्य लीला परिपूर्त्ति हेतोः।
जातो भुवोभार जिहीर्षया य
स्तमेव मां विद्धि विशुद्ध सत्त्वं ॥ १२
श्रीरामकृष्ण द्वय मेव तत्त्व
मेकी भवन् वै जगतो हितार्थे।
कलौ महो देवकुले विशुद्धे
जातोऽस्मि सन्देहलवोऽत्र नास्ति ॥ १३
एवं नरेन्द्रं प्रतिभाषमानो
देवादिदेवो भगवां स्तदैव।

अन्त्यलीलायां १०म अः

श्रीरामकृष्णैकतनु विधृत्य
स्वतत्त्वमध्ये समदर्शयत्त ॥ १४
रामं धनुर्व्वानधरं द्विहस्तं
कृष्णं तथा वेनुकरं सुखाये ।
स्व सव्यहस्तं विनिवेश्य कुक्षौ
तथान्यहस्तः सुरवर्त्मगामी॥ १५

"I am also the same Krishna chandra who appeared in the Dwapara yuga to remove the burden of sins on the earth. Hence, Ram chandra and Krishna chandra are jointly manifested in me." So saying, Thakur showed Narendranath his Divine self having three heads and six hands with bow and arrow of Ram chandra and the flute of Krishna chandra. 12 to 15

বঙ্গানুবাদ :—

তৎপরে দ্বাপর যুগে প্রেম লীলার পরিপূরণার্থে এবং পৃথিবীর পাপ ভার দূরীকরণ জন্য যে ভগবান কৃষ্ণচন্দ্র স্বয়ং যদু বংশে আবির্ভূত হইয়াছিলেন আমাকে সেই বিশুদ্ধ সত্ত্ব শ্রীকৃষ্ণ রূপে জানিবে। ১২

এই কলিকালে সেই শ্রীরামচন্দ্র এবং শ্রীকৃষ্ণচন্দ্র এই দুইটি তত্ত্ব অর্থাৎ ঐশ্বর্য্য ও মাধুর্য্য রসের একত্র সমাবেশ রূপ মিশ্রিত হইয়া অতি বিশুদ্ধ সর্ব্ব শ্রেষ্ঠ ব্রাহ্মণ বংশে জন্ম গ্রহণ করিয়াছি। এ বিষয়ে অণুমাত্রও সন্দেহ নাই। ১৩

এই সকল তত্ত্ব কথা নরেন্দ্রনাথকে বলিতে বলিতে সেই সময়ে রাম ও কৃষ্ণের একত্তারূপ দেহ ধারণ করিয়া দেবাদিদেব ভগবান্ নিজের বিছানায় মধ্যেই সেই নরেন্দ্রকে ষড়ভুজ যুক্ত বিরাট রামকৃষ্ণ মূর্ত্তি দেখাইয়াছিলেন। ১৪

অর্থাৎ ধনুর্ব্বানধারী দ্বিভুজ শ্রীরামচন্দ্রের মূর্ত্তি বংশীবদন শ্রীকৃষ্ণমূর্ত্তি এবং গদাধরের বাম হস্ত কুক্ষিদেশে বিনিবেশিত এবং দক্ষিণহস্তটি শূন্য বা আকাশদর্শীরূপে ষড়ভুজ ও ত্রিমস্তক নিজ বিগ্রহ স্বরূপটিকে কৃপা পূর্ব্বক শ্রীমান নরেন্দ্রকে দেখাইয়াছিলেন। ১৫

एवं तथा षड्भुज विग्रहं स
रूपं स्वयं स्वं कृपया व्यदर्शयत् ।
यद् योगिभिर्योगबलैर्न दृष्टं
कृपैव तद्दर्शनलाभहेतुः ॥ १६
दृष्ट्वा तदाद्यं पुरुषं पुराणं
तत् पादमूले पतितो विसंज्ञः ।
तन्मस्तकेऽनुग्रहदत्त हस्तो
ज्ञानं ददावात्मसमं स तस्मै ॥ १७
तदोत्थितः स प्रतिबुद्ध मूर्त्तिः
सहाम्नुभि जानुयुगं निधाय ।
भूमौ तदास्ये विनिवेश्य दृष्टिं
कृताञ्जलि स्तं पुरुषं समीडे ॥ १८
क्वाहं महामूर्खतमो दुरात्मा
शिक्षापि दीक्षा न च मे कथञ्चित् ।
सत्कर्म्म सद्भाव सपुण्य लभ्ये
त्वत् पादपद्मे न रति र्ममास्ति ॥ १९

The six-handed appearance of the Divine Being which even the yogis cannot see was seen by Narendranath by the grace of Sri Ramkrishna. Narendra fell unconscious at the feet of Thakur who bestowed divine wisdom upon him by placing his hand on his head. On getting back his senses, he lamented saying, "What a fool I was that I did not dedicate my soul to you.

16 to 19

বঙ্গানুবাদ :—

যে রূপটি যোগিগণও যোগবলে দেখিতে পান না একমাত্র কৃপাই তাঁর বিশুদ্ধ মূর্ত্তির প্রকাশক। ১৬

সেই সর্ব্বাবতারের মূল স্বরূপ পুরাণ পুরুষ ভগবানের বিরাট মূর্ত্তি দেখিয়া নরেন্দ্র ভগবানের পদতলে পতিত হইয়া জ্ঞান শূন্য হইলে ঠাকুর কৃপা পূর্ব্বক নরেন্দ্রের মস্তকে করপদ্ম প্রদান পূর্ব্বক নরেন্দ্রকে নিজের বিজ্ঞান অর্থাৎ ভগবৎশক্তি অর্পণ করিয়াছিলেন। ১৭

এখন ঠাকুরের কৃপায় সর্ব্বজ্ঞ নরেন্দ্র উত্থিত হইয়া দুইটি জানু ভূমিতে সংলগ্ন পূর্ব্বক ভগবানের মুখারবিন্দে দৃষ্টি রাখিয়া অশ্রুজলে বক্ষ: ভাসাইয়া কৃতাঞ্জলি পূর্ব্বক বলিয়াছিলেন। ১৮

আমি অত্যন্ত মহামূর্খ দুর্ব্বুদ্ধি বিশিষ্ট আমার শিক্ষা বা দীক্ষা কিছুমাত্র নাই। সৎকর্ম্ম সদ্ভাব ও উত্তম পুরুষদ্বারা প্রাপ্য আপনার পাদপদ্মে আমার মতি নাই। ১৯

অন্ত্যলীলায়াং ১০ম অঃ

ইত্থং সুদুষ্টাশয় দুষ্টজীবে
তবানুকম্পা বিমলা বিশিষ্টা।
ন শোভতে দেব যথা ভুজঙ্গে
দত্তং পয়স্তৎ গরলং বভুব্যাৎ ॥ ২০
জ্ঞাত্বা ন তে রূপমরূপমাদ্যং
সদা সদানন্দময়ং বরেণ্যং।
অনন্ত কল্যাণ গুণাত্মকস্য
মন্যে পুরা প্রাকৃত বিগ্রহং স্বং ॥ ২১
নমঃ পুরস্তাৎ পুরমঙ্গলায়
পৃষ্ঠে নমস্তে প্রকৃতের্বধায়।
পার্শ্বে নমস্তে পরিপন্থিনো মে
নাশায় পাদে পদভুক্তি হেতুঃ ॥ ২২
সংসার সাগর ভয়ঙ্কর কালচক্র
মধ্যে সদা পতিত খণ্ডিত বিগ্রহস্য।
দীনস্য দেব কৃপয়া পদমাগতস্য
শ্রীরামকৃষ্ণ মম দেহি পদাবলম্বং ॥ ২৩

I am so wicked that I do not deserve your grace just as good nourishment given to a snake only begets poison. As I did not know your real divine self, I took you to be but a mortal man like us. I bow down to you on the east for the well-being of my body. I bow down to you on the back for purification of my mind. I bow

down to you on your sides to overcome my enemies. I bow down at your feet to get rid of honour and dignity. The terrible wheel of time causes all miseries and sorrow. Be pleased to give me shelter at your feet. 20 to 23

বঙ্গানুবাদ :—

এইরূপ অত্যন্ত দুষ্ট চিত্ত দুষ্ট ব্যক্তি আমাতে আপনার বিশেষ ভাবে বিশুদ্ধ দয়া শোভা পায় না। হে দেব যেরূপ সর্পকে দুগ্ধ ভোজন করাইলে সেই দুগ্ধ কাল কূটের গরলই বৃদ্ধি করে। সেইরূপ অনধিকারী আমাকে আপনার স্বরূপটি দেখাইয়া ভুল করিতেছেন। ২০

আপনার এই আদিভূত সর্ব্ব ফলের মূল স্বরূপ অসংখ্য মঙ্গলময় গুণের আধার সর্ব্বদা সদানন্দময় প্রাকৃত রূপ বিহীন বরণীয় এবম্বিধ স্বরূপ অবগত না হইয়াই আমি পূর্ব্বে আপনাকে প্রাকৃত বিগ্রহ বলিয়া মনে করিয়াছি। ২১

আমার দেহের মঙ্গলার্থে আপনার পূর্ব্বদিকে নমস্কার করি। দুষ্ট স্বভাব নাশের জন্য আপনার পৃষ্ঠদেশে নমস্কার করি। শত্রুগণের নাশার্থে আপনার পার্শ্বদেশে নমস্কার করি। এবং আমার পদমর্য্যাদার মুক্তির জন্য আপনার চরণ কমলে নমস্কার করি। ২২

হে দেব সংসার সাগররূপ ভয়ঙ্কর কালচক্রে পড়িয়া সর্ব্বদা দেহ সকল খণ্ড খণ্ড রূপে অত্যন্ত দুঃখ গ্রস্ত এবং বিপদে পতিত আমার সম্বন্ধে আপনি পাদপদ্মদানে রক্ষা করুন। ২৩

अन्त्यलीलायां १०म अः

संसार वृक्षमतुलं बहुकर्मबीजं
काण्ड प्रकाण्डमति भीषण लान्मयञ्च ।
आरुह्य दुःखफलदं पततं कृपाब्धो
श्रीरामकृष्ण मम देहि पदावलम्बम् ॥ २४

संसार कूप पतनोद्रुरुदुःख मूला
दुस्तारणी तव कृपैव गुणस्वरूपा ।
ज्ञात्वापि सा न विधृता कलुष प्रसङ्गात्
श्रीरामकृष्ण मम देहि पदावलम्बम् ॥ २५

संसार दुःख दहनातुर मूर्च्छितस्य
त्वत् पादसिन्धु सलिलामृत लोलुपस्य ।
दुर्द्दैवमोहग्रमहो कलि कातरस्य
श्रीरामकृष्ण मम देहि पदावलम्बम् ॥ २६

कैवर्त्तजाल पतितार्त्त झषोपमस्य
संसार जाल पतितस्य तथा दयाब्धो ।
जालं कृपास्त्र निकरेण कुरुष्व कृत्तं
श्रीरामकृष्ण मम देहि पदावलम्बम् ॥ २७

"Save me from that great tree of the world whose seeds are our doings and whose fruits are our sorrows. Save me who am incapable of availing myself of your grace which is the only rope to drag me out of the deep well of this sorrowful world. Be kind to give a little grace from your ocean of kindness to relieve me of the

fire of this world. Be kind to make me free from the terrible net of this world by the knife of your grace. 24 to 27

বঙ্গানুবাদ :—

অতি ভয়ঙ্কর অনন্ত কামনা যে বৃক্ষের শাখা প্রশাখা অনন্ত কর্ম্মই যাহার বীজ স্বরূপ ও দুঃখ সকলই যাহার ফল সেই অসীম সংসার বৃক্ষ আরোহনে হতচৈতন্য আমাকে আপনার পাদপদ্ম রূপ কল্প বৃক্ষের ছায়াদানে কৃতার্থ করুন। ২৪

প্রাণান্ত দুঃখের মূল স্বরূপ সংসারকূপে নিমজ্জিত বশতঃ সেই কূপ হইতে উদ্ধার বিষয়ে আপনার কৃপাই রজ্জু স্থানীয় ইহা জানিয়াও পাপ প্রসঙ্গ বশতঃ সেই কৃপা রজ্জু ধারণে সম্পূর্ণ অসমর্থ আমাকে আপনার পাদপদ্মদানে কৃতার্থ করুন। ২৫

বড়ই দুঃখের বিষয় এই যে আমার এমন দুর্দ্দৈব যে সংসার দুঃখাগ্নি দ্বারা পীড়িত ও মুর্চ্ছিত আপনার পাদপদ্ম রূপ অমৃত সমুদ্রের জল প্রার্থী কলিদোষে দূষিত আমাকে হে রামকৃষ্ণ ঃ আপনি পাদপদ্মের ছায়াদানে উদ্ধার করুন। ২৬

মৎস্যজীবী ধীবরের জালমধ্যে পতিত অতএব মরণান্ত দুঃখে পীড়িত মৎস্য সদৃশ সংসার জালে পতিত আমার সংসার জাল আপনার কৃপা অস্ত্র দিয়া অদ্যই ছেদন করুন হে দয়ালো রামকৃষ্ণ অভয় পাদপদ্ম দানে আমাকে চরিতার্থ করুন। ২৭

নান্যদ্ভূতমহং মন্যে নবৈদং কৃপদর্শনং।
আয়র্য্যানাং বহুনাং হি নিধিঃ পরমকো ভবান্ ॥ ২৮

धन्योऽतिधन्योऽद्य सुधन्य जन्म
कृत्यं सुकृत्यं कृतकृत्यतास्मि ।
दृष्टं सुदृष्टं भवतः स्वरूपं
तथाधुना दर्शय पूर्व्वरूपं ॥ २८

श्रीरामकृष्णं शिरसा नमामि
श्रीरामकृष्णं वचसा गृणामि ।
श्रीरामकृष्णं मनसा स्मरामि
श्रीरामकृष्णं शरणं प्रपद्ये ॥ ३०

एवं नरेन्द्रं प्रति रामकृष्ण
स्संदर्शयित्वा स्वकमेव रूपं ।
मायामयः पश्यत एव तस्य
सद्यः स्वतल्पोपरि संशया नः ॥ ३१

"This six handed appearance of yours is no wonder to me as you are the root cause of all wonders. I now feel myself blessed by your grace. Be pleased to show again your human shape. I bow down my head to Sri Ramakrishna. I utter the name of Sri Ramakrishna by my mouth. I remember him in my mind. I beg his grace." Thus showing his divine self to Narendra, Thakur lay down in his bed in his human shape. 28 to 31

বঙ্গানুবাদ :—

আপনার এইরূপ ষড়ভুজ বিগ্রহের সন্দর্শন আমি কিছুমাত্র আশ্চর্য মনে করি নাই কারণ একমাত্র আপনিই বহুবিধ আশ্চর্য্যের আশ্রয় স্থানীয় ॥ ২৮

আজ আমি ধন্য বা অতি ধন্য হইলাম আমার জন্মও সুধন্য হইল। আমি যে সকল পুণ্য কর্ম্ম করিয়াছি তাহার ফল সম্পূর্ণরূপে পাইলাম আপনার ভগবৎ স্বরূপ দেখিলাম বা ভালভাবে দেখিলাম। সম্প্রতি আমাকে আপনার পূর্ব্বরূপ অর্থাৎ মনুষ্যোচিত রূপটি অনুগ্রহ পূর্ব্বক দেখান। ২৯

আমি শ্রীরামকৃষ্ণদেবকে সাষ্টাঙ্গে প্রণাম করি। শ্রীরামকৃষ্ণনাম অনবরত উচ্চারণ করি। ভগবান শ্রীরামকৃষ্ণদেবকে মনে মনে স্মরণ করি এইরূপে আমি শ্রীভগবান রামকৃষ্ণদেবের স্মরণ লইলাম। ৩০

এইরূপ নিজের স্বরূপটি নরেন্দ্রকে দেখাইয়া মায়াময় ঠাকুর তৎক্ষণাৎ দেখিতে দেখিতে নিজ বিছানায় পূর্ব্ববৎ শয়ন করিয়াছিলেন। ৩১

उवाच ठक्कुरेण तदा नरेन्द्रं
भोज्यं सुदेयं किल देहि मह्यं ।
सन्त्यत्र किं मे प्रिय भक्तवर्गा
स्तान् दर्शयत्वं त्वरितं सुपुत्र ॥ ३२
स्वल्पेदं श्रीगुरोर्वाक्य जातं
तत्तत् कार्य्यं साधयित्वा सुखेन ।
चाधीतस्य स्वां समावेश्य दृष्टिं
यस्मीतः संध्यमुत्सन् महीयान् ॥ ३३

अन्त्यलीलायां ८म अः

ततः स तं सर्व्वं विजल्प सुन्नं
दृष्ट्वा तदासौ दयितं नरेन्द्रं ।
अन्ते जनानां स्मरणीय मेकं
जगाद मामेति सकातरं सः ॥ ३४
यस्यां जनः प्राणवियोग काले
क्षणं समाविश्य मनो विशुद्धं ।
निर्हृत्य कर्म्मागयमाशु याति
परां गतिं ब्रह्ममयोऽर्कवर्णः ॥ ३५

Then Thakur said to Narendra, "Bring me something to eat and call for my disciples." It was all done as he desired. Narendra sat with his tearful eyes rivetted upon him. After casting his eyes upon all of them, Thakur uttered, "Mother", "Mother", with great eagerness. If a man can remember Mother for a moment at the time of death, he is sure to attain salvation.

32 to 35

বঙ্গানুবাদ :—

এবং সেই সময়ে নরেন্দ্রনাথকে বলিয়াছিলেন বাবা নরেন আমাকে কিছু খাবার দাও। হে সুপুত্র। এখানে আমার প্রাণতুল্য ভক্ত সকল আছে কি, যদি থাকে তবে তুমি আমাকে শীঘ্র দেখাও। ৩২

ভগবান শ্রীগুরু রামকৃষ্ণদেবের সেই সকল কথা শুনিয়া এবং নির্বিঘ্নে সেই সকল কার্য্য সম্পন্ন করিয়া ভগবানের মুখারবিন্দে দৃষ্টি রাখিয়া অতি বড় মহান্ নরেন্দ্র অশ্রুধারা বিসর্জ্জন করিয়াছিলেন। ৩৩

অন্ত্যলীলায়াং ১০ম অঃ

তৎপরে ভগবান শ্রীরামকৃষ্ণদেব সর্ব্ব সন্দেহ মুক্ত অতি প্রিয় নরেন্দ্রকে দেখিয়া জীবনান্তকালে জীব সকলের একমাত্র স্মরণীয় মা মা এই বিশুদ্ধ মাতৃনাম অতি কাতর বাক্যে বলিয়াছিলেন। ৩৪

মানবগণ জীবনান্তকালে যে মাতৃ মূর্ত্তিতে ক্ষণকালের জন্য বিশুদ্ধ মনোনিবেশ করিয়া সমস্ত কর্ম্ম বন্ধন ছেদন পূর্ব্বক তৎক্ষণাৎ ব্রহ্মভাবে ভাবিত হইয়া জ্যোতিঃ স্বরূপ রূপে উত্তমগতি লাভ করেন। ৩৫

काली काली कालिकेति त्रिवारं
जल्पन् देवः सुस्वकण्ठं सुखं सः ।
निःशब्दस्तद्दे हम कंकम्पयित्वा
ध्यायन् पश्यन् श्वासशून्यो बभूव ॥ ३६

ततो महात्मा जगदेक नाथो
नरेन्द्रनाथोऽप्यमरेन्द्रतुल्यः ।
सुविस्मित स्तस्य ददर्श रूपं
विशाल नेत्रस्य विशाल नेत्रः ॥ ३७

तदा वसुस्तत्र सुगन्ध वाता
दिशश्च सर्वा विमला बभूवुः ।
समागता देव मृदङ्गनादा
जाता सुवृष्टिः कुसुमावलीनां ॥ ३৮

देहाद्धि निष्क्रम्य गुरो स्तदानीं
गुप्ताभ्रतः पूर्णशशि प्रभावत् ।
तज्ज्योतिषां ज्योतिरखण्ड रूपं
यं वेदमुख्यं प्रणव स्वरूपं ॥ ३९

Thakur uttered in a very clear and loud voice the name of the Goddess, "Kali", three times, and breathed his last with his eyes looking at his disciples. Narendra saw in great amazement the divine soul of Shri Ramakrishna. At that time sweet and fragrant wind began to blow, all directions became clear, divine music was heard and the sky showered holy flowers. The soul of Shri Ramakrishna, as it came out of his body, shone like the full moon in the clear sky.

36 to 39

বঙ্গানুবাদ :—

ঠাকুর শ্রীরামকৃষ্ণদেব অত্যুচ্চ কণ্ঠে আনন্দের সহিত কালী কালী কালী এই নাম তিনবার বলিয়া শয়ন গৃহ কম্পিত করাইয়া আর কিছু না বলিয়া শিষ্য বর্গকে দেখিতে দেখিতে গত শ্বাস হইয়াছিলেন। ৩৬

সেই সময় জগতের একমাত্র সনাতন ধর্ম্মের রক্ষক অমরেন্দ্র তুল্য বিশাল নেত্র মহাত্মা নরেন্দ্রনাথ অত্যন্ত বিস্মিত হইয়া সুবিশাল নেত্র ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের মূর্ত্তিটি দেখিয়াছিলেন। ৩৭

সেই সময় সেই স্থানে সুগন্ধ বায়ু বহন করিয়াছিল। দশদিক নির্ম্মল হইয়াছিল। দেব দুন্দুভি বাজিয়াছিল এবং স্বর্গীয় পুষ্প বৃষ্টি হইয়াছিল। ৩৮

সেই সময় নির্ম্মল আকাশে পূর্ণচন্দ্র প্রকাশের তুল্য সর্ব্বজ্যোতিঃ শ্রেষ্ঠ এবং রূপ বেদের মুখ্য প্রণব স্বরূপ গুরুরূপী ভগবান শ্রীরামকৃষ্ণদেবের দেহ হইতে বহির্গত হইয়া। ৩৯

তদন্তরে তস্য মহাবিভূতেঃ
শ্রীরামকৃষ্ণাখ্য গদাধরস্য।
দদর্শ রূপং পরম স্বরূপং
বিষ্ণোঃ পদন্তদ্ধ্রুবমক্ষরং যৎ ॥ ৪০
হংসং বিমানং শশি কোটিকান্তি
মারুহ্য সৌম্যং সুরবর্ত্ম মধ্যে।
গচ্ছন্তমেবং নিজধাম দেবং
বিলীয়মানং ক্রমশো দদর্শ ॥ ৪১
স্বরূপশক্তিং কিল যাং তদীয়াং
বিরাজিতাং বিশ্ব জন প্রসূতিং
তদীয় লীলা পরিপূর্ত্তি দাত্রী
মলক্ষিত স্তাং সমবাপ দেবঃ ॥ ৪২
তাং সারদাং সারবিধেয় দায়িনীং
যচ্ছক্তিমাশ্রিত্যজনাঃ সুযোগিনঃ
কুর্বন্তি কার্য্যং মুনি মানবাদয়ঃ ॥ ৪৩

Narendranath saw that divinely briliant soul of Shri Ramakrishna, gradually going up to the Heaven and fading out of sight. It was also beyond the comprehension of anybody that the soul of Shri Ramakrishna attained consumation with the soul of Sarada devi who embodied the eternal power of the Goddess on the Earth. Thakur left her behind for the good of pious souls 11 to 43

বঙ্গানুবাদ ঃ—

সেই প্রণবের মধ্যে মহাবিভূতিময় রামকৃষ্ণ গদাধরের যথার্থ স্বরূপ অপ্রাকৃত রূপ নরেন্দ্র দেখিয়াছিলেন যাঁহাকে জ্ঞানীগণ বিষ্ণুর পরমপদ বলিয়া নিশ্চিতরূপে অবগত আছেন। ৪০

কোটি চন্দ্র প্রতীকাশ সেই হংস বিমানে আরোহণ করিয়া অপূর্ব্ব সৌম্যমূর্ত্তি ভগবান শ্রীরামকৃষ্ণদেব শূন্যমার্গ অবলম্বন পূর্ব্বক নিজ ধামে অর্থাৎ বৈকুণ্ঠাদিলোকে যাইতেছেন এইরূপে ক্রমশঃ দৃষ্টির অগোচর হইলেন এইটিও দেখিয়াছিলেন। ৪১

কিন্তু এই মর্ত্যধামে সেই ভগবান রামকৃষ্ণের লীলা সম্পূর্ণকারিণী বিশ্ব জননী হ্লাদিনী শক্তি যিনি বিদ্যমানা আছেন তিনি তাঁহার সেই শক্তিরূপিণী সারদাদেবীকে অন্যের অলক্ষিত ভাবে প্রাপ্ত হইয়াছিলেন। ৪২

যে দেবীর কণামাত্র শক্তি আশ্রয় করিয়া পরম যোগীগণ অথবা মুনিমানবাদি সকলেই স্ব স্ব কার্য্য সাধন করিয়া থাকেন অর্থাৎ এই কলিযুগে ধর্ম্মার্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গ ফলদাত্রী মহিয়সী বা সর্ব্ব মহিমান্বিতা সারদাকে ইহ জগতে রাখিয়া গমন করিয়াছিলেন। ৪৩

> প্রভুণা শ্রীনরেন্দ্রস্য যদলৌকিক কল্পনং।
> ভূমং বা স্ব স্বরূপং যদ্যং যামাহ ঠাকুরঃ ॥ ৪৪
> নরেন্দ্রে নৈব বিশ্বাসং নান্য ভক্তৈঃ কথঞ্চন।
> তদা মহানিশাকালাৎ সার্দ্ধৈক ঘটিকাদ্বয়ং ॥ ৪৫
> মোহিতা স্তত্র যে ভক্তা ভগবদিচ্ছয়া ভবন্।
> গতে হি ঘটিকাকালে ভক্তাস্তে প্রাপ্তচেতনাঃ ॥ ৪৬

अन्त्यलीलायां ८म अः

एकीभूय समाधिस्थं प्रभुं मत्वा विचक्षणाः ।
ॐ हरिरिति शब्दस्य समाधेर्भङ्ग हेतवे ॥ ४७
उच्चारयन्ति ते सुच्चैः समाधेर्भञ्जनेऽसति ।
दिव्यतनोःशेष पूजां मत्वोद्यानि प्रविश्यते ॥ ४८
नानाविधानि पुष्पाणि दिव्यानि विपुलानि च ।
ब्राह्मे मुहूर्ते संगृह्य पादपूजां विधायते ॥ ४९
गन्धपुष्पादिभिर्भव्यां शय्यामपि विभूषितां ।
कृत्वा यदा गले माल्य दानार्थं स्वय मानसाः ॥ ५०

The words which Thakur uttered and the divine appearance with six hands which he showed, were known only by Narendranath and none else. During the period from 12 o'clock to 2 A.M. in the night all living things were fast asleep. After 2 A.M. all of his disciples awoke. At first they thought that Thakur might have been in a temporary unconscious state of mind and accordingly they tried for some time to bring him back to life and consciousness by shouting holy names, but in vain. So they brought flowers and worshipped the feet of Shri Ramakrishna for the last time. 44 to 50

বঙ্গানুবাদ ঃ—

ঠাকুরের সহিত নরেণের যে সকল অলৌকিক কথাবার্তা বা স্তব স্তুতি হইয়াছিল এবং ঠাকুর ষড়্ভুজ মূর্ত্তি নিজ স্বরূপটি যাহা দেখাইয়াছিলেন তাহা কেবলমাত্র নরেন্দ্রনাথই দেখিয়াছিলেন। ৪৪

তা ছাড়া অন্য কোন ভক্তই কিছু মাত্র জানিয়াছিলেন না। সেই সময় রাত্রি ১২টার পর রাত্রি ২টা পর্য্যন্ত ঠাকুরের ইচ্ছায় পশুপক্ষী প্রভৃতি সকলেই গাঢ় নিদ্রায় নিদ্রিত হইয়াছিল। এবং রাত্রি ২টার পর প্রায় সকল ভক্তই জাগরিত হইয়াছিলেন। ৪৫।৪৬

তৎপরে সেই সকল ভক্ত প্রভুর নির্ব্বিকল্প সমাধির অবস্থা মনে করিয়া সকলে একত্রিত হইয়া ওঁ হরি এই শব্দটি বহুক্ষণ উচ্চারণ করিলেও সমাধি ভঙ্গ না হওয়ায় ঠাকুরের দিব্য দেহের শেষ পূজা কর্ত্তব্য এইরূপ মনে করিয়া পুষ্পোদ্যানে প্রবেশ পূর্ব্বক। ৪৭।৪৮

নানাবিধ সর্ব্বোত্তম প্রচুর পুষ্প সংগ্রহ করিয়া সেই সকল ভক্ত ব্রাহ্ম মুহূর্ত্তে অর্থাৎ ভোরের সময় ভগবানের পাদ পূজার অবসানে।

৪৯

অত্যুত্তম সুগন্ধ পুষ্পাদি দিয়া ঠাকুরের শয্যাকেও পুষ্প বিভূষিত করতঃ ঠাকুরের গলদেশে মাল্য দিবার জন্য ব্যগ্র হইয়াছিলেন। ৫০

স্বদেহমাত্রং সমুত্তাপং বিজ্ঞায় বিগ্রহস্য চ ।
তথা তদঙ্গালোকেন গৃহমালোকিতঞ্চ তং ॥ ৫১
দৃষ্ট্বা সমাধ্যবস্থান্তং মন্যমানাঃ সুনিশ্চিতম্ ।
প্রভোঃ পুনর্বাহ্যভাবো ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ৫২
এবমাশান্বিতাঃ সর্ব্বে ভক্তাস্তেঽত্র ভবন্ যদা ।
তস্মিন্নেব প্রত্যূষসি মহেন্দ্রলাল নামকঃ ॥ ৫৩
ভিষক্তমঃ সমায়াতঃ শ্রীপ্রভোর্দর্শনেচ্ছয়া ।
আনন্দপূর্ণ বদনং রোমাঞ্চিত কলেবরং ৫৪
তদঙ্গ জ্যোতিষাপূর্ণং গৃহং দৃষ্ট্বাতিবিস্মিতঃ ।
উবাচ দিব্যাবস্থায়া ছায়াঃ প্রতিকৃতেঃ প্রভোঃ ॥ ৫৫

अन्त्यलीलायां १०म यः

उत्तोलनं साधु मन्ये पूजादर्शन हेतवे ।
यतोऽहं कलिकाताख्य गेहं गत्वाधुनैव हि ॥ ५६
सम्पादयामि तत् कृत्यमित्युक्त्वा ययौ द्रुतं ।
यत्रान्तरे श्रीनेपालराज प्रतिनिधिर्महान् ॥ ५७

When they were eager to place ■ garland round the neck of Thakur, they felt the divine glow and warmth of the body of Thakur. They again thought that Thakur was temporarily in a swoon. At day-break Doctor Mahendra Lal Sarkar came there, and found Thakur in his death bed. He hurried back to his house to make arrangements to have a photo of Thakur. *51 to 57*

বঙ্গানুবাদ :—

স্পর্শমাত্রেই ঠাকুরের দেহের উত্তাপ অনুভব এবং দেহ জ্যোতিদ্বারা গৃহ আলোকিত দেখিয়া ঠাকুর নিশ্চয় সমাধিস্থ এইরূপ ভাবিয়া এবং কিছুক্ষণ পরে নিশ্চয় বাহ্য জ্ঞান হইবে এইভাবে আশান্বিত হইয়াছিলেন। ৫১।৫২

এবং সেই উষাকালে ডাক্তার মহেন্দ্র সরকার প্রভুর দর্শনের জন্য সেই স্থানে আসিয়া ঠাকুরের হাস্যযুক্ত মুখারবিন্দ রোমাঞ্চিত দেহ এবং অঙ্গ কান্তিতে গৃহ পরিপূর্ণ দেখিয়া অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইয়া বলিয়াছিলেন। ৫৩ ৫৪

ঠাকুরের এই দিব্যাবস্থার ছবি (ফটো) উত্তোলন আমি ভাল

বলিয়া মনে করি। কারণ মূর্ত্তি না থাকিলে পূজা ও দর্শনাদির অসুবিধা হয়। ৫৫

অতএব আমি গৃহে গমন করিয়া শীঘ্রই ইহার ব্যবস্থা করিতেছি। এই বলিয়া ডাক্তার মহেন্দ্র সরকার গৃহে গমন করিয়াছিলেন। ৫৬

এই সময়ে নেপালের রাজ মন্ত্রী বিশ্বনাথ উপাধ্যায় প্রভুর দর্শনার্থে উপস্থিত হইয়াছিলেন ঠাকুর উপাধ্যায় মহাশয়কে ক্যাপ্টেন বলিয়া বলিতেন। ৫৭।৫৮

> उपाध्यायो विश्वनाथ आगतः प्रभु सन्निधौ ।
> क्याप्टेन इति नाम्ना य मवदत् ठाकुरः स्वयं ॥ ५८
> यश्च नारायणं मत्वा ठाकुरं भक्तिपूर्व्वकं ।
> पूजयामास सोऽप्यस्य दिव्यरूप प्रदर्शनात् ॥ ५९
> ठाकुरस्य सम्मोहित उपाधेयं वच स्तदा ।
> महासमाधि मग्नोऽभूदस्य योगीश्वरेश्वरः ॥ ६०
> पश्चादस्यामवस्थायां विचिरस्ति महत्तरः ।
> योगशास्त्रे महाभागाः शृणुध्वं सुविशेषतः ॥ ६१
> ये चात्र ब्राह्मणात्मानः शिष्याः सन्ति प्रभोः प्रियाः ।
> सर्व्वैं स्तैः श्रीभगवतो ग्रीवायामपि वक्षसि ॥ ६२
> मध्याङ्गेन गुल्फयो श्च मर्द्दितेषु कियत्क्षणं ।
> समाधिभङ्ग सम्भव स्यामास्तीति मतं मम ॥ ६३
> भवद्भिरधुनैवास्यानुष्ठानं क्रियतां तथा ।
> तस्याश्वासितवाक्यन्तच्छ्रुत्वा तत्क्षणमेव हि ॥ ६४

In the mean time the Minister to the *King of* Nepal appeared on the spot. His name was

Biswanath Upadhyaya and he was called Captain by Thakur. He was much devoted to Thakur. He thought that Thakur was in his Samadhi, a temporary state of unconsciousness. He advised massage on the breast and heels with ghee by the bramhin disciples. 58 to 64

বঙ্গানুবাদ :—

উপাধ্যায় মহাশয়ও ঠাকুরকে স্বয়ং ভগবান মনে করিয়া ভক্তিপূর্ব্বক পূজা করিতেন। ইনি আজ ঠাকুরের দিব্য মুর্ত্তি দর্শনে আশ্চর্য্যান্বিত হইয়া এইরূপ বলিয়াছিলেন। আজ ভগবান যোগীশ্বর সমাধিমগ্ন হইয়াছেন এমতাবস্থায় একটি করণীয় বিষয় আছে হে মহাভাগ ভক্তবৃন্দ যোগশাস্ত্রে যাহা বলিয়াছেন আপনারা বিশেষ ভাবে তাহা শ্রবণ করুন। ৫৯।৬০।৬১

এই স্থানে ঠাকুরের অত্যন্ত প্রিয় যে সকল ব্রাহ্মণ শিষ্য আছেন। তাঁহারা ভগবানের স্কন্ধ বক্ষঃ ও গুলফ অর্থাৎ গোড়ালিতে গব্য ঘৃত দিয়া কিয়ৎক্ষণ মর্দ্দন করিলে সমাধি ভঙ্গের আশা আছে। আমার এইরূপ মত। ৬২।৬৩

অতএব এই ক্ষণেই এইরূপ অনুষ্ঠান করুণ।

উপাধ্যায় মহাশয়ের এইরূপ আশ্বাস বাক্য শুনিয়াই তৎক্ষণাৎ। ৬৪

अद्य श्रीवैकुण्ठशर्म्मा गुल्फयोर्यत्नपूर्व्वकं ।
घर्षति श्रीशरच्चन्द्रो ग्रीवायां शशिभूषणः ॥ ६५
प्राय त्रिघटिका कालं कृतवन्त स्तथा क्रियां ।
हा कष्टं व्यर्थतामापतत् कृत्यं भाग्य मद्भुतः ॥ ६६

अन्त्यलीलायां १०म अः

पकान्तये बहुदिनमास्थितापि महेश्वरी ।
महास्माभि र्भगवती श्रीमाता सारदेश्वरी ॥ ৬৭
अलौकिकी ह्रीसम्पन्ना लोकादृश्या महीयसी ।
प्रभोरर्द्धाङ्गिनी सा पि जगदम्बास्वरूपिणी ।
या देवी सर्व्वदा सर्व्वस्वामिनः स्वामिनः शुभा ।
चकार परिचर्य्यां सा चिन्मयी चिन्मयस्य च ॥ ৬৮
कुलस्त्रीणां धनं लज्जा विज्ञायेदं महासती ।
हास्यं प्रविदधे सर्व्वं सर्व्वदा रहसि स्थिता ॥ ৭০
स्वस्याः कण्ठस्वरश्चापि न श्रुतः केन कुत्रचित् ।
साध्वीत् कण्ठायुता माता निष्पन्दाश्चचलोपमा ॥ ৭১

Baikuntha Sherma began to massage the heels, Saratchandra the breast and Shashibhusan the neck. The massage continued for three hours without any reaction. Sarada Devi was staying in the same house but none could see her even though she had been doing services to her husband regularly. None also could hear her voice. 65 to 71

বঙ্গানুবাদ :—

আমি বৈকুণ্ঠ শর্ম্মা যত্ন পূর্ব্বক গুল্‌ফ দেশে শরচ্চন্দ্র বক্ষে এবং শশীভূষণ গ্রীবায় প্রায় তিন ঘণ্টাকাল গব্য ঘৃতে মর্দ্দন করিলেও বড়ই দুঃখের বিষয় আমাদের ভাগ্য বিপর্য্যয় বশতঃ সমস্ত চেষ্টা ব্যর্থ হইয়াছিল। ৬৫।৬৬

এই বাগান বাটীতে জগদীশ্বরী ভগবতী মাতা সারদেশ্বরী বহুদিন আমাদের সহিত অবস্থান করিলেও অলৌকিক লজ্জাশীলা অতএব সাধারণের অদৃশ্যা মহামহিমান্বিতা ঠাকুরের অর্দ্ধাঙ্গিনী জগদম্বা স্বরূপিনী। ৬৭।৬৮

চিন্ময় স্বরূপিনী সর্ব্বমঙ্গলা যে দেবী জগৎ স্বামীই নিজের চিন্ময় স্বামীর সর্ব্বদা সেবা করিয়াছিলেন। ৬৯

समग्रां शर्व्वरीं स्थित्वा प्रभाते यावदग्रहीत्।
समाधिं निर्द्दयं तस्य न च भङ्गो भविष्यति ॥ ৭২
घोरामग्न्या तथा भूत्वा यथा वेगवती नदी।
जलोच्छ्रासैः पूर्य्यमाना सेतुं भङ्क्त्वा प्रसर्पति ॥ ৭৩
तथा सर्व्वां परित्यज्य व्रीडां सा खलु लौकिकीं।
उवाच कालिके मातः सर्व्वमङ्गलकारिणि ॥ ৭৪
दृष्ट्वा ममापराधं कं दुःख शोक विनाशिनि।
मां परित्यज्य यासि त्वं कथं वद पति प्रिये ॥ ৭৫
एवमश्रुमुखी मातातुरवक्रन्दनकारिणी।
बाहुद्वयं समुत्तोल्य क्वास त्वमिति लापिनी ॥ ৭৬
पतिता मूर्च्छिताप्याशीद्दरण्यां धरणी समा।
भ्रातुष्पुत्री ठाकुरस्य पूज्यास्माकं स्वसा च या ॥ ৭৭
तथा गोपाल माता या तयोः शुश्रूषया तदा।
चैतन्यापादिता साथि निश्चैतन्यैव लक्षिता ॥ ৭৮

When she came to know in the morning that Thakur would not come back to life, she burst into torrents of tears. "Oh Mother Kalika," she

shouted. "what was my fault that I have been left behind so destitute and wretched?" Thus lamenting loudly she fell unconscious. By careful nursing of Thakur's niece and the mother of Gopal, she regained her senses but lay still like a lifeless thing. 72 to 78

বঙ্গানুবাদ :—

এবং যে মহাসতী সারদাদেবী কুলস্ত্রীদিগের লজ্জাই পরম ধন এইটি জানিয়া সর্ব্বদা সর্ব্বসমক্ষে বহির্গত না হইয়া নিজেকে গোপন ভাবে রাখিয়া স্নান ও শৌচাদি কার্য্যসকল সম্পাদন করিতেন। ৭০

এমন কি যে দেবীর কণ্ঠস্বরও কেহ কখনও কোথাও কিছুমাত্র ও শ্রবণ করেন নাই। সেই পর্ব্বতোপমা নিষ্পন্দ। মাতা সারদা অধৈর্য্যা হইয়াছিলেন। ৭১

সমগ্র রাত্রি যাপন করিয়া প্রাতঃকালে যখন জানিলেন ঠাকুরের নির্দ্দয় সমাধি আর ভঙ্গ হইবে না তখন তিনি আশা শূন্যা হইয়া বারিবেগে পরিপূরিতা বেগবতী নদী যেমন নদীতট ভগ্ন করিয়া দ্রুত বেগে প্রবাহিতা [illegible]। ৭২।৭৩

তখন সেইরূপ ভাবে সারদামাতা সর্ব্বতোভাবে লৌকিক লজ্জা পরিত্যাগ করিয়া উচ্চৈঃস্বরে বলিয়াছিলেন হে মাতঃ সর্ব্বমঙ্গলদায়িনী কালিকে। ৭৪

এইরূপ ভাবে অশ্রু ধারায় বিগলিত হইয়া অতি উচ্চ স্বরে কাঁদিতে কাঁদিতে মাতা সারদেশ্বরী দুই বাহু উত্তোলন পূর্ব্বক কোথায় তুমি এই কথা বলিতে বলিতে পৃথিবীর মত ক্ষমাশীলা ভূমিতে পতিতা হইয়া মূর্চ্ছিতা হইয়াছিলেন। ৭৬

ঠাকুরের ভ্রাতুষ্পুত্রী অতএব আমাদের পূজনীয়া ভগিনী এবং গোপাল মাতা এই দুইটি স্ত্রীলোকের শুশ্রূষা দ্বারা সেই সময়ে মাতার মূর্চ্ছা ভঙ্গ হইলেও মূর্চ্ছিতের সদৃশই অবস্থা হইয়াছিল॥ ৭৭।৭৮

हरिणी दावदग्धेव विलग्नापाति दुःखिता ।
सुखं सौन्दर्य्यं मायाति यदि छायायिता लता ॥ ৭৯
भग्ने तरौ न लता त्वं तस्या स्तिष्ठति किञ्चन ।
रमन्या रमणीयत्वं पतिमर्त्तरि जीविते ॥ ৮০
ना पतिः शोभते नारी चन्द्रशून्या निशा यथा ।
साध्य ▮ पश्चिमावस्था मृतेव भाति सर्व्वदा ॥ ৮১
पत्र पुष्प फल च्छाया मूल वल्कल दारुभिः ।
हं स्तारमपि सम्मात्रं यो वृक्षः सम्यगर्पति ॥ ৮২
सर्व्वानन्दप्रदः सोऽयं शाखी सोऽद्य विनश्यति ।
शाखिनो न विनाशोऽयं लतायाः मम निश्चितं ॥ ৮৩
यतः शाखी दारुमूर्त्तिर्जनैः संपूजितो भवेत् ।
मूर्त्त्यन्तरेण सततं गृहस्थानां गृहे गृहे ॥ ৮৪
अतोऽस्य निधनं नास्ति परोपकारिणो ध्रुवं ।
यतः सज्जन भावेयं कीर्त्तिर्यस्य स जीवति ॥ ৮৫

She, like a deer burnt in the forest, tossed in agony and said, "Just as the beauty of the creeper is impaired with the break-down of the sheltering tree so also the beauty and sweetness of a woman vanish with the death of her husband. A widow is but a night without the moon. and lives a joyless life. The tree also entertains its cutter with its leaves, flowers, fruits, roots and wood. The tree which sheltered me goes down but is not dead. Its creeper is only destroyed. It will live in wooden shapes in every household. It is also said, "Men live through their achievements." 79 to 85

বঙ্গানুবাদ :—

এবং বনাগ্নি পীড়িতা হরিণীর মত মাতা অত্যন্ত দুঃখিতা হইয়া বিলাপ করিতে করিতে বলিয়াছিলেন লতা যদি বৃক্ষকে আশ্রয় করিয়া অবস্থান করে তবেই তাহার সুখ ও সৌন্দর্য্য থাকে কিন্তু বৃক্ষ ভগ্ন হইলে লতার আর কিছুই থাকে না। তদ্রূপ রমণীর রমনীয়ত্ব ততক্ষণ যতক্ষণ স্বামী জীবিত থাকে। ৭৯,৮০

চন্দ্রহীনা রাত্রির মত পতিহীনা নারীর শোভা কিছুমাত্র থাকে না। পরন্তু বৈধব্য দশা প্রাপ্ত হইয়া মৃততুল্যা হইয়া থাকে। ৮১

যে বৃক্ষ নিজের ছেদন কর্ত্তাকেও পত্র পুষ্প ফল ছায়া বল্কল ও কাষ্ঠ দ্বারা পূজা করিয়া থাকেন। ৮২

অতএব সকলের আনন্দপ্রদ লতা রূপিনী আমার বৃক্ষ স্বরূপ স্বামী বিনাশ প্রাপ্ত হইলেন কিন্তু বৃক্ষের বিনাশ কখনই হয় নাই। লতারূপিনী আমারই বিনাশ হইল। যেহেতু বৃক্ষ কাষ্ঠ মূর্ত্তি এবং ত্যাগশীল দাতার মৃত্যু কখনই হইতে পারে না যেহেতু তিনি বৃক্ষরূপে ফল পুষ্পাদি শোভিত না হইলেও কাষ্ঠ মূর্ত্তিতে গৃহস্থদিগের গৃহে কপাট বা গবাক্ষ ইত্যাদি নানাবিধ রূপে সর্ব্বদাই পূজিত হন। ৮৩।৮৪

অতএব এই পরোপকারী বৃক্ষের মৃত্যু নাই কারণ সাধুগণ বলিয়া থাকেন যাঁহার কীর্ত্তি বা চিহ্ন থাকে তিনি নিত্য জীবিত। ৮৫

इति शोक परायणा सती
विललापाति विमोहिता सती ।
खलु देव ममापराधतः
स्तव चित्तेऽपि कठोर वेदना ॥ ८६
अनुभूय गतोऽसि सुह्यतां
वचसां नावसरो यतोऽस्ति ते ।
कुरु मामपराधिनीं प्रभो
तव दासो गत नीच दासिकां ॥ ८७
अथवा मरराजधामत
स्तव सेवाविधि संविधायिनः ।
इह चागत देव सेवका
नुपदेशं कुरु मां विहाय भोः ॥ ८८
नहि देव कदापि मे भवे
तव सङ्गः सुविधान्वितः शुभा ।
इति वाक् समुदीरिता त्वया
अधुना किं वितथाकृताद्य सा ॥ ८९

She again lamented saying, "As you do not speak again I feel that my offerce might have hit you so hard that you have succumbed to it. Place my guilty self at the lowest of all who serve you. Or, setting me aside, give orders to your godly followers who had come down with you to this mortal world from Heaven. You said that I should never lose your company. Should your assurance now prove to be untrue?" 86 to 89

বঙ্গানুবাদ :—

এইরূপ শোক নিমগ্না মাতা সারদা একেবারে জ্ঞানশূন্যা হইয়া বিলাপ করিয়াছিলেন এবং বলিয়াছিলেন হে দেব! নিশ্চয় আমার অপরাধ বশতঃই আপনার প্রাণে আপনি কঠোর বেদনা অনুভব করিয়া অজ্ঞানতা প্রাপ্ত হইয়াছেন। ৮৬

যেহেতু সম্প্রতি আপনি একটি কথাও বলিতেছেন না। অতএব এই অপরাধিনী আমাকে আপনার অসংখ্য দাসীগণের মধ্যে অতি নিকৃষ্টা দাসী করিয়া রাখুন। ৮৭

অথবা হে দেব! দেবরাজের ধাম অর্থাৎ স্বর্গলোক হইতে এই মর্ত্যলোকে আসিয়াছেন আপনার সেবার পরিজনবর্গকে আমাকে পরিত্যাগ করিয়া সেই সকল সেবক বর্গকে পূর্বের মত উপদেশ দান করুণ। ৮৮

হে দেব! কখনও আমার সান্নিধ্য তোমার নষ্ট হইবে না।

এইরূপ শুভ বাণী যাহা আপনি আমাকে বলিয়াছিলেন আপনার সেই সিদ্ধ বাক্য কি আজ মিথ্যায় পরিণত হইল। ৮৯

तव वेद यथा हि नानृतं
मम दुर्भाग्यवशादियं तथा।
उत मानसमेव दुर्बलं
भवतो भाषित संपदोऽक्षमं ॥ ৯০
भवतः शुभदृष्टिरेव मे
सुखशान्तिचिरकालिकी भवेत्।
यद मां मनसाधुना यथं
पतितोन्नामकरोद्भवानिमां ॥ ৯১
रससंख्यकहायनामिमां
परियन्तु स्तव पाणिधारये।
गतवान् मम देह विभ्रमं
चलति त्वद्य न शोकसागरं ॥ ৯২
निजधाम गतस्य पादयोः
पुनरेवापतदस्य कातरा।
लतिका हि तरौ विखण्डिते
पादमूले पतति च्छिन्ना यथा ॥ ৯৩

"What you had promised cannot be untrue. It is due to my misfortune or weakness that I have failed to understand the significance of your saying. Your holy sight would give me peace

and happiness for all times. Tell me why I have been made a widow now. Since I was married to you at the age of six years I became free from all troubles and worries. How is it that my bereavement knows no bound." She fell like a creeper of a felled-down tree at the feet of Thakur. 90 to 93

বঙ্গানুবাদ :—

হে দেব! আপনার এই বেদ বাণী কখনও মিথ্যা হইতে পারে না আমার বিশাল দুর্ভাগ্যবশতঃ অথবা আমার মনের দুর্ব্বলতা বশতঃই আপনার কথা বুঝিতে না পারিয়াই এইরূপ বলিতেছি। ৯০

আপনার শুভ দৃষ্টিই আমাকে চির জীবনের মত সুখ শান্তি দিবে হে দেব বলুন আজ আমার সেই সুখশান্তি হীন আপনিই করিলেন কেন ?আমার ছয় বৎসর বয়সে আপনার পাণিগ্রহণের সময় যাবতীয় শোক দুঃখ যাইয়াছিল। কিন্তু আজ কেন আপনার বিচ্ছেদ জন্য এই মহাশোকের কিছু মাত্র লাঘব হইতেছে না। ৯২

তরুরাজ বিখণ্ডিত হইলে তদাশ্রিতা লতার মত সারদা নিজধাম গত ঠাকুরের পাদ যুগলে পুনর্ব্বার পতিতা হইয়াছিলেন। ৯৩

मदनेऽमरलोकसङ्गते
रतिरार्त्तैवकरोद सारदा।
न तु सा रतिमाव भावना
ज्ञानसौभाग्य रवेरदयं नीत् ॥ ८४

कृपयादिश पूर्व्ववद्गुरो
प्रतिपद्याद्य महत्तरं वचः।
जगतः सुखशान्तिदं परं
गतिरस्याः सुखदापि तद्भवेत् ॥ ९५
ततः स्वभर्त्तुं चरणाम्बुजासवं
विचिन्तयन्ती च गुरोर्न चापरं।
पतिव्रतानां प्रतिलोक संपद्दि
व्रतं हि यत्तु विदधाति नापरं ॥ ९६
तदीय लज्जादय एव भक्ता
दृष्ट्वा तदा शोकपरायणाञ्चां।
पादाब्जयुग्मं शिरसा धृतां ता
आलिङ्ग्य देवी सपरत्र जग्मुः ॥ ९७

Rati lamented at the death of Madan. But Sarada lamented the irreparable loss to the humanity of the world. She said, "Oh my Lord, be pleased to utter immortal sayings for the welfare of the mankind, that will give me eternal joy and happiness." Thereafter she was taken away from the feet of Thakur by the female devotees who were present there. 94 to 97

বঙ্গানুবাদ :—

মদন স্বর্গগত হইলে রতির মত সারদা বিলাপ করিয়াছিলেন, কিন্তু সারদা কেবল মাত্র রতির মত পতি বিচ্ছেদ ভাবে ভাবিতা

না হইয়া জগতের জীবের সৌভাগ্য রবির অস্তাচলে গমন জন্য শোকার্ত্তা হইয়াছিলেন। ২৪

হে প্রিয়তম তুমি অদ্য পুনরায় পূর্ব্বের মত দেহ ধারণ করিয়া জগতের সুখ শান্তি প্রদ সুমহান বাক্য কৃপা পূর্ব্বক উপদেশ কর সেই সকল কথামৃতই এই হতভাগিনীর সুখ প্রদ হইবে। ২৫

এইরূপ ভাবে মাতা সারদা দেবী জগদ্ গুরু নিজ ভর্ত্তার চরণার বিন্দ দুইটি চিন্তা করিতে করিতে দেহ দৈহিক ভাব একবারে ভুলিয়া গিয়াছিলেন। কারণ পতিব্রতাদিগের পতিলোক সংগ্রহার্থে পতির শুভই কামনা করিয়া থাকেন। এইটিই সাধ্বী স্ত্রীগণের একান্ত কর্ত্তব্য॥ ২৬

তৎপরে সেই স্থানে লক্ষ্মী প্রভৃতি যে সকল স্ত্রীলোক ভক্ত ছিলেন তাঁহারা পতির পাদপদ্ম দুইটি মস্তকে ধারণ কারিণী অত্যন্ত শোকাতুরা দেখিয়া মাতা সারদাদেবীকে সেই সকল সেবিকা স্ত্রীলোক আলিঙ্গন পূর্ব্বক গৃহান্তরে লইয়া গিয়াছিলেন। ২৭

স্মৃত্বা প্রভোঃ সারতীং প্রিয়লীলাং
নানা গতাঃ কিঙ্করা দর্শনার্থং।
ভক্তাঃ পরাস্তে ভ্রমশূন্যং শরীরং
ক্ষুব্ধে গেহাদ্ ময়িতং তে রহস্যাত্॥ ২৮

পর্য্যঙ্ক মধ্যস্থিত-বিগ্রহস্য
প্রসূন মাল্যাদিভিরর্চিতস্য।
প্রতিচ্ছবিং প্রাপ্তগতস্য তস্য
প্রদ্যোতযন্তো হি প্রভালয়স্য॥ ২৯

अन्त्यलीलायां १०म घः

अपार कारुण्यगुणैकसिन्धु
र्यः शिष्यवर्गस्य सुखैक बन्धुः।
निशातमोघ्नो भगवान् यथेन्दु
र्विमुक्तिदोयद्भजनस्य विन्दुः॥ १००
यः सेवकानां बहु दुःखदायिनं
भारं स्वयञ्चात्र परम सञ्चिनं।
तथाच लीला परिपुष्टिकारिणं
तमद्य खट्टोपरि शेषशायिनं॥ १०१

Followers and devotees poured in from far off places at the news of Thakur's demise. In the afternoon Thakur's body was brought down from the upper floor to the ground floor, and decorated with flowers and garlands. Photo of the body was taken. He who was the ocean of kindness and the source of all blessings and eternal joy to his devotees. and who took over all miseries from the sufferers, lay dead. 98 to 101

বঙ্গানুবাদ :—

ঠাকুরের চিরন্তনী শেষ লীলা শ্রবণ করিয়া বহু স্থান হইতে ভক্তবর্গ দেখিবার জন্য আসিয়াছিলেন। অপরাহ্নে ভক্ত সকল তাঁহার সেই ছায়া শরীর উচ্চ গৃহ হইতে নিম্নতলে আনিয়া পর্য্যঙ্ক মধ্যে শয়ন করাইয়া পুষ্পমাল্যাদি দ্বারা ভূষিত করতঃ প্রাণহীন বিগ্রহের প্রতিমূর্ত্তি লইয়াছিলেন। ৯৮৷৯৯

অন্ত্যলীলায়াং ১০ম অঃ

সর্ব্বশুভালয় অতুলনীয় দয়ার সাগর শিষ্যবর্গের পরমানন্দ দাতের পরম বন্ধু রাত্রির অন্ধকার মোচনে যেমন ভগবান চন্দ্র দেব এবং যাঁর ভজনের কথা মুক্তি দানে যুক্ত হয়। ১০০

যে ভগবান ভক্ত সমূহের ইহকালের এবং পরকালের সঙ্গী বহু দুঃখ দায়ী পাপ ভার স্বয়ং বহন করেন। এবং লীলার জন্য যাঁহার দেহ ধারণ আজ তাঁহাকে পর্য্যঙ্কোপরি অন্তিম শয্যায় শয়ন করিতে দেখিয়া। ১০১

दृष्ट्वा तदा शोकपरायणा स्वगं
भक्ता स्वदीया: परमं सुविग्रहम् ।
स्कन्धे समादाय गताः सुदुःखिता
भागीरथी तीर मश्चोऽसि पावनं ॥ १०२
संस्थाप्य तत्राखिल लोकमङ्गलं
प्रणीयते यत् परमं सुमङ्गलं ।
सत्यं चिदानन्दमयं सुविग्रहं
संवेष्ट्य सर्व्वं समुपाविशन् गुरु ॥ १०३
ततश्च ते स्तव विभोर्वचांसि
श्मशानमालम्ब्य यथोदितानि ।
पूर्व्वं स्वभक्तान् कृपया जगाद
तान्यन्वरन् दाह सरोवरे ते ॥ १०४
श्मशब्देन शवः प्रोक्तः शानं शयनमुच्यते ।
निरुच्यन्ति श्मशानार्थं मुने शब्दार्थकोविदाः ॥ १०५
महान्त्यपि च भूतानि प्रलये समुपस्थिते ।
शेरतेऽत्र शवीभूत्वा श्मशानन्तु ततो भवेत् ॥ १०६

His devotees carried his body on their shoulders and slowly and sadly proceeded to the bank of the holy Ganga. They placed the dead body on the bank and remembered what Thakur told them about the crematory ground. 102 to 106

বঙ্গানুবাদ :—

সেই সময়ে ঠাকুরের ভক্তবৃন্দ অত্যন্ত শোকাতুর হইয়া ভগবানের সর্ব্বোত্তম সুবিগ্রহটিকে স্কন্ধে লইয়া অত্যন্ত দুঃখিতান্তঃকরণে অতি পবিত্র ভাগীরথী তীরাভিমুখে গমন করিয়াছিলেন। ১০২

জ্ঞানিগণ যাঁহাকে পরম মঙ্গলময় বলেন সেই অখিললোকপাবন চিদানন্দময় সুবিগ্রহটিকে গঙ্গাতীরে স্থাপনপূর্ব্বক ভক্তবৃন্দ ভগবানকে বেষ্টন করিয়া বসিয়াছিলেন। ১০৩

এবং সেই গঙ্গাতীরে ঠাকুরের নানাবিধ উপদেশের অনুশীলন পূর্ব্বক তন্মধ্যে পূর্ব্বে শ্মশান সম্বন্ধে যে সকল উপদেশ বাক্য ভক্ত বৃন্দকে কৃপাপূর্ব্বক বলিয়াছিলেন ভক্ত বৃন্দ ঠাকুরের সেই সকল কথা শ্মশান মধ্যে আলোচনা করিয়াছিলেন। ১০৪

অর্থাৎ শ্ম শব্দে মৃত ব্যক্তি বা শব দেহ শান শব্দে শয়ন। শব্দার্থ জ্ঞানিগণ শ্মশানের অর্থ এইরূপই বলিয়া থাকেন। ১০৫

ভগবানের সদৃশ জনগণও অন্তকাল উপস্থিত হইলে এই শ্মশানেই শব রূপে শয়ন করেন এই জন্যও ইহার নাম শ্মশান বলিয়া কথিত হয়। ১০৬

नाना सृत सुहृन्नादवीन्द्र कोलाहलैर्युत ।
हा पुत्र मित्र हा बन्धो भ्रातर्भर्तस्त प्रियाद्य मे ॥ १०७

अन्त्यलीलायां १०म पः

हा पते भगिनि मातर्हा मातुल पितामह ।
मातामह पितः पौत्र क्व गतोऽस्येहि बान्धव ॥ १०८
इत्येवं वदतां यत्र ध्वनिः संश्रूयते महान् ।
ज्वलन् मांसवसामेद गन्धक्लमित मद्गुणं ॥ १०९
अर्द्धदग्धाः शवाः श्यामा विकटदन्तपङ्क्तयः ।
हसन्तीवाग्नि मध्यस्थाः कायस्थेयं दशा त्विति ॥ ११०
वैराग्याश्रयरूपं हि श्मशानं स्वर्गदं विदुः ।
एवं स्वशिष्यवर्गान् यः प्रेष्ठान् पूर्व्वमुवाच ह ॥ १११
तस्याद्य छाया देहस्य कर्त्तुं श्माशानिकीं क्रियां ।
चन्दनं काष्ठमादाय गन्धवं देवमं बहु ॥ ११२
चितां सम्पाद्य विधिवत् स्नानं पिण्डक्रियामपि ।
कारयित्वा दयागोपे चितामध्ये न्यवेशयत् ॥ ११३

This crematorium becomes usually resounded with such dreadful cries as "Oh my son," "Oh my husband," etc The dead bodies are placed on the pyre. As they burn they become terrible to look at. All must die and their bodies will be cremated sooner or later. Yet, strangely enough people are fond of earthly attachments. So Thakur would advise his disciples to rise above the earthly level. Now Thakur's body is placed on the pyre. 107 to 113

বঙ্গানুবাদ :—

এই শ্মশানে নানাবিধ আত্মীয় স্বজনের মৃত্যু জন্য ভয়ঙ্কর আর্ত্তনাদ এইরূপ হয় হা পুত্র হা মিত্র হা পিতঃ হা পতি হা মাতুল হা মাতামহ হা ভগিনীপতি ইত্যাদি ক্রন্দন ধ্বনিতে শ্মশান পরিপূর্ণ হয় এবং প্রজ্বলিত শব দেহের মাংস মেদ বসা প্রভৃতি দাহকালে সাঁ সাঁ শব্দ করে অর্দ্ধ দগ্ধ শব দেহ সকল কৃষ্ণ বর্ণ হয় এবং দন্তপঙ্‌ক্তি সকল বাহির হইয়া পড়ে তখন মনে হয় শব দেহ যেন দাহকারি লোক সকলকে হাস্য করিয়া বলিতেছে যে ওহে ভাই সকল সকলেরই দেহের অবস্থা এইরূপই হইয়া থাকে অতএব বৈরাগ্যের আশ্রয় একমাত্র শ্মশান সম্বন্ধেই স্বর্গপ্রদভাব হইয়া থাকে। এইরূপ ভাবেই ঠাকুর নিজ প্রিয়তম শিষ্যবর্গকে পূর্ব্বে বলিয়াছিলেন।

১০৭ হইতে ১১১

আজ সেই ঠাকুরের ছায়া মূর্ত্তির দাহ করিবার জন্য গন্ধর্ব দৈবত বহু চন্দন কাষ্ঠ আনয়ন পূর্ব্বক চিতা সম্পাদন পূর্ব্বক যথা শাস্ত্র স্নান ও চিতা পিণ্ডাদি দান করাইয়া দক্ষিণ দিকে মস্তক রাখিয়া চিতার উপরি ভাগে শয়ন করাইয়াছিলেন। ১১২।১১৩

পূতাগ্নি দানন স্তস্মৌ সদ্য নিত্য স্বরীরিণঃ।
চিত্যাদি পঞ্চভূতানি সর্ব্বাণ্যগ্ন্যধমা দদুঃ ॥ ১১৪
যর্কৈকস্যৌ দগ্ধভূত' পঞ্চপঞ্চীকৃতস্য স'।
ব্যাসমতন্ন চর্তুদিক্ষু স্বদ্‌ গাত্রধূম সৌরভ' ॥ ১১৫
মকরন্দ প্রসন্ধাস্তে ১গমন্‌ কোটি মধুব্রতাঃ।
পুষ্পীভূতাগ্নি মধ্যে স' শ্রীরামকৃষ্ণ বিগ্রহ' ॥ ১১৬

শিব ব্রহ্মেন্দ্র চন্দ্রাদি দৈবতৈরপি সংযুত'।
দৃষ্ট্বা গুরুগত প্রাণ শশিভূষণ সেবকঃ ॥ ১১৭
আনন্দসংপ্লবে লীনঃ সাশ্রুনেত্রঃ সমাধিমান্।
সুচ্ছীক্লতাগ্নি তাপন্ত' দুর্দ্ধর্ষ' সর্ব্বমষক' ॥ ১১৮
চকার ব্যজন' প্রেম্না পূর্ব্ববদগ্নি মধ্যগঃ।
ন দগ্ধো নাপি চাঞ্চল্যমাপ ভূষণ ভূষণঃ ॥ ১১৯
একান্তিকী গুরৌর্ভক্তিঃ সর্ব্বশক্তি প্রদায়িনী।
বায়বগ্নি জলশক্তীনাং শক্তির্ভক্তে ন বিদ্যতে ॥ ১২০

The funeral rites were performed and fire was set to the pyre. Huge smoke spread all around, Soon the body was enveloped with huge flames of fire. Shashibhushan in a divine mood entered the fire to bring relief to Thakur from the unbearable heat of the fire. Shashibhushan was not scorched by the fire. In fact, a true devotee is not affected by fire, water or wind. 114 to 120

বঙ্গানুবাদ :—

পরে পবিত্রাগ্নি দানে সেই নিত্য দেহের ক্ষিত্যাদি পঞ্চ মহাভূত প্রত্যক্ষ হইয়াছিল। ১১৪

ঠাকুরের পঞ্চীকৃত পঞ্চ মহাভূত প্রত্যেকে এক একটি করিয়া দগ্ধ হইয়াছিল। তৎকালে ভগবানের গাত্র সংলগ্ন চিতা ধূমের সৌগন্ধ চতুর্দিকে ছড়িয়া পড়িয়াছিল। ১১৫

পুষ্পরসপানে প্রলুব্ধ কোটি কোটি মধুপ সেই স্থানে আসিয়াছিল। এবং ভয়ঙ্কর অগ্নিমধ্যে শিব ব্রহ্মা ইন্দ্র চন্দ্র বিগ্রহবান্ দেবতাবৃন্দকে স্তব করিতে দেখিয়া গুরুগত প্রাণ শশিভূষণ আনন্দ সমুদ্রে নিমগ্ন হইয়া অশ্রুপ্লাবিত নেত্র সমাধি বিশিষ্ট অতি দুর্দ্ধর্ষ সর্ব্বভক্ষক সেই অগ্নি তাপকে তুচ্ছ বোধ করিয়া ভগবৎ প্রেমে আত্ম হারা হইয়া অগ্নি মধ্যে যাইয়া পূর্ব্বের মত ঠাকুরকে ভজন করিয়াছিলেন।

১১৬।১১৭।১১৮

তৎকালে সেই অগ্নির দাহিকা শক্তি শীতলতায় পরিণত হইয়াছিল। অতএব শশিভূষণ দগ্ধ হন নাই এবং তজ্জন্য কোনরূপ চাঞ্চল্য হয় নাই। কারণ ভক্ত বৃন্দের ভূষণ স্বরূপ শশিভূষণ অর্থাৎ ভক্ত চূড়ামণি এইরূপ আচরণে সমর্থ হইয়াছিলেন। বস্তুতঃ ঐকান্তিক গুরু ভক্তি সর্ব্ব শক্তি দানে সর্ব্বদা সমর্থ বা অগ্নি বায়ু জল প্রভৃতির শক্তি ভক্তের নিকটে কোন রূপ শক্তি পরিচালনা করিতে সমর্থ হয় না। ১১৯।১২০

ततः शीघ्र महायज्ञावसानेऽस्थि निमज्जनं ।
गङ्गाम्भसि कारयित्वा श्रीनरेन्द्रो महामतिः ॥ १२१
सुसंगृह्य परिस्थास्थि रक्षितं स्वस्य सन्निधौ ।
आदिष्टवान् तथा चान्यान् गुरुभ्रातॄन् विशेषतः ॥ १२२
भस्मास्थि किञ्चित् किञ्चिच्च प्रत्येकं नय भक्तितः ।
स्व स्व गेहे सुसंस्थाप्य नित्यं सम्पूजयिष्यथ ॥ १२३
तथा ते सेवकाः सर्व्वे पूतास्थि भस्मसंयुतं ।
गृहीत्वा परमानन्दमाश्रिता स्तत्क्षणादहो ॥ १२४

अन्त्यलीलायां १०म अः

श्रीरामकृष्ण देवस्य शेषयज्ञे समाप्यते ।
समवगाह्य गङ्गायां शोकसंभिन्न चेतसः ॥ १:५
प्रत्याहृत्य भक्तवर्गा स्तदुद्यानस्य वाटिकां ।
शिरोधृत' पवित्रास्थियुत पात्र' सुमङ्गल' ॥ १२६
शय्योपरि भगवतोस्तस्य भक्तिपूर्व्वकं ।
यानि कतिपयाहानि दिव्यास्थि तत्र संस्थितं ॥ १२७

When the dead body was burnt out, a portion of the last remains was immersed in the holy water of the Ganges and the other portion was taken by Narendranath who also advised other disciples to take the holy ashes to their homes and worship it everyday They also did so. All of them returned with the holy remains to the Rest House at Cossipore and placed it on the bed of Thakur So long it was there, all the devotees felt that Thakur himself was present there. 121 to 127

বঙ্গানুবাদ :—

ঠাকুরের শেষ কার্য্য সমাধা হইলে গঙ্গা গর্ভে অস্থি নিমগ্ন করাইয়া মহামতি নরেন্দ্র ভগবানের কিঞ্চিৎ অস্থি নিজের নিকটে রাখিয়াছিলেন। এবং অন্যান্য গুরু ভাই দিগকে বলিয়াছিলেন আপনারা প্রত্যেকে প্রভুর কিছু কিছু চিতা ভস্ম ও অস্থি ভক্তি পূর্ব্বক গ্রহণ করুন। এবং নিজ নিজ গৃহে স্থাপন পূর্ব্বক প্রতিদিন পূজা করিবেন। ১২১।১২২।১২৩

নরেন্দ্র এইরূপ বলিলে সেই সকল গুরু ভাই ঠাকুরের ভস্মের সহিত পবিত্র অস্থি গ্রহণ করিয়া তৎক্ষণাৎ অপূর্ব্ব আনন্দ পাইয়াছিলেন। ১২৪

ভক্ত বৃন্দ ঠাকুরের শেষ যজ্ঞ শেষ করিয়া গঙ্গায় স্নান করিয়া শোকার্ত্ত হইয়া সেই বাগান বাটীতে প্রত্যাগমন পূর্ব্বক মস্তকে ধৃত সুমঙ্গল পবিত্র অস্থি পাত্র ঠাকুরের শয্যার উপরি ভাগে ভক্তি পূর্ব্বক রাখিয়াছিলেন। ১২৫।১২৬

ঠাকুরের দিব্যাস্থি যতদিন বিছানায় ছিল ভক্ত বৃন্দ ভগবানের সাক্ষাৎ অবস্থিতি মনে করিয়াছিলেন। ১২৭

सान्निध्यं मे स्थिरे साक्षाद्ब्रह्म यत्नतल्पिनः।
श्रीरामकृष्ण देवस्य तथा तदस्थापनं स्मृतं ॥ १२८
मन्येव यथा साक्षादाविर्भूय दयानिधिः।
गृहीत मनसा पूजां तदीयां प्रतिगृह्य सः ॥ १२९
तथा भजन सङ्गीतं श्रुत्वोवाच समादरं।
युवा भो लोक दृष्ट्याहमन्तर्धानं गतो ध्रुवं ॥ १३०
न त्यजामि किन्तु युष्मान् मम ध्यान विहृदये।
वीक्षाय चक्षुषोः युवा गोचरो न भवाम्यहं ॥ १३१
अन्तरालमधिष्ठाय कृपादृष्टिं करोमि हि।
अनुभूता भवद्भार्षो तथैव सेवकैः प्रभोः ॥ १३२
यावज्जीवं प्रभुः प्रायो गङ्गातीरेऽति निर्मले।
स्थित्वा जीवानुद्दिधीर्षुर्व्यकरोत्तप उत्तमं ॥ १३३
अतः प्रभोरस्थियज्ञपडमल भागीरथी तटे।
समाहितं करिष्यामि गुर्वीयं वासना मम ॥ १३४

They could even hear the voice of Thakur. He was much pleased with Narendra and other disciples for their devotion and worship, and appeared before them. He said, "It is true that I am now out of your sight. But I have not left you. Without being seen by you, I am always looking upon you with my blessings and favour." Thakur had spent his life on the bank of the Ganges for the redemption of the suffering humanity. So his last remains should be placed on the bank of this holy river. It was so desired by Narendra. 128 to 134

বাঙ্গানুবাদ :—

এমন কি ঠাকুরের কথাও শোনা যাইত। ১২৮

দয়ানিধি ভগবান ভক্তবর্গের সহিত সাক্ষাৎ আবির্ভূত হইয়া অত্যন্ত আনন্দ মনে ভক্তবর্গের পূজা গ্রহণ পূর্ব্বক বলিয়াছিলেন। হে পুত্রগণ আমি সাধারণ লোকের দৃষ্টির অগোচর হইয়াছি একথা ধ্রুব সত্য। ১২৯।১৩০

কিন্তু আমার ধ্যান বুদ্ধির জন্য তোমাদিগকে আমি ত্যাগ করি নাই। হে পুত্রগণ তোমাদের বাহ্য চক্ষু দুইটির সম্বন্ধে প্রত্যক্ষ না হইলেও আমি তোমাদের অসাক্ষাতে অবস্থান করিয়া কৃপাদৃষ্টি করিতেছি। সেই স্থানে সেই সময় ঠাকুরের এই সকল কথা সেবকগণ সাক্ষাৎ অনুভব করিয়াছিলেন। ১৩১।১৩২

अन्त्यलीलायां १०म अः

ঠাকুর প্রায় যাবজ্জীবন অতি পবিত্র গঙ্গাতীরে অবস্থান করতঃ জীব সকলের মুক্তি কামনায় সর্ব্বোত্তম তপস্যা করিয়াছিলেন। ১৩৩

অতএব ঠাকুরের দিব্যাস্থি এই গঙ্গা তীরেই সমাহিত করিব ইহাই আমার ঐকান্তিকী কামনা। ১৩৪

एवमाग्रहयुक्तः स नरेन्द्रो मुख्य सेवकः।
तदुपयुक्त भूखण्ड लाभाय चिन्तितोऽभवत् ॥ १३५
किन्तु श्रील नरेन्द्रस्य तदिच्छा परिपूरणे।
गिरयस्वाहमिकेवात्र प्रत्युहः समजायत ॥ १३६
श्रीकृष्णस्य भगवतः पूर्व्वं जन्माष्टमी तिथेः।
हठाद्गिनहयाद्रक्षोयाने घोरे निशाचणे ॥ १३७
अक्रूर सदृशः क्रूरो दुष्टानुचरवेष्टितः।
नित्यगोपालको राम दत्त मातृस्वसुः सुतः ॥ १३८
आगत्य श्रीनरेन्द्रादि प्रमुखान् प्रभुमन्दिरे।
स्थितान् सर्व्वान् समाहूयोवाचाति गर्व्वया गिरा ॥ १३९
अस्ति दिव्यास्थि यत्तावत् प्रभोः शय्योपरि ध्रुवं।
वाक्यव्ययमकृत्वेव सद्यसमर्पय सत्वरं ॥ १४०
कांकुडगाछि नामके ग्रामे योगोद्याने वयं।
जन्माष्टमी दिने पुण्ये करिष्यामः समाहितम् ॥ १४१

Narendra became anxious for ihe suitable land on the bank of the Ganges. But the audacity of one cf his fellow brothers stood ·in his way. Nitya Gopal, maternal brother of Ramdutta, forcibly entered the bed-room of

श्रुत्वैवं श्रीनरेन्द्रस्तु नित्यगोपाल मुक्तवान् ।
नित्यं भगवतो यस्य गङ्गायामेव संस्थितिः ॥ १४२
तस्य किमस्थि समाधिः शोभते यत्र तत्र च ।
नाहं सुसङ्गतं मन्ये भागीरथ्यास्तटाद् बहिः ॥ १४३
एवं सुयुक्तिपूर्णमस्तं वाक्यं श्रुत्वापि भिवहट्क ।
तर्कस्योपरितर्कोऽस्तीत्युक्त्वास्थि दम्भपूर्वकं ॥ १४४
नीत्वा गच्छद् योगोद्यानं गोपालो राम सन्निधौ ।
श्रीराम भ्रातुरिच्छेयं महोत्सव पुरःसरं ॥ १४५
प्रभोर्देहावशेषं तं पवित्रं परमं शुभं ।
अस्थि समाहितं कार्य्यं योगोद्याने सुनिश्चितं ॥ १४६
किन्त्वेकेन कार्य्यसिद्धि र्विना या सम्भवं सुधीः ।
गृहस्थाश्रमिनो भक्तानुरुध्य यथाविधि ॥ १४७
अर्थं दानार्थमत्यन्तं कार्य्यारम्भं चकार सः ।
किन्तु प्रभोः प्राणनिभः सुरेन्द्रनाथ सेवकः ॥ १४८

At this proposal Narendra protested saying, "I do not consider it advisable to place the holy remains at a place other than the bank of the Ganges where Thakur had spent his life." But Nityagopal was adamant and would not brook any argument. He forcibly took the holy thing and went to the garden at Kakurgachhi. It was the desire of Ram Dutta's brother that the holy remains would be duly founded in the garden

Thakur with some ruffians and commanded Narendra and others to hand over to him the last remains of Thakur, so that it would be duly placed in the garden at Kankurgachhi, on the auspicious day of Srikrishna Janmastami. 135 to 141

বঙ্গানুবাদ ঃ—

এইরূপ আগ্রহান্বিত হইয়া ঠাকুরের সর্ব্ব প্রধান শিষ্য মহাত্মা নরেন্দ্রনাথ সমাধি মন্দিরের উপযুক্ত ভূখণ্ড লাভের জন্য অত্যন্ত চিন্তিত হইয়াছিলেন। ১৩৫

কিন্তু মহাভাগ নরেন্দ্রের তদ্রূপ সদিচ্ছা সম্পাদনে ঠাকুরের অন্যতম শিষ্যের অহমিকাই এ বিষয়ে বিঘ্ন জন্মাইয়াছিলেন। ১৩৬

হঠাৎ শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্রের জন্মাষ্টমী তিথির দুই দিন পূর্ব্বে অত্যন্ত গভীর রাত্রে এই উদ্যান বাটিকায় একটি দুষ্ট অনুচর বর্গে বেষ্টিত হইয়া অক্রুর সদৃশ ক্রূর রাম দত্তের মাসতুত ভাই নিত্যগোপাল ঠাকুরের ঘরে প্রবেশ করিয়া সেই স্থানে অবস্থিত নরেন্দ্র প্রভৃতি সমস্ত শিষ্যবর্গকে আহ্বান পূর্ব্বক অত্যন্ত গর্ব্বিত বাক্যে বলিয়াছিলেন। ১৩৭।১৩৮।১৩৯

এই শয্যার উপরিভাগে প্রভুর যাহা দিব্যাস্থি আছে কোনরূপ বাক্যব্যয় না করিয়াই শীঘ্র আমাকে দাও। ১৪০

কাঁকুড়গাছি নামক গ্রামে যোগোদ্যানে পবিত্র জন্মাষ্টমী তিথিতে আমরা ঐ দিব্যাস্থি সমাহিত করিব। অর্থাৎ একটি মন্দির মধ্যে স্থাপিত করিব। ১৪১

with great revelry, pomp and festivity. It was, however, not possible for one individual to bear the entire expenditure. So all earning members of the disciples were requested to contribute their might. 142 to 148

বঙ্গানুবাদ :—

এইরূপ কথা শুনিয়া নরেন্দ্রনাথ নিত্যগোপালবাবুকে বলিয়াছিলেন। যে ভগবানের নিত্য গঙ্গা তীরে অবস্থিতি তাঁর অস্থি সমাধি কি যেখানে সেখানে শোভা পায়? ভাগীরথী তীরের বহির্ভাগে অস্থি সমাধি হোক ইহা আমি সমীচিন বলিয়া মনে করি না।

১৪২।১৪৩

এইরূপ নরেন্দ্রনাথের সুযুক্তি পূর্ণ বাক্য শ্রবণ করিয়া ও অন্যভাবাবলম্বী নিত্যগোপাল তর্কের পর আরও তর্ক আছে এই কথা বলিয়া সেই দিব্যাস্থি দম্ভ পূর্ব্বক তুলিয়া লইয়া যোগোদ্যানে রামদত্তের নিকটে গিয়াছিল। ১৪৪

রামদত্ত ভায়ার এইরূপ ইচ্ছা ছিল যে ঠাকুরের দেহাবশেষ পরম পবিত্র সর্ব্বমঙ্গলদায়ক দিব্যাস্থি সমাহিত কার্য্য মহামহোৎসবের সহিত সুসম্পন্ন করি। ১৪৫।১৪৬

কিন্তু একজনের চেষ্টায় বাহুল্য কার্য্য অসম্ভব বশতঃ ঠাকুরের গৃহী ভক্ত বর্গকে অর্থদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ উপরোধ করিয়া কার্য্য আরম্ভ করিয়াছিলেন। ১৪৭।১৪৮

শ্রীকাশ্যপূর্ব্বং নয়নঃ শ্রীগ্রন্থবাননি ধার্মিকঃ।
বয়মর্থান্ প্রভোরর্থে দাস্যামো বিপুলান্ ধ্রুব ॥ ১৪৯

किन्त्वत्र ये महाभागा भक्ता युवकसत्तमाः ।
बहुकालं भगवतः सेवायामति दारुणं ॥ १५०
चक्रुः स्वात्मार्पणं सर्व्वे निद्राहारविवर्जिताः ।
विशुद्धा भ्रातरस्ते वै सर्व्वे प्राणाधिका मम ॥ १५१
तैः सर्व्वैरत्र सङ्गत्य यथा भगवतो वयं ।
चरितामृतमालोच्य कर्त्तुं कालातिपातनं ॥ १५२
समर्थाः सम्भविष्यामस्तदनुष्ठान कर्म्मणि ।
आत्मपातं करिष्यामी यावज्जीवमितिस्पृहा ॥ १५३
सर्व्वाश्चर्य्यमयस्यास्य लीलाश्चर्य्यं मयी भवेत् ।
देहलीलावसानेऽपि प्रभोर्यदस्थि सञ्चितं ॥ १५४
तन्मया स्थापितं गेहे पूजाश्चास्य करोम्यहं ॥
लीलाविलास समये तदङ्गसौरभेन हि ॥ १५५
गृहं मदाङ्गनं सर्व्वं सुवासितमभूत्तदा ।
तथा तदङ्गसम्पर्कात् गन्ध चन्दन सौरभं ॥ १५६

But at this *proposal, Surendranath*, one *of* the most beloved disciples of Thakur, said sorrowfully *with tearful eyes,*"*I can surely contribute much for* the cause of Thakur's festival. But I desire to be *associated with those young disciples who spared* no pains to render their services to Thakur *during his life time. here in this garden to* perform this festival and also to pass our days by *holy discources about the life and teachings of*

Thakur. I wonder to see that the holy remains of Thakur causes sweet fragrance all over here just in the same way as it happened when he was staying here during his life time." 149 to 156.

বঙ্গানুবাদ :—

কিন্তু সেই স্থলে ঠাকুরের প্রাণতুল্য সুরেন্দ্রনাথ নামক শিষ্য অত্যন্ত দুঃখিত হইয়া শোকাশ্রু পূর্ণ নয়নে বলিয়াছিলেন আমার ঠাকুরের উৎসবের জন্য আমি বহুতর অর্থ দিতে পারি ইহা ধ্রুব নিশ্চিত।

কিন্তু এখানে যে সকল মহাভাগ বহু যুবক ভক্ত বহুকাল পর্য্যন্ত ভগবানের সেবায় সকলে আহার নিদ্রা পরিত্যাগ করিয়া অতি কঠোর ভাবে আত্ম সমর্পণ করিয়াছেন। সেই সকল যুবক ভ্রাতৃ বৃন্দ সকলেই আমার প্রাণাধিক প্রিয়। ১৫০।১৫১

তাঁহাদের সহিত মিলিত হইয়া ভগবানের এই চরম গৃহে উদ্যান বাটিকায় আমরা যাহাতে ভগবানের চরিতামৃত আলোচনা করিয়া আনন্দের সহিত দিন পাত করিতে সমর্থ হই তদ্রূপ অনুষ্ঠান কার্য্যেই আত্ম পাত পর্য্যন্ত যাবজ্জীবন যোগদান করি ইহাই আমার একান্ত বাসনা। ১৫২।১৫৩

সর্ব্বাশ্চর্য্যময় ঠাকুরের লীলাও সর্ব্বাশ্চর্য্যময়ী। ঠাকুরের দেহাবসান হইলেও আমি (সুরেন্দ্রনাথ) যাহা অস্থি সঞ্চয় করিয়াছিলাম ঠাকুরের সেই অস্থি অতি যত্ন পূর্ব্বক রক্ষা করিয়া প্রতিদিন পূজা করিতাম। ঠাকুরের জীবিতাবস্থায় আমাদের গৃহে আগমন কালে তাঁহার গাত্রের সৌগন্ধে আমাদের গৃহ গৃহাঙ্গন যেরূপ সদ্‌গন্ধ যুক্ত হইত সেইরূপ

अन्त्यलीलायां १०म अः

আজ তাঁহার দিব্যাস্থির অবস্থান বশতঃ পদ্মচম্পকাদি পুষ্পের সদ গন্ধের মত সদ গন্ধে সুবাসিত হইতেছে। ১৫৪।১৫৫।১৫৬

मदीयेऽपि गृहे चास्य विचित्रं भवति ध्रुवं ।
आयान्ति मद् गृहे येऽपि तदा तद्गन्ध मोहिताः ॥ १५७
पृच्छन्ति विस्मितास्ते मां कथमेतद्भवेदिति ।
श्रुत्वा तेषामिदं वाक्यमब्रुवं तोषहेतवे ॥ १५८
साक्षाद् युगावतारस्य किञ्चिदस्थिकणं मम ।
श्रीरामकृष्ण देवस्य मद् गेहे भाति पूजितं ॥ १५९
दिव्यगन्धेन तस्यैव गृहमापूरितं मम ।
भवद्भिरनुभूतस्तद् गन्धेन्द्रिय समाश्रयात् ॥ १६०
श्रृणुध्वं परमात्मीयाः किञ्चिदन्यद् वदाम्यहं ।
लीलां युगावतारस्य ह्यस्थि पात्रानुसारिणीं ॥ १६१
सन्ति शास्त्रगिरश्चैवमन्तः शुद्धि स्तपस्यया ।
बाह्य शुद्धिर्भवेदेव मृज्जलाभ्यां न संशयः ॥ १६२
बाह्य शुद्धि विहीनस्य देव विग्रह पूजने ।
नाधिकारो भवेत्तस्य ऋषिभि र्भाषितम्त्विदं ॥ १६३

"The sweet fragrance is also felt by those who come to see me in my residence. To satisfy their curiosity I tell them that this is due to the presence of the holy remains of Thakur in my residence. It is enjoined in the Sashtras that penance purifies our mind and on the other hand earth and water purify our body. Those whose body is not duly purified are not fit for holy services and worship." 157 to 163

বঙ্গানুবাদ ঃ—

যে সকল আত্মীয় স্বজন আমার ঘরে আসেন তাঁহারা পদ্ম চম্পক ও গোলাপাদি পুষ্পের মত সদ গন্ধে আমোদিত হইয়া। ১৫৭

আমাকে জিজ্ঞাসা করেন এরূপ সদ্ গন্ধ কোথা হতে আসে। তাহাদের কথা শুনিয়া মনস্তুষ্টির জন্য বলিতাম। ১৫৭।১৫৮

যুগাবতার সাক্ষাৎ ভগবান শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের কিঞ্চিৎ দিব্যাস্থি আমার গৃহে পূজিত হইয়া প্রকাশিত হইতেছে। তাঁহারই সদ গন্ধে আমার গৃহের চতুর্দ্দিকে সৌগন্ধে পরিপূর্ণ হইতেছে এবং আপনাদেরও নাসারন্ধ্রে প্রবিষ্ট হইয়া সদ্ গন্ধ অনুভূত হইতেছে।

১৫৯।১৬০

হে পরম আত্মীয় বৃন্দ। আপনারা মনোযোগ পূর্ব্বক শ্রবণ করুণ এই দিব্যাস্থি সম্বন্ধে ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অত্যাশ্চর্য্য কিঞ্চিৎ লীলা বলিতেছি। ১৬১

চিত্তশুদ্ধি তপস্যা দ্বারাই হইয়া থাকে এইরূপ শাস্ত্র বাক্য অনেক আছে। বাহ্য শুদ্ধি মৃত্তিকা ও জলের দ্বারা হয়। বাহ্য শুদ্ধি বিহীন ব্যক্তির দেব পূজায় অধিকার হয় না। ঋষিগণ এইরূপ বলিয়া থাকেন। ১৬২।১৬৩

> বেলুড়মঠ সংস্থানে স্বামীজী জ্ঞানবান্ যদা।
> অলিবুলেতি নাম্নৈকা মার্কিন দেশ কন্যকা ॥ ১৬৪
> রমণী লোকবিখ্যাতা রামকৃষ্ণানুরাগিনী।
> বিপুলার্থ প্রদানেন স্বামীজী পর্য্যতোষয়ৎ ॥ ১৬৫
> গঙ্গায়াঃ পশ্চিমভাগে তীরে বেলুড় সংস্থকে।
> বভূব যেন বিত্তেন শ্রীরামকৃষ্ণ মন্দিরং ॥ ১৬৬

अन्त्यलीलायां १०म अः

अत्युच्च गगनस्पर्शी सुन्दरः सुमहान मठः ।
तस्याः श्रीस्वामिजी प्रतिष्ठात्सत्य भावमुत्तमं १६७

इष्टानि सारदस्य मतिः सारदानन्द आदरात् ।
श्रीरामकृष्ण देवस्य भस्माया मस्तकोपरि ॥ १६८

प्रभोः पवित्रास्थि पात्रं स्पर्शयामास मुक्तिदं ।
येन तस्या वर्द्धितामूद् गुरोर्भक्तिर्गरीयसी ॥ १६९

पाश्चात्य नरनारीणां वोद्धा शौचं न विद्यते ।
भक्तिमत्यामपिह्या स्यान्नास्ति शौचं मनागपि ॥ १७०

"When Belur Math was founded by Swamiji, an American lady who was much attracted to the life and teachings of Sri Ramakrishna, made a gift of a huge amount of money to the great satisfaction of Swamiji. With this money, the temple at Belur Math with the image of Shri Ramakrishna has been built and founded on the west bank of the Ganges. Saradananda Maharaj made her touch the holy ashes of Thakur to achieve manifold increase of her devotion to Thakur. The people of Western countries do not mind purification of body. Though the American lady was very pious, she did not observe the rules of purification of body. 164 to 170

বঙ্গানুবাদ ,—

স্বামিজী যে সময় বেলুড়মঠ প্রতিষ্ঠা করেন সেই সময় রামকৃষ্ণানু-রাগিনী লোকবিখ্যাতা মার্কিনদেশ বাসিনী ওলিবুল নাম্নী রমণী বিপুল অর্থদানে স্বামিজীকে সন্তুষ্ট করিয়াছিলেন। ১৬৪।১৬৫

সেই অর্থেই বেলুড় নামক জনপদে গঙ্গার পশ্চিম তীরে ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অপূর্ব্ব মন্দির ও উত্তম বিগ্রহ প্রতিষ্ঠিত হইয়াছে।
১৬৬

স্বামিজীর প্রতি ওলিবুলের অত্যুত্তম অপত্য স্নেহ দেখিয়া অত্যন্ত সরল মতি সারদানন্দ মহারাজ ঠাকুরের পরম ভক্ত ওলিবুলের মস্তকোপরি সসম্ভ্রমে সমাদরপূর্ব্বক মুক্তিদায়ক পবিত্র অস্থিপাত্র স্পর্শ করাইয়াছিলেন। সারদানন্দ মহারাজের তখন এইরূপ মনে হইয়াছিল যে এই পাশ্চাত্য রমণীর যাহাতে গুরুভক্তি গুরুতরভাবে বর্দ্ধিত হয়।
১৬৭ ১৬৮।১৬৯

পাশ্চাত্য নরনারীদের বাহ্যশুচি বলিয়া কিছুই নাই। অতএব ওলিবুল অত্যন্ত ভক্তিমতী হইলেও ইহার বাহ্যশুদ্ধি বলিয়া অত্যল্পও নাই। ১৭০

यथास्ति भारतीयानां शुचित्वमत्यलौकिकं ।
अत स्वाम्यां निशायां श्रीठाकुरः स्वामिजीं प्रति ॥ १७१
स्वप्नादिष्टं चकारैवं माकुरु त्वं यदा तदा ।
यस्मै तस्मै न देयं मे विग्रहं स्पर्शनं क्वचित् ॥ १७२
तदवधि सत् पुतास्थिपात्रं परमं मङ्गलं ।
जपापूतैः प्रभोर्भक्तै रक्षितं वेदिकान्तरे ॥ १७३

अन्त्यलीलाया' १०म अः

नित्य मद्यापि तत् पात्रमुद्दिश्य वेदिकोपरि ।
तत् स्वरूप' मन्यमानै र्भक्तैः पूजित' भवेत् ॥ १७४
वहिराणीय तत् पात्र' पूजित' प्रतिवत्सर' ।
भवेत् सम्प्रोतये तस्य तज्जन्म तिथि वासरे ॥ १७५
यस्य दर्शनमात्रे ण जनाः सन्ति निरामयाः ।
संसारसागरोत्तीर्णा भक्ता नात्र संशयः ॥ १७६

इति श्रीरामेन्द्र सुन्दर विरचिते श्रीश्रीरामकृष्णभागवते पारमहंस्यां संहितायां भगवतः श्रीरामकृष्ण देवस्य स्वधाम प्रवेशः तदस्थि स्थापनादिरूपोऽन्त्यलीलायां दशमोऽध्यायः ॥ १०

"The Indians always purify their bodies and clothes before they start their holy services and worship. On that night Thakur himself appeared before Swamiji in his dream and said, "Do not commit such things over again, nor allow one and all to touch my holy remains." From that time onwards it is being carefully preserved inside an altar. The devotees place their offerings on the altar. The holy remains are placed outside only for a day in the year on the occasion of Birth anniversary of Thakur. The very sight of this holy thing removes all sins, worries and troubles and causes salvation. 171 to 175

Here ends the tenth chapter of Antyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sunder Bhaktitirtha. 10

বঙ্গানুবাদ ঃ—

ভারতবাসীদিগের যেরূপ অপূর্ব্ব বাহ্যশুদ্ধি দেখা যায় বা আছে তজ্জন্য ঠাকুর সেইদিন রাত্রিকালে স্বয়ং স্বামিজীকে স্বপ্নে আদেশ করিয়াছিলেন। ১৭১

এরূপ আচরণ যখন তখন করিও না। এবং আমার বিগ্রহ যাকে তাকে স্পর্শ করাইবে না। এই জন্য সেই সময় হতে পরম মঙ্গলময় পবিত্র অস্থিপাত্র ঠাকুরের আদেশানুসারে পবিত্র ভক্তবৃন্দ একটি বেদিকার অভ্যন্তরে রক্ষা করিতেছেন। ১৭২।১৭৩

অদ্যাবধি সেই অস্থিপাত্রটিকে ঠাকুরের স্বরূপ মনে করিয়া বেদিকার উপরিভাগে অস্থিপাত্রটির উদ্দেশ্যে ভক্তবৃন্দ নিত্য পূজা করেন। ১৭৪

ঠাকুরের বিশেষভাবে প্রীতির জন্য জন্ম তিথি দিবসে প্রতিবৎসর মাত্র একদিনের জন্য সেই অস্থিপাত্রটিকে বাহিরে আনিয়া পূজা করা হয়। ১৭৫

যে পাত্রটীর দর্শনমাত্রে নরনারীগণ সর্ব্ব সন্তাপ হইতে বিমুক্ত হন। এবং ঠাকুরের ভক্তবৃন্দ সকল অনায়াসে সংসার সমুদ্র উত্তীর্ণ হয়েন। এবিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। ১৭৬। ১০ অঃ মঃ।

ইতি শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের স্বধাম প্রবেশ এবং তাঁহার দিব্যাস্থি স্থাপনাদি অন্ত্যলীলার ১০ম অধ্যায় বলা হইল। অঃ ১০

অন্ত্যলীলায়া ১১শ অধ্যায়

দেব দানব গন্ধর্ব্ব দৈত্য নর রাক্ষসাঃ।
সর্ব্বে তপঃপ্রভাবেন কাম্যং বিন্দন্তি যস্য যৎ ॥ ১
তপসা সৃজতি ব্রহ্মা বিষ্ণুঃ পালন মন্নিধৃক্।
হরীহরতি নিত্যং হি তপ এব পরং বলং ॥ ২

तपोमयं तपोराशिं तपो मूर्त्तिं तपात्मकं ।
तपसैव सुतस्तेन विन्दन्ति परमं पदं ॥ ३
यशः सौख्यं धनं पुत्रं ज्ञानं विज्ञानमेव च ।
प्राप्नुवन्ति महात्मानो जनाः सर्व्वं तपस्यया ॥ ४
भगवानपि विश्वात्मा सर्व्वेषामपरेश्वरः ।
तपश्चरति नित्यं हि ब्रह्म रुद्रादि दैवतैः ॥ ५
स्व स्वाधिकार रक्षार्थं कुर्व्वन्ति तप उत्तमं ।
कृतादियुगपर्य्यायैऋषीनां पुण्य आश्रमः ॥ ६

Gods, men, demons, Gardharva and Rakshasas achieve their ends through penance. It is through penance that the Creator creates, Vishnu reigns and Hara destroys. So penance is the source of all power. Fame, fortune, friendship, progeny, knowledge, wisdom and even salvation can be acquired through penance. Gods perform penance to maintain their power. The hermitage of the ascetics was the seat of penance in the three Yugas prior to Kali Yuga. 1 to 6

বঙ্গানুবাদ :—

দেবতা মনুষ্য দৈত্য দানব গন্ধর্ব্ব ও রাক্ষস প্রভৃতি সকলেই তপস্যার প্রভাবে যাহার যে কামনা তাহা পায়। ১

সৃষ্টিকর্ত্তা তপস্যার প্রভাবেই সৃষ্টি করেন। বিষ্ণু তপস্যার প্রভাবে পালন করেন এবং রুদ্রদেবও তপস্যার প্রভাবে সংহার কর্ত্তা হন্। অতএব তপস্যাই পরম বল। ২

উত্তম তপস্যা দ্বারাই তপোময় তপোরাশি তপোমূর্ত্তি স্বরূপ হইয়া ভগবানের পরমপদ প্রত্যক্ষ করিতে সমর্থ হন। ৩

মহাপুরুষগণ তপস্যাদ্বারা যশ আনন্দ ধন পুত্র জ্ঞান বিজ্ঞান লাভ করিয়া থাকেন। ৪

সর্ব্ব কামনা পরিপূরণে সমর্থ জগৎ পিতা ভগবান ও নিত্য ব্রহ্ম রুদ্রাদির সহিত তপস্যা করেন। ৫

নিজ নিজ অধিকার রক্ষার জন্যও অন্যান্য দেবতাসকল তপস্যা করেন। সত্য ত্রেতা ও দ্বাপর যুগে জ্ঞান ও সংসারের পরপারে অবস্থিত ঋষিগণের আশ্রমই তপস্যা ও ব্রহ্মবিদ্যার পবিত্র স্থান ছিল। ৬

तपसो ब्रह्मविद्यायाः चैवमाभात् सुनिर्मलं ।
बौद्ध युगे सौगतानामालयो धर्म मन्दिरं ॥ ७
शङ्करस्य भगवतः ह्याविर्भावतः परं ।
धर्मस्थानं मठ इति ख्यातं ब्रह्मवादिभिः ॥ ८
ततोऽनार्य्य जातायानां राज्ञां शासनतः सुरैः ।
भयभीता. सदासर्व्वे शास्त्राचार सुरक्षणे ॥ ९
शैथिल्यभावमासास्ते प्राणपाति परिश्रमैः ।
धर्म्म संरक्षणार्थाय कैश्चिद् ब्राह्मणपण्डिताः ॥ १०
नवद्वीपे रामनाथ जगदीश गदाधराः
सर्व्वं वैषयिकं भावं त्यक्त्वा शास्त्रानुशीलिनः ॥ ११
चतुष्पाठीति संज्ञां ते प्रदाय वेदरक्षकाः ।
धर्मस्य विमलं स्थानं कृतवन्तस्तत्र पण्डितैः ॥ १२

In the era of Buddhism, the Buddhist institutions were the seat of penance. During the regim e

of Sankaracharya many such institutions called Matha were established. Thereafter, being afraid of non-Hindu rulers great thinkers and pandits like Ramanath, Jagadish and Gadadhar established such institutions called Chatuspathis in Navadwip to preserve Hindu religion and culture. 9 to 12

বঙ্গানুবাদ :—

বৌদ্ধযুগে সৌগতদিগের অর্থাৎ বৌদ্ধসন্ন্যাসিদিগের বাসস্থানই ধর্ম্ম মন্দির বা তপস্যার স্থান ছিল। ৭

ভগবান শঙ্করাচার্য্যের আবির্ভাবের পর তদবধি সন্ন্যাসি সকল মঠ বলিয়া ধর্ম্মস্থানের নামকরণ করেন। ৮

তৎপরে অনার্য্য জাতীয় রাজন্যবর্গের ভয়ে ভীত হইয়া সনাতন ধর্ম্মাবলম্বী বেদোক্ত ধর্ম্ম ও সদাচার রক্ষার্থে কয়েকটি শ্রেষ্ঠ ধার্ম্মিক ব্রাহ্মণ পণ্ডিত নবদ্বীপে রামনাথ জগদীশ গদাধর প্রভৃতি ধর্ম্মযাজকগণ বৈষয়িক ভাব বিস্মৃত হইয়া ধর্ম্মের ও শিক্ষার সর্ব্বোত্তম স্থান চতুষ্পাঠী নাম রাখিয়াছিলেন। ৯।১০,১১।১২

तत्र शिष्यावृताः सर्व्वे सर्व्वशास्त्रविशारदाः ।
सर्व्वेषां शान्तिलाभाय स्वधर्म्म पालनाय च ॥ १३
यावज्जीवं पण्डितास्ते शास्त्रचर्च्चा प्रसक्तः ।
भगवन्तं समाश्रित्य परां गतिं समाप्नुयुः ॥ १४
अतः श्रीभगवानाह्वयस्याचिनमाहवे ।
यः शास्त्रविधिमुत्सृज्य वर्त्तते काम कारत. ॥ १५

अन्त्यलीलायां ११श अः

न स सिद्धि मवाप्नोति न सुखं नपरां गतिं ।
तस्मात् शास्त्रं प्रमाणन्ते कार्य्याकार्य्यं व्यवस्थितौ ॥ १६
ज्ञात्वा शास्त्रविधानोक्तं कर्मकर्त्तुमिहार्हसि ।
शिक्षादानं भगवता न केवलं कृतं स्वयं ॥ १७
ब्रह्मनारायण रुद्राः सृष्टि स्थित्यन्तकारिणः ।
तत्तत् स्थान स्थिताः सर्व्वे तपश्चरन्तौकिकं ॥ १८

Great pandits devoted themselves to the study and teaching of Shastras for the peace and happiness of humanity. It was said by Lord Krishna to Arjuna in the battle-field, "One who disregards the instructions of the religious codes cannct attain peace and happiness. Everybody should, therefore, act according to the rules and regulations of Shastras" God not.only imparted teachings but also perform penance methodically. 10 to 18

বঙ্গানুবাদ :—

সেই সকল চতুষ্পাঠীতে সর্ব্বশাস্ত্রবিশারদ পণ্ডিতবর্গ সর্ব্বদা বহু ছাত্র অধ্যাপনা করাইয়া সাধারণের শান্তিলাভ ও সনাতন ধর্ম্ম রক্ষার জন্য ভগবদুদ্দেশ্যে যাবজ্জীবন শাস্ত্র চর্চ্চা প্রসঙ্গে উত্তম গতি লাভ করিয়াছেন। ১৩।১৪

এই জন্যই স্বয়ং ভগবান কৃষ্ণচন্দ্র যুদ্ধক্ষেত্রে অর্জ্জুনকে বলিয়াছিলেন যে ব্যক্তি শাস্ত্রবিধি উল্লঙ্ঘন পূর্ব্বক নিজের ইচ্ছামত ধর্ম্ম কর্ম্ম করে সেই ব্যক্তি সিদ্ধি লাভ সুখশান্তি এবং সদ্গতি লাভও করিতে পারে

না। অতএব সৎ অসৎ কার্য্য যাহা কিছু কর না কেন তাহা শাস্ত্র-সম্মতই করিবে। অতএব শাস্ত্রানুসারে কার্য্য কর। ১৫।১৬

ভগবান কেবলমাত্র শিক্ষাদানই করিয়াছেন তাহা নয় তিনি নিজে ব্রহ্মা ও রুদ্রাদির সহিত সকলেই নিজ নিজ অভিলষিত স্থানে অবস্থান পূর্ব্বক অলৌকিক তপস্যা করিয়াছিলেন। ১৭।১৮

योऽसौ श्रीभगवाननादि निधनः सर्व्वज्ञादिमयः
पूज्यात् पूज्यतमः सुरेशनिलयः सर्व्वार्थदः श्रीहरिः।
सर्व्वांस्तान्विमुखात्मनाम् करुणयादातुं सुभक्त्यन्वितान्
धृत्वा योगतनुं तपश्चरति वै बद्रीं श्रितात्मा चिरः। १९
तद्वद्वाह्य महाश्मशाने वसति कालेश्वरः शङ्करः
जप्त्वा श्रीहरिनाम सन्त समलत्वाभूत्तपस्या रतः।
श्रीदुर्गापि कुमारिकाख्य जलधेस्तीरस्थिताः शाम्भवं
कौमारीं तनुमाश्रिता व्रतवता तीव्रं तपोऽलौकिकं ॥ २०
एकदा ठाकुरेणोक्तं स्वच्छ पर्व्वत सन्निधौ।
लीलाक्षेत्रं भगवतो भविष्येव कदाचन ॥ २१
लीलामयः श्रीभगवान स्वभक्तैः सह सर्व्वदा।
करोति विविधां लीलां जगन्मङ्गल हेतवे ॥ २२

God who is the source of all power and knowledge is observing penance in the shape of Badri Narayana. So also Lord Sankara is chanting holy names in the great burning ghat of Manikarnica; and Goddess Sankari is performing austere penance at Cape Comorin. It was once

said by Thakur that God does not rest on a tree or a mountain but appears among his devotees to serve his own end. 19 to 22

বঙ্গানুবাদ :—

যাঁহার আদি অন্ত নাই এবং যিনি সর্ব্বেশ্বর জ্ঞানস্বরূপ একমাত্র আনন্দের আধার ধর্ম্ম অর্থ কাম ও মুক্তিদাতা পূজনীয় হইতেও অতি পূজনীয়তম এই ভগবানও বদ্রীনারায়ণরূপে বদরিকাশ্রমে যোগদেহ ধারণ পূর্ব্বক আজ পর্য্যন্তও তপস্যা করিতেছেন ১৯

সেইরূপ ভগবান দেবাদিদেব শঙ্করও মহাশ্মশানে মনিকর্ণিকায় হরিনাম মহামন্ত্র জপ করিয়া তপস্যারত আছেন। এবং আদ্যাশক্তি ভগবতী শঙ্করীও কুমারিকা নামে সমুদ্রের তীরবর্ত্তী স্থানে অবস্থান পূর্ব্বক কন্যাকুমারী মূর্ত্তি পরিগ্রহ পূর্ব্বক অতি কঠোর অলৌকিক শৈব ব্রত করিতেছেন। ২০

ঠাকুর এক সময় বলিয়াছিলেন বৃক্ষে বা পর্ব্বতে ভগবানের লীলা-ক্ষেত্র বলিয়া কিছুই নাই। লীলাময় ভগবান জগতের মঙ্গলের জন্য নিজ ভক্তবৃন্দের সহিত আবির্ভূত হইয়া নানাবিধ লীলা করেন।

২১।২২

रसस्वरूपी भगवान् लीला तस्य रसात्मिका ।
अत स्तद्रससम्भोगी भक्ता एवाधिकारिणः ॥ २३
भगवद्भावनायुक्ता स्तएव महिमान्विताः ।
माहात्म्यस्य भगवतः प्रचारे पटवः सदा ॥ २४
प्रायेन दृश्यतेचैव मानवाः सर्व्वएव हि ।
बर्हिर्विषय संलिप्तान पश्यन्त्यन्तरात्मनं ॥ २५

अन्त्यलीलायां ११श अः

यासुधाभ्यन्तरे भाति मानवानां विशेषतः ।
देहे व्यापत्तिकालेऽपि पातुं नेच्छन्ति तां जनाः ॥ २६
परन्तु न प्रष्टुमपि शक्नुवन्ति दुराशयाः ।
बोधार्थं भक्तवर्गानां पुनरन्यदिने प्रभुः ॥ २७
उद्दिश्य भगवल्लीलामब्रवीदनुकम्पया ।
यदा विरासीद्भगवाल्लीलार्थमवनौ तदा ॥ २८
तदैव देवतावर्ग्यास्तल्लीलास्वाद हेतवे ।
स्वं स्वं लोकं परित्यज्य तत्रैव मिलिताश्चिरं ॥ २९

The devotees can understand the ways of God and can feel and express the glory of God. Men see through their senses and are incapable of realising the unseen ways of mind and soul. Men who are addicted to earthly pleasure do not like to have a taste of the divine joy which is enshrined in the soul of every living being. Thakur once told his disciples that when God manifests Himself with a purpose, Brahma, Shiva, Indra and other gods come down from their respective abodes to associate themselves with God to add to their knowledge of the ways of God, 20 to 29

বঙ্গানুবাদ :—

ভগবান রসস্বরূপ তাঁর লীলাও রসময়ী অতএব শ্রীভগবানের লীলারসের আস্বাদনে ভক্তসকলেই অধিকারী। ২৩

अन्त्यलीलायां ११श अः

भगवद्भक्तसम्भूत आसीत्तत् प्रीति हेतवे ।
मह्यं बभूपवे गानं मातुः श्रावयतोच्छया ॥ ३४
पितास्य विश्वनाथाख्य दत्तवंश समुद्भवः ।
अनाड़म्बर दाता सौ पात्रापात्रं विचार्य्य न ॥ ३५
प्रार्थिभ्यो दत्तवानित्यं वित्तं यत् कष्ट सञ्चितं ।
यदि कश्चिज्जनोऽप्येवमपात्रमवलोक्य च ॥ ३६

Where God appears in human frame, His so-called friends and relations give up their earthly attachments and dedicate themselves to the will of God. Thakur also told that Narendra was no ordinary devotee. He was of divine origin. He was Narayan in human form. He would sing holy songs to me to please the Goddess. The father of Narendra was Biswanath Dutta who was a great philanthropist. He would give away his hard-earned money to the beggars and the needy. 30 to 36

বঙ্গানুবাদ :—

এবং যে স্থানে অবির্ভূত হন সেই সকল আত্মীয় বন্ধুবান্ধব নিজ নিজ নিজ গৃহ বিত্তাদি সমস্ত প্রিয় বস্তু পরিত্যাগপূর্বক ভগবানের সেবক হইয়া বা বিক্রীত দাসবৎ হইয়া একমাত্র ভগবানের পাদপদ্মকেই আশ্রয় করিয়া ধন্য হয়। ৩০

অন্ত্যলীলায়াং ১৭শ অঃ

অতএব এই শেষ যুগে শ্রীভগবান রামকৃষ্ণদেবের অন্যান্য অবতার তুল্য লীলা সহচর নরেন্দ্রাদি ভক্তবৃন্দ সকল ইহারা সকলেই দেবতা মানুষ নয় একথা ধ্রুব সত্য। ৩১

ভক্তবৎসল ভগবান আর একদিন বলিয়াছিলেন নরেন সাধারণ ভক্তের মত নয়। ৩২

নরনারায়ণ ঋষির যিনি নররূপি নারায়ণ মহামায়ার অনুগ্রহে সেই নররূপই নারায়ণই এই নরেন্দ্র ইহার ভগবদংশে জন্ম ভগবতীর প্রীতির নিমিত্ত এবং জগদম্বার ইচ্ছায় আমার সেবা এবং আমাকে মায়ের গান শোনাইতেছে। ৩৩।৩৪

এই নরেনের পিতা দত্তবংশোদ্ভব বিশ্বনাথ নামে বিখ্যাত ইনি পাত্রাপাত্র বিচার না করিয়া অহঙ্কারশূন্য দাতা ছিলেন। ৩৫

বহুতর কষ্টে যে সকল অর্থ সংগ্রহ করিতেন সেইসকল অর্থ প্রার্থনাকারী বা ভিক্ষুকদিগকে দান করিতেন। ৩৬

যদত্যর্থং কথং দত্তমপাত্রায় ধনং ত্বয়া।
তদা তদুত্তরং বাক্যমুক্তং তেন মহাত্মনা ॥ ৩৭
সমারোপ্যং দুঃখপূর্ণামিহৈতেন স্বথং যদি।
আনন্দং বিন্দতে প্রার্থী ন তত্র বিঘ্নমাচর ॥ ৩৮
ভুবনেশ্বরী মাতা স্য সাক্ষাত্‌ শ্রীভুবনেশ্বরী।
দেবদ্বিজ ভক্তিমতী ভগবদ্ধর্মধারিণী ॥ ৩৯
স্বয়ং নিজঃ পরো চেতি ন জানাতি মহীয়সী।
যস্য মাতুঃ পিতুশ্চৈব ঔদার্য্যং মনসো মহত্‌ ॥ ৪০
তৎ পুত্র যশসা ধন্যা ধরণী হি ভবিষ্যতি।
আবির্ভাব পূর্ব্বাভাসাহেনচিতমস্য মজ্জনঃ ॥ ৪১

नरेन्द्रलीलायां ११श अः

अनेकैरेव विख्यातः वाराणस्यां विराजितः ।
वीरेश्वरो महादेवो ह्यपुत्र पुत्रदायकः ॥ ४२
नावलोक्य पुत्र मुखं माता श्रीभुवनेश्वरी ।
आनीयाऽऽया किमादेशात् कलसशत संख्यकैः ॥ ४३

If anyone of his relatives would say, "Why do you give your money to a person who does not deserve it?" In reply he would say, "The world is full of miseries. If anybody feels happy for a moment with my money, you should not object to it." The mother of Narendranath was Bhubaneswari. She was very pious and unselfish. It is therefore, no wonder that Narendranath whose parents were so pious and generous would rise to the summit of fame tn this world. Before the birth of Narendra it was felt by many that his parents would have a great son born to them. There is the image of Bireswar Mahadev in Benaras. Men and women worship Bireswar Mahadev to have a child born to them. As Bhubaneswari had no son, she poured one hundred jars of Ganges water on Bireswar. 37 to 43

তখন সমুদ্রতীরে অবস্থিত লোকসকল নরেন্দ্রের সেইরূপ কার্য্য দেখিয়া অত্যন্ত ভীত হইলেও স্বাত্মভাবে অর্থাৎ ভগবৎ প্রেমে প্রেমবান নরেন্দ্রের চিত্ত চাঞ্চল্য বা গভীর সমুদ্রে নিমজ্জিত হইবার আশঙ্কাও হইয়াছিল না। ইহা অতীব আশ্চর্য্যের বিষয়। ১৪৩

মহাত্মা নরেন্দ্র তখন এইরূপ ভাবিয়াছিলেন যে আমার এই দুটি

বাহু দ্বারাই সমুদ্র পার হইয়া যাইব এইরূপ মনে করিয়া সাঁতার দিতে দিতে প্রায় সমুদ্রের মধ্যে প্রবালের (পলার) পর্ব্বত পরিদর্শন করিয়া ক্রমশঃ সেই পর্ব্বতের উপরিভাগে উপবেশন করিয়াছিলেন। ১৪৪

ये साधकाः सन्ति कुमारिकायां
वदन्ति चैवं जगदम्बिका या ।
शैवं तपस्याञ्च चकार देवी
कुमारिका मूर्त्ति परिग्रहेण ॥ १४५
योगासने योगयुतः स तत्र
द्वीपे प्रवालस्य घटीत्रयं हि
मन्ये कृपां प्राप्य गुरोस्तदानीं
तस्थौ महानन्दमना महात्मा । १४६
ज्ञात्वा तदा तस्य महा विपत्तिं
कैवर्तमुख्यः पुरुषं महान्तं ।
सहावधानं प्लव मध्यभागे
तं स्थापयित्वा तटमानिनाय । १४७

It was said by the hermits who resided there that Goddess Durga in the shape of that rock was performing penance to have Shiva as her consort. Narendra stayed there in his divine mood for three hours in great joy and felt himself blessed by his preceptor. The fishermen considered that the life of Narendra was in danger

and so they hastened to rescue him. He was brought back to the shore in a boat, 145 to 147

বঙ্গানুবাদ :—

সেই কুমারিকা ক্ষেত্রে যে সকল সিদ্ধ সাধকগণ বিদ্যমান আছেন। তাঁহারা বলেন যে মা দুর্গা এই সমুদ্র মধ্যে প্রবাল গিরিতে কুমারী মূর্তি ধারণ পূর্ব্বক শৈব ব্রতের অর্থাৎ পতিরূপে শিবকে পাইবার জন্য ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন। ১৪৫

তৎপরে সেই নরেন্দ্র প্রবালের স্থানে প্রায় ৩ ঘণ্টা সময় পর্য্যন্ত যোগাসনে যোগযুক্ত হইয়াছিলেন। বোধ হয় সেই সময়ে শ্রীগুরু ঠাকুরের কৃপা পাইয়া অত্যন্ত আনন্দের সহিত অবস্থান করিয়াছিলেন। ১৪৬

সেই সময়ে প্রধান নৌকাচালক বা সর্দ্দার মাঝী নরেন্দ্রের ভয়ঙ্কর বিপদ মনে করিয়া সেই মহাপুরুষ নরেন্দ্রকে খুব সাবধানের সহিত নৌকার মধ্যদেশে বসাইয়া ধীরে ধীরে তীরে আনয়ন করিয়াছিলেন। ১৪৭

इति श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थ विरचिते श्रीश्रीरामकृष्ण भागवते पारमहंस्यां संहितायां नरावतार श्रीनरेन्द्रस्याविर्भाव समये स्वर्ग पतित ज्योतिषैवास्य सम्भव इति ठाकुर सिद्धान्तः। पावहारी बाबा नामक साधुरपि भगवदवतारोऽयमिति निर्द्धारितवान्। गभर्णमेण्ट शिक्षा विभागीय सर्व्वोच्च पद भूषित श्रीभूदेव मुखोपाध्याय देवशर्म्मणा पण्डित वर्य्येन काशीक्षेत्रे नरेन्द्राय भारतरत्न इत्युपाधिः प्रदत्तः। केशव सेनादि समागमः। हृषीकेश क्षेत्रे निर्विकल्प समाधिः पदव्रजेन भारतवर्षं पर्य्यटनं। वैवस्वतदिशि युग्म प्रेतोद्धारणं। कुमारिका क्षेत्रे समुद्र मध्ये तपश्चरणं। पुनस्तीरप्रापितरूपोऽन्त्यलीलाया द्वादशोऽध्यायः। अः १२ पः ३

अन्त्यलीलायां १२श अः

Here ends the twelveth chapter of Antyalila of Sri Sri Ramakrishna Bhagabatam written by Ramendra Sunder Bhaktitirtha. ॥ ১২ অঃ অন্ত্যঃ ॥

বঙ্গানুবাদ :—

শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে নরাবতার নরেন্দ্রের জন্ম সময়ে স্বর্গ হতে পতিত জ্যোতি দ্বারাই নরেন্দ্রের আবির্ভাব হইয়াছিল এই বিষয়টি ঠাকুর নিজে প্রত্যক্ষ করিয়াছিলেন। পাওহারী বাবা নরেন্দ্রকে ভগবদবতার বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। কাশীক্ষেত্রে গভর্ণমেণ্ট উচ্চ শিক্ষা বিভাগীয় অধ্যাপক ভূদেব মুখোপাধ্যায় মহাশয় নরেন্দ্রনাথের অলৌকিক শক্তি দেখিয়া "ভারতরত্ন" উপাধিপত্র প্রদান করেন। ব্রহ্মসমাজের আচার্য্য কেশব সেন মহাশয় নরেনের গুণে মুগ্ধ হইয়া বহুতর প্রশংসা করেন। হৃষীকেশ তীর্থে নির্ব্বিকল্প সমাধি হয়। সমগ্র ভারতবর্ষ পদব্রজে ভ্রমণ করেন। সেই সময় দাক্ষিণাত্যে দুইটি প্রেতকে উদ্ধার করেন বা প্রেত দুইটি আনন্দে স্বর্গ গমন করেন। কন্যাকুমারী তীর্থে সমুদ্র মধ্যে প্রবাল পর্ব্বতের উপরিভাগে তপস্যা আচরণাদি এই অন্ত্যলীলায় দ্বাদশ অধ্যায়ে বলা হইল। অঃ ১২॥

ग्रन्थान्ते ग्रन्थप्रतिपाद्य देवतायाः स्तुत्यध्यायः

स्वर्गद्वार कपाटपाटनपटौ वर्षे यदा भारते
नाना तर्क कुतर्क युक्ति बहुले पाश्चात्य भावान्विते ।
भक्तिज्ञान विहीन नास्तिक नय ग्रस्ते समये जने
कालेऽस्मिन् कठिने भयङ्कर दिने प्रायेन लुप्ते तपे ॥ १

स्तुत्यध्यायः

घार्य्यैः पूजित पुण्य वेदविहिते धर्म्मे गते ध्वंसनं
धर्म्मग्लानि विमोचनाय भगवान् श्रीरामकृष्णः स्वयं ।
नाना वैदिक तान्त्रिकादि वित् कर्म्मार्गं सुसिद्धिं गतो
जातो ब्रह्मकुले सनातन वपुर्न्नाम्ना देवो हरिः ॥ २

यत् कीर्त्तनं यत् स्मरणं यदीक्षणं यद्वन्दनं यच्छ्रवणं यदर्हणं ।
लोकस्य सद्यो विधुनोति कल्मषं तस्मै वरेण्याय नमोनमः सदा ॥ ३

It was in the dreadful era when the people of India, who had the power to open the gateway to the Heaven, were, indulging in perverted reasonings under the influence of western civilisation and culture and being wildly initiated with the subversive logic of the atheists who were void of devotion and wisdom, and when the traditional religious rites based on the holy Vedas were fast losing ground that Lord Ramakrishna manifested Himself to revive the glory of religion through the Vedic and Tantric rites and was born in the bramhin family. I bow down with all devotion and obeisance to him by singing whose holy names, by recalling whom in our mind, by beholding whom with our eyes, by worshipping whcm, by listening to whose

sayings and by paying homage to whom we become purged of our sins instantly. 1 to 3

বঙ্গানুবাদ :—

গ্রন্থ শেষে গ্রন্থের প্রতিপাদ্য দেবতা ভগবান শ্রীরামকৃষ্ণ দেবের স্তুতিবিষয় কিছু বলা হইতেছে।

আনন্দময় ধামের রুদ্ধদ্বারোদ্ঘাটনে সম্পূর্ণ সমর্থ এই ভারতবর্ষে যে সময়ে সকল লোক বহুতর কুতর্ক যুক্তি বাহুল্যে পাশ্চাত্য ভাবে বিভাবিত জ্ঞান ভক্তি শূন্য নাস্তিক বুদ্ধিতে মোহিত এইরূপ অতি ভয়ঙ্কর কঠিন সময়ে বিশুদ্ধ ধর্ম্ম প্রায় নষ্ট হইলে। ১

সনাতন ধর্ম্মযাজকগণের অনুষ্ঠিত বৈদিক কার্য্য একপ্রকার ধ্বংসোন্মুখ হইলে সেই সকল দুষ্ট ধর্মভাব দূরীকরণের জন্য স্বয়ং ভগবান শ্রীরামকৃষ্ণদেব বহুবিধ বৈদিক ও তান্ত্রিকাদি হিতকারী সাধনমার্গে সুসিদ্ধি প্রাপ্ত সচ্চিদানন্দময় দেহধারী সাক্ষাৎ ব্রহ্মণ্যদেব ভগবান ব্রহ্মবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। ২

ভগবানের নাম কীর্ত্তন যাঁহার স্বরূপের চিন্তন যাঁহার দর্শন যাঁহার বন্দন শ্রবণ ও পূজা সমগ্র নরনারীর তৎক্ষণাৎ সর্ব্ব পাপ দূরীভূত করে সেই পুরুষোত্তম ভগবান শ্রীরামকৃষ্ণদেবকে সর্ব্বদা নমস্কার করি। ৩

যদি নিত্য সুখে বাঞ্ছা যদি বাঞ্ছা ভবক্ষয়ে।
শ্রীরামকৃষ্ণ নামৈব বদ তর্হি সমন্বিতঃ ॥ ৪
সম্পৎসু স্বজনাঃসর্ব্বে বিপৎসু বিমুখাঃ সদা।
সম্পদাপৎসু মিত্রং স্যা দ্রামকৃষ্ণঃ সুনিশ্চিতম্ ॥ ৫
দারাপত্য সুহৃৎ মাতা দেহ গেহ সমন্বিতম্।
সর্ব্বং বিনাশি সত্যো হি রামকৃষ্ণো ন বা পরঃ ॥ ৬

स्तुत्यध्यायः

योगयाग तपः श्राद्ध स्नानदानादि कर्म्मणां ।
सर्व्वेषां फलमाप्नोति रामकृष्णेति भाषणात् ॥ ७
न पण्डितः पण्डितोऽपि मानवोऽपि न मानवः ।
रसनायां न यस्यास्ति रामकृष्णेति नामकम् ॥ ८
प्राणान्ते नानुगच्छन्ति सर्व्वे धनजनादयः ।
जीवने मरणे सङ्गो रामकृष्णो भवेद्ध्रुवम् ॥ ९

If you like to be blessed with eternal happiness, or have a desire to get yourselves free from all worldly ties, you should chant the holy name of Sri Ramakrishna with devotion. All present themselves as your friends in the days of your prosperity but they keep themselves aloof from you in the days of adversity. Sri Ramakirshna, however, is sure to remain as your friend for all times. Your wife, children, friends, dwelling house and even your life in your mortal frame are all transitory and evanescent. Nothing but Shri Ramakrishna is eternal. Only by uttering the name of Shri Ramakrishna we can have all the divine merits which are aquired through penance, sacrifice, ceremonial rites; holy bath and religious gifts. The scholar is not a scholar, the man is a not man if they do not chant the holy

স্তুত্যধ্যায়ঃ

name of Shri Ramakrishna. All our wealth and *relatives do not follow us after our* death. On the other hand Ramakrishna keep company with *us both in this life and in the life after* death. 4 to 9

বঙ্গানুবাদ ঃ—

ওহে ভাই যদি সর্বদা সুখে থাকিতে ইচ্ছা কর অথবা যদি সংসার দুঃখ দূরীভূত করিতে চাও তবে তুমি ভক্তিপূর্বক রামকৃষ্ণ নাম কর। ৪

দেখ তোমার যখন সুখের সময় হয় তখন বহু আত্মীয় স্বজন তোমার নিকটে আসে আর যখন বিপদের সময় হয় তখন কেহ আসে না কিন্তু সম্পদে এবং বিপদে সর্বদা পরম বন্ধু একমাত্র ভগবান শ্রীরামকৃষ্ণ দেবই ইহা ধ্রুব নিশ্চিত। ৫

পত্নী পুত্র বন্ধুবান্ধব দেহ গেহ এমনকি প্রাণ পর্য্যন্ত সমস্তই বিনাশ প্রাপ্ত হইবে কিন্তু একমাত্র শ্রীরামকৃষ্ণ দেবই সত্য বা তোমার যথার্থ অবলম্বন আর অন্য কেহই নয়। ৬

যোগ যাগ তপস্যা শ্রাদ্ধ তীর্থস্নান বা দানাদি সর্ব্ব কার্য্যের ফল একমাত্র রামকৃষ্ণ নাম উচ্চারণে। ৭

সে মনুষ্য মনুষ্য নয় সে পণ্ডিত পণ্ডিত নয় যাঁহার জিহ্বা রামকৃষ্ণ নাম উচ্চারণ না করে। মৃত্যুর পর তোমার ধন বা পুত্র পৌত্রাদি কেহই সঙ্গে যাইবে না কিন্তু যদি ভগবান রামকৃষ্ণকে স্মরণ কর তবে তিনি জীবনেও তোমার সঙ্গী এবং মৃত্যুর পরও সঙ্গী হইবেন অর্থাৎ জীবিতাবস্থায় সর্ব্বদা আনন্দে থাকিবে এবং মৃত্যুর পরও তিনি তোমার সঙ্গী হইয়া দেব লোকে স্থান দিবেন ইহা ধ্রুব নিশ্চিত। ৯

स्तुत्यध्यायः

क्षुधार्त्ते परमान्नं हि तृष्णार्त्ते शीतलं जलम् ।
सन्तप्ते कोमलो वायू रामकृष्णेति नामकम् ॥ १२
निःश्वासे नहि विश्वासः कदारुद्धो भविष्यति ।
कीर्त्तनीय मतो बाल्यात् श्रीरामकृष्ण कीर्त्तनम् ॥ ११
नास्ति नास्ति कलौ नास्ति रामकृष्ण विना गतिः ।
तस्माद् यत्नेन जप्तव्यं रामकृष्णेति नामकं ॥ १२
श्रीरामकृष्णाख्यमिदं पुराणं भक्त्या पठेद् यो भवबन्धमुक्त्यै ।
वैराग्य विज्ञान समन्वितो हि स्यान्ते व्रजेद्भागवतं पदन्तत् ॥१३
ब्राह्मणः क्षत्रियो वैश्यः शूद्रश्चापि पठेद् यदि ।
सौभाग्यारोग्य सम्पत्ति धनधान्य सुतान्वितः ॥ १४
सर्व्वकाम समृद्धो हि जिवितमैहिकं सुखं ।
प्राप्य निर्व्वाण मुक्तिञ्च यात्यन्ते परमं पदम् ॥ १५

The name of Shri Ramakrisna is as sweet and refreshing as rice cooked with sugar and milk to a hungry person, cold water to the thirsty, or soft breeze to a man scorched by the hot rays of the sun. As we cannot continue to live as long as we like and we may fail to breathe at any moment, we should sing the holy name of Shri Ramakrishna from our childhood. In this terrible Kali Yuga none but Ramakrishna can save us. So we should chant the holy name of Shri Ramakrishna with all our devotion. He who reads this holy book on the life of Shri Ramakrishna with devotion to attain salvation, not only

gains divine wisdom but also attains eternal bliss after death. If a Brahmin, a Khsatriya, a Vaisya or even a Sudra reads this holy book, he becomes happy and prosperous in all respects and enjoys health, wealth and all earthly pleasures in this life and the grace of God after death.

10 to 15

বঙ্গানুবাদ :—

তবে ক্ষুধার্ত ব্যক্তির উত্তমান্ন ভোজনের মত তৃপ্তি হয় যদি রামকৃষ্ণ নাম করে তৃষ্ণার্ত ব্যক্তির শীতল জল পানের তৃপ্তি হয়। প্রখর সূর্য্য কিরণে উত্তপ্ত ব্যক্তির কোমল বায়ু সেবনের মত অনুভব। ১০

আমাদের নিঃশ্বাস কখন যে বন্ধ হইবে তাহা আমরা কেহই জানি না অতএব বাল্যাবস্থা হইতেই ভগবান শ্রীরামকৃষ্ণের নাম কীর্তন করা একান্ত কর্তব্য। ১১

এই ঘোর কলিযুগে জীবসকলের রামকৃষ্ণের নাম ভিন্ন অন্য সদ্‌গতির উপায় আর কিছুই নাই। অতএব যত্নপূর্বক রামকৃষ্ণ নাম জপ করা কর্তব্য। ১২

এই শ্রীরামকৃষ্ণভাগবত নামক গ্রন্থটি যে ব্যক্তি সংসার বন্ধনের মুক্তির জন্য পাঠ করেন ইহলোকে ভগবৎ স্বরূপের জ্ঞানলাভ এবং এবং বৈরাগ্য বিশিষ্ট হইয়া জীবনান্তে ভাগবতদেহ প্রাপ্ত হন। ১২

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য অথবা শূদ্র যদি কেহ এই রামকৃষ্ণ ভাগবত পাঠ করেন তবে তিনি ধন ধান্য সৌভাগ্য আরোগ্য ও পুত্র পৌত্রাদি বিশিষ্ট এবং সর্বপ্রকার কামনা পূর্ণ হইয়া ঐহিক সুখ প্রাপ্ত হন এবং নির্ব্বাণ মুক্তির অধিকারী হইয়া প্রাণান্তে পরম পদ লাভ করেন।

১৪।১৫

স্তুত্যধ্যায়:

krishna, the beloved husband of Sarada, once and again. 16 to 21

বঙ্গানুবাদ ঃ—

আমি ভগবান শ্রীরামকৃষ্ণদেবের সাক্ষাৎ পদধূলির প্রভাবে এই শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবত নামক মহাকাব্যটি লিখিয়া তাঁহার পাদপদ্মে সমর্পণ করিতে সমর্থ হইয়াছি। তিনি আমাকে তাঁহার লীলা সংস্কৃত ভাষায় লিখিবার জন্য যাহা আদেশ করিয়াছিলেন আজ আমি সেই আদেশ প্রতিপালনে ধন্য হইয়া তাঁহার পাদপদ্মে কোটি কোটি নমস্কার করিয়া এবং তাঁহার সেবকবৃন্দ ও সেবক গণের সেবক মহারাজ সকলকে পুনঃপুনর্ব্বার নমস্কার করিতেছি। ১৬।১৭

এবং আমি অসংখ্য বার যে যে যোনিতে গমন করিব বা জন্মাইব সেই সেই দেহে যেন আমার শ্রীরামকৃষ্ণের পদারবিন্দে ভক্তি থাকে। ১৮

যে ভগবান শ্রীরামকৃষ্ণদেবের স্মরণ জীবসকলের অজ্ঞানান্ধকার দূরীভূত করে এই কথাটি বেদ পুরাণাদিতে প্রসিদ্ধ। সেই ভগবান সচ্চিদানন্দ স্বরূপ পুরুষোত্তমের রূপের বর্ণনা করিয়া অন্যায় করিয়াছি অতএব ভগবান শ্রীরামকৃষ্ণদেব এবিষয়ে আমাকে কৃপাপূর্ব্বক ক্ষমা করুন। ১৯।২০

জগন্মাতা সারদা পতি শ্রীরামকৃষ্ণদেবকে নমস্কার করি পুনঃপুনর্বার নমস্কার করি তৎপরেও নমস্কার করি। ২১

হরি ওঁ তৎ সৎ

<u>परिशिष्टाध्यायः</u>

एवं श्वेताङ्ग प्रदेशे विषाददैन्याभ्यां विह्वलिते नरेन्द्रे प्रभुर्भक्त-वत्सलो भगवां स्तत्काले तदन्तरे दर्शनं दत्वा प्रोवाच ।

प्रदर्श्य स्व स्वरूपं श्रीनरेन्द्राय महात्मने
प्रोवाच, भगवान् साधाहैन्यं हि फलसाधनं ॥ १
दैन्येन पीड़ितो यो हि विषादं नाधिगच्छति ।
स एव सत्फलं लब्धा शान्तिमेष्यति निश्चितम् ॥ २
नानोपचारै र्भक्तै रंचितोऽपि मया धुना ।
त्वदर्थं त्रिदिनं यावदुपवासः स्तो भ्रुवं ॥ ३
भक्ष्य भोज्य लेह्य पेय वस्त्राणि विविधान्यपि ।
द्रव्यं बहुविधं वत्स प्राप्स्यस्य र्थं वनिश्चितं ॥ ४
मत् प्रसादाच्च वै सर्व्वान् पाश्चात्य पण्डितानपि ।
मत् कथामृत संवातैर्जित्वा ख्याति मवाप्स्यसि ॥ ५
स्व स्वरूप नरेन्द्राय भगवान् भक्त भक्तिमान् ।
चाश्वास्य निर्म्मलं ज्ञानं प्रदायान्तर्हितोऽभवत् ॥ ६

Probably at the behest of Thakur given to Narendra during his penance on the coral rock in the sea and also at the presistent request of the kings of south India to join the Congress of Religion to be held at Chicago in America with their financial assistance for the journey. Narendra went to Chicago.

When Narendra found himself in a very

miserable and helpless condition in America, Lord Ramakrishna appeared in his mind's eye and said, "He who is not overcome with dejection even in his destitute condition deserves all success and happiness. I have been fasting for last three days even though I have been offered many palatable things by my devotees. Be assured that you will have to-day itself all palatable things to eat and clothes with other requisites. By my grace and by dint of my divine message you will win over the scholars of the Western countries and become famous all over the world." Thus Lord Ramakrishna comforted Narendra with his advice and disappeared. 1 to 6.

परिशिष्टाध्यायः

সিদ্ধির চেষ্টা করে সেই কার্য্যসিদ্ধি লাভ করিয়া শান্তি পায়, সুখ পায় ইহা ধ্রুব সত্য। ১।২

দেখ আমার বহুতর সেবকবৃন্দ বহুপ্রকার দ্রব্যাদি নিবেদন করিলেও সে সকলের কণামাত্র গ্রহণ না করিয়া তোমার কষ্টের লাঘবের জন্য আমি তিনদিন উপবাসে আছি। ৩

তুমি আমার আশীর্ব্বাদে ভূরি ভূরি চর্ব্ব্যচোষ্য লেহ্য পেয় খাদ্যদ্রব্য এবং তোমার গাত্রাবরণাদি বহুবিধ দ্রব্য আজ এখনই পাইবে। ৪

এবং আমার অনুগ্রহে আমার উপদেশামৃতের দ্বারা পাশ্চাত্য পণ্ডিতবর্গকে পরাজয় করিয়া সমগ্র পৃথিবীতে সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্মযাজক বলিয়া পরিগণিত হইবে। ৫

ভক্তবৎসল ভগবান শ্রীশ্রীরামকৃষ্ণদেব তাঁহার নিজেরই অন্যতম মূর্ত্তি নরেন্দ্রকে আশ্বস্ত বাক্যে নির্দ্দেশ জ্ঞান দিয়া অন্তর্হিত হইয়াছিলেন। ৬

ततः साश्रुनयनः श्रीनरेन्द्रो गुरुकृपानाभेनापारानन्दसमुद्र-
निमग्नो यदा तिष्ठति तस्मिन्नेव समये नातिक वयाः काप्येका
स्त्री नाङ्गिनी समालोक्य भ्राजमानं नरोत्तमं ।
तमसा चिन्तयामास तेजसा तस्य मोहिता ॥ ७
अहो रूपमहो सत्वमहो धैर्यमहो द्युतिः ।
साक्षादीशस्य वपुषि विद्यते चिह्नमीश्वरम् ॥ ८
दृष्टामिती जनस्तस्य प्रभावं पद्म लोचना ।
चिन्तां बहुविधामित्थं कृत्वा सा विदुषी तदा ॥ ९
तस्य समीपमागत्य स्पष्टश्चकार यत्नतः ।
को भवानिह संप्राप्तः किमर्थं निःस्पृहम् स्थितः ॥ १०

परिशिष्टाध्यायः

श्रुत्वा तस्याः प्रश्नयात्तां मनोज्ञां वाचं स्मृत्वा श्रीगुरोश्चापि साधुः ।
चन्द्रोदयवत्पूर्णरूपः प्रदीप्तस्तद्दीप्तः श्रीनरेन्द्रो बभाषे ॥ ११
उवाच तां हे भगिनि त्वयाद्य धन्योऽस्मि नात्रास्ति सुहृज्जनो मे ।
आराध्य देवस्यगुरोः प्रसादादिहागतोऽहं ह्यजनाभवर्षात् ॥ १२
श्रुतं मयात्र सभासदस्ते चक्षुः सभां यत्र समग्र विप्रात् ।
धर्मप्रवक्तं खलु धर्मविप्राः समागतां धर्मपरीक्षणाय ॥ १३

Narendra became much delighted to have been so visited and advised by his preceptor and shed tears of joy. Just at that time a middle-aged American lady caught sight of Narendra and became charmed with his divine appearance. She mused in herself that the body of this holy man was wonderfully glowing with divine lustre, power and all signs of of godliness. With many such thoughts in her mind that lotus-eyed learned lady came near to him and asked him very politely, "Where do you come from and how is it that you appear to be so destitute ?" On hearing these words of the lady and remembering the prediction of his preceptor, Narendra's face glowed with the brilliance of the full moon and said, "My sister, I thank you for your kind words. I am quite a stranger

here. By the grace of my preceptor I have come here from India. I am told that the great leaders of the different religions of the world will meet here in the Congress of Religions to plead for the highest honour for their own religion."

9 to 13

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে নরেন্দ্র গুরু কৃপালাভে অশ্রুজলে বক্ষঃ ভাসাইয়া আনন্দসাগরে নিমজ্জিত হইয়া আছেন এমত সময়ে কোন একটি তদ্দেশবাসিনী প্রৌঢ়া রমণী সেই তেজঃপুঞ্জ কলেবর নরোত্তম নরেন্দ্রকে দর্শন করিয়া আশ্চর্য্যান্বিতা হইয়া এইরূপ মনে করিয়াছিলেন। ৭

এই সাধুর বিগ্রহ বল শক্তি ধৈর্য্য ও দেহকান্তি অত্যাশ্চর্য্যময়। এবং এই সাধুর দেহে ঈশ্বরের শক্তি পরিস্ফুট হইয়াছে। ৮

এইরূপভাবে সাধুর অসাধারণ তেজঃপুঞ্জ ও আকার প্রাকারের ভাব দেখিয়া সেই পদ্মপলাশলোচনা বিদুষী রমণী সেই স্থানে দণ্ডায়মান হইয়া নানাপ্রকার চিন্তা করিয়া সাধুর সমীপে ধীরে ধীরে গমন পূর্ব্বক অতি বিনীতভাবে জিজ্ঞাসা করিয়াছিলেন। আপনি কে? কোথা হতে এই স্থানে আসিয়াছেন। এবং কি জন্যই বা কপর্দ্দক-শূন্যের মত অবস্থান করিতেছেন। ৯।১০

তখন নরেন্দ্র চোকের জল মুছিয়া সেই শ্বেতাঙ্গিনীর মনোরম বাক্য শ্রবণ করিয়া ভগবান শ্রীগুরুর বাক্য স্মরণ করিয়া গগনে চন্দ্রদেব যেমত ষোড়শকলায় পরিপূর্ণ হইয়া অত্যুজ্জল স্নিগ্ধ কিরণযুক্ত হয়েন সেইমত শ্রীনরেন্দ্র সেইসময়ে পূর্ণানন্দে নিমগ্ন হইয়া সেই রমণীকে বলিয়াছিলেন হে ভগিনী আজ আমি তোমার দর্শনলাভে ধন্য

परिशिष्टाध्यायः

श्रुत्वा तस्याः प्रश्रयात्तां मनोज्ञां वाचं स्मृत्वा श्रीगुरोश्चापि साधुः।
चन्द्रोयद्वत्पूर्णरूपः प्रदीप्तस्तद्वद्दीप्तः श्रीनरेन्द्रो बभाषे॥ ११
उवाच तां हे भगिनि त्वयाद्य धन्योऽस्मि नात्रास्ति सुहृज्जनो मे।
आराध्य देवस्य गुरोः प्रसादादिहागतोऽहं ह्यजनाभवर्षात्॥ १२
श्रुतं मयात्राद्य सभासदस्ते चक्रुः सभां यत्र समग्र विश्वात्।
धर्मप्रवक्ता खलु धर्मविज्ञाः समागता धर्मपरीक्षणाय॥ १३

Narendra became much delighted to have been so visited and advised by his preceptor and shed tears of joy. Just at that time a middle-aged American lady caught sight of Narendra and became charmed with his divine appearance. She mused in herself that the body of this holy man was wonderfully glowing with divine lustre, power and all signs of of godliness. With many such thoughts in her mind that lotus-eyed learned lady came near to him and asked him very politely, "Where do you come from and how is it that you appear to be so destitute ?" On hearing these words of the lady and remembering the prediction of his preceptor, Narendra's face glowed with the brilliance of the full moon and said, "My sister, I thank you for your kind words. I am quite a stranger

here. By the grace of my preceptor I have come here from India. I am told that the great leaders of the different religions of the world will meet here in the Congress of Religions to plead for the highest honour for their own religion."

9 to 13

বঙ্গানুবাদ :—

এইরূপভাবে নরেন্দ্র গুরু কৃপালাভে অশ্রুজলে বক্ষঃ ভাসাইয়া আনন্দসাগরে নিমজ্জিত হইয়া আছেন এমত সময়ে কোন একটি স্বদেশবাসিনী প্রৌঢ়া রমণী সেই তেজঃপুঞ্জ কলেবর নরোত্তম নরেন্দ্রকে দর্শন করিয়া আশ্চর্য্যান্বিতা হইয়া এইরূপ মনে করিয়াছিলেন। ৭

এই সাধুর বিগ্রহ বল শক্তি ধৈর্য্য ও দেহকান্তি অত্যাশ্চর্য্যময়। এবং এই সাধুর দেহে ঈশ্বরের শক্তি পরিস্ফুট হইয়াছে। ৮

এইরূপভাবে সাধুর অসাধারণ তেজঃপুঞ্জ ও আকার প্রাকারের ভাব দেখিয়া সেই পদ্মপলাশলোচনা বিদুষী রমণী সেই স্থানে দণ্ডায়মান হইয়া নানাপ্রকার চিন্তা করিয়া সাধুর সমীপে ধীরে ধীরে গমন পূর্ব্বক অতি বিনীতভাবে জিজ্ঞাসা করিয়াছিলেন। আপনি কে? কোথা হতে এই স্থানে আসিয়াছেন। এবং কি জন্যই বা কপর্দক-শূন্যের মত অবস্থান করিতেছেন। ৯।১০

তখন নরেন্দ্র চোখের জল মুছিয়া সেই শ্বেতাঙ্গিনীর মনোরম বাক্য শ্রবণ করিয়া ভগবান শ্রীগুরুর বাক্য স্মরণ করিয়া গগনে চন্দ্রদেব যেমত ষোড়শকলায় পরিপূর্ণ হইয়া অত্যুজ্জ্বল স্নিগ্ধ কিরণযুক্ত হয়েন সেইমত শ্রীনরেন্দ্র সেইসময়ে পূর্ণানন্দে নিমগ্ন হইয়া সেই রমণীকে বলিয়াছিলেন হে ভগিনী আজ আমি তোমার দর্শনলাভে ধন্য

"I earnestly desire that I should speak something at the message of my preceptor in the Congress of Religion. But I find none who may take pity on me and secure for me the necessary premission to speak in the Congress."On hearing this, the lady took him to her house and entetained him with food, clothes and other requisites. Thereafter in course of discussion with her guest, the lady was convinced that Narendra was a great religious thinker and had attained divine sublimity, and also that the mode of expression of his religious views was wonderfully unique and inspiring. She said, "I have been as much delighted with your speech as the Earth gets delighted by the rains at the time of nourishment of the budding corn." Next morning she tried to secure admission into the Congress for her guest. She informed all her friends and the learned men of her country that a great saint who was a great scholar and religious thinker was staying in her house and was sure to add to the glory of the religious Assembly with his wonderful speech. 14 to 19.

ষবিংশিষ্টাধ্যায়ঃ

বঙ্গানুবাদঃ—

অতএব আপনাদের সেই সভায় আমার গুরুর ধর্ম্মমত বিষয়ে কিছু বলিব আমার মনের এইরূপ আশা পোষণ করি। কিন্তু আমার মত দুর্ভাগ্যের সম্বন্ধে সেই সভায় প্রবেশের অনুমতিই বা কে দিবে। ১৪

তখন সেই প্রশস্তমনা রমণী উত্তম সাধুর অভিলষিত মনের কথা শুনিয়া সাধুকে নিজ গৃহে সমাদরপূর্ব্বক আনয়ন করাইয়া তাঁহার অভিলষিত বস্ত্র ও পাদুকাদি এমনকি উষ্ণীষ পর্য্যন্ত দান করিয়া সাধুর পূজা করিয়াছিলেন। ১৫

এইরূপে অতিথি সৎকারের পর শাস্ত্রসম্মত সদালাপের দ্বারা জানিয়াছিলেন এই সাধু ভারতবর্ষের সর্ব্বযাজক মহামনস্বী বোধহয় ইনি ভগবানকে সাক্ষাৎরূপে দর্শন করিয়াছেন। এবং ইঁহার ধর্মবক্তৃতা শুনিলেই চমৎকৃত বা আশ্চর্য্যান্বিত হইতে হয়। এবং ইঁহার ধর্মব্যাখ্যা নূতনের মত। এইভাবে অবগত হইয়া নরেন্দ্রকে বলিয়াছিলেন আপনার মত ধর্মবক্তাকে দর্শন করিয়া ধান্যাদির গর্ভস্থ শস্যাবস্থায় জল পাইলে পৃথিবী যেমত আনন্দিতা হয়েন আমিও আপনার বক্তৃতা শুনিয়া সেইরূপ আনন্দিত হইয়াছি। ১৫

তৎপরে সেই রমণী প্রাতঃকালে উত্থিত হইয়া সাধুর মহাসভায় প্রবেশের জন্য অত্যন্ত আগ্রহের সহিত সর্ব্বতোভাবে চেষ্টা করিয়াছিলেন। ১৭

অর্থাৎ হার্বাট বিশ্ববিদ্যালয়ের দর্শনশাস্ত্রের অধ্যাপক মহাপণ্ডিত বন্ধুবর্গকে আনন্দের সহিত জানাইয়াছিলেন যে সর্ববিদ্যায় পারদর্শী ভগবানের সদৃশ একটি সাধু আমার পূর্ব্বের পুণ্যফলে সম্প্রতি আমার গৃহে উদিত হইয়াছেন। আপনাদের সভার গৌরব বৃদ্ধির জন্য এই

परिशिष्टाध्यायः

উত্তম বক্তা সাধুকে সভামধ্যে বক্তৃতাদানের জন্য গ্রহণ করুন ইহাই আমার একান্ত অনুরোধ। ১৮।১৯

ततो महासभायां वक्तृता प्रारम्भे गुरुप्रणामाद्यनन्तरं पाश्चात्य
सभ्यसमूहान् समुद्दिश्य सानन्दं सुस्वरान् स्वामिजी।
भो मम आमेरिकादि वासिनो भ्रातृवर्गा भगिनीवर्गाश्च
एवं सम्बोधन वाक्योच्चारणात् परमेव सभास्य स्रोताश्च सभ्याना-
मन्तरे तड़िदिवानन्द प्रवाह उदितश्चाभूत् परन्तु सर्व्वे श्रोतृवर्गाः
कियत्क्षण मुक्तस्वरेण तं स्वामिजीं समुद्दिश्य साधुवादं
प्रदत्तवन्तः ॥ २०

कामिनीकाञ्चन सेविना सत्यधर्म्म स्वरूप विज्ञाने मतिर्भूया
स्तदर्थं तत्र सभाष्टकालमध्ये दशपञ्चदश वा वक्तृता अददात्।
प्रत्येक वक्तृतायां स्वगुरोः परमहंसस्य
साधकानां साधनार्थं मतानि यानि सन्ति वै।
तानि सर्व्वाणि सत्यानि भवन्तीति मतं मम ॥ २१

पश्चैव गुरुवाक्यस्य प्राधान्यमवलम्ब्य पौराणिकीं वार्त्तामपि।
तत्र संयोज्य तमतत्र सभायां गुरुस्मातमतमेवोक्तवान् ॥ २२
स्वच्छन्दप्रिय स्रोताश्च धर्म्मयाजकाः स्थानान्तर गमने बहुतर द्रव्य
जातानि संगृह्य गमन पथि चान्तरान्तरा आहारादि व्यवस्थांचक्रुः ॥ २३

Then, in that great Congress of Religions, after bowing down with profound veneration to his preceptor, Swamiji started his speech with the address, "My brothers and sisters of America." As soon as he uttered these words the

whole house became overwhelmingly animated with joy and resounded the hall with shouts of praise to Swamiji unceasingly for some time. He delivered some ten to fifteen speeches to instill holy thoughts in the worldly-minded people. In all his speeches he preached the message of his preceptor. He said that all the ways of worship and penance as enjoined in the different religions of the world lead to the realisation of Divinity. The holy men of western countries carried things with food and drink with them to avoid any inconvenience on their way to far-off destination.

20 to 23

বঙ্গানুবাদ :—;

তৎপরে মহাসভায় বক্তৃতাদানের প্রথমে গুরু প্রণামাদি করিয়া সভাপতি প্রভৃতি পাশ্চাত্য সভ্যবৃন্দকে উদ্দেশ্যপূর্বক আনন্দের সহিত বলিয়াছিলেন। হে আমেরিকাদি পাশ্চাত্য দেশবাসী ভাইসকল ও ও ভগিনীসকল! এইরূপভাবে সভাস্থ সকলকে সম্বোধন করিলে সভাস্থ শ্বেতাঙ্গ সভ্যসকলের হৃদয়মধ্যে বিদ্যুতের মত আনন্দপ্রবাহ উদিত হইয়াছিল। পরন্তু সেই মহাসভার সমস্ত শ্রোতৃবর্গ কিছুক্ষণ স্বামিজীকে উদ্দেশ্য করিয়া উচ্চৈঃস্বরে সাধুবাদ প্রদান করিয়াছিলেন।

২০

স্ত্রীলোক এবং ধনসম্পত্তি পাইবার জন্য আত্মোৎসর্গকারী জনগণের

পরিশিষ্টাধ্যায়ঃ

সত্য ধর্মের স্বরূপজ্ঞানে মতি হউক এইরূপ মনে করিয়া স্বামিজী সকল ব্যক্তির জন্য সেই স্থানে সপ্তাহকালের মধ্যে দশ পনরটি বক্তৃতা দিয়াছিলেন। ২০

স্বামিজীর প্রতি বক্তৃতায় ঠাকুরের উক্তি অর্থাৎ ঠাকুর বলিয়াছেন পৃথিবীতে সাধকসকলের সাধনার জন্য যেসকল ভিন্ন ভিন্ন মত আছে সেই সকল মতই ভগবৎ সাক্ষাৎকারের পথস্বরূপ ইহাই আমার মত। ২১

এইরূপ গুরুবাক্যের মতানুসারে তাহার মধ্যে পুরাণ শাস্ত্রের সিদ্ধান্ত যোগ করিয়া সেই সেই সভায় ঠাকুরের সম্মত মতই প্রকাশ করিয়াছিলেন। ২২

যাহাতে কোনরূপ অসুবিধায় পড়িতে না হয় এইরূপ শ্বেতাঙ্গ ধর্মযাজক সকল অন্যত্র যাইবার সময় নানাপ্রকার দ্রব্যসকল লইয়া যাইবার পথে মধ্যে মধ্যে আহারাদির ব্যবস্থা করিয়া থাকেন। ২৩

किन्तु वैराग्य विग्रह स्वामी विवेकानन्द स्वाहंकाडम्बरं न कृतवान्। परन्तु स्वामि पादैर्नीतं गुरोः कृपया प्रतिष्ठं पितरौ निष्ठतः कस्मादपि वस्त्रादार्थमनमुद्दिश्य · अस्य भारतभूमि दैवत स्वामिपाद विग्रहस्य त्यागशीलता ईश्वर निर्भरताञ्च दृष्ट्वा श्वेताङ्ग साधारणा विस्मिताः सन्तः अभवन्। २४

अयं भारतीय संन्यासी असाधारण मानवः · ईदृश महापुरुष देशस्य जनानां सभ्यता सम्पादनार्थं श्वेताङ्ग धर्मप्रचारक प्रेरणं निरर्थकं मन्यामहे वयं। इतपूर्वं भारतवासिनो [illegible] सर्वे विद्वांसः पाश्चात्य देशं गतवन्त स्ते सर्वे जड़विज्ञानस्य बाह्यसौन्दर्येण विमोहिताः सन्तः पाश्चात्यानामिव दृष्टा इत्वा पुनर्भारतवर्षं प्रत्या- गतवन्तः। २५

परिशिष्टाध्यायः

किन्तु एक एव स्वामिपादो विवेकानन्दः पाश्चात्यानां स्वधर्मे भाव-धारां प्रायो विलुप्तां विधाय स्वेताङ्गीयानां सादर पूजां गृहीत्वा गुरु र्भूत्वा गुरुदक्षिणामपि संगृह्य पुनः भारते प्रत्यागमनं कृत्वा भागीरथ्या गङ्गाया पश्चिमे तीरे बेलुड़ाख्यपत्तने अत्युच्च मठं निर्माय। २६

But Swamiji would not carry such things for safe-guarding his convenience and comfort. "By the grace of my preceptor," he would say, "I have my father and my mother in every house-hold, and as such I do not bother about my food and clothing". The white people were astonished to find so much dis-interestedness in earthly matters and reliance on the will of God. They said, "This Indian Saint is a Superman. We consider it use-less to send to Missionaries to the land of such a great personality. Previously, the Indians who went to the western countries, were greatly amazed to see the advancement of physical science and the achievement thereof of the people of those countries, and sang all praise to them. It was left to Swami Vivekananda alone to effect a drastic change in the trend of religious thoughts of people of these countries, for which they admired him, regarded him as their precep-

tor, and offered huge sums of money in token of their gratitude for his spiritual enlightenment. Narendra came back to India and founded the famous Belur Math on the west bank of the Ganga, 24 to 25

বঙ্গানুবাদ :—

কিন্তু মূর্ত্তিমান্ সর্ব্বস্ব ত্যাগী স্বামী বিবেকানন্দ তাদৃশ আড়ম্বর কিছুই করিতেন না। পরন্তু তিনি বলিতেন প্রত্যেক গৃহস্থের বাড়ীতে আমার পিতামাতা আছেন। অতএব আমি কেন অন্নবস্ত্রাদির অভাব জন্য উদ্বিগ্ন হইব। এই ভারতবর্ষের দেবতাস্থানীয় স্বামিপাদের ত্যাগশীলতা এবং ঈশ্বর নির্ভরতা দেখিয়া শ্বেতাঙ্গসকল অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইয়া বলিয়াছিলেন। ২৪

এই ভারতবর্ষীয় সন্ন্যাসী অসাধারণ মানুষ এই প্রকার দেশবাসী নরনারী সকলের সভ্যতা শিক্ষাদিবার জন্য খৃষ্টীয় ধর্মযাজক প্রেরণ করা নিরর্থক মনে করি। ইহার পূর্ব্বে ভারতবাসি যে সকল পণ্ডিতবর্গ পাশ্চাত্য দেশে যাইয়াছিলেন তাঁহারা সকলেই লণ্ডনাদি রাজধানীর জড়-বিজ্ঞানের বাহ্য সৌন্দর্য্যে বিমোহিত হইয়া পাশ্চাত্য জাতি সকলের ভূরি ভূরি প্রশংসা করিয়া পুনর্ব্বার ভারতবর্ষে প্রত্যাগমন করিয়া-ছিলেন। ২৫

কিন্তু একমাত্র স্বামিপাদ বিবেকানন্দ পাশ্চাত্যদেশীয় প্রায় সকলেরই নিজ নিজ ধর্মের ভাবধারা প্রায় বিলুপ্ত করিয়া তাহাদের ভক্তিপূর্ব্বক পূজা গ্রহণ করিয়া এমনকি তাঁহাদিগকে দীক্ষিত করিয়া তাহাদিগের নিকট হইতে গুরুদক্ষিণা সংগ্রহ করিয়া সেইস্থানে মঠস্থাপন

परिशिष्टाध्यायः

পূর্ব্বক এই ভারতে প্রত্যাগমন পূর্ব্বক ভাগীরথী গঙ্গার পশ্চিম তীরে বেলুড় নামক জনপদে অত্যুচ্চ মঠ স্থাপন পূর্ব্বক—

तत्र स्वयं भगवतः श्रीगुरोः परमहंस श्रीश्रीरामकृष्ण देवस्य शैलीं मूर्त्तिं प्रतिष्ठाप्य पृथिव्याः परममङ्गलं चन्द्र दिवाकर स्थिति पर्य्यन्तं स्मृति मतीं भारतवर्षस्य गौरव पताकां स्थापयामास स्वामिपादः। १७

अथ स्वयं भगवतः श्रीरामकृष्णदेवस्य मूर्त्तान्तरमिव समग्र जगति सनातन धर्म्मस्यैव श्रेष्ठत्व प्रतिपादक नरावतार स्वामिपाद विवेकानन्दस्य शेष परिचयः। असौ नरेन्द्रः, सकलाय सिद्धिं गतो महात्मा गुरुशक्ति लाभात्। पाश्चात्य देशे विदुषः सभायां गुरुत्वमासो गुरुवाक्य दार्ढ्यैः। १८

आचार्य्य मुख्या बहवोऽत्र जाता सर्व्वेऽजनाभे जगती वरेण्याः।
मान्यस्य कस्यापि यथास्य साधोः सौभाग्यसूर्य्यस्य महोदयःस्यात्॥१९

अस्याविर्भावतः पूर्व्वं माता यत्समनुष्ठितं।
शैवव्रतं शिवक्षेत्रे तदभूद्रोमहर्षणम्॥ २०

तद्व्रतफलरूपोऽसौ नरेन्द्रः शिवशक्ति युक्।
आविर्भूय स्वस्य गुरोः सङ्कल्पादपकृतार्थताम्॥ २१

He placed the stony image of Sri Ramakrishna his preceptor, in it and thus erected a memorial which will ever speak of the glory of India so long the Sun and the Moon shine in the sky. So our last word about Swami Vivekanand is that Swami Vivekananda, who established the dominating

greatness of Hindu religion over all other religions of the world, was none but Sri Ramakrishna in another form. Thus, Narendra was crowned with all success in his holy mission by virtue of the divine power bestowed upon him by his preceptor, and he secured the honour in the assembly of great scholars of the world by preaching the message of his preceptor. Many world.renowned scholars. poets and artists were born in India but none of them had the fortune to attain so much glory and honour. As a result of the vow and penance which the mother of Swami Vivekananda performed to have a son by propitiating Lord Shiva, Narendranath was born with the power of Shiva and became blessed by his close touch with his preceptor. 27 to 32

বঙ্গানুবাদ :—

সেই মন্দির মধ্যে জগদ্গুরু স্বয়ং ভগবান পরমহংস শ্রীশ্রীরামকৃষ্ণ দেবের শিলাময়ী মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পৃথিবীর পরম মঙ্গলবিধান করিয়া চন্দ্র সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত স্থিতিবিশিষ্টা ভারতবর্ষের সর্বোচ্চ গৌরব পতাকা স্বামিজী বিবেকান্দ স্থাপন করিয়াছেন। ২৬

অতঃপর স্বয়ং ভগবান শ্রীরামকৃষ্ণদেবেরই অন্যতম মূর্তিবিশেষ' স্বামিজী সমগ্র জগতে সনাতন ধর্মের বা বেদোক্ত ধর্মেরই শ্রেষ্ঠত্ব সম্পাদন পূর্বক নবাবতার স্বামিপাদ বিবেকানন্দের শেষ পরিচয়।

परिशिष्टाध्यायः

অতএব মহাত্মা নরেন্দ্র ধর্মার্থ কাম মোক্ষ বিষয়ে সিদ্ধিলাভ করিয়া ঠাকুরের নিকট হইতে অলৌকিক শক্তি পাইয়া পাশ্চাত্যদেশে পণ্ডিতবর্গের সভায় গুরুবাক্য দিয়া স্বয়ং তাহাদের গুরু হইয়াছেন। ২৭

এই পবিত্র ভারতবর্ষে পৃথিবীর সর্বশ্রেষ্ঠ বহুতর আচার্য্য আবির্ভূত হইয়াছেন সত্য কিন্তু স্বামিজী বিবেকানন্দের সৌভাগ্যসূর্য্যের উদয়ের মত অর্থাৎ সর্ব্বত্র সাদর সম্মান আর অন্য কোন পণ্ডিতের ভাগ্যে হয় নাই। ২৮

স্বামিজীর আবির্ভাবের পূর্ব্বে মাতা ভুবনেশ্বরী পুত্রলাভের জন্য কাশীধামে বিশ্বনাথের প্রীতির জন্য আশ্চর্য্যজনক যে ব্রতের অনুষ্ঠান করেন সেই শৈব ব্রতের ফলস্বরূপ শিবতুল্য শক্তিমান নরেন্দ্র আবির্ভূত হইয়া গুরু ভগবান শ্রীরামকৃষ্ণদেবের সম্বন্ধতঃ কৃতার্থ হইয়াছিলেন। ২৯।৩০।৩১

मन्यमान स्तदीयान्तां भावधारां सुजीवितां ।
कृतवान् श्रीगुरोः प्रीत्यै प्राणपाति परिश्रमैः ॥ ३२

श्रीनरेन्द्रो नरश्रेष्ठः श्रेष्ठ वार्त्तावहः प्रभोः ।
लब्धा प्रतीच्य सम्मानमसमोर्द्ध समानवः ॥ ३३

गौरवं वङ्गदेशस्य वर्द्धयामास तत्र वै ।
श्रीरामकृष्णदेवस्य माहात्म्यमप्यलौकिकं ॥ ३४

भूत्वा विश्वजयीचासौ स्थिरेन मनसा वदत् ।
पाश्चात्य शिक्षया सर्व्वे वयं सन्देहभागिनः ॥ ३५

धर्म्मस्य विमलं तत्त्वं स्वच्छन्देन ज्ञातुमक्षमाः ।
भवामो येन चित्तस्य मालिन्यं नापसर्पति ॥ ३६

परिशिष्टाध्यायः

सरल श्चै सदावालो यथा श्रीठाकुर स्तथा ।
शिक्षाशून्योऽपि जगतो गुरुः साधारणोऽप्यसौ ॥ ৩৭

ठाकुरैनैकदोवाचि श्रीनरेन्द्रो महामतिः ।
स्व स्वरूपं यन्मुहूर्त्तं ज्ञातुं शक्तो भविष्यति ।
तद्दण्ड एव देहादौं स्वात्मालोकं गमिष्यति ॥ ৩৮

Being profoundly convinced of the excellence of the divine thoughts and the ways of penance of Thakur, Narendra infused life into them with utmost endeavour for the satisfaction of his preceptor. Narendra, the greatest preacher of Thakur's message, added to the glory of Bengal as well as Sri Ramakrishna by winning the greatest honour of western countries. Inspite of his world-wide fame, he said very sorrowfully, "Owing to the influence of western education and culture, we have become sceptic and as such the divine truth of religion cannot be easily understood, and the purity of mind can hardly be attained. Thakur had no education and erudition and was simple as a child, yet he has become the greatest spiritual guide to the world." Thakur once said, "The very moment when Narendra will have the knowledge of his own real self, he will leave this mortal world". 32 to 38

ষষ্টিতমোঽধ্যায়ঃ

বঙ্গানুবাদ :—

ঠাকুরের সেইসকল অলৌকিক ভাবধারা বা তপস্যাদির উপদেশ সর্ব্বশ্রেষ্ঠ মনে করিয়া প্রাণপাত পরিশ্রম পূর্ব্বক ঠাকুরের বাক্যামৃতের জীবনদান করিয়াছিলেন সাধনের দ্বারা সাধ্য বস্তু প্রত্যক্ষ করিয়াছিলেন। ৩২

ঠাকুরের লীলা মরাল স্বরূপ নরাবতার দেবতা শ্রীনরেন্দ্র পাশ্চাত্য দেশে অসমোর্দ্ধ অর্থাৎ যে সম্মানের সমান্ এবং যে সম্মানের অপেক্ষা অধিক সম্মান নাই তাদৃশ সম্মান লাভ করিয়া সেই পাশ্চত্য দেশে বঙ্গদেশের গৌরব এবং ভগবান শ্রীরামকৃষ্ণ দেবের মাহাত্ম্য বর্দ্ধিত করিয়াছিলেন। ৩৩৷৩৪

এই নরেন্দ্র বিশ্বজয়ী হইয়াও দুঃখান্তকরণে বলিয়াছিলেন আমরা পাশ্চাত্য শিক্ষার প্রভাবে অত্যন্ত সন্দিগ্ধমনা হইয়াছি অর্থাৎ ধর্ম্মের বিশুদ্ধ তত্ত্ব এককথায় জানিতে পারিতেছি না, বিশ্বাস হয় না যদ্দারা মনের মালিন্য দূরীভূত হইতেছে না। ৩৫৷৩৬

সরল চিত্ত ঠাকুর সাধারণ শিক্ষা শূন্য হইলেও জগদ্গুরু। ঠাকুর এক সময়ে বলিয়াছিলেন মহাজ্ঞানী নরেন্দ্র যে মুহূর্ত্তে নিজের স্বরূপটি অর্থাৎ আমি কে হইা জানিতে পারিবে তৎক্ষণাৎ এই নরেন্দ্র দেহাদি সমস্ত ত্যাগ করিয়া ব্রহ্মলোকে গমন করিবে অর্থাৎ মুক্ত হইবে। ৩৭৷৩৮

प्रत्यग्रं वै विमल मनसा भूत भव्यादि सर्व्वं
तस्मात्तस्मिन्नहनि सुमहान् स्वप्रयानं विदित्वा ;
सायंकाले गुरुपदमहो चिन्तयित्वा स्वगेहं
स्वप्रज्ञाद्यासौ भजनमकरोन्मन्दिरे श्रीनरेन्द्रः ॥ ३৯

परिशिष्टाध्यायः

शुद्धं यद्वरणीय रूपममलं यल्लभ्यते योगिभि
र्मन्येऽसौ गुरुदत्त मन्त्रमहसा संप्राप्य तद्दुर्लभम् ।
कालं कञ्चन तत्र तन्मयतया स्थित्वानुभूयार्थदं
मानन्दं बहिरागतो भगवतः श्रीमन्दिरान्मुक्तिदात् ॥ ৪০
प्रत्यागत्य पुनः स्व मन्दिरमहो संपूज्य तन्निर्मलं
गुर्वर्थं विनिवेदितं नरसुरः सुस्वादु भोज्यञ्च सः ।
द्वारन्तस्य गृहस्य कीलकयुतं कृत्वा स्वशय्यान्तरे
प्राणायामयुतः समाधिमगमद् योगासने यौगिकं ॥ ৪১
युष्मानप्यवदत् समाधि परमो यास्यामि यस्मिन् चपि
स्थित्वा श्रीगुरु पादपद्म सन्निधे भूतोत्थ देहं त्वहं ।
नो युष्माभिरनुप्रमाणमपितच् स्थातुं सुशक्यं भवेत् ।
हा हा भूदधुना त्वदीय वचसो याथार्थ्यमेवंविधम् ॥ ৪২
अस्ये दृक् कठिनः समाधिरभवद् येनास्य देहात्ययो
यस्याधो गृहसंस्थिता वयमहो स्वप्नेऽपि तन्न स्थितं ।
न ज्ञातुं खलु शक्नुमः किमधिकं सर्वस्वनाशं गताः
रात्रौ स्वापविमोहिताः सुतपसः कालेऽभवन् वञ्चिताः ॥ ৪৩

Those who have attained knowledge of the Absolute can see the past, the present and the future. Narendra also realised that his last day had come. So he left his residence, went to the temple and worshipped the image of his preceptor. By a yogic process as instructed by his preceptor, he raised himself to a spiritual plane

তন্ময়তাবস্থায় অবস্থিত হইয়া পরমার্থ বস্তু অনুভব করিয়া মুক্তিপ্রদ ভগবানের শ্রীমন্দির হতে আনন্দের সহিত বহির্গত হইয়া পুনর্বার নিজগৃহে প্রত্যাগমনপূর্বক ঠাকুরের উদ্দেশ্যে নিবেদিত নির্ম্মল সুস্বাদু ভোজনীয় দ্রব্য ভোজন করিয়া নিজ গৃহের দ্বার অবরুদ্ধ পূর্ব্বক নিজ শয্যামধ্যে যোগাসনে যোগযুক্ত হইয়া যৌগিক সমাধি প্রাপ্ত হইয়াছিলেন। ৪০।৪১

সমাধিই যে মহাপুরুষের চরম অবলম্বন তিনি আমাদিগকে অর্থাৎ মহারাজবর্গকে এক সময়ে বলিয়াছিলেন আমি যে সময়ে আমার পার্থিব দেহ ত্যাগ করিয়া গুরুর পাদপদ্মের নিকটে যাইব তোমরা সে বিষয়ের স্বপ্নমাত্রও জানিতে পারিবে না। হায় হায় সম্প্রতি সেই মহাপুরুষের বাক্যের সত্যতা এইরূপভাবে উপস্থিত হইল। ৪২

এই মহাপুরুষের এইরূপ কঠিন সমাধি হইল যাহাতে তাঁহার মৃত্যু ঘটিল! আমরা তাঁহার নীচের ঘরে থাকিয়া স্বপ্নেও জানিতে পারিলাম না অত্যন্ত দুঃখের বিষয় আজ আমাদের সর্বনাশ হইল। উত্তম তপস্যার সময় রাত্রিকালে নিদ্রায় অভিভূত হইয়া সব হারাইলাম। ৪৩

প্রাতঃ স্নাত্য সমাপনাৎ পরমহো বাপ্তব্যমামা বয়ং
নিঃশব্দং মহতো গৃহং সমভবৎ কস্মাদ্ধঠা দৃশ্য বৈ।
মত্বৈবং দ্বিতলং গতাঃ করতলৈ র্দ্বারস্য সম্পীড়নম্
কৃত্বা প্যস্য ■ কিঞ্চিদুত্তরমহো লব্ধা ভবন্ বিস্মিতাঃ॥ ৪৪
ততঃ কবাটং কঠিনং বিভেদ্য প্রবিশ্য গেহং তদপূর্ব্বরূপং
সৌগন্ধ যুক্তং শরচ্চন্দ্রশুভ্রং সমাধিযুক্তং হ্যবলোকয়ামঃ। ৪৫

षष्टितमोऽध्यायः

शय्यायामुपविष्टम् तस्यनो योगासने पूर्ववद्
दृष्टा तस्य सुदपद्मासनं शान्तं शिरः शान्तिदं ।
नासारन्ध्र विनिर्गतं कियद्रक्तं शोणितं शङ्कान्वितः
सर्वास्वस्थ्यमयस्य दैव वपुषः कान्तभावम् पश्यतः ॥ ४६

इत्थेवं गत जीवनं वयमहो नन्वंशपि सम्यागते
सूक्ष्मात्मा प्रगम् संविशेय सहसा ब्रह्माण्डरन्ध्रं तदा।
नरेन्द्रो. परमं पदं सुविमलं संप्राप्तवान् शाश्वतं
यद्यापो भगवान् स्व भक्त सहित श्रीरामकृष्णो हरिः ॥ ४७

यद्वेगं सकलं विहाय नलिनात् प्रमोदयात् श्रीगुरोः
शिरार्थं निज जीवनं निज जनं तत्पादमूलं पितः।
यत् तत्त्वं सुरमानवादि सकलैः कार्यं न शक्यं यथेत्
तत् तत्त्वं ज्ञानीमया गुरुतरं सम्पादयामास सः ॥ ४८

His followers got up in the morning and performed their rites. But they did not find any stir or movement in the upstairs. They came up and knocked the door of the room of Narendra, but there was no response from the inside. They broke open the door and found his lifeless body lying seated on his bed. It was also seen that some blood came out of his nostrils but their fear of any unnatural death subsided at the sight of calm and serene state of his body. They held unanimously that the soul of Narendra had left through his head and reached the heavenly abode

of Sri Ramakrishna and his devotees Narendra dedicated himself and his all to serve the feet of Sri Ramakrishna, with the growth of his moral and intellectual capabilities. He performed with ease all those miracles which no man, nor even a god could do. 44 to 48

বঙ্গানুবাদ :—

নিদ্রাভঙ্গের পর আমরা সকলে প্রাতঃকালের কর্ত্তব্য কর্ম্ম সমাপন করিয়া অত্যন্ত দুঃখের সহিত উদ্বিগ্ন হইয়া ভাবিয়াছিলাম আজ আমাদের একমাত্র সহায় সম্বল এই মহাপুরুষের গৃহ অকস্মাৎ কেন নিঃশব্দ হইয়া আছে এইরূপ ভাবিয়া আমরা ঘরের দোতলায় উঠিয়া ঘরের কপাটে হস্তদ্বারা বার বার আঘাত করিলেও কিছুই উত্তর না পাইয়া আমরা সকলেই আশ্চর্য্যান্বিত হইয়াছিলাম। ৪৪

তৎপরে সেই দুর্ভেদ্য কপাট ভাঙ্গিয়া গৃহ মধ্যে প্রবেশ করতঃ শত চন্দ্রের প্রকাশের মত শুভ্র কিরণ বিশিষ্ট উত্তম গন্ধ ও সমাধিযুক্ত স্বামিজীর সেই অপূর্ব্ব রূপ দর্শন করিয়াছিলাম। ৪৫

পূর্ব্বের মত শয্যার উপরিভাগে যোগাসনে বসিয়া আছেন এবম্বিধ তাঁহার বিশুদ্ধ শান্তিপ্রদ মঙ্গলময় প্রশান্ত সুন্দর মূর্ত্তি এবং নাসিকার ছিদ্র দিয়া কিঞ্চিৎ রক্তবিন্দু নির্গত হইয়াছে দেখিয়া আমরা শঙ্কাযুক্ত হইয়া সেই সর্ব্বাশ্চর্য্যময় দেব শরীরের দেহকান্তি দ্বারায় ঝলসিত হইয়াছিলাম। ৪৬

এইরূপভাবে মহাপুরুষের প্রাণহীন বিগ্রহ দেখিয়া আমরা সকলে ভাবিয়াছিলাম সমাধিসময়ে ইঁহার তেজময় বিগ্রহ হঠাৎ ব্রহ্মরন্ধ্র ভেদ করিয়া ভগবান শ্রীহরি রামকৃষ্ণদেব তাঁহার ভক্তবৃন্দের সহিত যে বৈকুণ্ঠ-

পরিশিষ্টাধ্যায়ঃ

ধামে বিরাজিত আছেন সম্প্রতি এই মহাপুরুষ সেই বিশুদ্ধ বিষ্ণুর পরম পদ লাভ করিয়া ঠাকুরের সহিত একত্র মিলিত হইয়াছেন। ৪৭

যে মহাপুরুষ জ্ঞানোদয়ের সময় হইতে শ্রীগুরুর সেবার জন্য আত্মীয় স্বজন এবং নিজের প্রাণ পর্য্যন্ত সমস্ত সমর্পণ করিয়া কেবলমাত্র গুরুপাদপদ্মকেই আশ্রয় করিয়াছিলেন এবং যেসকল কার্য্য দেবতা ও মনুষ্যাদিরও অসাধ্য সেই সকল অতীব গুরুতর কার্য্য অবলীলাক্রমে অর্থাৎ অনায়াসে সুসম্পন্ন করিয়াছেন। ৪৮

एतादृक् परलोक सद्गति विधौ यत्नः कृतः स्वेच्छया
नो दृष्टं न च संश्रुतं नासुरैः केनापि कुत्राधुना।
अत्याश्चर्य्य मिदं मृतोऽप्यमरवत् स्थैर्य्यं सदा शैलवत्
निष्कलस्य मनोज्ञ मूर्त्तिमहसा पूर्ण्यं बभौ तद् गृहम् ॥ ४९
धन्यो नरेन्द्रः कृपया प्रभोः स ख्यातः पृथिव्यां सुविशाद मूर्त्तिः।
गाम्भीर्य्य चातुर्य्य सुवीर्य्यधैर्य्यै र्नरेन्द्रतः कोऽप्यधिकोऽस्ति लोके ॥५०
स सद्विवेकेन सतां गरिष्ठो गुरोर्गुणान गायति यत्र तत्र।
जितारि षड़वर्ग युवा महोयानुरक्तमो वह्निरिव प्रदीप्तः ॥ ५१
योऽस्मद्देश विदेश रत्न परमः श्रीरामकृष्णस्य सः
देहस्येन्द्रियतुल्य सौख्य परमाधारश्च हार्द्दीप्रियं।
स्वामिज्ञीति नितान्त वान्दितजनैः प्रोक्तोऽस्ति पूज्यो महान्
श्रेष्ठाणां परिपत्प्रमुमानवहुमः पाश्चात्य देशे स्वयं ॥ ५२
गत्वा शास्त्रविचार युक्तिनिकरै स्तत्र प्रसिद्धिं गतो
म्लेच्छानामपिकम्प कः पुनरहो प्राप्तो गुरुत्वं सुधीः।
धर्म्मध्यान विशद भक्तिनिपुने व्यासस्वरूपोऽभवत्
येनाभूद् विपुलो मठो भगवतः श्रीरामकृष्णस्य सः ॥ ५३

परिशिष्टाध्यायः

नरोत्तमः श्रीनरेन्द्रो नरः किमथवामरः ।
नरनारायणोवापि भवद्भिरवधार्य्यताम ॥ ५४

इति श्रीरामकृष्ण भागवते परिशिष्टाध्यायः समाप्तश्च
श्रीश्रीरामकृष्ण भागवतमन्थय ॥

None has ever heard of an event in which a holy man had tried willfully to pass away to the life beyond death. He is immortal even in his death and exists eternally like a mountain. The entire room was illuminated with the lustre of his body. Narendra, by the grace of Thakur, had been regarded as the greatest of the religious preachers of the world. In fact, in his dominating personality, uncommon abilities, patience and perseverance, he had no parallel. He was endowed with divine wisdom. He had conquered six evil passions or impulses. He would sing in praise of his preceptor often and on. Narendra was the greatest man of the East and the West, the most favourite of Sri Ramakrishna, the object of devotion to the uncultured people, and was crowned with the highest honour in the assembly of scholars in the Western continent, and accepted by the Christians as their preceptor. He was equal to Vyasdev in writing on the subjects of work, knowledge and Devotion. He also established a great temple of Sri Ramakrishna. My readers may decide whether Narendra was a man, the best of men, a god, or God in man. 40 to 54

Here ends Sri Sri Ramakrishna Bhagabatam.

বঙ্গানুবাদ :—

নিজের ইচ্ছায় পরলোক প্রয়াণ বিষয়ে চেষ্টা করিয়াছেন এমত মহাপুরুষ মনুষ্যলোকে বা দেবলোকে আজ পর্য্যন্ত কেহ কোথাও

পরিশিষ্টাধ্যায়:

দেখে নাই বা কেহ কোথাও শুনেন নাই ইহা অতীব আশ্চর্য্যের বিষয় এই যে ইনি মৃত হইলেও অমরতুল্য এবং স্থির বিষয়ে সুমেরু সদৃশ অবস্থিত। তৎকালে ইহাঁর অতীব মনোহর মূর্ত্তির প্রভাবে সমস্ত গৃহটি পরিপূরিত হইয়াছিল। ৪৯

দেববিগ্রহ নরেন্দ্র ঠাকুরের কৃপায় পৃথিবীতে সর্ব্বোত্তম ধর্ম্মযাজক বলিয়া বিখ্যাত হইয়াছেন। বস্তুতঃ নরেন্দ্রের সদৃশ গাম্ভীর্য্য চাতুর্য্য অসাধারণ শক্তি ও ধৈর্য্যাদি এই জগতে কেহই নাই। ৫০

সর্ব্বোত্তম জ্ঞানগুণে বিভূষিত সর্ব্বোত্তম সাধু কাম ক্রোধাদি ষড় রিপু বিজেতা যুবা এবং মহান নরেন্দ্র সাক্ষাৎ ব্রহ্মার সদৃশ প্রদীপ্ত গুরুর গুণানুবাদ যেখানে সেখানে গান করিতেন। ৫১

যিনি প্রাচ্য এবং পাশ্চাত্য প্রদেশের মাননীয় পরম রত্ন স্বরূপ এবং যিনি শ্রীভগবান শ্রীরামকৃষ্ণদেবের প্রাণ ও মনের ন্যায় অতি প্রিয় এবং নিতান্ত অজ্ঞজনও যে মহাপুরুষকে স্বামিজী বলিয়া ভক্তি করেন এবং অতি পূজ্য যে মহাত্মা পাশ্চাত্য দেশে গমনপূর্ব্বক মহামহা পণ্ডিতবর্গের সভায় শাস্ত্রীয় বিচার ও যুক্তি সমূহের দ্বারা বহুতর সম্মান লাভ করিয়া বিদেশে পূজিত হইয়া ম্লেচ্ছদিগকেও আকর্ষণ করিয়া তাঁহাদিগকে মন্ত্র দিয়া গুরু হইয়াছেন। এবং যিনি কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগ লিখনে সাক্ষাৎ ভগবান বেদব্যাসের সদৃশ জ্ঞানী বলিয়া সর্ব্বত্র পরিচিত এবং যিনি ভগবান শ্রীশ্রীরামকৃষ্ণদেবের অত্যুচ্চ ধর্মালয় বা মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন। ৫২।৫৩

সেই নরোত্তম নরেন্দ্র নর কি দেবতা অথবা নরনারায়ণের অবতার স্বরূপ পাঠকবর্গসকলে তাঁহার চরিত্রের অনুশীলন করিয়া আপনারাই নিশ্চয় করুন তিনি নরাবতার নারায়ণ কি না? ইতি—

শ্রীশ্রীরামকৃষ্ণভাগবতে পরিশিষ্টাধ্যায়। এইস্থানেই শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবত সমাপ্ত হইল।